(৮) ব্যবসা বা পেশার উদ্দেশ্যে ব্যবহৃত করদাতার নিজস্ব সম্পত্তি, দালান, যন্ত্রপাতি, স্থাপনা আসবাবপত্রের প্লায়ার অবচয় ইত্যাদি বিষয়ে তৃতীয় তফসীল অনুসারে অনুমোদিত হারে অর্থ;

(৯) তৃতীয় তফসিলের আওতায় গ্রহণীয় লাইসেন্স ফি এর ক্ষেত্রে;

(১০) তৃতীয় তফসিলের অষ্টম অনুচ্ছেদ অনুসারে বিশেষ অবচয় ভাতাভোগী প্রধানতঃ আভ্যন্তরীণ যাত্রী পরিবহন করে এমন জাহাজ বা মাছ ধরার ট্রলারের ক্ষেত্রে, যে বৎসর জাহাজ ট্রলারকে জনসাধারণের ব্যবহারে জন্য প্রথম ব্যবহার করা হয়েছে সে বৎসরে উক্ত জাহাজ বা ট্রলারের প্রকৃত খরচের শতকরা বিশ ভাগ বিনিয়োগ সুবিধা;

(১১) কোন আয় বৎসরে করদাতার ব্যবসার উদ্দেশ্যে ব্যবহৃত কোন ভবন যন্ত্রপাতি বা আমদানিকৃত সফ্‌টওয়্যার অথবা স্থাপনা ধ্বংস, বিধ্বস্ত অথবা বাতিল হয়ে গেলে অথবা এরূপ কোন সম্পত্তি বিক্রয় বা বিনিময়ের মাধ্যমে স্থানান্তরিত হলে অথবা বাধ্যতামূলকভাবে আইনগত কর্তৃপক্ষ কর্তৃক অধিগ্রহণ করা হলে অথবা বাংলাদেশের বাইরে কোন আয় বৎসরে তা রপ্তানি করা হলে, সেক্ষেত্রে উক্ত আয় বৎসরের জন্য তৃতীয় তফসীলের দশ অনুচ্ছেদ অনুসারে অকেজো (obsolescence) ভাতা প্রদান;

(১২) করদাতার ব্যবসায়িক বা পেশার উদ্দেশ্যে ব্যবহৃত যে কোন পশু, যা ব্যবসায়ের পশু নয় যদি তা মারা যায় অথবা সে উদ্দেশ্যে স্থায়ীভাবে অর্কমণ্য হয়, ক্ষেত্র অনুসারে করদাতার নিকট পশুটির প্রকৃত মূল্য থেকে বিক্রয় করার পর কোন মূল্য উদ্ধার করা হলে তার অথবা মাংস হস্তান্তরের মাধ্যমে যে অর্থ পাওয়া যায় তার পার্থক্যের সমপরিমাণ অর্থ;

(১৩) করদাতার ব্যবসা বা পেশার উদ্দেশ্যে ব্যবহৃত জমির অথবা অংশবিশেষের জন্য প্রদেয় যে কোন পরিমাণ ভূমি উন্নয়ন কর অথবা খাজনা, স্থানীয় কর অথবা পৌর কর;

(১৪) কোন আয় বৎসরে কাজ করার জন্য কর্মচারীকে বোনাস অথবা কমিশন দেয়া হলে যে ক্ষেত্রে ঐ পরিমাণ অর্থ মুনাফা বা লভ্যাংশ হিসেবে প্রদেয় না হলে যদি এটা বোনাস বা কমিশন হিসাবে প্রদত্ত না হয় এবং যুক্তি সংগত কারণে, উৎসব বোনাস হিসাবে প্রদান যুক্তিসঙ্গত এ জন্য যে- যে পরিমাণ ঋণ বা তার অংশবিশেষ অনাদায়ী হিসাবে স্থির থেকে যায় এবং আয় বৎসরে করদাতার হিসাবের খাতায় তা সত্যিকার ভাবে অবলোপিত হয়ে যায়, যদি সে আয় বৎসরে বা পূর্ববর্তী আয় বৎসরে ঐ ঋণ বা তার অংশ বিশেষ করদাতার আয় নির্ধারণের ক্ষেত্রে এবং ব্যাংকিং কোম্পানী বা লগ্নী ব্যবসার ক্ষেত্রে করদাতা ব্যবসার অংশ ক্ষেত্রে করদাতা কর্তৃক হিসাবকৃত উক্ত অনাদায়ী অর্থ;

(১৫) কোন আয় বৎসরে করদাতার হিসাবের খাতায় যে পরিমাণ ঋণ বা তার অংশবিশেষ অনাদায়ী হিসাবে অবলোপন করা হয়েছে কিন্তু তা সম্পূর্ণ অনাদায়ী হিসেবে বিবেচনা করে উক্ত অবলোপনকে অনুমোদন করা হয়, সেক্ষেত্রে সে পরিমাণ ঋণ বা তার অংশ বিশেষ পরবর্তী আয় বৎসরে বিবেচনা করা হয় অথবা ব্যবসায়ীক কার্যক্রম ব্যাংক অথবা ঋণ গ্রহণ করে থাকেন করদাতা, তবে তা সাধারণ ব্যবসায় ধারকৃত অর্থ হিসেবে বিবেচেনা করা হবে;

(১৬) কোন আয় বৎসরে করদাতার হিসাবের খাতায় যে পরিমাণ ঋণ বা তার অংশবিশেষ অনাদায়ী হিসাবে অবলোপন করা হয়েছে কিন্তু তা সম্পূর্ণ অনাদায়ী হয় নাই বিবেচনা করে উক্ত অবলোপনকে অনুমোদন করা না হয়, সেক্ষেত্রে সে পরিমাণ ঋণ বা তার অংশ বিশেষ পরবর্তী আয় বৎসরে অনাদায়ী হিসেবে প্রতীয়মান হলে সেই আয় বৎসরে তা বাদযোগ্য হবে;

(১৭) যখন কোন আয় বৎসরে করদাতা তাঁর হিসাবের বইতে যে কোন ধরনের ঋণ বা তার অংশবিশেষ অনাদায়ী হিসেবে অবলোপন করেন এবং উপ-কর কমিশনার এ মর্মে সন্তুষ্ট হন যে উক্ত ঋণ বা তার অংশবিশেষ পূর্বের

আয় বৎসরের পূর্ববর্তী কমপক্ষে চার বৎসর পূর্বে অবলোপিত হয়েছে। তবে সেক্ষেত্রে এই অধ্যাদেশে যা কিছুই থাকুক না কেন, উপ-কর কমিশনার উক্ত ঋণ বা এর অংশবিশেষকে পূর্বের আয় বৎসর হতে বিয়োজনের জন্য বা বাদ দেয়ার জন্য অনুমোদন দিতে পারেন, যদি এক্ষেত্রে করদাতা উপ-কর কমিশনারের এরূপ অনুমোদন এবং করদাতার উক্ত পূর্ববর্তী আয় বৎসরের মোট আয় পূনঃনির্ধারণ এবং প্রয়োজনীয় সংশোধন করেন এবং সেক্ষেত্রে যতটুকু সম্ভব ধারা ১৭৩ এর বিধান অনুসারে উক্ত আয় নির্ধারণের জন্য উপ-ধারা (৪) এ বর্ণিত চার বৎসরের হিসাব করতে হবে এবং যে বৎসরে কর নির্ধারণ করা হয়েছে তার শেষ হতে যে আয় বৎসরে ঋণ বা অংশবিশেষ অবলোপন করা হয়েছে;

(১৮এ) বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এর অনাদায়ী মন্দ ঋণ ও সন্দেহজনক ঋণ নির্ণয়ের বিধান অনুসারে এরূপ সময়োত্তীর্ণ ঋণের শতকরা পাঁচ ভাগ অথবা করদাতার খাতায় বাস্তবে সেই মন্দ ঋণ ও সন্দেহজনক ঋণের পরিমাণের মধ্যে যেটি কম, সে পরিমাণ অর্থ;

(১৮এএ) বাংলাদেশ কৃষি ব্যাংক, কর্ম সংস্থান ব্যাংক, ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকসহ যে কোন বাণিজ্যিক ব্যাংকের অনুসৃত বিধান অনুসারে মন্দ ঋণ এবং সন্দেহজনক ঋণ ও তার সুদসহ মোট অনাদায়ী ঋণের শতকরা এক ভাগ অথবা করদাতার হিসাবের খাতায় উল্লেখিত প্রকৃতপক্ষে অনাদায়ী এবং সন্দেহজনক ঋণ ও তার সুদ, এই দুই পরিমাণ অর্থের মধ্যে যেটি কম হয় সেই অর্থ;

(১৯) করদাতা কর্তৃক পরিচালিত কোন ব্যবসা যা বাংলাদেশ বৈজ্ঞানিক গবেষণায় ব্যবহারের জন্য ব্যয়িত অর্থ, যা মূলধনী ব্যয় নয়;

(২০) করদাতা কর্তৃক পরিচালিত ও বাংলাদেশে বৈজ্ঞানিক গবেষণার সম্পর্কিত ব্যয়িত মূলধনী ব্যয়;

(২১) করদাতার ব্যবসার সাথে সম্পর্কিত বৈজ্ঞানিক গবেষণা সংস্থা, স্থাপিত সংস্থা, এসোসিয়েশন বা অন্য কোন প্রতিষ্ঠান অথবা বিশ্ববিদ্যালয়, কলেজ, কারিগরী স্কুল অথবা গবেষণার জন্য অন্য কোন সংস্থাকে প্রদেয় অর্থ;

(২২) করদাতার কর্মচারীদের বা তাদের পরিবার বা তাদের পোষ্যদের সুবিধার্থে স্থাপিত শিক্ষামূলক প্রতিষ্ঠান বা হাসপাতালের জন্য অথবা শিল্প কারখানার শ্রমিকদের প্রশিক্ষণের জন্য ব্যয়, যা মূলধনী প্রকৃতির মত ব্যয় নয়;

(২৩) করদাতা কর্তৃক তার কর্মচারী, তাদের পরিবারবর্গ এবং পোষ্যদের সুবিধার জন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ এবং মেরামত অথবা হাসপাতাল স্থাপন অথবা কারখানা শ্রমিকদের প্রশিক্ষণের জন্য প্রতিষ্ঠানে মূলধনী ব্যয়ের ন্যায় ব্যয়;

(২৪) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত বাংলাদেশী নাগরিকদের প্রশিক্ষণের জন্য গৃহীত প্রকল্প বাবদ খরচকৃত যে কোন ব্যয়;

(২৫) সরকার কর্তৃক স্পন্সরকৃত বাণিজ্যিক প্রতিনিধি দলের সদস্য হিসেবে বিদেশ ভ্রমণের জন্য করদাতা কর্তৃক ব্যক্তিগত বা মূলধন জাতীয় খরচ ব্যতীত অন্যান্য ব্যয়;

(২৬) বাণিজ্যিক সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সনের ৪৫ নং অধ্যাদেশ)-এর অর্থাধীনে কোন রেজিষ্ট্রীকৃত ব্যবসায় সংগঠন অথবা এই উদ্দেশ্যে বোর্ড কর্তৃক অনুমোদিত পেশাগত প্রতিষ্ঠানের বার্ষিক সদস্য চাঁদা বাবদ ব্যয়িত অর্থ;

(২৭) করদাতার ব্যবসা বা পেশার উদ্দেশ্যে খরচকৃত যা কোনভাবেই মূলধন জাতীয় খরচ নয়।

**৬.৬। মূলধনী লাভ (ধারা- ৩১ এবং ৩২)**

৬.৬.১ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা- ৩১ অনুযায়ী মূলধনী সম্পত্তি হস্তান্তর হতে উদ্ভুত লাভের জন্য করদাতাকে মূলধনী লাভ খাতে কর দিতে হয় এবং যে বর্ষে মূলধনী লাভ সংগঠিত হবে তাকে সেই আয় বর্ষের আয় স্বরূপ গণ্য করতে হবে।

অনাবাসী করদাতার পাবলিক কোম্পানীর স্টক বা শেয়ার হস্তান্তরের মাধ্যমে অর্জিত কোন মুনাফা এবং লাভের উপর কর প্রদেয় হবে না, যদি তিনি নিজ দেশে ঐরূপ অব্যহতির অধিকারী হন।

৬.৬.২ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা- ৩২ অনুযায়ী মূলধনী লাভ নির্ণয়-

(১) মুলধনী লাভ খাতে আয়ের সম্পত্তি হস্তান্তরের ফলে অর্জিত মূল্য কিংবা তার ন্যায্য বাজার মূল্যে, এর মধ্যে যেটি বেশি হয় তা হতে নিম্নোক্ত ক্ষেত্রে বিয়োজন করে মূলধনী লাভ খাতে আয় নির্ণয় করতে হবে, যথা-

(ক) কোন মূলধনী সম্পত্তি হস্তান্তরের জন্য যে কোন প্রকার ব্যয়;

(খ) মূলধনী সম্পদ অর্জন করার ব্যয় এবং তা উন্নয়নের জন্য অন্যান্য ব্যয় ব্যতীত যে কোন মূলধনী ব্যয়;

(গ) ধারা- ২৩, ২৯, ৩৪ এর আওতায় বাদযোগ্য সুবিধা পাবার ক্ষেত্রসমূহে প্রযোজ্য হবে।

(২) মূলধনী সম্পত্তির অর্জন ব্যয় বলতে বুঝায়– করদাতা কর্তৃক ক্রয়ের মাধ্যমে অর্জিত হয়েছে, তার প্রকৃত অর্জন, খরচ, উপহার, ইচ্ছাপত্র দ্বারা প্রদত্ত বা দান পত্রের মাধ্যমে অথবা বাতিলযোগ্য বা অবাতিলযোগ্য ট্রাস্ট-এর মাধ্যমে প্রাপ্ত হয় অথবা কোম্পানী বিলোপ সাধনের ফলে মূলধনী সম্পত্তি বন্টনের মাধ্যমে উক্ত সম্পত্তি প্রাপ্ত হয়।

(৩) করদাতা কর্তৃক হস্তান্তরিত কোন মূলধনী সম্পত্তির ক্ষেত্রে হস্তান্তরের দিন উপ-কর কমিশনারের মতানুযায়ী এর ধার্য

মূল্যে করদাতা কর্তৃক ঘোষিত সম্পূর্ণ মূল্যের চেয়ে কমপক্ষে পনের শতাংশ কম হয়, সে ক্ষেত্রে পরিদর্শী যুগ্ম কমিশনারের পূর্ব অনুমোদন সাপেক্ষে উক্ত মূলধনী সম্পত্তিটির ন্যায্য বাজার মূল্য নির্ধারণ করতে হবে।

(৪) যেখানে উপ-কর কমিশনার অভিমত প্রদান করেন যে, করদাতা কর্তৃক হস্তান্তর তারিখে কোন মূলধনী সম্পত্তির ন্যায্য বাজার মূল্য করদাতা কর্তৃক ঘোষিত মূল্যের চেয়ে পঁচিশ শতাংশ বা তার চেয়ে কম তবে সেক্ষেত্রে সরকার নির্ধারিত নিয়মে উক্ত সম্পত্তি ক্রয় করার জন্য প্রস্তাব দিতে পারবেন।

(৫) যেখানে মূলধনী সম্পত্তি হস্তান্তর হতে মূলধনী লাভ অর্জিত হয়, তা যদি হস্তান্তর তারিখের অব্যবহিত পূর্বে করদাতা তাঁর ব্যবসা বা পেশার উদ্দেশ্যে ব্যবহার করে থাকেন এবং করদাতা যদি পূর্ববর্তী এক বৎসর বা এ সময়ের পরে ব্যবসা বা পেশার উদ্দেশ্যে নতুন কোন মূলধনী সম্পত্তি ক্রয় করে থাকেন, তখন মূলধনী আয়কে হস্তান্তরের বৎসরের আয় হিসেবে দেখানোর পরিবর্তে যদি করদাতা কর নির্ধারণের পূর্বে লিখিতভাবে ইচ্ছা ব্যক্ত করেন, উপধারার নিম্নোক্ত বিধান অনুসারে নির্বাচন করেন, যেমন- (ক) মূলধনী আয়ের পরিমাণ যদি নতুন সম্পত্তির অর্জন ব্যয় অপেক্ষা অধিক হয়, তবে মূলধনী আয়ের পরিমাণ এবং নতুন সম্পত্তির অর্জন ব্যয়ের মধ্যে পার্থক্য অনুসারে আয় বৎসরে আয় হিসেবে গণ্য করা হবে এবং তৃতীয় তফসীল অনুসারে কোন সুবিধা নতুন সম্পত্তি গণনা করার ক্ষেত্রে অথবা হস্তান্তরের ফলে যদি কোন মূলধনী আয় অর্জিত হয় তবে, ক্ষেত্র বিশেষে, উক্ত অর্জন ব্যয় বা লিখিত মূল্যে শূন্য হবে এবং (খ) মূলধনী আয়ের পরিমাণ যদি নতুন সম্পত্তির অর্জন ব্যয়ের সমান বা কম হয় তবে ধারা-৩১ এর আওতায় মূলধনী আয় ধার্য্য করা যাবে না এবং তৃতীয় তফসীল অনুসারে কোন নতুন সম্পত্তির বাদযোগ্য সুবিধা নির্ধারণের ক্ষেত্রে অথবা ধারা ১৯ (১৬) অনুসারে কোন আয় নির্ণয়ের ক্ষেত্রে অথবা হস্তান্তরের ফলে কোন মূলধনী আয় অর্জিত হলে এর অর্জন ব্যয় বা লিখিত মূল্যকে, যেখানে যা প্রযোজ্য, মূলধনী আয় দ্বারা হ্রাস করা হবে।

৬) এই ৩১ ধারায় যা কিছুই থাকুক না কেন– যদি সরকারি সিকিউরিটিজ এর মূলধনী সম্পত্তি হস্তান্তরের কারণে কোন মূলধন পাওয়া যায়, তবে তাতে কোন কর আরোপ করা হবে না।

(৭) এই ৩১ ধারায় যা কিছুই থাকুক না কেন যদি মূলধন পাওয়া যায় কোন মূলধনী সম্পত্তি হস্তান্তর করার কারণে বা জমি নতুন কোন কোম্পানিকে হস্তান্তর করার কারণে( যদি কোম্পানিটি কোম্পানি আইন অনুযায়ী নিবন্ধিত হয়) শিল্প প্রতিষ্ঠান স্থাপনের জন্য অথবা প্রাপ্ত বিক্রয় থেকে আয় যদি প্রতিষ্ঠিত নতুন কোম্পানিতে ইকুইটি হিসেবে বিনিয়োগ করে তখন সম্পতি হস্তান্তর করার কারণে প্রাপ্ত মূলধনের উপর ঐ অর্থবছরে কর প্রযোজ্য হবে না।

(৮) এই ৩১ ধারায় যা কিছুই থাকুক না কেন যদি যদি মূলধন পাওয়া যায় কোন মূলধনী সম্পত্তি কাম্পানি আইন অনুযায়ী নিবন্ধিত নতুন কোন কোম্পানিকে হস্তান্তর করার কারণে আর যদি বিক্রয় থেকে প্রাপ্ত সমূদয় অর্থ তার কোন অংশীদার নতুন কোম্পানিতে ইকুইটি হিসেবে বিনিয়োগ করে তখন সম্পতি হস্তান্তর করার কারণে প্রাপ্ত মূলধনের উপর ঐ অর্থবছরে কর প্রযোজ্য হবে না।

**৬.৭। অন্যান্য উৎস হতে আয় (ধারা-৩৩ এবং ৩৪)**

অন্যান্য উৎস হতে আয় বলতে বিশেষ ৬টি আয়ের খাতগুলো ব্যতীত অন্যান্য উৎসের আয়গুলোর সমষ্টিকে বুঝায়। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৩৩ অনুযায়ী বেতন, নিরাপত্তা জামানতের উপর সুদ, গৃহ সম্পত্তির আয়, কৃষি আয়, ব্যবসা বা পেশার আয়, মূলধনী লাভ এ কয়টি আয়ের খাত ছাড়া অন্য যাবতীয় আয় অন্যান্য সূত্রের আয় হিসেবে বিবেচিত হবে। ব্যাংকে গচ্ছিত টাকার উপর সুদ, লভ্যাংশ, লটারী, যন্ত্রপাতি ভাড়া দিয়ে আয়, বক্তৃতা বা লেখার সম্মানী ইত্যাদি অন্যান্য সূত্রের আয়ের কয়েকটি উদাহরণ। ব্যাংক সুদ বা লভ্যাংশ আয় থেকে উৎসে কেটে রাখা আয়কর করদাতার জন্য অগ্রিম পরিশোধিত কর হিসেবে বিবেচিত হবে যা আয়কর মামলা নিস্পত্তি পর্যায়ে সৃষ্ট কর দাবীর বিপরীতে সমন্বয় করা যাবে। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায় যে, একজন করদাতার মোট আয়ের উপর করের পরিমাণ ৫৫,০০০/- টাকা। তার ব্যাংক সুদ এবং লভ্যাংশের উপর কেটে রাখা আয়করের পরিমাণ যদি হয় ১০,০০০/- টাকা হয়, তাহলে তাকে কর নির্ধারণের পর ৫৫,০০০- ১০,০০০ = ৪৫,০০০/- টাকা পরিশোধ করতে হবে। এসব আয়ের সমর্থনে উপযুক্ত প্রমাণপত্র দিতে হবে। আয়ের বিপরীতে উৎসে আয়কর কেটে রাখা হলে কর কর্তনকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট রিটার্নের সাথে দাখিল করতে হবে।

**৭। করমুক্ত এবং কর অব্যাহতির জন্য দাবীকৃত আয়**

করদাতার করমুক্ত এবং কর অব্যাহতি প্রাপ্ত আয় থাকলে রিটার্নে দেখাতে হবে। ব্যক্তি করদাতার করদাতার করমুক্ত এবং কর অব্যাহতি প্রাপ্ত আয়ের কয়েকটি আইটেম নিম্নে দেয়া হলোঃ

**(১) বেতনাদি আয়ের ক্ষেত্রে (করমুক্ত সীমা)-**

(১.১) বাড়ীভাড়া ভাতাঃ মাসিক ২৫,০০০/- টাকা বা মূল বেতনের ৫০% (যেটি কম);

(১.২) যাতায়াত ভাতাঃ বাৎসরিক ৩০,০০০/- টাকা;

(১.৩) চিকিৎসা ভাতাঃ বাৎসরিক ১,২০,০০০/- টাকা বা মূল বেতনের ১০% (যেটি কম);

(১.৪) নিয়োগকারীর দায়িত্ব পালনের জন্য নির্বাহিত ব্যয়, আনুতোষিক বা সুবিধা আকারে প্রদত্ত;

(১.৫) দেশে বা বিদেশে সফরের জন্য কর্মচারীর ব্যয় আংশিক বা পূর্ণভাবে কোম্পানী বহন করলে প্রকৃত ব্যয় কর্মচারীর হাতে হলে তা করমুক্ত বিবেচিত হবে। তবে এই সুবিধা প্রতি ২ বছরে একবার পাওয়া যাবে;

(১.৬) সরকারী কর্মকর্তাদের মূল বেতন, বোনাস ও উৎসব ভাতা ব্যতীত অন্যান্য ভাতা ও সুবিধা।

(১.৭) সরকারি চাকুরিজীবী করদাতা যদি চাকুরীর দায়িত্ব পালনের জন্য কোন বিশেষ ভাতা, সুবিধা বা আনুতোষিক (perquisite) পান;

(২) **অন্যান্য করমুক্ত আয়ঃ**

(২.১) পেনশন;

(২.২) অংশীদারী ফার্ম হতে পাওয়া মূলধনী মুনাফার অংশ;

(২.৩) ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত গ্র্যাচুইটি প্রাপ্তি;

(২.৪) প্রভিডেন্ট ফান্ড এ্যাক্ট, ১৯২৫ অনুযায়ী উক্ত ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(২.৫) স্বীকৃত প্রভিডেন্ট ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(২.৬) স্বীকৃত সুপার এ্যানুয়েশন ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(২.৭) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর আওতায় কোন শ্রমিক কর্তৃক ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড থেকে কোন ব্যক্তি কর্তৃক ৫০,০০০/- টাকা পর্যন্ত প্রাপ্ত অর্থ;

(২.৮) মিউচ্যুয়াল ফান্ড অথবা ইউনিট ফান্ড থেকে প্রাপ্ত ২৫,০০০/- টাকা পর্যন্ত আয় ধারা ২২ (ষষ্ঠ তফসিল পার্ট-এ);

(২.৯) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী থেকে প্রাপ্ত নগদ লভ্যাংশ খাতের আয় ২৫,০০০/- টাকা পর্যন্ত;

(২.১০) সরকারি নিরাপত্তা জামানতের সুদ যা সরকার করমুক্ত বলে ঘোষণা করেছে;

(২.১১) রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার কোন indigenous hillman এর জেলাগুলোতে পরিচালিত আর্থিক কর্মকাণ্ডের ফলে প্রাপ্ত আয়;

(২.১২) রপ্তানী ব্যবসা হতে প্রাপ্ত আয়ের ৫০%;

(২.১৩) আয়ের একমাত্র উৎস 'কৃষি খাত' হলে কৃষি খাত হতে আয় ২,০০,০০০/- টাকা পর্যন্ত;

(২.১৪) **সফটওয়্যার তৈরিসহ তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট কয়েকটি খাতের ব্যবসায় আয়ঃ** খাতগুলো হচ্ছে Software Development; Software or application customization; Nationwide Telecommunication Transmission Network(NTTN); Digital content development and management; Digital animation development; Website development; Web site services; Web listing; IT process outsourcing; Website hosting; Digital graphics design; Digital data entry and processing; Digital data analytics; Geographic Information Services (GIS); IT support and software maintenance service; Software test lab services; Call center service; Overseas medical transcription; Search engine optimization services; Document conversion, imaging and digital archiving; Robotics process outsourcing;Cyber security services.

(২.১৫) হাঁস-মুরগীর খামার হতে অর্জিত আয় এর ক্ষেত্রে প্রথম ২০ লক্ষ টাকা পর্যন্ত 'শূন্য' হারে পরবর্তী ১০ লক্ষ টাকা আয়ের উপর ৫% হারে এবং অবশিষ্ট আয়ের উপর ১০% হারে কর প্রদেয় হবে;

(২.১৬) হাঁস-মুরগী, চিংড়ী ও মাছের হ্যাচারি (hatchery) এবং মৎস্য চাষ হতে অর্জিত আয় এর ক্ষেত্রে প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত 'শূন্য' হারে, পরবর্তী ১০ লক্ষ টাকা আয়ের উপর ৫% হারে এবং অবশিষ্ট আয়ের উপর ১০% হারে কর প্রদেয় হবে;

(২.১৭) কতিপয় ক্ষেত্র ব্যতীত ব্যক্তি-করদাতা কর্তৃক স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বিক্রয় হতে অর্জিত মূলধনী মুনাফা;

(২.১৮) হস্তশিল্পজাত দ্রব্যাদি রপ্তানী থেকে উদ্ভুত আয়;

(২.১৯) জিরো কুপন বন্ড থেকে উদ্ভূত আয়;

(২.২০) ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, পাউন্ড স্টার্লিং প্রিমিয়াম বন্ড, পাউন্ড স্টার্লিং ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড ও ইউরো ইনভেস্টমেন্ট বন্ড হতে প্রাপ্ত সুদ আয়;

(২.২১) পেনশনার সঞ্চয়পত্র থেকে প্রাপ্ত সুদ, কোন আয় বছরে কোন করদাতার পেনশনের সঞ্চয়পত্রে পুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকা অতিক্রম না করলে;

(২.২২) পণ্য উৎপাদনে নিয়োজিত ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (SME) এর আয়, যাদের বার্ষিক টার্নওভার ৫০ লক্ষ টাকা পর্যন্ত।

(২.২৩) অথবা সরকারের নিকট হতে গৃহীত কোন পদক/পুরস্কার;

(২.২৪) কোন Elderly care home হতে অর্জিত আয়;

(২.২৫) শিশুদের day care home পরিচালনা এবং কেবল প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) দের জন্য পরিচালিত শিক্ষা বা প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিচালনা হতে অর্জিত আয়

(২.২৬) করমুক্ত আয়সমূহ করদাতার মোট আয়ে অর্ন্তভূক্ত হবে না। এটি রিটার্নে করমুক্ত আয়ের কলামে প্রদর্শন করতে হবে।

## ৮। বিনিয়োগ ও দানকৃত অংকের জন্য কর রেয়াত [ধারা-৪৪ (২)(বি)]

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪৪এর উপধারা (২) এর বিদ্যমান দফা (বি) এবং দফা (সি) অনুযায়ী নিবাসী বা অনিবাসী বাংলাদেশী করদাতার বিনিয়োগ জনিত আয়কর রেয়াতের পরিমাণ হবে নিম্নরূপঃ

| মোট আয় | রেয়াতের পরিমাণ |
|---|---|
| মোট আয় ১৫ লক্ষ টাকা পর্যন্ত | অনুমোদনযোগ্য অংক (eligible amount) এর ১৫% |
| মোট আয় ১৫লক্ষ টাকার অধিক | অনুমোদনযোগ্য অংক এর ১০% |

দফা (সি) তে উল্লিখিত অনুমোদনযোগ্য অংক হবে-

(১) ষষ্ঠ তফসিলের পার্ট বি এর অনুচ্ছেদ ১৫ এবং অনুচ্ছেদ ১৬ ব্যতীত অন্যান্য সকল অনুচ্ছেদে উল্লিখিত খাতে বিনিয়োগ/দানের অংকের সমষ্টি;

(২) ধারা ৪৪ এর উপধারা (৪) অনুযায়ী কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত হারে করারোপযোগ্য আয় এবং ধারা ৮২সি এর উপধারা (২) এর দফা (এ) এর আওতাভুক্ত ন্যূনতম কর সংশ্লিষ্ট কোন উৎস হতে অর্জিত আয় ব্যতীত করদাতার অন্যান্য করযোগ্য আয়ের ২৫%;

(৩) এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা (১,৫০,০০,০০০/-); - এ তিনটির মধ্যে যেটি কম, সে অংক।

একজন করদাতার বিনিয়োগ ও দানের সম্ভাব্য খাতের তালিকা নীচে দেয়া হলোঃ

**বিনিয়োগের খাত ঃ**

- জীবন বীমার প্রিমিয়াম;
- সরকারি কর্মকর্তার প্রভিডেন্ট ফান্ডে চাঁদা।
- স্বীকৃত ভবিষ্যত তহবিলে নিয়োগ কর্তা ও কর্মকর্তার চাঁদা;
- কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা;
- সুপার এনুয়েশন ফান্ডে প্রদত্ত চাঁদা।
- যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট পেনশন স্কীমে বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/- টাকা বিনিয়োগ;
- সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ।
- বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ;
- বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ;

**দানের খাত ঃ**

- ✓ জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান।
- ✓ যাকাত তহবিলে দান।
- ✓ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান।
- ✓ প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান।
- ✓ মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান।
- ✓ আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান।
- ✓ আহসানিয়া ক্যান্সার হাসপাতালে দান।
- ✓ ICDDRB তে প্রদত্ত দান।
- ✓ CRP, সাভার এ প্রদত্ত দান।
- ✓ সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান।
- ✓ এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ এ দান।
- ✓ ঢাকা আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে দান।
- ✓ মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান।

## ৯। কোম্পানীর ক্ষেত্রে CSR এর আওতায় বিনিয়োগ রেয়াত

কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে কোন কোম্পানি কর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত পেতে পারে। এ ক্ষেত্রে কোম্পানির মোট আয়ের সর্বোচ্চ ২০% বা ১২ (বার) কোটি টাকার মধ্যে যেটি কম সে পরিমাণ বিনিয়োগ বা অনুদান প্রদান করা যাবে।

## ১০। কর অবকাশ

### ১০.১ কর অবকাশের বিধানাবলীঃ

বিভিন্ন ধরণের শিল্প প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন শর্ত সাপেক্ষে ও বিভিন্ন মেয়াদে কর অবকাশ পাওয়ার সুবিধা বিদ্যমান আছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪৫, ৪৬, ৪৬এ, ৪৬বি এবং ৪৬সি এ এগুলোর বিস্তারিত বর্ণনা দেয়া আছে। নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে কর অবকাশ সুবিধা পাওয়ার আবেদন জানাতে হয়। কর অবকাশ সুবিধা বিষয়ে

সিদ্ধান্ত প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে নির্দিষ্ট সময় বেঁধে দেয়া আছে। নির্ধারিত সময়ের মধ্যে বোর্ড সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হলে আবেদনটি মঞ্জুর হয়েছে বলে গণ্য হবে। এ ছাড়া, কোন ক্ষেত্রে আবেদন না-মঞ্জুর হলে বা প্রত্যাখ্যান করা হলে, আবেদনকারী ব্যক্তির শুনানী পাওয়ার অধিকার আছে।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪৬ বি তে শিল্প প্রতিষ্ঠানের জন্য ভিন্ন আঙ্গিকে কর অবকাশ সুবিধা প্রদানের বিধান অব্যাহত রাখা হয়েছে। তাছাড়া ভৌত অবকাঠামোর কর অবকাশের জন্য একটি ভিন্ন ধারা ৪৬ সি সংযোজন করা হয়েছে।

**১০.২ শিল্পের জন্য কর অবকাশের হার ও মেয়াদকালঃ**

কর অবকাশকালকে মেয়াদকালীন শুন্য কর হারের ধারণাটি পরিবর্তন করা হয়েছে। নিয়মিত করহারের উপর এই মেয়াদকাল বিভিন্ন সময়ে বিভিন্ন হারে কর ছাড় পাওয়া যায়। কর ছাড়ের হার নিম্নরূপঃ

| ক্রমিক নং | শিল্পের অবস্থান | মেয়াদকাল | কর ছাড়ের হার |
|---|---|---|---|
| (১) | ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর, চট্টগ্রাম রাঙামাটি, বান্দরবান, এবং খাগড়াছড়ি | ---------- | শুন্য |
| (২) | ক্রমিক নং (১) ব্যতীত ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা ব্যতীত) | বাণিজ্যিক কার্যক্রম শুরু হওয়ার পর-<br>১ম বৎসর-<br>২য় বৎসর<br>৩য় বৎসর-<br>৪র্থ বৎসর-<br>৫ম বৎসর- | <br>৯০%<br>৮০%<br>৬০%<br>৪০%<br>২০% |
| (৩) | রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর, সিলেট বিভাগে (সিটি কর্পোরেশন এলাকা ব্যাতীত) রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা | বাণিজ্যিক কার্যক্রম শুরু হওয়ার পর-<br>১ম ও ২য় বৎসর-<br>৩য় বৎসর-<br>৪র্থ বৎসর-<br>৫ম বৎসর-<br>৬ষ্ঠ বৎসর-<br>৭ম বৎসর-<br>৮ম বৎসর-<br>৯ম বৎসর-<br>১০ম বৎসর- | <br>৯০%<br>৮০%<br>৭০%<br>৬০%<br>৫০%<br>৪০%<br>৩০%<br>২০%<br>১০% |

১০.৩ কর অবকাশযোগ্য শিল্প প্রতিষ্ঠানের তালিকাঃ

- active pharmaceuticals ingredient and radio pharmaceuticals;
- agriculture machineries;
- automatic bricks;
- automobile;
- barrier contraceptive and rubber latex;
- basic components of electronics (e.g. resistor, capacitor, transistor, integrated circuit, multilayer PCB etc.);
- bi-cycle including parts thereof;
- bio-fertilizer;
- biotechnology based agro products;
- boiler including parts and equipment thereof;
- compressor including parts thereof;
- computer hardware;
- furniture;
- home appliances (blender, rice cooker, microwave oven, electric oven, washing machine, induction cooker, water filter etc.);
- insecticides or pesticides;
- leather and leather goods;
- LED TV;
- locally produced fruits and vegetables processing;
- mobile phone;
- petro-chemicals;
- pharmaceuticals;
- plastic recycling;
- textile machinery;

- tissue grafting;
- toy manufacturing;
- tyre manufacturing;

উপরোক্ত খাত ভিন্ন অন্য কোন খাতে কর অবকাশ সুবিধা প্রদেয় হবে না; এ সংক্রান্ত আবেদন বিধিবদ্ধ ফরমে করতে হবে।

**১০.৪ ভৌত অবকাঠামো সুবিধার কর অবকাশ ঃ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ধারা ৪৬সিসি মেয়াদ জুন, ২০১৯ এ উত্তীর্ণ হওয়ায় অর্থ আইন, ২০১৯ এর মাধ্যমে নতুন ধারা ৪৬সিসি সংযোজন করে নিম্নোক্ত ক্ষেত্রে ও শর্তে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়েছে;

- কর অবকাশ সুবিধা ভোগ করার জন্য ভৌত অবকাঠামোসমূহ জুলাই ২০১৯ হতে জুন ২০২৪ এর মধ্যে বাংলাদেশে পরিপূর্ণভাবে স্থাপিত হতে হবে;
- কর অবকাশ সুবিধার মেয়াদ জুলাই, ২০১৯ থেকে জুন, ২০১৪মেয়াদকালে পর্যন্ত কার্যকর থাকবে।

১০.৫ ভৌত অবকাঠামো নির্বিশেষে কর অবকাশের হার ও মেয়াদকাল

| মেয়াদকাল | কর ছাড়ের হার |
|---|---|
| বাণিজ্যিক কার্যক্রম শুরু হওয়ার পর- | |
| ১ম ও ২য় বৎসর- | ৯০% |
| ৩য় বৎসর- | ৮০% |
| ৪র্থ বৎসর- | ৭০% |
| ৫ম বৎসর- | ৬০% |
| ৬ষ্ঠ বৎসর- | ৫০% |
| ৭ম বৎসর- | ৪০% |
| ৮ম বৎসর- | ৩০% |
| ৯ম বৎসর- | ২০% |
| ১০ম বৎসর- | ১০% |

১০.৬ কর অবকাশযোগ্য ভৌত অবকাঠামোর তালিকাঃ

১. Deep Sea Port;
২. Elevated Expressway;
৩. Export Processing Zone;
৪. Flyover;
৫. Gas Pipe Line;
৬. Hi-tech park;
৭. Information and Communication Technology (ICT) village or software technology zone;
৮. Information Technology (IT) park;
৯. large water treatment plant and supply through pipe line;
১০. Liquefied Natural Gas (LNG) terminal and transmission line;
১১. Mobile Phone Tower Or Tower Sharing Infrastructure;
১২. Mono-Rail;
১৩. Rapid Transit;
১৪. Renewable Energy (E.G Solar Energy Plant, Windmill);
১৫. Sea Or River Port;
১৬. Toll Road Or Bridge;
১৭. Underground Rail;
১৮. Waste Treatment Plant; Or Any Other Category Of Physical Infrastructure facility as the Government may, by notification in the official Gazette, specify

উপরোক্ত খাত ভিন্ন অন্য কোন খাতে কর অবকাশ সুবিধা প্রদেয় হবে না।

**১০.৭ কর অবকাশের জন্য নিচের শর্তসমূহ পরিপালন করতে হবে ঃ**

(ক) প্রতিষ্ঠানটি পার্লামেন্টের আইন দ্বারা সৃষ্ট কোন কর্পোরেট বডির মালিকানাধীন এবং উক্ত বডি কর্তৃক পরিচালিত হতে হবে। উল্লেখ্য, এর প্রধান কার্যালয় বাংলাদেশে অবস্থিত হতে হবে। অথবা, প্রতিষ্ঠানটি কোম্পানী আইন, ১৯৯৪ এর অধীনে গঠিত কোন কোম্পানীর মালিকানাধীন এবং তা কর্তৃক পরিচালিত হতে হবে। কোম্পানীটির রেজিষ্টার্ড অফিস বাংলাদেশে অবস্থিত হতে হবে এবং কোম্পানীর পরিশোধিত মূলধন ২০ (বিশ) লক্ষ টাকার কম হতে পারবে না।

(খ) করমুক্ত আয়ের ৩০% সে প্রতিষ্ঠানে অথবা অন্য কোন নতুন শিল্প প্রতিষ্ঠানে কর অবকাশ মেয়াদের মধ্যে অথবা মেয়াদ শেষ হওয়ার ১ (এক) বছরের মধ্যে বিনিয়োগ করতে হবে। এ ছাড়া করমুক্ত আয়ের আরও ১০% আয়বর্ষ শেষ হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে শেয়ার মার্কেটে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়ে বিনিয়োগ করতে হবে। এ শর্ত পরিপালিত না হলে এ অধ্যাদেশের অন্যত্র যাই বলা থাকুক না কেন করমুক্ত ঘোষিত উক্ত আয়ের উপর আয়কর

আরোপযোগ্য হবে। এখানে উল্লেখ্য যে, কর অবকাশভোগী উক্ত কোম্পানী যদি কোন লভ্যাংশ ঘোষণা করে তবে, উপরে বর্ণিত শর্ত অনুযায়ী কোম্পানীকে যে পরিমাণ বিনিয়োগ করার প্রয়োজন ছিল তা থেকে ঘোষিত লভ্যাংশের সমপরিমাণ বিনিয়োগ কম করলেও শর্তটি পরিপালিত হবে।

(গ) বিদ্যমান কোম্পানী বিভক্ত হয়ে, পুনর্গঠন করে, বাংলাদেশে ব্যবহৃত হয়েছে এমন কোন যন্ত্রপাতি স্থানান্তরিত বা হস্তান্তরিত হয়ে কোন কোম্পানী গঠিত হলে উক্ত কোম্পানী কর অবকাশ সুবিধা পাবে না।

(ঘ) শিল্প প্রতিষ্ঠানটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এ উদ্দেশ্যে অনুমোদিত হতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানকে বাণিজ্যিকভাবে কার্যক্রম শুরু করার ৬ (ছয়) মাসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে নির্ধারিত ফরমে কর অবকাশের জন্য আবেদনপত্র দাখিল করতে হবে।

(চ) এ ধারায় যাই বলা থাকুক না কেন কর অবকাশভোগী প্রতিষ্ঠানের কোন উদ্যোক্তা পরিচালক যদি অপর কোন কোম্পানীর পরিচালক হন ও কর অবকাশভোগী প্রতিষ্ঠান যদি উক্ত অপর কোম্পানীর সঙ্গে বাণিজ্যিক লেনদেন করে এবং কর অবকাশভোগী প্রতিষ্ঠানের কর নির্ধারণকালে যদি উপ কর কমিশনারের নিকট প্রতীয়মান হয় যে, অন্য প্রতিষ্ঠানটির আয় কমানোর উদ্দেশ্যে বাজার মূল্যের তুলনায় কম বা বেশি দামে দ্রব্য ক্রয়-বিক্রয় করা হয়েছে তাহলে যে বছর এ ধরনের লেনদেন সংগঠিত হয়েছে ঐ বছর করমুক্ত সুবিধা প্রত্যাহার করা হয়েছে বলে ধরে নেয়া হবে।

(ছ) প্রতিষ্ঠান কর্তৃক কর অবকাশের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে আবেদনপত্র দাখিল করার ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড সিদ্ধান্ত প্রদান করবে অন্যথায় আবেদনটি মঞ্জুরকৃত বলে বিবেচিত হবে। এখানে উল্লেখ্য যে, আবেদনকারীকে কোন শুনানীর সুযোগ না দিয়ে আবেদনপত্র প্রত্যাখান করা যাবে না।

(জ) জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তে ক্ষুব্ধ কোন আবেদনকারী সিদ্ধান্ত পাওয়ার ৪ (চার) মাসের মধ্যে পূনঃবিবেচনার আবেদন করতে পারবেন এবং জাতীয় রাজস্ব বোর্ড যা সঠিক বলে মনে করে এমন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(ঝ) ব্যবসায় বা পেশা আয় থেকে যেভাবে আয় নিরূপণ করা হয় একই পদ্ধতিতে এ ধারার অধীনে প্রতিষ্ঠানের আয় নিরূপিত হবে। উল্লেখ্য যে, এ ক্ষেত্রে শুধু সাধারণ অবচয় অনুমোদিত হবে।

(ঞ) করদাতার অন্য কোন উৎসের আয় থাকলে তা পৃথকভাবে নিরূপিত হবে এবং যদি কর অবকাশভোগী প্রতিষ্ঠানের ক্ষতি নিরূপিত হয় তাহলে উক্ত ক্ষতি ঐ প্রতিষ্ঠানের আয়ের সঙ্গে সমন্বয় করতে পারবে অথবা সমন্বয়ের জন্য জের টানতে পারবে। তবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কর অবকাশ মেয়াদের বাইরে এ ক্ষতির জের টানা যাবে না।

(ট) সরকার কর্তৃক অন্য কোনভাবে নির্দিষ্ট করা না হলে নিম্নলিখিত ক্ষেত্রে কর অবকাশভোগী প্রতিষ্ঠানের আয় করমুক্ত বলে বিবেচিত হবে নাঃ (১) শেয়ার হোল্ডারকে প্রদত্ত কোন লভ্যাংশ; (২) কোম্পানীর মূলধনী আয়; ও (৩) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩০ অনুযায়ী খরচ অনুমোদিত না হওয়ার ফলে উদ্ভূত আয়।

(ঠ) উপ কর কমিশনার কোন কর বছরের কর নির্ধারণকালে যদি উল্লেখিত কোন শর্ত পরিপালন করা হয়নি বলে দেখতে পান তাহলে ঐ বছরের কর অবকাশ সুবিধা বাতিল হয়েছে বলে বিবেচিত হবে এবং উপ কর কমিশনার আয়ের উপর কর ধার্য করতে পারবেন।

(ড) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদনের ১ বছরের মধ্যে কোন প্রতিষ্ঠান এরূপ অনুমোদন বাতিল করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করতে পারবে এবং জাতীয় রাজস্ব বোর্ড যা উপযুক্ত বলে মনে করে সেরূপ আদেশ দিতে পারবে।

(ঢ) জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থে এরূপ অনুমোদন বাতিল করতে পারবে।

(ণ) কর অবকাশ আবেদন অনুমোদনের পদ্ধতি, পুনর্বিবেচনা বা কর অবকাশের সঙ্গে সম্পর্কিত যে কোন বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড বিধি প্রণয়ন করতে পারবে।

(ত) ধারা ৭৫ এ নির্ধারিত সময়ের মধ্যে প্রতি বৎসর আয়কর রির্টান দাখিল করতে হবে।

## ১১। আয়কর রিটার্ন

### ১১.১। আয়কর রিটার্ন কি?

আয়কর কর্তৃপক্ষের নিকট আয়ের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করার মাধ্যম হচ্ছে আয়কর রিটার্ন। আয়কর রিটার্ন এর কাঠামো আয়কর বিধি-ধারা নির্দিষ্ট করা হয়েছে যার মধ্যে করদাতা তার আয়-ব্যয়, সম্পদ ও দায়ের তথ্য লিখে আয়কর অফিসে দাখিল করেন। ব্যক্তি শ্রেণির করদাতা ও কোম্পানী করদাতাদের জন্য পৃথক রিটার্ন রয়েছে। এছাড়াও স্পট এ্যাসেসমেন্ট ও বেতনভোগী কর দাতাদের জন্য ভিন্ন রিটার্ন ফর্ম আছে। ব্যক্তি শ্রেণির করদাতার রিটার্ন ফরম বাংলা ও ইংরেজী উভয় ভাষায় এবং কোম্পানী করদাতার রিটার্ন ফরম ইংরেজী ভাষায় পাওয়া যায়।

### ১১.২। আয়কর রিটার্ন কারা দেবেন?

কোন ব্যক্তি (Individual) এর আয় যদি ২০২০-২১ করবর্ষে বছওে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার বেশি হয় তবে তাকে আয়কর রিটার্ন দিতে হবে। মহিলা এবং ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতার আয় যদি বছরে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বেশি হয়, প্রতিবন্ধী করদাতার আয় যদি ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বেশি এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৪,৭৫,০০০/- (চার লক্ষ পঁচাত্তর হাজার) টাকার বেশি হয় তবে তাকে আয়কর দিতে হবে।

অর্থআইন, ২০১৭এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪এর ধারা ৭৫ সংশোধন পূর্বক বিধান করা হয়েছে যে কোন ব্যবসায় বা পেশায় নির্বাহী বা ব্যবস্থাপনা পদে (যে নামেই অভিহিত হোক না কেন) নিয়োজিত বেতনভোগী কর্মীর আয়ের পরিমাণ যা-ই হোক না কেন, উক্ত বেতনভোগী কর্মীর জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক। ধারা ৭৫ এর উপধারা (১) এর নতুন বিধান অনুযায়ী, নিম্নবর্ণিত সকল person কে আয় বছরের জন্য উপ কর কমিশনারের নিকট আয়ের রিটার্ন দাখিল করতে হবে-

(ক) যদি আয় বছরে ঐ person এর মোট আয় করমুক্ত সীমা অতিক্রম করে;

(খ) যদি আয় বছরের অব্যবহিত পূর্ববর্তী তিন বছরের কোন একটিতে ঐ person এর কর নির্ধারণ (সার্বজনীন স্বনির্ধারণী কর নির্ধারণসহ)ও তার ফলে করদায় সৃষ্টি হয়ে থাকে;

(গ) যদি ঐ person নিম্নের কোন একটি হয়ে থাকে-

- ✓ কোন কোম্পানী;
- ✓ এনজিও এ্যাফেয়ার্স ব্যুরোতে নিবন্ধিত কোন এনজিও;
- ✓ কোন সমবায় সমিতি;
- ✓ কোন ফার্ম;
- ✓ কোন ব্যক্তি-সংঘ;
- ✓ কোন কোম্পানীর শেয়ারহোল্ডার পরিচালক বা শেয়ারহোল্ডার employee;
- ✓ কোন ফার্মের অংশীদার;
- ✓ সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের কর্মচারী (employee) যিনি সংশ্লিষ্ট আয় বছরের যে কোন সময় ১৬,০০০/- টাকা বা তদূর্ধ্ব পরিমাণ মূল বেতন আহরণ করেছেন;

(ঘ) যদি আয় বছরে ঐ person এর ধারা ৪৪ এর আওতায় কর অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত হারে করযোগ্য কোন আয় থাকে। তবে কেবল দাতব্য উদ্দেশ্য সাধনের লক্ষ্যে গঠিত কোন প্রতিষ্ঠান অথবা কোন ফান্ডের জন্য এ বিধান প্রযোজ্য হবে না;

(ঙ) যদি আয় বছরের কোন এক সময়ে নিম্নবর্ণিত শর্তের যে কোনটি ঐ person এর জন্য প্রযোজ্য হয়-

(১) মোটর গাড়ির মালিকানা থাকা (মোটর গাড়ি বলতে জীপ বা মাইক্রোবাসকেও বুঝাবে);

(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন নিবন্ধিত কোন ক্লাবের সদস্যপদ থাকা;

(৩) কোন সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করে কোন ব্যবসা বা পেশা পরিচালনা;

(৪) চিকিৎসক, দন্তচিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, প্রকৌশলী, স্থপতি অথবা সার্ভেয়ার হিসেবে বা সমজাতীয় পেশাজীবী হিসেবে কোন স্বীকৃত পেশাজীবী সংস্থার নিবন্ধন থাকা;

(৫) আয়কর পেশাজীবী (income tax practioner) হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডের নিবন্ধন থাকা;

(৬) কোন বণিক বা শিল্প বিষয়ক চেম্বার বা ব্যবসায়িক সংঘ বা সংস্থার সদস্যপদ থাকা;

(৭) কোন পৌরসভা বা সিটি করপোরেশনের কোন পদে বা সংসদ সদস্য পদে প্রার্থী হওয়া;

(৮) কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা বা কোন স্থানীয় সরকারের কোন টেন্ডারে অংশগ্রহণ করা;

(৯) কোন কোম্পানীর বা কোন গ্রুপ অব কোম্পানীজের পরিচালনা পর্ষদে থাকা।

**১১.৩। রিটার্ন ফরম কোথায় পাওয়া যাবে?**

আয়কর রিটার্ন ফরম কর সার্কেলসহ বিভিন্ন কর অফিসে বিনামূল্যে পাওয়া যাবে। রিটার্ন ফরম জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট www.nbr-bd.org থেকে download করা যাবে। ব্যক্তি শ্রেণির করদাতার রিটার্ন ফরম **পরিশিষ্ট-২১.১,** কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য রিটার্ন ফরম **পরিশিষ্ট-২১.৩** এবং স্পট এ্যাসেসমেন্ট এর আওতাভুক্ত করদাতার রিটার্ন ফরম **পরিশিষ্ট-২১.৬** এ দেয়া হলো। এছাড়াও বেতনভোগী করদাতার জন্য একটি সংক্ষিপ্ত রিটার্ন খসড়া প্রণীত হয়েছে। রিটার্ন ফরম কম্পোজ করে বা ফটোকপি করেও দাখিল করা যায়।

আয়কর রিটার্ন ফরম সংক্রান্ত বিধি ২৪ প্রতিস্থাপন করে ব্যক্তিশ্রেণি (individual), কোম্পানী (company) এবং ব্যক্তিশ্রেণি ও কোম্পানী ব্যতীত অন্যান্য (other than individual and company) করদাতার (যেমন-ফার্ম, ব্যক্তি-সংঘ, এনজিও ইত্যাদি) জন্য পৃথক তিনটি নতুন রিটার্ন ফরম প্রবর্তন করা হয়েছে, যা ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হয়েছে। ২০২০-২১কর বছরে নতুন রিটার্নের পাশাপাশি পুরাতন ফরমগুলোও এ বছর ব্যবহার করা যাবে। যা নিম্নরূপ:

(১) ব্যক্তি-করদাতার জন্য-ফরম IT-11GA2016, **পরিশিষ্ট-২১.২;**

(২) কোম্পানী করদাতার জন্য - ফরম IT-11GHA2016, **পরিশিষ্ট-২১.৪;**

(৩) কেবল বেনতভোগী করদাতার জন্য প্রযোজ্য- ফরম IT-11 UMA

(৪) অন্যান্য সকল শ্রেণির করদাতার জন্য -ফরম IT-11CHA2016

এছাড়াও কেবলমাত্র স্পট এ্যাসেসমেন্ট এর আওতাধীন ব্যবসা এবং ডাক্তার ও আইন পেশায় নিয়োজিত নতুন করদাতাদের

জন্য প্রযোজ্য রিটার্ন ফরম (IT-11GAGA), **পরিশিষ্ট-২১.৬** পরিমার্জন করা হয়েছে।

রিটার্ন দাখিলের সময় বাড়ানোর জন্য উপ কর কমিশনারের নিকট আবেদনের ক্ষেত্রে আবেদনের ফরম নির্ধারণ করে দেয়া হয়েছে। এ পরিপত্র জারীর পর থেকে সকল সময়ের আবেদন নির্ধারিত ফরমে করতে হবে। নির্ধারিত ফরমে আবেদন করা না হলে সময় বাড়ানোর অনুরোধ বিবেচনাযোগ্য হবে না।এছাড়াও অন্যান্য যে সকল নতুন ফরম প্রবর্তণ করা হয়েছে তা নিম্নরূপঃ

(১) পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী ফরম (IT-10B2016)
জীবনযাত্রা সংশ্লিষ্ট ব্যয় বিবরণী (IT-10BB2016)
(২) বেতন থেকে আয় বিবরণ (তফসিল ২৪এ)
(৩) গৃহ সম্পত্তি থেকে আয় বিবরণ (তফসিল ২৪বি)
(৪) ব্যবসা বা পেশা থেকে আয় সারাংশ (তফসিল ২৪সি)
(৫) ট্যাক্স ক্রেডিট বিবরণ (তফসিল ২৪ডি)

**১১.৪। রিটার্ন দাখিলের সময়**

প্রত্যেক কর বছরে নির্ধারিত তারিখের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করতে হয়। অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে বিভিন্ন শ্রেণির করদাতার জন্য রিটার্ন দাখিলের সর্বশেষ তারিখ নির্দেশক Tax Day এর ধারণা প্রবর্তন করা হয়েছে। আয়কর অধ্যাদেশের ধারা ২ তে নতুন দফা (৬২এ) সংযোজনের মাধ্যমে বিধান করা হয়েছে যে-

(অ) কোম্পানী ব্যতীত অন্যান্য শ্রেণির করদাতার জন্য আয় বছর শেষ হওয়ার পরবর্তী ৩০ নভেম্বর হবে কর দিবস (Tax Day)। যদি ৩০নভেম্বর সরকারি ছুটির দিন হয় তাহলে পরবর্তী কার্য দিবসটি কর দিবস হিসেবে বিবেচিত হবে।

(আ) কোম্পানী করদাতার জন্য আয় বছর শেষ হওয়ার সপ্তম মাসের পঞ্চদশ দিন। তবে কোম্পানি করদাতার ক্ষেত্রে (Tax Day) সংশ্লিষ্ট কর বছরের ১৫ সেপ্টেম্বর তারিখের আগে হবে না। অর্থাৎ কোন কোম্পানি করদাতার আয় বছরের শেষ হওয়ার সপ্তম মাসের পঞ্চদশ দিনটি সংশ্লিষ্ট কর বছরের ১৫ সেপ্টেম্বর তারিখের আগে হলে ঐ করদাতার জন্য (Tax Day) ১৫ সেপ্টেম্বর হবে। নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল করা সম্ভব না হলে করদাতা রিটার্ন দাখিলের সময়সীমা বাড়ানোর জন্য বিধি নিধারিত ফরমে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক উপ-কর কমিশনারের কাছে সময়ের আবেদন করতে পারেন। সময় মঞ্জুর হলে বর্ধিত সময়ের মধ্যে সাধারণ অথবা সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির আওতায় রিটার্ন দাখিল করা যাবে। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট www.nbr.gov.bd থেকে সময় বৃদ্ধির আবেদন ফরম download করা যায়।

**১১.৫। রিটার্ন কোথায় দাখিল করতে হবে?**

প্রত্যেক শ্রেণির করদাতার রিটার্ন দাখিলের জন্য আয়কর সার্কেল নির্দিষ্ট করা আছে। যেমন 'A' অক্ষর দিয়ে সরকারী কর্মকর্তার নাম শুরু হয়েছে, তাকে কর অঞ্চল-৪, ঢাকা এর বৈতনিক সার্কেল-৭১ এ রিটার্ন জমা দিতে হবে। পুরোনো করদাতারা তাদের বর্তমান সার্কেলে রিটার্ন দাখিল করবেন। নতুন করদাতারা তাদের নাম, চাকুরীস্থল বা ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানার ভিত্তিতে নির্ধারিত সার্কেলে ১২ সংখ্যার টিআইএন (e-TIN) উল্লেখ করে আয়কর রিটার্ন দাখিল করবেন। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে Jurisdiction নামে একটি Software সংযোজন করা আছে। এটি ব্যবহার করে একজন নতুন করদাতা কোন সার্কেলে রিটার্ন দাখিল করবেন সে সম্পর্কে জানতে পারবেন। করদাতারা প্রয়োজনে কাছাকাছি আয়কর অফিস বা কর পরামর্শ কেন্দ্র থেকেও আয়কর রিটার্ন দাখিল করার সার্কেল সম্পর্কে জানতে পারবেন। এছাড়াও প্রতি বছর দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত আয়কর মেলায় করদাতাগণ আয়কর রিটার্ন দাখিল করতে পারেন। রিটার্ন দাখিলের সময় করদাতা বিদেশে অবস্থান করলে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসেও রিটার্ন দাখিল করতে পারবেন।

**১১.৬। রিটার্ন দাখিল না করার জরিমানা**

সময়মত আয়কর রিটার্ন দাখিল না করলে জরিমানা আরোপের বিধান রয়েছে। কোন করদাতা আয়কর অধ্যাদেশের ৭৫ ধারা অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিলে ব্যর্থ হলে তার উপর আয়কর অধ্যাদেশের ১২৪ ধারা অনুযায়ী জরিমানা, ৭৩ অনুযায়ী ৫০% অতিরিক্ত সরল সুদ এবং এর মাধ্যমে সন্নিবেশ নতুন ধারা ৭৩এ অনুযায়ী কোন করদাতা নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ ধারা ২ এর দফা (৬২এ) তে সংজ্ঞায়িত Tax Day এর মধ্যে ধারা ৭৫ তে বর্ণিত আয়কর রিটার্ন দাখিল করতে ব্যর্থ হলে করদাতার উপর মাসিক ২% হারে বিলম্ব সুদ (delay interest) আরোপযোগ্য হবে। বিলম্ব সুদ পরিগণনার সর্বোচ্চ সময়কাল হবে ১ বছর। যে সকল ক্ষেত্রে ধারা ৭৫ এর উপধারা (৫) এর proviso এর বিধান প্রযোজ্য সে সকল ক্ষেত্রে এ ধারায় বর্ণিত বিলম্বসুদ প্রদেয় হবে না। আর উপ কর কমিশনার কর্তৃক অনুমোদিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল করা হলেও অতিরিক্ত সরল সুদ এবং বিলম্ব সুদ (delay interest) আরোপ হবে। তাই নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল করা করদাতার জন্য সুবিধাজনক।

**১১.৭। আয়কর রিটার্নের প্রকারভেদ**

আয়কর বিধি-২৪ এ ৫ (পাঁচ) ধরনের আয়কর রিটার্নের ফরম বর্ণিত আছে। এ ফরমসমূহ হচ্ছে-

(ক) কোম্পানী করদাতাদের জন্য সাধারণ/সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন **(আইটি-১১ঘ)**;
(খ) কোম্পানী ব্যতিত অন্য করদাতাদের জন্য সাধারণ/সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন **(আইটি-১১গ)**;
(গ) ক্ষুদ্র ব্যবসায়ী ও পেশাজীবীদের জন্য স্পট এ্যাসেসমেন্ট **(আইটি-১১গগ)**;

(ঘ) বেতনভোগী করদাতাদের জন্য সরল রিটার্ন **(আইটি-১১ঙ)**;

(ঙ) তিন লক্ষ টাকা আয় পর্যন্ত ব্যবসা বা পেশা আয়ের জন্য সরল রিটার্ন **(আইটি-১১চ)**।

**১১.৮। রিটার্নের সাথে যে সকল ডকুমেন্ট দাখিল করতে হবে**

বিভিন্ন উৎসের আয়ের স্বপক্ষে যে সকল ডকুমেন্টস দাখিল করতে হবে আয়ের খাতওয়ারী সেগুলোর একটি তালিকা নিম্নে দেয়া হলো:

**১১.৮.১ বেতনাদি ঃ**

(ক) বেতন বিবরণী;

(খ) ব্যাংক এ্যাকাউন্ট থাকলে কিংবা ব্যাংক সুদ খাতে আয় থাকলে ব্যাংক বিবরণী বা ব্যাংক সার্টিফিকেট;

(গ) বিনিয়োগ ভাতা দাবী থাকলে তার স্বপক্ষে প্রমাণাদি। যেমন; জীবন বীমার পলিসি থাকলে প্রিমিয়াম পরিশোধের প্রমাণ;

**১১.৮.২ নিরাপত্তা জামানতের উপর সুদ ঃ**

(ক) বন্ড বা ডিবেঞ্চার যে বছরে কেনা হয় সে বছরে বন্ড বা ডিবেঞ্চারের কপি;

(খ) সুদ আয় থাকলে সুদ প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র;

(গ) ব্যাংক বা প্রাতিষ্ঠানিক ঋণ নিয়ে বন্ড বা ডিবেঞ্চার কেনা হয়ে থাকলে ঋণের সুদের সমর্থনে সংশ্লিষ্ট ব্যাংক সার্টিফিকেট/ব্যাংক বিবরণী বা প্রাতিষ্ঠানিক প্রত্যয়নপত্র।

**১১.৮.৩ গৃহ সম্পত্তি আয় ঃ**

(ক) বাড়ী ভাড়ার সমর্থনে ভাড়ার চুক্তিনামা বা ভাড়ার রশিদের কপি, মাসভিত্তিক বাড়ী ভাড়া প্রাপ্তির বিবরণ এবং প্রাপ্ত বাড়ী ভাড়া জমা সংশ্লিষ্ট ব্যাংক হিসাব বিবরণী;

(খ) পৌর কর, সিটি কর্পোরেশন কর, ভূমি রাজস্ব প্রদানের সমর্থনে রশিদের কপি;

(গ) ব্যাংক ঋণের মাধ্যমে বাড়ী কেনা বা নির্মাণ করা হয়ে থাকলে ঋণের সুদের সমর্থনে ব্যাংক সার্টিফিকেট;

(ঘ) গৃহ সম্পত্তি বীমাকৃত হলে বীমার প্রিমিয়ামের রশিদের কপি।

**১১.৮.৪ ব্যবসা বা পেশা আয়ঃ**

ব্যবসায়ের আয়-ব্যয়ের বিবরণী, প্রয়োজন মত নিরীক্ষিত।

**১১.৮.৫ অংশীদারী ফার্মের আয় ঃ**

ফার্মের আয়-ব্যয়ের বিবরণী, প্রয়োজন মত নিরীক্ষিত।

**১১.৮.৬ লিমিটেড কোম্পানীর বেলায় ঃ**

চার্টার্ড এ্যাকাউন্ট কর্তৃক নিরীক্ষিত হিসাব বিবরণী।

**১১.৮.৭ মূলধনী লাভ ঃ**

(ক) স্থাবর সম্পত্তি বিক্রয়ের দলিলের কপি;

(খ) উৎসে আয়কর জমা হলে তার চালান/পে-অর্ডারের ফটোকপি;

(গ) পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার লেনদেন থেকে মুনাফা হলে এ সংক্রান্ত প্রত্যয়নপত্র;

**১১.৮.৮ অন্যান্য উৎসের আয় ঃ**

(ক) লভ্যাংশ খাতে আয় থাকলে ডিভিডেন্ট ওয়ারেন্টের কপি বা সার্টিফিকেট;

(খ) সঞ্চয়পত্র হতে সুদ আয় থাকলে সঞ্চয় পত্র ভাঙ্গানোর সময় নেয়া সার্টিফিকেটের কপি;

(গ) ব্যাংক সুদ আয় থাকলে ব্যাংক বিবরণী/সার্টিফিকেট;

(ঘ) অন্য যে কোন আয়ের উৎসের জন্য প্রাসংগিক কাগজপত্র।

**১১.৮.৯ আয়কর পরিশোধ (উৎসে কর কর্তন সহ) ঃ**

(ক) কর পরিশোধের সমর্থনে চালানের কপি, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/একাউন্ট পেয়ী চেকের কপি;

(খ) উৎসে আয়কর পরিশোধ করা হলে কর কর্তনকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

১১.৯। অর্থ আইন ২০১৯ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৯ এর উপধারা (৩১) প্রতিস্থাপন করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী যদি কোন কর বছরে কোন করদাতার ধারা ৭৮, ৮২বিবি বা ৯৩ এর আওতায় দাখিলকৃত কোন সংশোধিত রিটার্ন বা ভুল সংশোধনী রিটার্ন এ করমুক্ত আয় বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন করা হয় তাহলে উক্তরূপে রির্টানে মূল রির্টান অপেক্ষা যে পরিমাণ অতিরিক্ত করমুক্ত আয় বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন করা হবে তা ঐ কর বছরে করদাতার অন্যান্য সূত্রের আয় হিসাবে গণ্য হবে। আগে রিটার্ন দাখিল করা হয়েছে এরূপ কোন কর বছরের কর মামলা

ধারা ৯৩ অনুযায়ী পুনঃউন্মোচিত হওয়ার প্রেক্ষিতে করদাতা ঐ কর বছরের জন্য ধারা ৯৩ অনুসারে রির্টান দাখিল করলে রির্টানটি এ উপধারার উদ্দেশ্যকল্পে সংশোধিত রির্টান বলে গণ্য হবে।

**১২। আয়করের হার**

**১২.১ ব্যক্তি-করদাতার ক্ষেত্রে আয়করের হার**

অর্থ আইন, ২০২০ তে বর্ণিত করহারের তফসিল অনুযায়ী প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার হবে নিম্নরূপঃ

| | মোট আয় | | হার |
|---|---|---|---|
| (ক) | প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | শূন্য |
| (খ) | পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ৫% |
| (গ) | পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ১০% |
| (ঘ) | পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ১৫% |
| (ঙ) | পরবর্তী ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ২০% |
| (চ) | অবশিষ্ট মোট আয়ের উপর | - | ২৫% |

তবে,উপরোল্লিখিত কর হার করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

(১) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ্ব বয়সের সংশ্লিষ্ট সকল করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,৫০,০০০/- টাকা এবং প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৫০,০০০/- টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৪,৭৫,০০০/-টাকা।

(২) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ৫০,০০০/- টাকা বেশি হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এ সুবিধা পাবেন।

(৩) করমুক্ত সীমার উর্ধ্বের আয়ের ক্ষেত্রে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ এলাকাভেদে নিম্নরূপভাবে বিন্যস্ত করা হয়েছেঃ

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার |
|---|---|
| ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/-টাকা |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/-টাকা |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/-টাকা |

- একজন করদাতার আয় যে কোন স্থানেই অর্জিত হোক না কেন তিনি যেখানে অবস্থান করবেন তার সে অবস্থানের ভিত্তিতেই ন্যূনতম করের হার নির্ধারণ হবে। তবে কোন করদাতা একই আয় বছরে একাধিক স্থানে অবস্থান করে থাকেন তাহলে যে স্থানে তিনি সর্বাধিককাল অবস্থান করেছেন সে অবস্থান স্থলের জন্য প্রযোজ্য ন্যূনতম কর হার তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ব্যবসা আয়ের ক্ষেত্রে ব্যবসা পরিচালনার মূখ্য স্থানই ন্যূনতম করের জন্য একজন করদাতার অবস্থান স্থল হিসেবে বিবেচিত হবে।
- একজন চাকুরীজীবি করদাতা আয়বছরে একাধিক স্থানে কর্মরত থাকলে যে স্থানে তিনি অধিক কাল কর্মরত ছিলেন ন্যূনতম করের জন্য সে স্থানই তার অবস্থান স্থল বলে বিবেচিত হবে।
- করদাতা অনিবাসী হলে বাংলাদেশে তিনি যে ঠিকানা ব্যবহার করেন সে ঠিকানাই তার অবস্থানস্থল হিসেবে বিবেচিত হবে।
- করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ হিসাব অনুযায়ী তার জন্য প্রযোজ্য ন্যূনতম আয়করের পরিমাণ অপেক্ষা কম হলে বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ প্রযোজ্য ন্যূনতম আয়করের কম, শূণ্য বা ঋণাত্মক হলেও করদাতাকে তার জন্য প্রযোজ্য ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

(৪) কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তা হলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করবেন ঃ-

| | বিবরণ | রেয়াতের হার |
|---|---|---|
| (ক) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে। | সেক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%। |
| (খ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়। | সেক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%। |
| (গ) | প্রথম বারের মতো আয়কর রিটার্ন দাখিলকারী ব্যক্তি করদাতা অনলাইনে রিটার্ন দাখিল করলে বিনিয়োগ রেয়াত পরবর্তী কররেয়াত হতে অতিরিক্ত ২০০০/- টাকা কর রেয়াত প্রাপ্য হবেন | |

(৫) কোম্পানী নয়, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ ব্যক্তি শ্রেণিভূক্ত করদাতার ক্ষেত্রে নিম্নরূপ সর্বোচ্চ হারে আয়কর আরোপিত হবেঃ

| | করদাতার শ্রেণি | করহার |
|---|---|---|
| (১) | কোম্পানী নয়, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ ব্যক্তি শ্রেণিভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর | ৩০% |
| (২) | কোম্পানী নয়, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এরূপ করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর | ৪৫% |
| (৩) | সমবায় সমিতি আইন, ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর | ১৫% |

**১২.২ কোম্পানীর ক্ষেত্রে আয়করের হার**

কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং যে সকল করদাতা যাদের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয় তা নিম্নরূপঃ

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিষ্ট্রিকৃত অফিস অবস্থিত সে কোম্পানী হতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর প্রযোজ্য কর নিম্নরূপঃ

(ক) নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানী (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এমন কোম্পানী)- এর ক্ষেত্রে, কোম্পানি আইন ১৯১৩ এর আওতায় গঠিত কোম্পানি, এসোসিয়েশন, ফরেন এসোসিয়েশন, শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান, জাতীয় ব্যাংকের ক্ষেত্রে ৩২.৫%

(খ) পাবলিকলি ট্রেডেড কোম্পানী (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এমন কোম্পানী)- এর ক্ষেত্রে - ২৫% শর্ত: যদি এরূপ কোম্পানী যা পাবলিকলি ট্রেডেড কোম্পানী নয়, তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে এরূপ কোম্পানী উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করবে।

(গ) ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতিত)-

I. পাবলিকলি ট্রেডেড কোম্পানী এর ক্ষেত্রে- ৩৭.৫০%

II. পাবলিকলি ট্রেডেড কোম্পানী নয় এরূপ ক্ষেত্রে ৪০%

III. সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানে ক্ষেত্রে ৩৭.৫০%

(ঘ) মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে - ৩৭.৫%

(ঙ) সিগারেট প্রস্তুতকারক কোম্পানির ক্ষেত্রে - ৪৫%

(চ) বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানীর ক্ষেত্রে - ৪৫%

(ছ) মোবাইল ফোন অপারেটর কোম্পানীর ক্ষেত্রে - ৪৫%

তবে শর্ত থাকে যে,

I. মোবাইল ফোন অপারেটর কোম্পানী যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর বেশি থাকতে পারবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করে পাবলিকলি ট্রেডেড কোম্পানীতে রূপান্তরিত হয় সেক্ষেত্রে আয়করের হার হবে ৪০%।

II. এরূপ কোন কোম্পানী যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public

Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়কর এর উপর ১০% হারে কর রেয়াত পাবে।

(জ) নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস উৎপাদন ও রপ্তানিতে নিয়োজিত করদাতার উক্ত পণ্য রপ্তানি হতে উদ্ভূত আয়ের উপর ২০২০-২১ করবর্ষের জন্য প্রযোজ্য আয়করের হার হ্রাস করে নিম্নরূপ নির্ধারণ করেন, যথা:- **(ক)** কোম্পানি করদাতার ক্ষেত্রে- আয়করের হার ১২%; এবং সংশ্লিষ্ট আয়বর্ষে এইরূপ করদাতার কারখানার আন্তর্জাতিকভাবে স্বীকৃত green building certification থাকিলে উক্ত কারখানায় উৎপাদিত উক্তরূপ পণ্য রপ্তানি হইতে উদ্ভূত আয়ের উপর আয়করের হার ১০%; এবং
**(খ)** কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে আয়করের সর্বোচ্চ হার ১২%, (গ) টেক্সটাইল খাতের জন্য উদ্ভূত আয়ের উপর আয়করের হার ১৫% নির্ধারণ করা হয়েছে।

(২) কোম্পানী আইন, ১৯৯৪ এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হতে ১৯৪৭ সালের ১৪ আগষ্টের পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত পুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর বা বাংলাদেশে নিবন্ধিত নয় এইরূপ বিদেশী কোম্পানীর মুনাফা প্রত্যাবাসন যা লভ্যাংশ হিসেবে গণ্য, তার উপর প্রযোজ্য কর - ২০%।

(৩) কোম্পানি নয়, বাংলাদেশ অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতিত) এইরূপ ব্যক্তি শ্রেণিভূক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর উক্ত আয়ের ৩০%।

(৪) কোম্পানি নয়, সিগারেট, বিড়ি, জর্দা,গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর– উক্ত আয়ের ৪৫%।

(৫) সমবায় সমিতি আইন ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর উক্ত আয়ের ১৫%।

(৬) ব্যক্তি-সংঘের ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-৩২.৫%

(৭) উল্লেখ্য সিগারেট বিড়ি জর্দা গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসা থেকে অর্জিত আয়ের উপর ২৫% হারে সারচার্জ প্রদান করতে হবে।

### ১২.৩ সার চার্জের হার

কোন ব্যক্তি করদাতা (Assessee Being Individual) যার আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮০ অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) দুই কোটি পঁচিশ লক্ষ টাকার অধিক হলে তাদের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হবে-

| | নীট সম্পদের মূল্য | সারচার্জের হার | নূন্যতম সারচার্জ |
|---|---|---|---|
| (১) | তিন কোটি টাকা পর্যন্ত- | শূন্য | শূন্য |
| (২) | তিন কোটি টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়- নিজ নামে একের অধিক মোট গাড়ি বা কোন সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮০০০ বর্গফুটের অধিক বাড়ি রয়েছে | ১০% | ৩,০০০/- |
| (৩) | পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়- | ১৫% | |
| (৪) | দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়- | ২০% | ৫,০০০/- |
| (৫) | পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়- | ২৫% | |
| (৬) | বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর- | ৩০% | |

তবে যেসব করদাতার নীট পরিসম্পদ ৫০ কোটি টাকা বা তার উর্ধ্বে সেসব করদাতার সারচার্জ এর পরিমাণ হবে উক্ত করদাতার নীট পরিসম্পদের ০.১% অথবা আয়কর প্রযোজ্য এরূপ আয়ের উপর প্রদেয় আয়করের ৩০%, এই দুটির মধ্যে যা বেশি, তাই হবে নিট পরিসম্পদের উপর আয়কর। অর্থ আইন ২০২০ অনুযায়ী সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসা হতে অর্জিত আয়ের ২.৫% হারে সারচার্জ প্রদেয় হবে। ব্যক্তি, কোম্পানি নির্বিশেষে সকল শ্রেণির করদাতার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে। পাশাপাশি– সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোন ব্যক্তি করদাতার নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লক্ষ টাকা অতিক্রম করলে তাকে নীট সম্পদের ভিত্তিতে প্রদেয় সারচার্জ এবং তার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ উভয়টি পরিশোধ করতে হবে।

ব্যাখ্যা: এই অনুচ্ছেদে নীট পরিসম্পদের মূল্যমান বলতে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ (অর্ডিনেন্স নং ৩৬) এর সেকশন ৮০ অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী নীট পরিসম্পদেও মূল্যমান বোঝানো হবে। তাছাড়, মোটর গাড়ি বলতে প্রাইভেট কার, জিপ বা মাইক্রোবাস বোঝাবে।

### ১২.৪ ন্যূনতম কর (minimum tax) এর পরিমাণ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ন্যূনতম কর (minimum tax) সংক্রান্ত বিধান পুনর্গঠন করে ন্যূনতম কর আরোপ (charge of minimum tax) সংক্রান্ত নতুন ধারা ১৬ বিবিবি সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত ধারায় বিধান করা হয়েছে যে আয়কর অধ্যাদেশের আওতায় ন্যূনতম কর আরোপযোগ্য হলে তা আয়কর অধ্যাদেশের বিধান অনুযায়ী ক্ষেত্রমতো আরোপ, ধার্য, পরিশোধ ও আদায় হবে।

### ১৩। উৎসে কর কর্তনের খাতসমূহ এবং প্রযোজ্য করের হার

১৩.১ উৎসস্থলে কর কর্তন বলতে বুঝায় কোন করদাতার আয় প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক করদাতাকে আয় প্রদান করার সময় তার আয় হতে আয়কর কেটে রাখা। আয়কর অধ্যাদেশ এর section 48 অনুযায়ী কর নির্ধারণী বছরে নিয়মিত কর নির্ধারণের পূর্বেই আয় বছর যখন আয় অর্জন হয় তখন কর প্রদান নীতিতে উৎসস্থলে কর কর্তণ বা অগ্রীম কর প্রদান করা যায়। উৎসস্থলে কর কর্তন করা হলেও করদাতার কর নির্ধারণের উদ্দেশ্যে করদাতা কর্তৃক নির্ধারিত সময় আয়কর পরিশোধ করেছে বলে ধরা হয়।

**১৩.২ উৎস হতে কর কর্তণের খাতগুলো সংশ্লিষ্ট আইনের ধারা অনুযায়ী করের হারসহ তুলে ধরা হলো ঃ**

<table>
<tr><td>১)</td><td>বেতনাদি<br>(ধারা-৫০)।</td><td>করদাতার সংশ্লিষ্ট বৎসরের প্রাক্কলিত মোট আয়ের উপর ঐ বৎসরের প্রযোজ্য কর হার অনুযায়ী প্রদেয় করের গড় হারে।</td></tr>
<tr><td></td><td>বেতনাদি (সরকারী)<br>[ধারা ৫০ এর উপ-ধারা (১এ)]</td><td>(ক) গড় হারে কর্তন</td></tr>
<tr><td>২)</td><td>বাংলাদেশ ব্যাংক বিলের সঠিক মূল্যের থেকে আয় (ধারা - ৫০এ)।</td><td>যে কোন দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত বিল পরিশোধের ক্ষেত্রে-<br>সর্বাধিক হার</td></tr>
<tr><td>৩)</td><td>সিকিউরিটিজ উপর সুদ অথবা মুনাফা (ধারা - ৫১)।</td><td>সিকিউরিটিজ ইস্যূ করার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি বা সরকার কর্তৃক অনুমোদিত ৫% হারে।</td></tr>
<tr><td rowspan="6">৪)</td><td rowspan="6">(ক)<br>i. ঠিকাদার<br>ii. পণ্য সরবরাহকারী;<br>iii. পণ্য উৎপাদন, রূপান্তার, প্রক্রিয়া<br>iv. মুদ্রণ, প্যাকেজিং বা বাঁধাই</td><td>(ক) মূলধন ১৫ লক্ষ টাকা পর্যন্ত ২%</td></tr>
<tr><td>(খ) ১৫ লক্ষ টাকার বেশি থেকে ৫০ লক্ষ টাকা পর্যন্ত ৩%</td></tr>
<tr><td>(গ) ২৫ লক্ষ টাকার বেশি থেকে ১ কোটি টাকা পর্যন্ত ৪%</td></tr>
<tr><td>(ঘ) ১ কোটি টাকার বেশি ৫%</td></tr>
<tr><td></td></tr>
<tr><td></td></tr>
<tr><td></td><td>(খ) উল্লেখিত শ্রেণির ক্ষেত্রে (ধারা-৫২/বিধি-১৬)</td><td>(ক) তেল বাজারজাতকারী কোম্পানী কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে-<br>- ২ লক্ষ টাকা পর্যন্ত শূন্য।<br>- ২ লক্ষ টাকার উপর ০.৬০%।<br>(খ) পেট্রোল পাম্প ব্যতীত তেল বিপননকারী কোম্পানীর ডিলারদের তেল সরবরাহের ক্ষেত্রে-১%<br>(গ) কোন তেল রিফানারী কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে-৩%<br>(ঘ) গ্যাস ট্রান্সমিশন কোম্পানীকে প্রদানের ক্ষেত্রে -৩%<br>(ঙ) গ্যাস বিতরণ কোম্পানীকে প্রদানের ক্ষেত্রে -৩%<br>(চ) শিল্প প্রতিষ্ঠান যা সিমেন্ট, রড ও এমএস বাইলেট ব্যাতিত অন্য কিছু উৎপাদন করে, তার ক্ষেত্রে -৩%<br>(ছ) শিল্প প্রতিষ্ঠান যা এমএস বাইলেট যে পরিমাণই উৎপাদন করে তার ক্ষেত্রে -০.৫%</td></tr>
<tr><td>৫)</td><td>কোন specified person কর্তৃক কোন নিবাসীকে রয়্যালটি, ফ্র্যাঞ্চাইজ, লাইসেন্স ফি, ব্র্যান্ড নাম, পেটেন্ট, ইনভেনশন, ফর্মুলা, প্রসেস ইত্যাদি সহ(পূর্ণাঙ্গ তালিকার জন্য ধারা ৫২এ দ্রষ্টব্য) অন্যান্য সকল intangibles ব্যবহারের জন্য (ধারা-৫২এ)।</td><td>
<table>
<tr><th>ক্রম</th><th>ভিত্তি অংকের পরিমাণ</th><th>কর্তনের হার</th></tr>
<tr><td>(১)</td><td>২৫ লক্ষ টাকা পর্যন্ত</td><td>১০%</td></tr>
<tr><td>(২)</td><td>২৫ লক্ষ টাকার অধিক হলে</td><td>১২%</td></tr>
</table>
</td></tr>
</table>

৬) কতিপয় সেবা (ধারা-৫২এএ)

| ক্রমিক নং | সেবার খাত | কর কর্তনের হার (%ভিত্তি অংক) | |
|---|---|---|---|
| | | ভিত্তি অংক ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ভিত্তি অংক ২৫ লক্ষ টাকার উপর |
| ১। | উপদেষ্টা বা পরামর্শ সেবা | ১০% | ১২% |
| ২। | পেশাগত সেবা, প্রযুক্তিগত সেবা ফি, বা কারিগরি সহায়তা ফি | ১০% | ১২% |
| ৩। | i. ক্যাটারিং সার্ভিসেস<br>ii. ক্লিনিং সার্ভিসেস<br>iii. কালেকশন এন্ড রিকভারী এজেন্সী<br>iv. প্রাইভেট সিকিউরিটি সার্ভিস<br>v. ম্যানপাওয়ার সাপ্লাই সার্ভিস<br>vi. ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস<br>vii. পাবলিক রিলেশন সার্ভিস<br>viii. ইভেন্ট ম্যানেজমেন্ট,<br>ix. প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি<br>x. কুরিয়ার সার্ভিস<br>xi. প্যাকিং এবং শিফ্টিং সার্ভিস<br>xii. অন্য যে কোন সার্ভিসের<br>(ক) কমিশনের উপর<br>(খ) মোট চুক্তি মূল্যের উপর | <br><br><br><br><br><br><br><br><br><br><br><br>১০%<br>১.৫% | <br><br><br><br><br><br><br><br><br><br><br><br>১২%<br>২% |
| ৪। | মিডিয়া বায়িং এজেন্সির<br>(ক) কমিশনের উপর<br>(খ) মোট চুক্তি মূল্যের উপর | <br>১০%<br>০.৫% | <br>১২%<br>.৬৫% |
| ৫। | ইন্ডেটিং কমিশন | ৬% | ৮% |
| ৬। | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী ভাতা | ১০% | ১২% |
| ৭। | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফি এর উপর | ১০% | ১২% |
| ৮। | ক্রেডিট রেটিং ফি | ১০% | ১২% |
| ৯। | মোটর গ্যারেজ ও ওয়ার্কসপ | ৬% | ৮% |
| ১০। | প্রাইভেট কন্টেইনার পোর্ট/ডকইয়ার্ড সার্ভিস | ৬% | ৮% |
| ১১। | শিপিং এজেন্সী কমিশন | ৬% | ৮% |
| ১২। | স্টিভডোরিং/বার্থ অপারেশন কমিশন | ১০% | ১২% |
| ১৩। | পরিবহন সেবা, গাড়ী ভাড়া, রাইড শেয়ারিং | ৩% | ৪% |
| ১৪। | হুইলিং চার্জ বিদ্যুৎ ট্রান্সমিশনের জন্য | ২% | ৩% |
| ১৫। | ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সপ্তম অধ্যায়ে সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সার্ভিস | ১০% | ১২% |

| | | |
|---|---|---|
| ৭) | সি এন্ড এফ এজেন্সিকে প্রদেয় ফি (ধারা-৫২এএএ)। | ১০% হারে। |
| ৮) | অযান্ত্রিক সিগারেট উৎপাদনকারী (বিড়ি) কোন ব্যক্তি সিগারেট উৎপাদনের জন্য ব্যান্ড রোলের মূল্যের উপর (ধারা-৫২বি)। | ব্যান্ড রোলের মূল্যের উপর ১০% |
| ৯) | সরকার কর্তৃক হুকুম দখল সম্পত্তির | ক) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডের মধ্যে হলে ৬% হারে। |

| | | |
|---|---|---|
| | বাবদ প্রদেয় ক্ষতিপূরণ (ধারা-৫২সি)। | খ) অন্যস্থানে ৩% হারে। |
| ১০) | সেভিংস ইন্সট্রুমেন্টসের উপর সুদ (ধারা-৫২ডি)। | ১০% হারে<br>(কোন আয় বছরে কোন করদাতার পেনশনার সঞ্চয়পত্রে পুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকা অতিক্রম না করলে উক্ত বিনিয়োগের উপর অর্জিত সুদ/মুনাফা পরিশোধ কালে ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।) |
| ১১) | শ্রমিক অংশগ্রহণ তহবিল থেকে কোন সুবিধাভোগী কে অর্থ পরিশোধ (ধারা-৫২ডিডি)। | ৫% হারে |
| ১২) | ইটের ভাটা পরিচালনা (ধারা-৫২এফ)। | (ক) এক সেকশন উৎপাদন ক্ষমতা সম্পন্ন ইট ভাটার জন্য - ৪৫,০০০/- টাকা।<br>(খ) দেড় সেকশন উৎপাদন ক্ষমতা সম্পন্ন ইট ভাটার জন্য - ৭০,০০০/- টাকা।<br>(গ) দুই সেকশন উৎপাদন ক্ষমতা সম্পন্ন ইট ভাটার জন্য - ৯০,০০০/- টাকা।<br>(ঘ) স্বয়ংক্রিয় মেশিনে প্রস্তুতকৃত ইট ভাটার জন্য - ১,৫০,০০০/-টাকা। |
| ১৩) | ঋণপত্রের (এলসি) কমিশন (ধারা-৫২আই)। | ৫% হারে। |
| ১৪) | বিমান টিকিট বিক্রয় বা কার্গো ভাড়া বাবদ ট্রাভেল এজেন্টকে প্রদত্ত কমিশন বা ডিসকাউন্ট বা অর্থমূল্যে রূপান্তরযোগ্য সুবিধা, incentive bonus, performance bonus অথবা অন্য যে কোন সুবিধা (ধারা-৫২জেজে)। | তবে সেক্ষেত্রে পরিশোধিত পেমেন্টের ০.৩০% হারে অগ্রিম কর কর্তিত হবে।<br>তবে উল্লিখিত ০.৩০% হারে উৎস করের অতিরিক্ত হিসেবে (A/B) x C এর সমপরিমাণ অংক উৎসে কর্তন করতে হবে নিম্নোক্ত আয়ের উপর<br>A) ইনসেনটিভ বোনাস, পারফরমেন্স বোনাস বা অন্য যে কোন আর্থিক সুবিধা যা উপধারা ২ এ বর্ণিত<br>B) কমিশন বা ডিসকাউন্ট অথবা উপধারা ১ এ বর্ণিত অন্য যে কোন সুবিধা<br>C) কমিশনের উপর উৎসে কর, ডিসকাউন্ট অথবা উপধারা ১ এ বর্ণিত অন্য যে কোন সুবিধা<br>এ ধরনের মূল্যে যে টিকেটের দাম, চার্জ পেমেন্ট– ট্রাভেল ট্যাক্স, ফ্লাইট সেফটি ইনসুরেন্স, সিকিউরিটি ট্যাক্স ও এয়ারপোর্ট ট্যাক্স ইত্যাদির সাথে জড়িত, তা অর্ন্তভূক্ত হবে না। পেমেন্ট বলতে ট্রান্সফার, ক্রেডিট অথবা অ্যাডজাসমেন্ট ফর পেমেন্ট বোঝাবে। |
| ১৫) | ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন (ধারা-৫২কে)। | প্রত্যেক ট্রেড লাইসেন্সের জন্য সিটি কর্পোরেশন ও পৌরসভার ক্ষেত্রে<br>(ক) ঢাকা (উত্তর ও দক্ষিণ) ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ক্ষেত্রে ৩,০০০/-<br>(খ) অন্যান্য সিটি কর্পোরেশন এবং যে কোন জিলা সদরের পৌরসভার ক্ষেত্রে ২,০০০/-<br>(গ) জেলা সদরে অবস্থিত পৌরসভার ক্ষেত্রে ১০০০/-<br>(ঘ) অন্যান্য পৌরসভার ক্ষেত্রে ৫০০/- |
| ১৬) | ফ্রেইট ফরওর্য়াডার এজেন্সি কমিশন (ধারা-৫২এম)। | ১৫% হারে। |
| ১৭) | রেন্টাল পাওয়ার ক্রয় বাবদ (ধারা-৫২এন)। | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড রেন্টাল পাওয়ার ক্রয় বাবদ অর্থ পরিশোধের সময় বাংলাদেশে কার্য আরম্ভের সময় থেকে অনধিক ৩ বৎসর সময়ের জন্য ৬% হারে। |
| ১৮) | ডায়মন্ড কাটিং ইন্ডাস্ট্রিতে কর্মরত বিদেশী টেকনিশিয়ান (ধারা-৫২ও)। | ৫% হারে। |
| ১৯) | Convention Hall, Convention Centreইত্যাদির সেবা (ধারা-৫২পি)। | ৫% হারে। |
| ২০) | বিদেশি ব্যক্তি সেবা প্রাদানে প্রাপ্ত আয় | ১০% হারে। |

| | | |
|---|---|---|
| | (ধারা-৫২কিউ)। | *০% হবে যদি ৬১নম্বর পৃষ্ঠায় বর্ণিত শর্ত প্রযোজ্য হয়। |
| ২১) | International Gateway Service (IGW) আন্তর্জাতিক কল সংশ্লিষ্ট ক্ষেত্রে (ধারা-৫২আর)। | ক) IGW Services operator দ্বারা গৃহীত মোট রাজস্বের উপর ১.৫%;<br>খ) ICX, ANS এবং অন্যান্য ক্ষেত্রে রাজস্ব বা জমা প্রদানের ক্ষেত্রে ৭.৫%।<br>খ, ১), ৭.৫% প্রদত্ত মোট পরিমাণের উপর অথবা ঋণ পরিশোধের সময় যা প্রদান করা হয় বা ঋণ দেয়া হয় |
| ২২) | কোমল পানীয় ও মিনারেল ওয়াটার প্রস্তুতকারক কোম্পানির (ধারা-৫২এস)। | পণ্য মূল্যের উপর ৪% হারে। |
| ২৩) | ইন্স্যুরেন্স পলিসি হোল্ডাদের পরিশোধিত প্রিমিয়ামের অতিরিক্ত অর্থ (ধারা-৫২টি)। | ৫% হারে। |
| ২৪) | লোকাল লেটার অব ক্রেডিট এর অর্থ (ধারা-৫২ইউ)। | ৩% হারে।<br>ডিস্ট্রিবিউটর এর নিকটা বিক্রয় বা ইনভয়েস করার সময় ক্রেডিট সুবিধার আওতায় হলে ১%।<br>উৎসে কর কর্তন করা হবে ২% যেকোন স্থানীয় এলসি অথবা কোন বাণিজ্যিক আমদানির জন্য সম্পাদিত চুক্তির জন্য যার আওতায় চাল, গম, আলু, পেঁয়াজ, ভুট্টা, আদা, মটর, ছোলা, মসুর ডাল, আদা, হলুদ, ডাল, ভুট্টা, মোটা ময়দা, কালো মরিচ, দারচিনি, এলাচ, লবঙ্গ, খেজুর, ক্যাসিয়া পাতা, রসুন, ময়দা, ভোজ্য তেল, লবণ অন্য সকল ফলমূল আমদানির ক্ষেতে। |
| ২৫) | সেলুলার ফোন কোম্পানী কর্তৃক বাউল রাজস্ব বিভাজন, লাইসেন্স ফি বা অন্য কোন চার্জ (ধারা-৫২ভি) । | ১০% হারে। |
| ২৬) | আমদানিকারক<br>(ধারা-৫৩/বিধি ১৭এ)। | ক) প্রদত্ত অর্থের উপর ৫% কিন্তু প্রদেয় অর্থের সংস্থানের উপর নয়<br>খ) ২% প্রদেয় অর্থের সংস্থানের উপর<br>গ) নির্দিষ্ট প্রতি টন পণ্যেও উপর ৫০০ টাকা |
| ২৭) | গৃহ সম্পত্তি (ধারা-৫৩এ)। | যে কোন অংক বাড়ী ভাড়া হিসেবে প্রদান কালে ৫% হারে। |
| ২৮) | কোন নিবাসী কর্তৃক জাহাজ ব্যবসা (ধারা-৫৩এএ)। | ক) ৫% হারে।<br>খ) ৩% হারে। (বাংলাদেশী পতাকাবাহী জাহাজ কর্তৃক বিদেশে সেবা প্রদান করে বিদেশে প্রাপ্ত এবং সরকারী চ্যানেলে আনীত ফ্রেইট চার্জের উপর) |
| ২৯) | জনশক্তি রপ্তানীর সার্ভিস চার্জ (ধারা-৫৩বি/বিধি-১৭সি) | ১০% হারে। |
| ৩০) | নিটওয়্যার ও ওভেন গার্মেন্টস, টেরিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টন এবং এক্সেসরিজ রপ্তানি, পাটজাত পণ্য, হিমায়িত খাদ্য, সবজি, চামড়াজাত পণ্য, প্যাকেটজাত খাদ্য (ধারা-৫৩বিবি)।(এসআরও নং ৩৩২) | সমগ্র রপ্তানীকৃত পণ্যের উপর ১% |
| ৩১) | স্টক এক্সচেঞ্জের সদস্য (ধারা-৫৩বিবিবি)। | শেয়ার, ডিবেঞ্চার, মিউচুয়াল ফান্ড বা সিকিউরিটিজ ইত্যাদি ক্রয়-বিক্রয়ের মোট মূল্যের উপর ০.০৫% হারে।<br>১০% হারে শেয়ার, মিউচুয়াল ফান্ড ব্যাতিত অন্য যে কোন ক্রয় বিক্রয়ের লভ্যাংশ থেকে আয়ের উপর। |
| ৩২) | নিটওয়্যার ও ওভেন গার্মেন্টস, টেরিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টন এবং এক্সেসরিজ, পাট-পণ্য, হিমায়িত খাদ্য, ভেজিটেবল, চামড়াজাত পণ্য, প্যাকেটজাত পণ্য বাদে অন্যান্য রপ্তানি | ক) মোট রপ্তানী মূল্যের ১% হারে। |

<table>
<tr><td></td><td>(ধারা-৫৩বিবিবিবি)।</td><td></td></tr>
<tr><td>৩৩)</td><td>সরকারী নিলামে দ্রব্যাদি বিক্রয় বা সম্পত্তি বিক্রয় (ধারা-৫৩সি/বিধি-১৭ডি)।</td><td>৫% হারে।</td></tr>
<tr><td>৩৪)</td><td>অনিবাসী কুরিয়ার ব্যবসা (ধারা-৫৩সিসিসি)</td><td>কোন অনিবাসী কুরিয়ার কোম্পানীর স্থানীয় এজেন্ট হিসেবে কার্যক্রমরত ১৫% হারে সার্ভিস চার্জ।</td></tr>
<tr><td>৩৫)</td><td>অভিনেতা এবং অভিনেত্রীকে প্রদত্ত অর্থ (ধারা-৫৩ডি) ।</td><td>চলচ্চিত্র, নাটক, কোন ধরনের টেলিভিশন এবং রেডিও প্রোগ্রাম ক্রয়ের ক্ষেত্রে পেমেন্ট উপর ১০%;<br>অভিনেতা / অভিনেত্রীর পেমেন্ট এর ক্ষেত্রে ১০% (মোট পেমেন্ট যদি ১০,০০০ টাকা অতিক্রম করে)</td></tr>
<tr><td>৩৬)</td><td>Export Cash Subsidy (ধারা-৫৩ডিডিডি)।</td><td>১০ % হারে।</td></tr>
<tr><td>৩৭)</td><td>কমিশন, ডিসকাউন্ট বা ফিস, ইনসেনটিভ অথবা পারফরমেন্স বোনাস (ধারা-৫৩ই, উপধারা ১)।</td><td>ক) যে কোনো কোম্পানী কমিশন, ছাড়, ফি, ইনসেনটিভ বা পারফরম্যান্স বোনাস বা অন্য যে কোনও প্রণোদনা বা অর্থ প্রদান করে অথবা পণ্যের বন্টন বা বিপণনের জন্য অনুরূপ প্রকৃতির উপার্জনের অর্থ প্রদানের সময় কর কর্তন করা হবে ১০% হারে।<br>খ) কোম্পানীর পণ্য বিতরণ বা বিপণনে নিয়োজিত যে কোনও ব্যক্তিকে কোম্পানীর প্রচার বা পণ্য সম্পর্কিত প্রচারের জন্য কোনও অর্থ পরিশোধের সময় কর্তন করা হবে (১.৫%) হারে।<br>(গ) কোন কোম্পানী পণ্য বিক্রি করে-(১) কোন পরিবেশক, বা (২) কোন কোম্পানীর চুক্তির অধীন কোন ব্যক্তির কাছে নির্ধারিত খুচরা মূল্যের চেয়ে কম মূল্যে, তবে কর কর্তন করা হবে ৫% হারে।<br>(ঘ) সিগারেট কোম্পানির ক্ষেত্রে ৩%</td></tr>
<tr><td>৩৮)</td><td>কমিশন, ডিসকাউন্ট বা ফিস (ধারা-৫৩ই, উপধারা ২)।</td><td>তেল বিপণন কোম্পানি নয় এরূপ কোন কোম্পানি (সিগারেট উৎপাদনকারী কোম্পানী ব্যতীত) ৫% হারে।</td></tr>
<tr><td>৩৯)</td><td>বিদেশী ক্রেতার এজেন্ট (ধারা-৫৩ইই)।</td><td>১০% হারে।</td></tr>
<tr><td>৪০)</td><td>সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানত ইত্যাদি সুদ (ধারা-৫৩এফ, উপধারা ১)।</td><td>টিআইএন আছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের উপর ১০% হারে এবং ১২ সংখ্যার টিআইএন না থাকলে ১৫% ।<br>তবে শুধু সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে বছরের যে কোন সময় ১ লাখ টাকার নীচে স্থিতি থাকলে এবং টিআইএন না থাকলেও ১০% হারে উৎসে কর প্রযোজ্য হবে।</td></tr>
<tr><td></td><td>ফান্ডের দ্বারা বা নামে পরিচালিত বা রক্ষিত কোন সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানত বা মেয়াদী আমানতের সুদ বা মুনাফা<br>(ধারা-৫৩এফ, উপধারা ২)।</td><td>৫% হারে।<br>তবে নতুন বিধান প্রবর্তনের মাধ্যমে আইনের দ্বারা সৃষ্ট বা আইন দ্বারা পরিচালিত Board কর্তৃক অনুমোদিত কোন ফান্ড, যার সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানত বা মেয়াদী আমানতের সুদের উপর আগে উৎস কর অব্যাহতি প্রদান করা হয়েছিল, তার উক্ত সুদের উপর ১ জুলাই ২০১৬ থেকে ৫% হারে উৎস কর আরোপিত হবে।<br>যে সকল ফান্ড ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত উৎস করের আওতাভুক্ত ছিল সে সকল ফান্ডের ক্ষেত্রে উপধারা (২) এর বিধান কার্যকর হবে না। অর্থাৎ, এরূপ ফান্ডের ক্ষেত্রে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত সময়ে যে হারে উৎস কর কর্তিত হতো এখনো সে হারে উৎস কর আরোপ হবে।</td></tr>
<tr><td>৪১)</td><td>রিয়েল এস্টেট এবং ভূমি উন্নয়নকারীর ব্যবসা (ধারা-৫৩এফএফ)।</td><td>আবাসিক উদ্দেশ্যে নির্মিত দালান বা এপার্টমেন্টের ক্ষেত্রে:
<table>
<tr><th>এলাকা</th><th>প্রতি বর্গমিটারে উৎস কর (টাকায়)</th></tr>
<tr><td>(ক) ঢাকা'র গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা ও দিলকুশা বাণিজ্যিক এলাকা</td><td>১,৬০০/-</td></tr>
</table></td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | (খ) ঢাকা'র ধানমন্ডি আবাসিক এলাকা, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট এলাকা, কারওয়ানবাজার বাণিজ্যিক এলাকা এবং চট্টগ্রামের পাঁচলাইশ আবাসিক এলাকা, খুলশী আবাসিক এলাকা, আগ্রাবাদ ও নাসিরাবাদ | ১,৫০০/- |
| | | (গ) (ক) ও (খ) ব্যতীত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকা | ১,০০০/- |
| | | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন ভুক্ত এলাকা | ৭০০/- |
| | | (ঙ) উপরের (ক), (খ), (গ) এবং (ঘ) ব্যতীত অন্যান্য এলাকা | ৩০০/- |

তবে,অনধিক ৭০ বর্গমিটার পর্যন্ত (কমন স্পেসসহ) আয়তনবিশিষ্ট আবাসিক এপার্টমেন্টের জন্য উৎস করের হার ২০% কম হবে এবং অনধিক ৬০ বর্গমিটার পর্যন্ত (কমন স্পেসসহ) আয়তনবিশিষ্ট আবাসিক এপার্টমেন্টের জন্য উৎস করের হার ৪০% কম হবে।

আবাসিক ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে নির্মিত দালান বা এপার্টমেন্টের কোন স্পেস (space) এর ক্ষেত্রেঃ

| এলাকা | প্রতি বর্গমিটারে উৎস কর (টাকায়) |
|---|---|
| (ক) ঢাকা'র গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা ও দিলকুশা বাণিজ্যিক এলাকা | ৬,৫০০/- |
| (খ) ঢাকা'র ধানমন্ডি আবাসিক এলাকা, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট এলাকা, কারওয়ানবাজার বাণিজ্যিক এলাকা এবং চট্টগ্রামের পাঁচলাইশ আবাসিক এলাকা, খুলশী আবাসিক এলাকা, আগ্রাবাদ ও নাসিরাবাদ | ৫,০০০/- |
| (গ) (ক) ও (খ) ব্যতীত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকা | ৩,৫০০/- |
| (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশনভুক্ত এলাকা | ২,৫০০/- |
| (ঙ) উপরের (ক), (খ), (গ) এবং (ঘ) ব্যতীত অন্যান্য এলাকা | ১,২০০/- |

জমি বিক্রয়ের ক্ষেত্রে নিম্নরূপ কর হার প্রায়েজ্যঃ

(ক) ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী ও চট্টগ্রাম জেলায় অবস্থিত জমি বিক্রয়ের ক্ষেত্রে দলিল মূল্যের উপর ৫% হারে।

(খ) অন্যান্য সকল জেলার ক্ষেত্রে ৩%।

| | | |
|---|---|---|
| ৪২) | বীমা কমিশন (ধারা-৫৩জি)। | প্রদেয় কমিশনের উপর ৫% হারে। |
| ৪৩) | সাধারণ বীমা কোম্পানীর সার্ভেয়ার ফি (ধারা-৫৩জিজি)। | ১০% হারে। |

| | | |
|---|---|---|
| ৪৪) | সম্পত্তি হস্তান্তর (ধারা-৫৩এইচ)। | আয়কর অধ্যাদেশের ৫৩ (এইচ) ধারা ১১২ নং পৃষ্ঠায় পরিশিষ্ট ২১.৯ এ দ্রষ্টব্য। |
| ৪৫) | ১০ বৎসর ততোধিক সময়ের জন্য নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক স্থাবর সম্পত্তির লীজ রেজিস্ট্রেশন (ধারা-৫৩এইচএইচ)। | ৪% হারে। |
| ৪৬) | পোস্ট অফিস ও ব্যাংক সঞ্চয় হিসাবের সুদ (ধারা-৫৩আই)। | সুদের পরিমাণ নির্বিশেষে প্রাপ্তির উপর ১০% হারে। |
| ৪৭) | খালি জমি বা প্ল্যান্ট বা যন্ত্রপাতির ভাড়া মূল্য (ধারা-৫৩জে/বিধি ১৭বিবি)। | যে কোন অংকের ভাড়া পরিশোধের ক্ষেত্রে ৫% |
| ৪৮) | সংবাদপত্র, সাময়িকী বা বেসরকারী টেলিভিশন, বেসরকারী রেডিও চ্যানেল বা ওয়েব সাইটে প্রচারিত বিজ্ঞাপন বিল (ধারা-৫৩কে)। | ৪% হারে। |
| ৪৯) | স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের শেয়ার হস্তান্তর (ধারা-৫৩এম)। | ৫% হারে। |
| ৫০) | ডিমিউচ্যুয়ালাইজেশনকে স্টক এক্সচেঞ্জে শেয়ারহোল্ডারদের শেয়ার হস্তান্তর থেকে অর্পিত মুনাফা (ধারা-৫৩এন) | ১৫% হারে। (লভ্যাংশের উপর) |
| ৫১) | রিয়েল এস্টেট ডেভেলপার দ্বারা জমির মালিকে যে কোন পরিমাণ টাকা প্রদান (ধারা-৫৩পি) | ১৫% হারে। |
| ৫২) | লভ্যাংশ (ধারা-৫৪)। | (ক) নিবাসী/অনিবাসী বাংলাদেশী কোম্পানীর ক্ষেত্রে-২০% ।<br>(খ) কোম্পানী ব্যতীত নিবাসী/অনিবাসী বাংলাদেশী কোম্পানীর ক্ষেত্রে-১০%। তবে e-TIN না থাকলে ১৫%।<br>(গ) কোনো কোম্পানি যদি Sixth Schedule এর Part A এর অনুচ্ছেদ ৬০ অনুযায়ী করমুক্ত কোনো করারোপিত লভ্যাংশ (taxed dividend) বাংলাদেশে নিবাসী কোনো কোম্পানির নিকট বণ্টন করে তাহলে উক্ত লভ্যাংশের উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। |
| ৫৩) | লটারী (ধারা-৫৫)। | ২০% হারে। |

৫৪) অনিবাসী অর্থ পরিশোধ আয় (ধারা-৫৬)।

| ক্রমিক নং | সেবার খাত | কর কর্তনের হার |
|---|---|---|
| ১। | পরামর্শক/কনসালটেন্সী ফি বা সার্ভিস ফি | ২০% |
| ২। | প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস | ২০% |
| ৩। | পেশাগত সেবা, প্রযুক্তিগত সেবা, কারিগরি জ্ঞান বা কারিগরি সহায়তা | ২০% |
| ৪। | আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন | ২০% |
| ৫। | সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি | ২০% |
| ৬। | স্যাটেলাইট ভাড়া/চার্জ, এয়ারটাইম চার্জ, ফ্রিকোয়েন্সি ভাড়া/চার্জ | ২০% |
| ৭। | লিগ্যাল সার্ভিস | ২০% |
| ৮। | ম্যানেজমেন্ট/ইভেন্ট ম্যানেজমেন্ট | ২০% |
| ৯। | কমিশন | ২০% |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১০। | রয়্যালটি, লাইসেন্স ফি বা ইনটানজিবল সম্পর্কিত পেমেন্ট | ২০% |
| | | ১১। | সুদ | ২০% |
| | | ১২। | বিজ্ঞাপন প্রচার বাবদ | ২০% |
| | | ১৩। | বিজ্ঞাপন তৈরি বাবদ | ১৫% |
| | | ১৪। | এয়ার/ওয়াটার ট্রান্সপোর্ট তবে, শিপিং ব্যবসা পরিচালনাকারী অনিবাসী করদাতার ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের ধারা ১০২ ও বিমান পরিবহন ব্যবসা পরিচালনাকারী যেসব অনিবাসী করদাতার ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের ধারা ১০৩এ প্রযোজ্য; | ৭.৫% |
| | | ১৫। | ম্যানুফ্যাকচার, প্রসেস বা কনর্ভাশন, সিভিল ওর্য়াক, নির্মাণ, প্রকৌশলী বা অনুরূপ প্রকৃতির ঠিকাদারী বা উপ-ঠিকাদার | ৭.৫% |
| | | ১৬। | সরবরাহকারী | ৭.৫% |
| | | ১৭। | ক্যাপিটাল গেইন | ১৫% |
| | | ১৮। | ইন্স্যুরেন্স প্রিমিয়াম | ১০% |
| | | ১৯। | যন্ত্রপাতি ভাড়া | ১৫% |
| | | ২০। | লভ্যাংশঃ<br>কোম্পানী করদাতা ব্যক্তি করদাতা<br>অন্য যে কোন ব্যক্তি যার কোন কোম্পানি নেই | <br>২০%<br>৩০% |
| | | ২১। | শিল্পী/অভিনেতা-অভিনেত্রী/খেলোয়াড় | ৩০% |
| | | ২২। | বেতন/সম্মানী | ৩০% |
| | | ২৩। | তৈল-গ্যাস অনুসন্ধান অথবা উত্তোলন সংক্রান্ত কূপ খনন (ড্রিলিং ইন পেট্রোলিয়াম অপারেশন) | ৫.২৫% |
| | | ২৪। | তৈল-গ্যাস অনুসন্ধানে সকল প্রকারের জরীপ | ৫.২৫% |
| | | ২৫। | তৈল-গ্যাস ক্ষেত্রে (Field) অনুসন্ধান, উত্তোলন অথবা পাইপ লাইন বা অন্য কোন পদ্ধতিতে তৈল-গ্যাস ক্ষেত্র (Field) থেকে তৈল বা গ্যাস রপ্তানী পয়েন্ট (Export Point) পর্যন্ত প্রদত্ত অন্য যে কোন সেবার ক্ষেত্রে | ৫.২৫% |
| | | ২৬। | উপরে উল্লেখিত নয় এমন কোন সেবার জন্য প্রদেয় অর্থের উপর | ২০% |
| | | ২৭। | অন্যান্য যে কোন সেবার জন্য প্রদেয় অর্থের উপর | ৩০% |

**৫৫) প্রাইভেট মোটর গাড়ির উপর অগ্রিম কর (ধারা-৫৬বি)।**

| ক্রমিক নং | গাড়ীর ধরণ ও ইঞ্জিন ক্যাপাসিটি | অগ্রিম কর (টাকা) |
|---|---|---|
| (১) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ২৫,০০০/- |
| (২) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ৫০,০০০/- |
| (৩) | ২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ৭৫,০০০/- |
| (৪) | ৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ১,২৫,০০০/- |
| (৫) | ৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ১,৫০,০০০/- |
| (৬) | ৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ২,০০,০০০/- |
| (৭) | মাইক্রোবাস প্রতিটির জন্য | ৩০,০০০/- |

তবে, কোন ব্যক্তির একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার (জীপ বা মাইক্রোবাসসহ) থাকলে পরবর্তী প্রতিটির ক্ষেত্রে উপর্যুক্ত হার অপেক্ষা ৫০% বেশি হারে অগ্রিম কর প্রদেয় হবে।

**৫৬) মোটরযান presumptive কর এস,আর,ওনং ২১৫-আইন/আয়কর/২০১৯**

বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার,ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্বধারা আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

(ক) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার,ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন এবং

তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন,

| | | |
|---|---|---|
| (ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ১৬,০০০.০০ |
| (খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ১১,৫০০.০০ |
| (গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য | টাকা ৩৭,৫০০.০০ |
| (ঘ) | দোতলা বাস প্রতিটির জন্য | টাকা ১৬,০০০.০০ |
| (ঙ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য | টাকা ১৬,০০০.০০ |
| (চ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য | টাকা ৬,৫০০.০০ |
| (ছ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য..... | টাকা ২৪,০০০.০০ |
| (জ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য | টাকা ১৬,০০০.০০ |
| (ঝ) | দেড় টনের বেশি কিন্তু পাঁচ টনের বেশি নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | টাকা ৯,৫০০.০০ |
| (ঞ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য | টাকা ৪,০০০.০০ |
| (ট) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | টাকা ১১,৫০০.০০ |
| (ঠ) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | টাকা ৪,০০০.০০ |

৫৭) কার্গো/লঞ্চ presumptive কর (এসআরও:২১৪/২০১৯)

প্রজ্ঞাপন এস,আর,ও নং-২২৪-আইন/আয়কর/২০১২ রহিতক্রমে, অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয় নিম্নবর্ণিত শর্তাধীন আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করল, যথাঃ-

(ক) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোষ্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা;

| ক্রমিক | যানবাহনের বিবরণ | প্রদেয় আয়কর |
|---|---|---|
| ১ | অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে | দিবাকালীন যাত্রী পরিবহনের ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১২৫ টাকা |
| ২ | অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনের নিয়োজিত কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস) বা কোস্টারের ক্ষেত্রে | মালামাল পরিবহনের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১৭০ টাকা |
| ৩ | অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনের নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে | মালামাল পরিবহনের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১২৫ টাকা |

(খ) দফা (ক) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফায় বর্ণিত হারে আয়কর সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পবার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে;

(গ) দফা (ক) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত কর অঞ্চলের আয়কর কোডে জমা প্রদান করিতে হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্দিষ্ট খাতে নির্ধারিত হারে আয়কর জমা প্রদান করিয়া সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট হতে অনুমিত আয়কর পরিশোধ সনদ সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত নৌযানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না;

(ঙ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পবার্জ হতে অর্জিত আয় প্রদত্ত আয়করের অনুপাতে তার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এই খাত হতে রিটার্নে প্রদর্শিত আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের অনুপাতে নিরূপিত আয়ের চেয়ে বেশী হইলে অতিরিক্ত আয়ের জন্য শিডিউলে বর্ণিত হারে

| | | |
|---|---|---|
| | | আয়কর প্রদান করিতে হইবে;<br>(চ) দফা (ক) এ বর্ণিত নৌ-যানের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণ এর একশত গুণ আয়কর উক্ত নৌ-যান রেজিষ্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে কোন করদাতার আয়, যাহা উক্ত নৌ-যান ক্রয় বা অর্জনে বিনিয়োগ করা হইয়াছে, আয়কর হতে অব্যাহতি প্রাপ্ত হইবে;<br>(ছ) উক্ত Ordinance এর section ৩৫ অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section ৭৫ এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং<br>(জ) Inland Shipping Rules, ১৯৮৬ এ বর্ণিত অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে যাত্রী সুরক্ষার জন্য প্রযোজ্য জীবন রক্ষাকারী সরঞ্জামসহ অন্যান্য সুযোগ- সুবিধা নিশ্চিত করা না হইলে এই প্রজ্ঞাপনের অধীন কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবে না।<br>(ঝ) এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (Oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হবে না। |

**১৩.৩ উৎসে কর্তিত কর সরকারী কোষাগারে জমা**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধ্যায় ৭ এবং বিধি ১৩ অনুযায়ী অনুযায়ী উৎসে কর কর্তিত/আদায়কৃতকর নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে সরকারী কোষাগারে জমা করতে হবে:

(১) অর্থ বছরের জুলাই থেকে মে মাসে উৎস কর কর্তন/আদায়ের ক্ষেত্রে: যে মাসে উৎস কর কর্তন/আদায় হবে সে মাস শেষ হওয়ার পরবর্তী দুই সপ্তাহের মধ্যে;

(২) অর্থ বছরের জুন মাসের ১ হতে ২০ তারিখ পর্যন্ত উৎস কর কর্তন/আদায়ের ক্ষেত্রে: যে তারিখে উৎস কর কর্তন/আদায় হবে সে তারিখ হতে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে;

(৩) অর্থবছরের জুন মাসের অবশিষ্ট দিনগুলোতে উৎস কর কর্তন/আদায়ের ক্ষেত্রে: যে দিন উৎস কর কর্তন/আদায় হবে তার পরের দিন।

তবে জুন মাসের শেষ দুই কার্যদিবসে উৎস কর কর্তন/আদায়ের দিন তা সরকারী কোষাগারে জমা দিতে হবে এবং অর্থ আইন ২০১৯ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর আমদানী পর্যায়ে যে পরিবর্তন আনয়ন করা হয়েছে, **তা পরিশিষ্ট ২১.৮** এ সংযুক্ত করা হয়েছে।

**১৩.৪ বিধি ১৭ এ এর সংশোধন:** আমদানি পর্যায়ে উৎস করের পরিমাণ ও হার সংক্রান্ত বিধি ১৭ এ এর প্রতিস্থাপিত তৃতীয় proviso বিধান অনুযায়ী– যে কোন আয় বছরে আমদানিকারকের আয় বা আমদানিকারকের যে আয়ের উপর ধারা ৫৩ অনুযায়ী উৎসে আয়কর কর্তন প্রযোজ্য সে আয় যদি কর-অব্যাহতি প্রাপ্ত অথবা হ্রাসকৃত হারে করযোগ্য হয় তাহলে আমদানিকারকের লিখিত আবেদনের প্রেক্ষিতে সে আয়বছরের জন্যই বোর্ড নিম্নের সারণির ১ নং কলামে বর্ণিত ক্ষেত্রের বিপরীতে ২ নং কলামে বর্ণিত মতে সনদ প্রদান করতে পারবে-

| কর অব্যাহতির অবস্থা | সনদের বিষয়বস্তু |
|---|---|
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের আয়কর অব্যাহতিপ্রাপ্ত | আমদানি পর্যায়ে উৎস আয়কর প্রযোজ্য না হওয়া |
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের নির্দিষ্ট কোন আমদানি হতে আয়কর অব্যাহতিপ্রাপ্ত | ঐ আমদানির জন্য উৎস আয়কর প্রযোজ্য না হওয়া |
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের আয় হ্রাসকৃত হারে কর যোগ্য | আমদানি পর্যায়ে উৎস আয়কর আনুপাতিক কম হারে বা পরিমাণে প্রযোজ্য হওয়া |
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয় বছরের নির্দিষ্ট কোন আমদানি হতে আয় হ্রাসকৃত হারে করযোগ্য | ঐ আমদানির জন্য আমদানি পর্যায়ে উৎস আয় কর আনুপাতিক কম হারে বা পরিমাণে প্রযোজ্য হওয়া |

**১৪। (ক) অগ্রিম কর প্রদান এবং নতুন করদাতা কর্তৃক অগ্রিম কর প্রদান**

ধারা-৬৪, ৬৫, ৬৬ এবং ৬৭ অনুসরণ করে করদাতার অগ্রিম কর প্রদান, অগ্রিম কর নির্ধারণ, অগ্রিম করের কিস্তি এবং অগ্রিম কর নিরূপণ করা হয়।

ধারা-৬৪ অনুসারে কোন আয় বছরে আয়ের জন্য ঐ নির্দিষ্ট বছরেই যদি কর প্রদান করতে হয় তাহলে ঐ প্রদত্ত করকে অগ্রীম কর বলে। কোন করদাতার সর্বশেষ আয় বৎসরের সাময়িক বা নিয়মিত কর নির্ধারণী বছরে কৃষি আয় এবং মূলধনী লাভ ব্যতীত অন্যান্য আয়ের সমষ্টি ছয় লক্ষ টাকার অধিক হলে তাকে অগ্রীম কর পূর্ববর্তী বৎসরের সমপরিমান কর ৪ কিস্তিতে প্রদান করতে হয় অথবা ধারণাগত আয়ের ১০০% পরিশোধ করতে হয়। নতুন করদাতার ক্ষেত্রে আয় বছর যদি কৃষি আয় এবং মূলধনী লাভ ব্যতীত অন্যান্য আয়ের সমষ্টি চার লক্ষ টাকার অধিক হওয়ার সম্ভাবনা থাকে তবে তাকে অগ্রিম কর প্রদান করতে হবে।

ধারা-৬৬ অনুসারে নির্ণীত অগ্রীম কর ৪টি সমান কিস্তিতে বৎসরের সেপ্টেম্বর, ডিসেম্বর, মার্চ এবং জুন মাসের ১৫ তারিখে পরিশোধ করতে হয়। ধারা-৬৮ অনুসরণ করে নতুন করদাতার মোট আয় চার লক্ষ টাকা অতিক্রম করলে তিনি প্রত্যেক অর্থ বৎসরের ১৫ জুনের পূর্বে তার মোট আয় এবং অগ্রিম কর প্রাক্কলন করে প্রদান করবেন।

**(খ) নির্দিষ্ট আয়ের ক্ষেত্রে অগ্রিম কর প্রদান সংক্রান্ত আয়কর অধ্যাদেশে ধারা ৬৮এ এর সন্নিবেশ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে ধারা ৬৮এ সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত ধারার বিধানমতে প্রত্যেক সিগারেট প্রস্তুতকারককে প্রতিমাসে তার পণ্যের নীট বিক্রয় মূল্য (net sale) এর উপর ৩% হারে অগ্রিম কর জমা দিতে হবে। ধারা ৬৮এ তে নীট বিক্রয় মূল্য বলতে (A-B) এর সমপরিমাণ অংক বুঝাবে, যেখানে-

A = মোট বিক্রয় (gross sale), এবং

B = মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে)।

প্রতিমাসে প্রদত্ত এ অগ্রিম কর ধারা ৬৬ এর অধীন প্রদেয় ত্রৈমাসিক অগ্রিম করের কিস্তির বিপরীতে সমন্বয়যোগ্য হবে।

**(গ) মোটর গাড়ির মালিকানাজনিত অনুমিত আয়ের উপর অগ্রিম কর আরোপ সংক্রান্ত আয়কর অধ্যাদেশে ধারা ৬৮বি সন্নিবেশ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে একটি ধারা ৬৮বি অনুযায়ী প্রাইভেট মোটর গাড়ি (motor car) এর মালিকানাজনিত অনুমিত আয় (যা দ্বারা উক্ত মোটরগাড়ি পরিচালনা ও রক্ষণাবেক্ষণজনিত ব্যয় নির্বাহ হয়) এর উপর অগ্রিম কর আরোপের বিধান সন্নিবেশ করা হয়েছে। এ বিধান প্রবর্তনের ফলশ্রুতিতে মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানাজনিত অনুমিত আয় সংক্রান্ত এস, আর, ও নং ৯৯-আইন/২০১৫, তারিখ ১৭মে, ২০১৫ খ্রিস্টাব্দ রহিত করা হয়েছে। ধারা ৬৮বি এর উপধারা (১) এর বিধানমতে, কোন আয় বছরে কোন ব্যক্তি মোটর গাড়ি (জীপ বা মাইক্রোবাসসহ) এর মালিক হলে ঐ ব্যক্তির ক্ষেত্রে উক্ত আয় বছরে অনুমিত আয় ধরে উপধারা (২) এ বর্ণিত হারে অগ্রিম কর আদায়যোগ্য হবে।

উপধারা (২) অনুযায়ী অগ্রিম করের হার হবে নিম্নরূপ:

| ক্রমিক নং | গাড়ীর ধরণ ও ইঞ্জিন ক্যাপাসিটি | অগ্রিম কর (টাকা) |
|---|---|---|
| (১) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ২৫,০০০/- |
| (২) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ৫০,০০০/- |
| (৩) | ২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ৭৫,০০০/- |
| (৪) | ৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ১,২৫,০০০/- |
| (৫) | ৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ১,৫০,০০০/- |
| (৬) | ৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ২,০০,০০০/- |
| (৭) | মাইক্রোবাস প্রতিটির জন্য | ৩০,০০০/- |

তবে, কোন ব্যক্তির একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার (জীপ বা মাইক্রোবাসসহ) থাকলে পরবর্তী প্রতিটির ক্ষেত্রে উপর্যুক্ত হার অপেক্ষা ৫০% বেশি হারে অগ্রিম কর প্রদেয় হবে।

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশনের সময় অথবা ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত অগ্রিম কর প্রদান করতে হবে। রেজিস্ট্রেশন বা ফিটনেস সনদ প্রদানকারী কর্তৃপক্ষ সনদ প্রদানের পূর্বে নিশ্চিত হবেন যে সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রেও উক্ত ধারায় বর্ণিত হারে অগ্রিম কর পরিশোধ করা হয়েছে।

যেক্ষেত্রে প্রতি বছর ফিটনেস নবায়ন হয় না সে ক্ষেত্রে করদাতার প্রত্যেক আয় বছর শেষ হওয়ার পূর্বে উক্ত অগ্রিম কর প্রদান করতে হবে এবং কর পরিশোধের প্রমাণ পরবর্তী ফিটনেস নবায়নের সময় তা ফিটনেস সনদ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের নিম্ন বর্ণিত মালিকের ক্ষেত্রে উক্ত ধারায় উল্লিখিত অগ্রিম কর প্রযোজ্য হবে না-

(১) সরকার বা স্থানীয় সরকার;
(২) সরকারের বা স্থানীয় সরকারের কোন প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম;
(৩) কোন বিদেশী কূটনীতিক, বাংলাদেশে অবস্থিত কোন বিদেশী কূটনৈতিক মিশন, জাতিসংঘ ও এর অংগ সংগঠনের দপ্তর;
(৪) বাংলাদেশের কোন বিদেশি উন্নয়ন সহযোগী ও তার সংযুক্ত দপ্তর;
(৫) সরকারের Monthly Payment Order (MPO) এর অধীনে সুবিধাপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান;
(৬) কোন পাবলিক বিশ্ববিদ্যালয়;
(৭) এমন কোন সত্তা (entity) যা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ এর দফা (৪৬) অনুযায়ী ব্যক্তি

(person) এর সংজ্ঞাভুক্ত নয়;

(৮) কোন গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা;

(৯) এমন কোন প্রতিষ্ঠান (institution) যার নিকট হতে এ ধারায় অগ্রিম কর আদায় হবে না মর্মে বোর্ড কর্তৃক সনদ প্রদান করা হয়েছে।

উপধারা (২) এর অধীনে অগ্রিম কর প্রযোজ্য- এমন ব্যক্তির কোন আয় বছরে নিয়মিত উৎসের আয়ের উপর প্রযোজ্য করদায় যদি উপধারা (২) এর অধীনে প্রদত্ত অগ্রিম কর অপেক্ষা কম হয় তাহলে ধরে নেয়া হবে যে ঐ ব্যক্তির উক্ত আয় বছরে এরূপ আয় ছিল যার উপর গণনাকৃত করদায় উপধারা (২) এর অধীনে আদায়কৃত করের সমান।

উপধারা (২) এর অধীনে পরিশোধকৃত কর নিয়মিত উৎসের আয়ের উপর প্রযোজ্য করের বিপরীতে ক্রেডিট পাওয়া যাবে। তবে উক্ত করের কোন অংশ ফেরৎযোগ্য হবে না বা এরূপ কর পূর্ববর্তী কোন কর বছরের করদাবীর বিপরীতে সমন্বয় করা যাবে না।

ধারা ৬৮বি তে-

(১) মোটরগাড়ি (motor car) বলতে বুঝাবে Motor Vehicles Ordinance 1983 (LV of 1983) এর ধারা ২ এর দফা (২৫) অনুযায়ী সংজ্ঞায়িত মোটর গাড়ি, যার মধ্যে জীপ এবং মাইক্রোবাসও অন্তর্ভুক্ত হবে।

(২) নিয়মিত উৎসের আয় (income from regular source) বলতে ধারা ৮২সি এর উপধারা (২) এ উল্লিখিত উৎস ব্যতীত অন্য কোন উৎসের আয়কে বুঝাবে।

## ১৫। কর নির্ধারণ

### ১৫.১ সাময়িক কর নির্ধারণ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৮১ এর আওতায় সাময়িক কর নির্ধারণের বিধান প্রণয়ন করা হয়েছে। যে বৎসর কর নির্ধারণ সম্পন্ন হবে সে বৎসরের ১লা জুলাই তারিখের পর যে কোন সময় সংক্ষিপ্ত পদ্ধতিতে করদাতার পরিশোধযোগ্য কর সাময়িক ভাবে নির্ধারিত হতে পারে। ধারা-৮১ মোতাবেক নিয়মিত করা নির্ধারণের পূর্বে আয়ের বিবরণী ও দলিল পত্রের ভিত্তিতে ডিসিটি শর্ত সাপেক্ষে কর নির্ধারণ করে থাকেন। করদাতা যে বিবরণী পেশ করেন তার উপর ভিত্তি করে সাময়িক কর নির্ধারণ করা হয়। শর্ত সাপেক্ষে বা সাময়িক কর নির্ধারণে প্রদত্ত কর নিয়মিত নির্ধারণ ভিত্তিক প্রদেয় কর অপেক্ষা বেশি বা কম হলে কর দাতা ঐ পরিমান অতিরিক্ত কর ফেরত পাবেন বা পুনরায় প্রদান করবেন।

### ১৫.২ করদাতার সঠিক রিটার্ন ভিত্তিতে কর নির্ধারণ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৮২ এর আওতায় করদাতা কর্তৃক দাখিলকৃত সঠিক রিটার্নের ভিত্তিতে কর নির্ধারণের বিধান প্রণয়ন করা হয়েছে। কোন ব্যক্তি কর্তৃক রিটার্ন দাখিল করা হলে ঐ ব্যক্তির উপস্থিতি এবং প্রমাণাদি ছাড়া কর কর্মকর্তা রিটার্নটি সঠিক এবং সম্পন্ন বলে মনে করে এবং করদাতার মোট আয় নির্ধারণ করা হয়। এরূপ নির্ধারণের ভিত্তিতে তার প্রদেয় কর নির্ণয় করে পরবর্তী ৩০ দিনের মধ্যে করদাতার নিকট পাঠানো হয়।

### ১৫.৩ সার্বজনীন কর নির্ধারণ বা ইউনিভারসেল সেল্‌ফ এসেসমেন্ট

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৮২বিবি এর আওতায় সার্বজনীন কর নির্ধারণ বা ইউনিভার্সেল সেল্‌ফ এসেসমেন্ট এর বিধান প্রণয়ন করা হয়েছে। এই বিধান অনুযায়ী যখন কোনো করদাতা সঠিক ও সম্পূর্ণ আয়ের রিটার্ন দাখিল করেন তখন উপ কর কমিশনার তার এরূপ আয়ের রিটার্ন গ্রহণ করবেন। উক্ত গ্রহণ কর নির্ধারণী বছরের জন্য এসেসমেন্ট আদেশ হিসাবে গণ্য হবে। সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে করদাতা তার নিজের আয় নিজে নিরূপণ করে প্রযোজ্য আয়কর পরিশোধ করেন। ২০১৮-১৯ কর বছরে কোন ১২-ডিজিট টি.আই.এন. ধারী ব্যক্তি-করদাতা রিটার্নে প্রদর্শিত মোট আয়ের উপর প্রযোজ্য সমুদয় আয়কর ও সারচার্জ পরিশোধ পূর্বক ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে বা উপ কর কমিশনার কর্তৃক মঞ্জুরকৃত বর্ধিত সময়ের মধ্যে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করতে পারেন। করদাতা ১২-ডিজিট টিআইএন না থাকলে করদাতা সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করতে পারবেন না। তাছাড়া, মোট আয়ের প্রযোজ্য সমুদয় আয়কর ও সারচার্জ পরিশোধ করা না হলে বা ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে বা উপ কর কমিশনার কর্তৃক মঞ্জুরকৃত বর্ধিত সময়ের মধ্যে দাখিলকৃত না হলে করদাতার রিটার্ন সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির আওতায় পড়বে না। বর্ণিত সকল শর্ত পূরণ করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির আওতায় রিটার্ন দাখিল করা হলে আয়কর বিভাগ থেকে করদাতাকে যে প্রাপ্তি-স্বীকারপত্র প্রদান করা হয় তা-ই কর নির্ধারণী আদেশ (assessment order) বলে গণ্য হয়।

পরবর্তীতে উপ কর কমিশনার কয়েকটি নির্দিষ্ট ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি চিহ্নিতকরণ ও এর কারণে কম কর পরিশোধ করা হলে তা আদায়ের লক্ষ্যে রিটার্নটি process করেন। এছাড়া জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত criterion এর ভিত্তিতে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত কোন রিটার্ন অডিটের জন্য নির্বাচন করে উপ কর কমিশনারকে নির্বাচিত রিটার্ন অডিট এবং প্রযোজ্য ক্ষেত্রে কর নির্ধারণের জন্য বলতে পারে।

সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে ২০১৮-১৯ কর বছরে দাখিলকৃত কোন রিটার্নে পূর্ববর্তী কর বছরের নিরূপিত

আয় অপেক্ষা ন্যূনতম ১৫% বেশি আয় প্রদর্শন করা হলে এবং নিম্নোক্ত শর্তসমূহ পূরণ হলে সে রিটার্ন অডিট কার্যক্রমের আওতা বহির্ভূত থাকবে:

ক. রিটার্নের ভিত্তিতে ফেরতযোগ্য কর সৃষ্টি না হলে;
খ. কোনরূপ দান গ্রহণ প্রদর্শন না করলে;
গ. রিটার্নে করমুক্ত আয় প্রদর্শন করলে করমুক্ত আয়ের সমর্থনে যাচাইযোগ্য দালিলিক প্রমাণাদি রিটার্নের সাথে দাখিল করলে;
ঘ. আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৪৪ ধারা অনুযায়ী জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে হ্রাসকৃত হারে আয়কর প্রযোজ্য হয় এরূপ কোন আয় প্রদর্শন না করলে;
ঙ. ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা অন্য যে কোন উৎস থেকে ৫ লক্ষ টাকার অধিক ঋণ গ্রহণ প্রদর্শন করা হলে দাখিলকৃত রিটার্নের সাথে গৃহীত ঋণ সংক্রান্ত সংশ্লিষ্ট ব্যাংক বিবরণী বা হিসাব বিবরণী দাখিল করা হলে।

অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে এই পদ্ধতির রিটার্নের জন্য ১২ সংখ্যার ই-টিন আবশ্যিক করা হয়েছে।
অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে এ পদ্ধতিতে দাখিলকৃত রিটার্নের গাণিত ত্রুটি বা অশুদ্ধ দাবি যাচাইয়ের ক্ষমতা উপ কর কমিশনার কে দেয়া হয়েছে।
অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮২(বিবি) প্রতিস্থাপন করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির নতুন বিধান সন্নিবেশ করা হয়েছে। সংশোধিত বিধানের উপধারা (১)তে অনুযায়ী,যদি কোন করদাতা কর্তৃক- (ক) ১২-ডিজিটি টিআইএন উল্লেখ; (খ) ধারা ৭৫-এর নির্ধারিত শর্ত পূরণ করে এ ধারায় বিধৃত সময়ের মধ্যে (৭৫ ধারার আওতায় মঞ্জুরকৃত বর্ধিত সময়সহ); এবং (গ) ধারা ৭৪ এর বিধান অনুযায়ী সমুদয় কর পরিশোধ করে; তবে- এ তিনটি শর্ত পূরণপূর্বক আয়কর রিটার্ন দাখিল করা হয় তাহলে উপকর কমিশনার বা তার নিকট হতে এ বিষয়ে ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কর্মকর্তা করদাতাকে একটি প্রাপ্তি স্বীকারপত্র ইস্যু করবেন, যা উপ কর কমিশনারের কর নির্ধারণী আদেশ বলে গণ্য হবে। এ ধারায় "রিটার্ন" বলতে ধারা ৮০ মতে দাখিলযোগ্য সম্পদ ও দায়ের বিবরণী এবং জীবন যাত্রা সম্পর্কিত বিবরণীকেও বুঝাবে। উল্লিখিত রিটার্ন পাওয়ার পর উপ কর কমিশনার রিটার্নটি উপধারা (২) অনুযায়ী নিম্নবর্ণিত পদ্ধতিতে প্রসেস (process) করবেন-

(১) উপ কর কমিশনার করদাতার রিটার্ন, রিটার্নের সাথে দাখিলকৃত বিবরণী বা দলিলাদিতে প্রদত্ত তথ্যের ভিত্তিতে করদাতার আয় পরিগণনা করবেন। যদি রিটার্নে কোন গাণিতিক ত্রুটি অথবা রিটার্ন বা রিটার্নের সাথে দাখিলকৃত বিবরণী বা দলিলাদিতে প্রদত্ত তথ্যের আলোকে দৃশ্যমান কোন অশুদ্ধ দাবী (incorrect claim) থাকে, তবে উপ কর কমিশনার তা সমন্বয় করে আয় পরিগণনা করবেন। যে সকল ক্ষেত্রে রিটার্নে গাণিতিক ত্রুটি বা অশুদ্ধ দাবী রয়েছে বলে গণ্য হবে, যেমন; কোন খাতের আয় পরিগণনার সময় যোগে ভুল হওয়া; একাধিক উৎসের আয়ের ক্ষেত্রে আয়ের যোগ ফল সঠিক না হওয়া; বিনিয়োগ রেয়াত পরিগণনায় ভুল হওয়া; অনুমোদিত খাতে বিনিয়োগ ব্যতিরেকে রেয়াত দাবী; করদায় পরিগণনায় ভুল হওয়া; সারচার্জ পরিগণনায় ভুল হওয়া; সম্পদ বিবরণীর গ্রস সম্পদ/নীট সম্পদ বা দায়ের যোগফল সঠিক না হওয়া; জীবনযাত্রা ব্যয় বিবরণীর যোগফল সঠিক না হওয়া; আয় বছরে পরিশোধিত করের প্রতিফলন সম্পদ ও দায় বিবরণী/জীবনযাত্রা ব্যয় বিবরণীতে না থাকা; কর রেয়াতের তফসিলে বিনিয়োগ প্রদর্শন করা সত্বেও সম্পদ ও দায় বিবরণীতে বিনিয়োগের প্রতিফলন না থাকা; কোন সুদের উপর উৎস কর পরিশোধ করা হয়েছে বলে দাবী করা হলেও রিটার্নে সে সুদ আয় প্রদর্শন না করা; বেতন আয়ের ক্ষেত্রে পারকুইজিট পরিগণনায় ভুল হওয়া; সম্পদের পরিবৃদ্ধি ও ব্যয় উৎস দ্বারা সমর্থিত না হওয়া; নূন্যতম কর পরিগণনা না করা বা পরিগণনায় ভুল করা ইত্যাদি।

(২) অর্থ আইন, ২০১৯ এর মাধ্যমে ভুল সংশোধনী রিটার্নের গ্রহণপত্র প্রদানের সময়সীমা বৃদ্ধি করে ৬০ দিনের পরিবর্তে ৯০ দিন এবং রিটার্ন প্রসেসিং এর দাবীনামা জারীর সময়সীমা বৃদ্ধি করে ৬ মাসের পরিবর্তে ৯ মাস করা হয়েছে। কোনো কর বছরের রিটার্নে অব্যবহিত পূর্ববর্তী কর বছরে কর নিরূপিত মোট আয় অপেক্ষা ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শন করা হলে কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে রিটার্নটি অডিটের জন্য নির্বাচন করা হবে না মর্মে বিধান রয়েছে। ধারা ৮২বিবি এর উপধারা (৭) এর প্রোভাইসোতে নতুন ক্লজ সি সংযোজন করে বিধান করা হয়েছে, কোনো করদাতা ধারা ৭৫এ, ১০৮এ এবং ১০৮এ এর বিধান পরিপালন না করলে ১৫ শতাংশ বেশি আয় প্রদর্শনের শর্ত পূরণ সত্ত্বেও ঐ করদাতার সংশ্লিষ্ট কর বছরের রিটার্ন অডিটের জন্য নির্বাচন করা যাবে।

### ১৫.৪ উৎসে কর্তিত করকে চূড়ান্ত কর দায় গণ্য করে কর নির্ধারণ

আয়কর অধ্যাদেশ এর ধারা-৮২সি ধারা অনুযায়ী কিছু কিছু কর মামলা নিষ্পন্ন হবে যদিও ধারা-৮২সি এর উপ-ধারা-(২) অনুযায়ী অগ্রীম আয়কর আদায় বলে বিবেচিত হবে।
আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২(২), ৫২এ(২), ৫২ এএ (২), ৫৩ ই এবং ৫৬(৩) এর পরিশোধ এর ধারাগুলোর মাধ্যমে (includes a transfer, a credit or an adjustment of credit) কে পরিশোধ

হিসেবে পরিশোধের আদেশ বা নির্দেশনা (an order or instruction of making payment) হিসেবে গণ্য হবে। অর্থাৎ পরিশোধ হিসেবে স্থানান্তর, ক্রেডিট বা পরিশোধের সমন্বয় বা পরিশোধের আদেশ বা নির্দেশনা অর্ন্তভুক্ত হবে। ন্যূনতম কর (minimum tax) আয়ের উৎস (source of income) এবং করদাতা - ভিত্তিতে আরোপিত হবে। কোন কোন আয়ের ক্ষেত্রে ন্যূনতম কর প্রযোজ্য হবে তা উপধারা (২) তে বলা হয়েছে। উপধারা (২) এর বিধান অনুযায়ী-

(ক) ধারা ৫২, ৫২এ, ৫২এএএ, ৫২(২), ৫২ এএএ (২) ৫২বি, ৫২সি, ৫২ডি, ৫২জেজে, ৫২এন, ৫২ও, ৫২আর, ৫৩, ৫৩এএ, ৫৩বি, ৫৩বিবি, ৫৩বিবিবি, ৫৩বিবিবিবি, ৫৩সি, ৫৩সিসিসি, ৫৩ডিডিডি, ৫৩ইই, ৫৩এফ, ৫৩এফএফ, ৫৩জি, ৫৩জিজি, ৫৩এইচ, ৫৩এম, ৫৩এন ও ৫৫ এর আওতায় উৎসে কর্তিত বা আদায়কৃত কর শ্রেণী নির্বিশেষে সকল করদাতার ক্ষেত্রে কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট উৎস বা উৎসসমূহের জন্য করদাতার ন্যূনতম করদায়বলে বিবেচিত হবে।

(খ) অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা (৫২এএ) সংশোধন করে এর উপধারায় টেবিল এ এর ১৩ তে অংশভাগী অর্থনৈতিক প্লাটফর্ম কে উৎসে করের আওতায় নিয়ে আনা হয়েছে। অর্থনৈতিক প্লাটফর্মের মধ্যে অন্তর্ভুক্ত (ride sharing service, coworking space, providing service এবং accomodation providing service)।তাছাড়া Wheeling charge for electricity transmission-এর উপর বিদ্যমান হারের পরিবর্তে উৎসে কর ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার সমান বা কম হলে ২% ও ২৫ লক্ষ টাকার উপর হলে ৩% করা হয়েছে।

তবে নিম্নোক্ত ক্ষেত্রে উৎসে কর্তিত/ আদায়কৃত কর ধারা ৮২সি এর আওতাভুক্ত হবে না-

(১) ধারা ৫২ এর অধীনে নিম্নবর্ণিত ব্যক্তি (person) এর নিকট থেকে বর্ণিত উৎসের জন্য কর্তিত/আদায়কৃত কর-

(অ) কোন তেল কোম্পানীর ঠিকাদার বা ঠিকাদারের উপ-ঠিকাদার, যার ক্ষেত্রে এতদসংশ্লিষ্ট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কর কর্তন বা আদায় হয়;

(আ) কোন তেল বিপণনকারী কোম্পানী এবং পেট্রোল পাম্প ব্যতীত তার কোন ডিলার বা এজেন্ট;

(ই) কোন অয়েল রিফাইনারী কোম্পানী;

(ঈ) গ্যাস ট্রান্সমিশন বা বিতরণে নিয়োজিত কোন কোম্পানী।

(২) আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৮২সি এর উপধারা (২) এর ক্লজ (বি)সংশোধন করে ৫২এএ-এর উপধারায় উল্লিখিত পেশাগত সেবা ফি, কারিগরি সেবা ফি, অথবা কারিগরি সহায়তা ফি, বিদ্যুৎ পরিবহনের হুইলিং চার্জ এবং ৮২সি এর উপধারা (২) এর প্রোভাইসো এর প্যারাগ্রাফ(২) সংশোধনের ফলে ferro alloy পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল এর উপর ধারা ৫৩ এবং বিধি ১৭এ এর অধীন আমদানি পর্যায়ে কর্তিত উৎসে কর ৮২সি ধারায় নূন্যতম কর হিসাবে বিবেচিত হবে।

(খ) উপধারা (২) অনুযায়ী ন্যূনতম করের বিধান প্রযোজ্য এরূপ সকল উৎসের হিসাবের বইপত্র সংরক্ষণ করার ক্ষেত্রে ধারা ৩৫-তে বর্ণিত মতে নিয়মিত পদ্ধতি (regular manner) অনুসরণ করতে হবে।

এ বিধানের সার-সংক্ষেপ নিচে দেয়া হলো ঃ

(ক) **উপ-ধারা (১) ঃ** নির্দিষ্ট খাতের বিপরীতে অধ্যাদেশের সপ্তম অধ্যায় অনুযায়ী উৎসে কর্তিত বা সংগৃহীত করকে শর্ত সাপেক্ষে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা হয়েছে। তবে একই ধারার উপ-ধারা (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৮) এবং (৯) অনুসরণের শর্তে যে খাত থেকে কর কর্তন করা হয়েছে সেই খাতের চূড়ান্ত করদায় বিবেচনার বিষয়টি উল্লেখ করা হয়েছে।

(খ) **চূড়ান্ত করদায়ের খাত [উপ-ধারা (২)] ঃ** কোন কোন খাতের উৎসে কর কর্তনকে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা হবে তা সুনির্দিষ্ট করা হয়েছে।

(গ) **রিফান্ডের সাথে সমন্বয়যোগ্য নয় [উপ-ধারা (৩)] ঃ** কর্তিত বা সংগৃহীত আয়কর পূর্ববর্তী বছর বা বছর সমূহের সৃষ্ট রিফান্ডের (যদি থাকে) সাথে সমন্বয়যোগ্য হবে না।

(ঘ) **কর্তিত করের ভিত্তিতে আয় [উপ-ধারা (৪)] ঃ** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৮২সি এর উপধারা (৪) এর ক্লজ (এ) প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধান অনুযায়ী কোম্পানি ও ফার্মের জন্য নূন্যতম করের পাশাপাশি ব্যক্তি করদাতার জন্য নূন্যতম করের বিধান করা হয়েছে। নতুন বিধানে কোম্পানি ও ফার্মের জন্য নূন্যতম কর হার অপরিবর্তিত রাখা হয়েছে। ফলে ৫০ লক্ষ টাকার অধিক কোন ফার্ম ( সিগারেট, বিড়ি,চিবিয়ে খাওয়া তামাক, ধোঁয়াহীন তামাক বা অন্যকোন তামাকজাত দ্রব্যাদি উৎপাদনকী

মোট প্রাপ্তির ১% নূন্যতম কর প্রদান করবেন। পাশাপাশি মোবাইল অপারেটর মোট প্রাপ্তির ২% এবং অন্যান্য ক্ষেত্রে মোট প্রাপ্তির ০.৬% নূন্যতম কর প্রদান করবেন।

(ঙ) **লোকসানের সাথে সমন্বয়যোগ্য নয় [উপ-ধারা (৫)]** ঃ চূড়ান্ত করদায় হিসেবে বিবেচ্য আয়ের সাথে সংশ্লিষ্ট করবর্ষে অন্যান্য খাতের নিরূপিত লোকসানের সাথেও (যদি থাকে) সমন্বয় হবে না মর্মে বলা হয়েছে। এছাড়া, এ বছরের আয়ের সাথে পূর্ববর্তী অন্য কোন বছরের একই উৎসের লোকসান (যদি থাকে) এর সাথেও সমন্বয় হবে না।

(চ) **অতিরিক্ত আয়ের উপর কর [উপ-ধারা (৬)]** ঃ উৎসে কর্তিত বা সংগৃহীত করের বিপরীতে নিরূপিত আয়ের চেয়ে বেশি আয় আয়কর রিটার্নে প্রদর্শিত হলে বা নিরূপিত হলে অতিরিক্ত আয়ের উপর প্রযোজ্য হারে কর প্রদেয় হবে।

(ছ) ধারা ৩০ **এর দায়িত্ব পরিপালন [উপ-ধারা (৭)]** ঃ উৎসে কর্তিত বা সংগৃহীত করের বিপরীতে আয় চূড়ান্ত করদায় বিবেচিত হলেও অধ্যাদেশের ৩০ ধারায় অগ্রাহ্যকৃত খরচ করদাতার আয় হিসেবে বিবেচ্য এবং এটির উপর প্রযোজ্য হারে কর আরোপিত হয়। চূড়ান্ত করদায় সংশ্লিষ্ট আয়ের ক্ষেত্রেও করদাতাকে ধারা ৩০এ বর্ণিত দায়িত্ব পরিপালন না করলে সংশ্লিষ্ট খরচ বা ব্যয় করদাতার চূড়ান্ত করদায় সংশ্লিষ্ট আয়ের সাথে যোগ হবে এবং কর আরোপিত হবে।

(জ) অতিরিক্ত আয়ের উপর করের হার **[উপ-ধারা (৮)]** ঃ চূড়ান্ত করদায় সংশ্লিষ্ট খাতের আয়ের অতিরিক্ত আয় এবং ধারা ৩০ ধারায় অগ্রহণযোগ্য ব্যয়/খরচ করদাতার মোট আয়ের সাথে যোগ হয়ে সাধারণ হারে করারোপের বিষয়টি বলা হয়েছে। এ অতিরিক্ত আয় ও ৩০ ধারায় মোট আয়ের সাথে যুক্ত হওয়া আয় চূড়ান্ত করদায় হিসেবে নিরূপিত আয়ের অতিরিক্ত আয় হিসেবে বিবেচনা করতে হবে এবং চুড়ান্ত করদায়ের ক্ষেত্রে আয়ের সীমা অতিক্রমের পরবর্তী আয়ের সীমার ক্ষেত্রে প্রযোজ্য হারে কর আরোপিত হবে।

(ঝ) অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩০ এর ক্লজ (কে) পরিবর্তন করে বিদ্যমান সীমা ১.২৫% এর পরিবর্তে বিদেশে ভ্রমণ খরচের সীমা কোম্পানি কর্তৃক ঘোষিত টার্নওভার এর ০.৫% র্নিধারণ করা হয়েছে।

(ঞ) **সারচার্জ [উপ-ধারা (৯)]:** চূড়ান্ত করদায় সংক্রান্ত করের পাশাপাশি ২ কোটি ২৫ লক্ষ টাকার অধিক নীট পরীক্ষণের উপর প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ আরোপিত হবে। ফলে ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে এ ধারায় আয় থাকলেও অন্য কোন কর প্রদেয় না হলেও প্রযোজ্য ক্ষেত্রে আয়ের উপর প্রদেয় করের উপর প্রযোজ্য হারে সারচার্জ আরোপিত হবে।

### ১৫.৫ স্পট এ্যাসেসমেন্ট [ধারা ৮২ডি/বিধি ৩৮বি]ঃ

এই পদ্ধতি তুলনামূলকভাবে কম আয় সম্পন্ন ব্যক্তিদের জন্য চালু করা হয়েছে। এই পদ্ধতিতে আয়কর কর্তৃপক্ষ কোন বাজার বা গঞ্জে তুলনামূলকভাবে কম আয় সম্পন্ন করদাতাদের আয় নিরূপন করে থাকেন। করদাতাদের কর্মস্থলেই এই রিটার্ন দাখিল ও কর নির্ধারণ সম্পন্ন করা হয়।

১৫ লক্ষ টাকা পর্যন্ত মূলধনের ব্যবসায়ী ও ১০ বৎসর পর্যন্ত অভিজ্ঞতাসম্পন্ন পেশাজীবী এই পদ্ধতিতে আয় নির্ধারণ সম্পন্ন করতে পারেন।

এস, আর, ও নং ২৫৯-আইন/আয়কর/২০১৬, তারিখঃ ১০ আগস্ট, ২০১৬ এর মাধ্যমে বিদ্যমান বিধি ৩৮বি এর সংশোধন পূর্বক স্পট এসেসমেন্টের ক্ষেত্রে আয়করের হার নিম্নরূপে পুনর্বিন্যাস করা হয়েছে। এই পদ্ধতিতে নিম্নরূপ হারে কর আরোপিত হয়। যেমনঃ

| | | |
|---|---|---|
| (ক) | ব্যবসায়ী- | |
| | ৬ লক্ষ টাকা পর্যন্ত মূলধন। তবে সিটি কর্পোরেশন বা পৌরসভার বাইরে | ৩,০০০/- টাকা |
| | ৭ লক্ষ টাকা পর্যন্ত মূলধন। তবে সিটি কর্পোরেশন বা পৌরসভার বাইরে | ৩,৫০০/- টাকা |
| | ৮ লক্ষ টাকা পর্যন্ত মূলধন। | ৪,০০০/- টাকা |
| | ১০ লক্ষ টাকা পর্যন্ত মূলধন। | ৫,০০০/- টাকা |
| | ১৫ লক্ষ টাকা পর্যন্ত মূলধন। | ১০,০০০/- টাকা |
| (খ) | পেশাজীবী (আইনজীবী বা ডাক্তার)- | |
| | ৩ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। তবে সিটি কর্পোরেশন বা পৌরসভার বাইরে | ৩,০০০/- টাকা |
| | ৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। তবে সিটি কর্পোরেশন বা পৌরসভার বাইরে | ৩,৫০০/- টাকা |
| | ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। | ৪,০০০/- টাকা |
| | ১০ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। | ৫,০০০/- টাকা |

**১৫.৬ সাধারণ আয় নির্ধারণ পদ্ধতি [ধারা ৮৩(২)]ঃ**

এই পদ্ধতিতে আয় নিরূপনের জন্য করদাতা আয়কর রিটার্নে option দিয়ে থাকেন। রিটার্ন প্রাপ্তির পর উপ কর কমিশনার শুনানী ও নোটিশে বর্ণিত তথ্য প্রমানাদি দাখিলের জন্য নোটিশ দিয়ে থাকেন। করদাতার ব্যাখ্যা ও দাখিলকৃত তথ্যাদি যাচাই করে উপ কর কমিশনার আয় নিরূপন করে থাকেন।

**১৫.৭ চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টের রিপোর্ট ভিত্তিক কর নির্ধারণ**

ধারা ৮৩এএএ এর আওতায় চার্টার্ড এ্যাকাউন্টন্টের রিপোর্টের ভিত্তিতে কর নির্ধারণ করা হয়। করদাতা কোম্পানির রিটার্ন দাখিল করার পর যদি বোর্ড উক্ত রিটার্ন সম্পূর্ণ বা আংশিক নয় বলে মনে করে তখন করদাতার হিসাব একজন নিবন্ধিত চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টের দ্বারা পরীক্ষা করে এবং তার রিপোর্টের ভিত্তিতে আয়কর কর্তৃপক্ষ কর নির্ধারণ করবে।

**১৫.৮ সর্বোত্তম বিচার মাধ্যমে কর নির্ধারণ**

করদাতা বা তার প্রতিনিধি শুনানীর নোটিশে সাড়া না দিলে ধারা ৮৪এর আওতায় উপ কর কমিশনার লিখিত আদেশের মাধ্যমে সর্বোত্তম বিচারের ভিত্তিতে করদাতার মোট আয় নির্ধারণ করতে পারেন।

**১৬। আয়কর আইনে দণ্ড আরোপ**

**(ক)** অর্থ আইন, ২০১৯ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২০ প্রতিস্থাপন করে রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ (erroneous in so far as it is prejudicial to the interests of the revenue) আদেশ সংশোধন সংশ্লিষ্ট বিধানে পরিবর্তন আনা হয়েছে। পরিবর্তিত বিধানের উপধারা (১) অনুযায়ী, উপ কর কমিশনারের কোন আদেশ যদি পরিদর্শী কর্মকর্তা (যুগ্ম বা অতিরিক্ত কর কমিশনার) এর নিকট রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ বলে প্রতীয়মান হয় তাহলে তিনি আয়কর অধ্যাদেশের আওতায় গৃহীত কার্যক্রমের রেকর্ড তলব ও পরীক্ষা করতে পারবেন এবং বর্ণিত ত্রুটি সংশোধনের লক্ষ্যে করদাতাকে শুনানীর সুযোগ প্রদান এবং উপযুক্ত অনুসন্ধান সম্পন্ন করে নিরূপিত আয়ের পরিমাণ বাড়ানো, কর নির্ধারণ সংশোধন বা বাতিল, পুনরায় নতুনভাবে কর নির্ধারণের আদেশ প্রদান সহ তার নিকট যৌক্তিক বলে বিবেচিত যে কোন আদেশ প্রদান করতে পারবেন।

ধারা ১০ এর আওতায় উপকর কমিশনারের দায়িত্ব পালনের সূত্রে যুগ্ম বা অতিরিক্ত কর কমিশনার কর্তৃক প্রদত্ত কোন আদেশ রাজস্ব হানি কর বিবেচনায় ত্রুটিপূর্ণ কি-না তা কর কমিশনার বিবেচনা করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে উপধারা (১) তে বর্ণিত মতে তিনি কার্যক্রম গ্রহণ করবেন।

যে সকল ক্ষেত্রে কোন আদেশ পরিদর্শী কর্মকর্তা (যুগ্ম বা অতিরিক্ত কর কমিশনার) বা কর কমিশনারের নিকট রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ বলে প্রতীয়মান হবে তা হলো-

- আদেশে আয়ের খাত ভুল (misclassify) হলে; বা
- আদেশ প্রদানের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের কোন বিধান ভুলভাবে অনুধাবিত (misinterpreted) হলে;
- বা কোন বিষয়ে সত্যতা যাচাই (verification) এরপর আদেশ প্রদানের আবশ্যকতা ছিল এরূপ ক্ষেত্রে সত্যতা যাচাই ব্যতিরেকে আদেশ প্রদান করা হলে; বা
- করদাতার দাবীকৃত ছাড় (relief) এর বিষয়ে কোনরূপ অনুসন্ধান না করেই আদেশে ছাড় মেনে নেয়া বা প্রদান করা হলে; বা
- কোন বিষয়ে বোর্ডের কোন নির্দেশনা থাকলে তা অনুসরণ না করে আদেশ জারী করা হলে; বা
- রেকর্ড দৃষ্টে আদেশটি ত্রুটি পূর্ণ বলে দেখা গেলে।

ধারা ৯৩ অনুযায়ী কার্যক্রম গৃহীত হয়েছে বা কার্যক্রম গ্রহণের সুযোগ রয়েছে এরূপ কর মামলায় প্রযোজ্য ক্ষেত্রে ধারা ১২০ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা যাবে।অর্থাৎ কোন কর মামলার ক্ষেত্রে ধারা ৯৩ এবং ধারা ১২০ এরকার্যক্রম mutually exclusive বলে বিবেচিত হবে না।কোন কর মামলার ক্ষেত্রে উভয় ধারার আওতায় ব্যবস্থা গ্রহণের সুযোগ থাকলে যথাযথ বিবেচনায় সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষ এ দুটি ধারার মধ্যে যেটিকে সবচেয়ে উপযুক্ত বলে বিবেচনা করবে সে ধারার আওতায় কার্যক্রম গ্রহণ করা যাবে।

**(খ) নির্ধারিত পদ্ধতিতে হিসাব রক্ষণাবেক্ষণ না করার দন্ড (ধারা-১২৩)**

গৃহ সম্পত্তি আয় ব্যতীত অন্য উৎসের আয় এর ক্ষেত্রে ধারা ৩৫ অনুসারে নির্ধারিত হিসাব রাখতে ব্যর্থ হলে তাকে প্রদেয় করের অনধিক দেড়গুণ এবং করমুক্ত সীমার নীচে আয় থাকলে একশত টাকা জরিমানা করা যাবে।

গৃহসম্পত্তির আয় উপার্জনকারী ব্যক্তি ধারা ৩৫(২) অনুযায়ী হিসাব সংরক্ষণ যুক্তিসঙ্গত কারণ ছাড়া ব্যর্থ হলে তার প্রদেয় করের ৫০% পর্যন্ত জরিমানা করা যাবে।

**(গ) রিটার্ন দাখিলের ব্যর্থতার জন্য জরিমানা (ধারা ১২৪, ১২৪এ)**

কোন ব্যক্তি কোন যথোপযুক্ত কারণ ছাড়া আয়ের বিবরণী প্রদর্শন করতে যদি ব্যর্থ হন, সর্বশেষ নিরূপিত আয়ের

উপর ধার্যকৃত করের উপর শতকরা দশ শতাংশ হারে জরিমানা আরোপের বিধান আছে, যা নূন্যতম এক হাজার টাকা হবে এবং জরিমানা প্রদানে ব্যর্থতা চলতে থাকলে প্রতিদিনের ব্যর্থতার জন্য অতিরিক্ত আরো পঞ্চাশ টাকা হারে জরিমানা চলতে থাকবে।

যৌক্তিক কারণ ছাড়া সনদ, বিবরণ, হিসাবাদি, টিআইএন প্রদানে ব্যর্থতার জন্য পাঁচশত টাকা দন্ড আরোপের বিধান রয়েছে এবং অসমর্থতা চলতে থাকলে, অসমর্থকালীন মেয়াদের প্রতি মাসের জন্য অথবা তার ভগ্নাংশের জন্য পুনরায় দুইশত পঞ্চাশ টাকা হারে দন্ড আরোপের বিধান রয়েছে।

তবে যুক্তিসঙ্গত কারণ ছাড়াই তথ্য সরবরাহ করতে ব্যর্থ হলে পঁচিশ হাজার টাকা জরিমানার শাস্তি আরোপের বিধান রয়েছে এবং এরূপ ব্যর্থতা বা ত্রুটি চলতে থাকলে প্রত্যেক দিনের জন্য পাঁচশত টাকা জরিমানার শাস্তি আরোপের বিধান রয়েছে।

এ ছাড়া ভুয়া টিআইএন উপস্থাপনের জন্য বিশ হাজার টাকা জরিমানার শাস্তি আরোপের বিধান রয়েছে।

**(ঘ) টিআইএন যাচাইয়ে ব্যর্থতার জন্য জরিমানা (ধারা-১২৪এএ)**

কোন ব্যক্তি কোন যথোপযুক্ত কারণ ছাড়া কোন করদাতা যথাযথ টিআইএন যাচাইয়ে ব্যর্থ হন, তাহলে তার উপর ৫০ হাজার টাকা পর্যন্ত জরিমানা করা যাবে।

**(ঙ) অগ্রীম কর ইত্যাদি পরিশোধে ব্যর্থতা (ধারা-১২৫)**

যৌক্তিক কারণ ছাড়া অগ্রীম কর প্রদানে ব্যর্থতার জন্য এবং প্রদেয় করের আনুমানিক হিসাব সম্পর্কে জানামতে অসত্য বলে বিশ্বাস করার যুক্তিসংগত কারণ থাকলে, সর্বোচ্চ পরিশোধিত কর ও যে পরিমাণ কর তার পরিশোধ করা উচিত ছিল এ দুয়ের মধ্যে পার্থক্যের অতিরিক্ত নয় ঐ পরিমাণ দন্ড প্রয়োগের বিধান আছে।

**(চ) নোটিশ পালন না করার দন্ড (ধারা-১২৬)**

কোন নোটিশ পালনে ব্যর্থতার জন্য মোট আয়ের জন্য ধার্যযোগ্য করের অতিরিক্ত পরিমাণ নয় এরূপ দন্ড ধার্য করার বিধান রয়েছে।

**(ছ) রিটার্নের ভিত্তিতে কর পরিশোধে ব্যর্থতা (ধারা-১২৭)**

আয়কর অধ্যাদেশের অধীনে **ধারা-৭৪** এর অধীনে প্রয়োজনীয় কর পরিশোধ না করলে মোট কর বা অপরিশোধিত করের শতকরা পঁচিশ ভাগের বেশি নয় এরূপ দন্ড আরোপের বিধান আছে।

**(জ ) আয় গোপন করার জন্য শাস্তি (ধারা-১২৮)**

আয়ের বিবরণ গোপন অথবা অনুরূপ আয়ের অসত্য বিবরণ প্রদান করলে অথবা বিক্রয় অথবা হস্তান্তরের কর ফাঁকি দেয়ার উদ্দেশ্যে কোন স্থাবর সম্পত্তির কম মূল্য প্রদর্শন করলে যে পরিমাণ কর ফাঁকি দেয়া হয়েছে বলে প্রতীয়মান হবে তার ১৫% জরিমানা ধার্য করার বিধান আছে। এক বৎসরের বেশি সময় কোন কর গোপন থাকলে যে পরিমাণ কর গোপণ রয়েছে প্রতি বৎসর সেই করের উপর আরও অতিরিক্ত ১৫% হারে জরিমানা হিসেবে প্রতি বৎসর আদায়ের বিধান রয়েছে।

(ঝ) **অসত্য অডিট রিপোর্ট প্রদানের দণ্ড (ধারা-১২৯এ)** আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৫ বিধান অনুযায়ী, যদি কোন অডিট রিপোর্টে সংশ্লিষ্ট চার্টার্ড একাউন্টেন্ট কর্তৃক এ মর্মে প্রত্যয়ন করা না থাকে যে হিসাব সংরক্ষণ, বিবরণী (Statements) প্রস্তুত ও report করার ক্ষেত্রে Bangladesh Accounting Standard (BAS) এবং Bangladesh Financial Reporting Standard (BFRS) এবং অডিটের ক্ষেত্রে (Statements) Bangladesh Standards on Auditing (BSA) এর বিধানাবলী অনুসরণ করা হয়েছে, তাহলে সংশ্লিষ্ট চার্টার্ড একাউন্টেন্টের উপর এ ধারার অধীনে জরিমানা আরোপযোগ্য হবে।

(ঞ) চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট কর্তৃক প্রণীত/স্বাক্ষরিত নয় এমন **অসত্য অডিট রিপোর্ট প্রদানের দণ্ড (ধারা-১২৯বি)** আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত অডিট রিপোর্ট চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট কর্তৃক প্রণীত/স্বাক্ষরিত নয় এমন প্রতীয়মান হলে ১ লক্ষ টাকা জরিমানা করা যাবে।

**(ট) শুনানি ব্যতীত জরিমানা আরোপে নিষেধাজ্ঞা (ধারা-১৩০)**

কোন ব্যক্তির বক্তব্য প্রদানের যুক্তিযুক্ত সুযোগ না দিয়ে জরিমানা ধার্যের কোন আদেশ দেয়া যাবে না।

**(ঠ) জরিমানা ধার্যের জন্য পরিদর্শক যুগ্ম কমিশনারের পূর্ব অনুমোদন (ধারা-১৩১)**

পরিদর্শক যুগ্ম কমিশনারের পূর্ব অনুমোদন না নিয়ে কোন জরিমানা ধার্য করা যাবে না।

**(ড) অ্যাপীলাত যুগ্ম কমিশনারের আদেশসমূহ, ইত্যাদি উপ-কর কমিশনারের নিকট প্রেরণ করতে হবে (ধারা-১৩২)**

অ্যাপীলাত যুগ্ম কমিশনার বা কমিশনার (অ্যাপীল) বা অ্যাপীলাত ট্রাইব্যুনালের অধীনে যদি কোন জরিমানা আরোপ করে, সেক্ষেত্রে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট আদেশের একটি কপি উপ-কর কমিশনারের বরাবরে পাঠাতে হবে এবং সে কারণে জরিমানা আদায়ের সাথে সম্পৃক্ত এই অধ্যাদেশের সকল বিধান এরূপে কার্যকর হবে যেন উক্ত আদেশ উপ-কর কমিশনার প্রদান করেছেন।

(ঢ) অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা ১৩২ প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধান অনুযায়ী, কর আপীলাত ট্রাইব্যুনাল অথবা উপ কর কমিশনার ছাড়া অন্য কোনো আয়কর কর্তৃপক্ষ যদি আয়কর অধ্যাদেশের আওতায় কোনো জরিমানা আরোপের আদেশ জারী করেন তাহলে উক্ত ট্রাইব্যুনাল বা আয়কর কর্তৃপক্ষ সে জরিমানা আরোপের আদেশের একটি কপি সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট প্রেরণ করবেন। এখানে যে ব্যক্তির উপর জরিমানা আরোপ করা হয়েছে সে ব্যাক্তির এর কর নির্ধারণ বা কর আদায় যে উপ কর কমিশনারের অধিক্ষেত্রাধীন তিনিই হবেন সংশ্লিষ্ট উপ কর কমিশনার।

জরিমানা আরোপের আদেশের কপি পাওয়ার পর উপ কর কমিশনার দাবীনামা জারীসহ জরিমানা আদায়ের ব্যবস্থা করবেন। দাবীনামা জারীর ক্ষেত্রে উপ কর কমিশনার জরিমানা আরোপের আদেশের একটি কপি দাবীনামার সাথে সংযুক্ত করবেন। উপ কর কমিশনার নিজে জরিমানা আরোপ করলে তা আদায়ের জন্য যে আইনী বিধান প্রযোজ্য হতো, এ ধারায় বর্ণিত জরিমানা আদায়ের ক্ষেত্রেও একই বিধান প্রযোজ্য হবে।

(ণ) **সংশোধিত মোট আয়ের ভিত্তিতে জরিমানার আদেশ সংশোধন: আয়করঅধ্যাদেশে নতুন ধারা ১৩৩এ এর সন্নিবেশ:** অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ সন্নিবেশ করা হয়েছে। নতুন বিধানের উপধারা (১) অনুযায়ী, যে সকল ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের আওতায় আরোপিত জরিমানার পরিমাণ মোট আয়ের পরিমাণের সাথে সরাসরি সম্পর্কযুক্ত সে সকল ক্ষেত্রে, কোন ধারার আওতায় মোট আয় সংশোধিত হলে সংশোধিত কর নির্ধারনী আদেশ জারীর সময় উপ কর কমিশনার নিজে থেকে উক্তরূপ জরিমানার অংক সংশোধনের আদেশও জারী করবেন। তবে যে ক্ষেত্রে সংশোধিত করাদেশে মোট আয় বাড়ার কারণে জরিমানার পরিমাণ বৃদ্ধি পাবে সে ক্ষেত্রে যার উপর জরিমানা প্রযোজ্য তাকে জরিমানার অংক সংশোধনের পূর্বে শুনানী প্রদানের সুযোগ দিতে হবে। যদি দেখা যায় সংশোধিত কর নির্ধারনী আদেশ জারীর পরও উপধারা (১) এ বর্ণিত জরিমানার আদেশ সংশোধিত হয়নি তাহলে উক্ত জরিমানার আদেশ সংশোধনের জন্য উপ কর কমিশনারের নিকট আবেদন করা যাবে। উপ কর কমিশনার উক্ত আবেদন পাওয়ার ১৮০ দিনের মধ্যে কোন আদেশ প্রদান না করলে সংশোধিত কর নির্ধারণীর আলোকে জরিমানার আদেশটি সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

## ১৭। আয়কর বিষয়ে আপীল

### ১৭.১। প্রাথমিক আপীল (ধারা-১৪৩, ১৫৪, ১৫৫আই এবং ১৫৬)

কোম্পানী নয় এমন কোন করদাতা উপ কর কমিশনারের আদেশের বিরুদ্ধে আপীলাত যুগ্ম কর কমিশনারের নিকট আপীল করতে পারবেন। **ধারা-৩৭** অনুযায়ী গণনাকৃত ক্ষতির পরিমাণ, আয় নির্ধারণ, প্রদেয় দায় নির্ধারণ, সুদ আরোপ ইত্যাদি বিষয়ে এ আপীল করা যাবে।

কোন করদাতা কোম্পানী উপ কর কমিশনারের/পরিদর্শী যুগ্ম কর কমিশনারের কোন আদেশে সংক্ষুব্ধ হলে কমিশনার আপীল বরাবরে আপীল করতে পারেন।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৫৩ এর উপধারা (৩) এর পর একটি proviso সংযোজন করে আপীল দায়েরের যোগ্যতার শর্তে পরিবর্তন আনা হয়েছে। বিধান অনুযায়ী, যদি আপীল দায়েরের পূর্বে করদাতা কর্তৃক সংশ্লিষ্ট কর মামলার স্বীকৃত দায় পরিশোধ করা হয় এবং যদি আপীলাত কর্তৃপক্ষ এ মর্মে সন্তুষ্ট হন যে করদাতা কর্তৃক বর্ণিত কর পরিশোধ না করার যৌক্তিক কারণ ছিল, তাহলে অন্যান্য প্রযোজ্য শর্ত পূরণ সাপেক্ষে আপীলাত কর্তৃপক্ষ মামলাটি শুনানীর জন্য গ্রহণ করতে পারবেন।

যে আদেশের বিরূদ্ধে আপীল করা হবে তা জারীর তারিখ হতে ৪৫ দিনের মধ্যে ২০০/ টাকা আপীল ফি প্রদান করে নির্ধারিত ফরমে আপীল আবেদন দাখিল করতে হবে। **ধারা-১৫৩** এর **উপ-ধারা (৪)** অনুযায়ী আয়কর রিটাণ দাখিল করেননি এরূপ করদাতা কর্তৃক আপীল দায়েরের ক্ষেত্রে উপ-কর কমিশনার কর্তৃক আরোপিত আয়করের ১০% হারে পরিশোধ করতে হয়। তবে, আপীলাত কর্মকর্তা যদি এ মর্মে সন্তুষ্ট হন যে নির্ধারিত সময়ের মধ্যে আপীল না করার জন্য যথেষ্ট যৌক্তিক কারণ ছিল, তবে নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরও আপীল আবেদন গ্রহণ করা যেতে পারে।

আপীলাত কর্মকর্তা (আপীলাত যুগ্ম কর কমিশনার/ কমিশনার আপীল) আবেদনকারীকে আপীল বিষয়ে ব্যক্তিগত শুনানীর সুযোগ দেবেন। শুনানীতে আপীলকারী নিজে বা প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হতে পারবেন।

আপীল নিষ্পত্তির জন্য সময় বেঁধে দেয়া আছে। আপীলাত যুগ্ম কর কমিশনার ও কর কমিশনার আপীল এর নিকট যে মাসে আপীল দায়ের করা হয়েছে সে মাস যেদিন শেষ হবে তার থেকে ১৫০ দিনের মধ্যে আপীলটি নিষ্পত্তি করতে হবে। অন্যথায়, আপীলটি গৃহীত হয়েছে বলে বিবেচিত হবে।

### ১৭.২। আপীলাত ট্রাইবুনালে আপীল দায়েরের ক্ষেত্রে কর পরিশোধ (ধারা-১৫৮, ১৫৯)

(ক) কোন করদাতা আপীলাত যুগ্ম কর কমিশনার বা কমিশনার আপীল এর আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হলে তিনি আপীলাত ট্রাইবুনালে আপীল দায়ের করতে পারে।

তবে, এই আপীলের সময় আপীলকারী করদাতাকে নিজ স্বীকৃত কর ও আপীলাত যুগ্ম কর কমিশনার বা কমিশনার আপীল কর্তৃক যে পরিমাণ কর ধার্য করা হয়েছে তার পার্থক্যের ১০% পরিশোধ করতে হবে।

উলেখ্য, কর কমিশনারের পূর্বানুমোদন গ্রহণ করে উপ কর কমিশনারও আপীলাত যুগ্ম কর কমিশনার বা কমিশনার আপীল-এর আদেশের বিরুদ্ধে আপীল করতে পারবেন।

(খ) ট্রাইবুনালে আপীল করার ক্ষেত্রে সময় সীমা হচ্ছে আপীলাধীন আদেশ সম্পর্কে অবহিত হওয়ার তারিখ থেকে ৬০ দিন। তবে, আপীলাত ট্রাইবুনাল যদি এ মর্মে সন্তুষ্ট হন যে নির্ধারিত সময়ের মধ্যে আপীল না করার জন্য যথেষ্ট যৌক্তিক কারণ ছিল, তবে নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরও আপীল আবেদন গ্রহণ করা যেতে পারেন।

(গ) নির্ধারিত ফরমে এক হাজার টাকা ফি সহ আপীল আবেদন দাখিল করতে হবে।

(ঘ) আপীল নিস্পত্তির জন্য সময় বেধে দেয়া আছে। আপীলাত ট্রাইবুনাল যুগ্ম কর কমিশনার/কর কমিশনার আপীল এর নিকট যে মাসে আপীল দায়ের করা হয়েছে সে মাস যেদিন শেষ হবে তার থেকে ৬ মাসের মধ্যে আপীলটি নিস্পত্তি করতে হবে। অন্যথায়, আপীলটি গৃহীত হয়েছে বলে বিবেচিত হবে।

(ঙ) **জরিমানা অন্য কোন দায়কে প্রভাবিত করবে না (ধারা-১৩৩)**
কোন ব্যক্তির উপর আরোপিত শাস্তি আয়কর অধ্যাদেশের অথবা প্রচলিত যে কোন আইনে উক্ত ব্যক্তির উদ্ভুত অথবা উদ্ভুত হতে পারে এমন কোন দায়কে প্রভাবিত করে না।

(চ) অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৫৮ এর উপধারা (৫) এর পর নতুন উপধারা (৬) সংযোজন করে সন্নিবেশ করে কর আপীলাত ট্রাইবুনালে আপীল দায়েরে তথ্য প্রযুক্তি ব্যবহারের বিধান প্রবর্তন করা হয়েছে। উপধারা (৬) এর বিধান অনুযায়ী, বোর্ড সরকারী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে নির্দেশনা জারী করে-

(১) কোন করদাতা কে বা কোন শ্রেণির করদাতাকে electronically বা অন্য কোন machine readable বা computer readable মাধ্যমে আপীল দায়ের করতে হবে মর্মে বলে দিতে পারবে;

(২) উক্ত electronic বা machine readable বা computer readable মাধ্যমের আপীল কি রূপে এবং কিভাবে দাখিল করা হবে তা নির্ধারণ করে দিতে পারবে।

(ছ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৫৯ সংশোধন করে বিধান করা হয়েছে যে, কর আপীলাত দ্বৈত বেঞ্চে শুনানী হওয়া কোন মামলা যদি বেঞ্চের সদস্যদ্বয়ের মতদ্বৈততার কারণে ট্রাইবুনালের তৃতীয় কোন সদস্যের নিকট শুনানীর জন্য প্রেরণ করা হয় তাহলে মামলা নিস্পত্তির সময়সীমা ছয় মাসের স্থলে আট মাস হবে। অর্থাৎ মামলা নিস্পত্তিতে দুইমাস সময় বেশি পাওয়া যাবে।

**১৭.৩। হাইকোর্টে রেফারেন্স দায়েরের ক্ষেত্রে কর পরিশোধ (ধারা-১৬০, ১৬১, ১৬২,১৬৩)**

আপীলাত ট্রাইব্যুনালের আদেশে সংক্ষুব্ধ হলে কোন করদাতা উক্ত আদেশ সম্পর্কে অবহিত হওয়ার নব্বই দিনের মধ্যে তা মীমাংসার জন্য হাইকোর্ট বিভাগে আবেদন করতে পারবেন। এরূপ আবেদনের সাথে দুই হাজার টাকার ফি সংযুক্ত করতে হবে। হাইকোর্টে রেফারেন্স মামলা দায়েরের ক্ষেত্রে ট্রাইব্যুনালের আদেশের প্রেক্ষিতে আরোপিত আয়ের উপর প্রদেয় কর এবং কর দাতার রিটার্ণে প্রদর্শিত আয়ের কর প্রযোজ্য করের পার্থক্য ১০ লক্ষ টাকা পর্যন্ত হলে পার্থক্যের উপর ১৫% হারে কর প্রদান করতে হবে। ট্রাইব্যুনাল আদেশের প্রেক্ষিতে নিরূপিত আয়ের উপর প্রদেয় কর এবং করদাতার রিটার্ণে প্রদর্শিত আয়ের উপর প্রযোজ্য করের পার্থক্য ১০ লক্ষ টাকার অধিক হলে পার্থক্যের উপর ২৫% হারে কর প্রদান করতে হবে।

আয়কর রিটার্ন দাখিলের সময় মোট আয়ের উপর ভিত্তি করে ধারা ৭৪ অনুসারে কোম্পানী করদাতাকে এ নূন্যতম কর প্রদান করতে হবে।

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা ১৬৩ সংশোধন করে বিধান করা হয়েছে যে, সর্বোচ্চ করদাতা অথবা সেরা করদাতা, দীর্ঘমেয়াদি করদাতা, কর বাহাদুর পরিবার, ইত্যাদি নামে সম্মানীয় করদাতাদের নামের তালিকা প্রকাশ ধারা ১৬৩ এর আওতায় করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন বলে গণ্য হবেনা। অনুরূপভাবে, ধারা ১০৮এ এর আওতায় তথ্য প্রদান করাও করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন বলে গণ্য হবেনা।

**১৮। উৎসে কর কর্তনের মাসিক রিটার্ন**

১৮.১ এর ক) বিধি ১৮ মোতাবেক প্রতিমাসে উৎসে কর্তিত করের (বেতন ব্যতিত) রিটার্ন দাখিল বাধত্যামূলক।

১৮.১ এর খ) বিধি ২১ মোতাবেক প্রতিমাসে বেতনখাতে উৎসে কর্তিত করের রিটার্ন দাখিল বাধত্যামূলক।

**১৮.২। উৎসে কর কর্তনের ষান্মাসিক রিটার্নঃ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫এ উৎস করের রিটার্ন দাখিল সংক্রান্ত বিধান অনুযায়ী কোম্পানীর পাশিপাশি প্রত্যেক সমবায় সমিতি এবং এনজিও ব্যুরোতে নিবন্ধিত প্রত্যেক এনজিওর জন্য উৎস করের রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। কোম্পানী, সমবায় সমিতি এবং এনজিও এর কর নির্ধারণ যে উপকর কমিশনারের অধিক্ষেত্রাধীন তার নিকট উৎস করের রিটার্ন দাখিল করতে হবে এবং উৎস করের রিটার্ন বিধি দ্বারা নির্ধারিত ফরমে প্রযোজ্য সকল বিবরণ ও তথ্য সন্নিবেশ করে দাখিল করতে হবে। রিটার্নের

সাথে প্রযোজ্য সকল তফসিল, বিবরণী, হিসাব, সংযোজনী এবং দলিলাদি দাখিল করতে হবে। কোম্পানীর ক্ষেত্রে প্রধান কর্মকর্তা এবং অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত ব্যক্তি রিটার্নে স্বাক্ষর ও সত্য-প্রতিপাদন করবেন।

প্রতি অর্থ বছরের জন্য দু'টি উৎস করের রিটার্ন দাখিল করতে হবে-

| ক্রম | উৎসে কর কর্তন/ আদায়ের সময় | উৎস কর রিটার্ন | রিটার্ন দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|
| ১. | ১ জুলাই-৩১ ডিসেম্বর | প্রথম রিটার্ন | একই অর্থ বছরের ৩১ জানুয়ারি |
| ২. | ১ জানুয়ারি-৩০ জুন | দ্বিতীয় রিটার্ন | পরবর্তী অর্থ বছরের ৩১ জুলাই |

তবে, রিটার্ন দাখিলকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে উপ কর কমিশনার রিটার্ন দাখিলের সময়সীমা ১৫ দিন পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।

উপধারা (৩) তে বিধান করা হয়েছে যে, বোর্ড সরকারী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে নির্দেশনা জারী করে-

(১) এ ধারায় বর্ণিত উৎস কর রিটার্ন electronically বা অন্য কোন machine readable বা computer readable মাধ্যমে দাখিল যোগ্য হবে মর্মে বলে দিতে পারবে;

(২) উক্ত electronic বা machine readable বা computer readable রিটার্ন কি রূপ ফরমে এবং কিভাবে দাখিল করা হবে তা নির্ধারণ করে দিতে পারবে।

তাছাড়া, অর্থ আইন, ২০১৮ অনুযায়ী আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫ সংশোধন করে রিটার্ন দাখিল সংক্রান্ত পরিবর্তিত বিধান অনুযায়ী রাইড শেয়ারিং ব্যবসায় অংশগ্রহণকারী মোটরযান মালিকদের জন্য রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে UBER, Pathao সহ বিভিন্ন রাইড শেয়ারিং arrangement এ অংশগ্রহণকারী মোটরযান (গাড়ি, থ্রি-হুইলার, মোটরবাইক, ইত্যাদি) মালিকদের বাধ্যতামূলক আয়কর রিটার্ন দাখিলের আওতায় আনা হয়েছে।

অর্থ আইন ২০২০ অনুযায়ী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৭৫এর উপধারা (১) সংশোধনের মাধ্যমে আয়কর রিটার্ন বাধ্যতামূলক করা হয়েছে মটরযান, স্থান, আবাসন, বা অন্যকোন সম্পদের মাধ্যমে কোনো অংশভাগী অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণকারী, লাইসেন্সধারী অস্ত্রের মালিক এবং সকল টিআইএনধারীকে। তবে অব্যাহতি দেয়া হয়েছে করযোগ্য আয় নেই এমন ব্যক্তিকে যিনি জমি বিক্রয়ের প্রয়োজনে ১২ডিজিটের টিআইএন নিয়েছেন এবং যোগ্য আয় নেই এমন ব্যক্তিকে যিনি ক্রেডিট কার্ড গ্রহণের জন্য ১২ডিজিটের টিআইএন নিয়েছেন।

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর (৭৫এ) সংশোধনের মাধ্যমে বাধ্যতামূলকভাবে উৎসে কর কর্তনের রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক পাঠ্যক্রম মেনে শিক্ষাদানকারী ইংরেজি মাধ্যম, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম জুডিশিয়াল স্বত্ত্বা এবং স্থানীয় কর্তৃপক্ষকে।

**১৯। বার্ষিক তথ্য বিবরণী উপস্থাপন (ধারা ৭৫বি) ঃ**

আয়কর অধ্যাদেশ এর ধারা ৭৫বি এর মাধ্যমে কিছু নির্দিষ্ট আর্থিক লেনদেনের উপর এ রিটার্ন দাখিলের বিধান আছে। সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে কাদের জন্য এ রিটার্ন প্রযোজ্য হবে তা ঠিক করতে পারবে। করদাতা বা করদাতা সমষ্টির জন্য এ রিটার্ন দাখিল ক্ষেত্রমত প্রযোজ্য হবে। এর ফলে-

- যে কর্তৃপক্ষ কোন ডকুমেন্টস বা প্রমানাদি নিবন্ধন করে; বা
- যাদের কাছে কোন হিসাব বিবরণী সংরক্ষিত থাকে তাদের ক্ষেত্রে এ রিটার্ন দাখিলের প্রয়োজন হবে। যেখানে এ নির্দিষ্ট আর্থিক লেনদেন সংগঠিত হয়ে থাকে, সে কর্তৃপক্ষকে এ আর্থিক লেনদেনের উপর সরকার রিটার্ন দাখিলের জন্য বলতে পারবে। এ রিটার্নটি জাতীয় রাজস্ব বোর্ডের নিকট বা বোর্ড কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে এবং জমা দেয়ার ফরম, পদ্ধতি বা সময় পরবর্তীতে বোর্ড বিধি দ্বারা নির্ধারণ করবে।

**ক) সিস্টেম জেনারেটেড নোটিশ, আদেশ, ইত্যাদি গ্রহণ সংক্রান্ত নতুন ধারা ১৭৮ এ এর সন্নিবেশঃ** অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা ১৭৮ এ সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত নতুন ধারায় বলা হয়েছে বোর্ড কর্তৃক নির্ধারিত কোন কম্পিউটার বা ইলেক্ট্রনিক সিস্টেম থেকে ইস্যুকৃত কোন নোটিশ, আদেশ, চাহিদাপত্র, সনদ, যোগাযোগ, পত্র বা প্রাপ্তি স্বীকার পত্র আয়কর অধ্যাদেশের আওতায় জারীকৃত যথাক্রমে নোটিশ, আদেশ, চাহিদাপত্র, সনদপত্র, যোগাযোগ, পত্র বা প্রাপ্তি রশিদ এর ন্যায় সমরূপ অর্থ ও কার্যকর হবে।

**খ)** আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা ১৭৮ই সন্নিবেশ করে বিধান করা হয়েছে যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় দাখিলযোগ্য যে কোন রিটার্ন, বিবরণী ও দলিল বোর্ড কর্তৃক নির্দেশিত electronic, computer readable বা machine readableমাধ্যমে ও পদ্ধতিতে দাখিল করা যাবে। নোটিশ প্রেরণকারী আয়কর কর্তৃপক্ষ Board কর্তৃক নির্ধারিত অফিসিয়াল ই-মেইল address ব্যবহার করে নোটিশ প্রেরণ করবেন এবং নোটিশ প্রাপকের সংশ্লিষ্ট আয় বছরের আয়কর রিটার্নে বর্ণিত ই-মেইল address অথবা প্রাপক যে address এ ই- মেইল পেতে ইচ্ছুক বলে কর বিভাগকে লিখিতভাবে অবহিত করেন সে address এ ই-মেইল প্রেরণ করতে হবে।

**গ) ১২-ডিজিট টিআইএন দাখিল সংক্রান্ত ধারা ১৮৪এ এর প্রতিস্থাপন:** আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184এ প্রতিস্থাপন করে ১২-ডিজিট টিআইএন গ্রহণ, পরীক্ষা ও যাচাইয়ের বিধানে পরিবর্তন আনা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে একজন ব্যাক্তিকে তার নামে ১২-ডিজিট টিআইএন থাকার প্রমাণ প্রদান করতে হবে, যেমন:

- আমদানির জন্য এলসি খোলা;
- আমদানি রেজিস্ট্রেশন সনদ বা রপ্তানি রেজিস্ট্রেশন সনদের জন্য আবেদন;
- সিটি কর্পোরেশন বা পৌরসভা এলাকায় ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন;
- দ্রব্য সরবরাহ, চুক্তি সম্পাদন বা সেবা প্রদানের জন্য কোন নিবাসী কর্তৃক টেন্ডার ডকুমেন্ট দাখিল;
- কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) আওতায় নিবন্ধিত কোন ক্লাবের সদস্য পদের জন্য আবেদনপত্র দাখিল;
- সাধারণ বীমার সার্ভেয়ার লাইসেন্স ইস্যু বা নবায়ন, কিংবা সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্তি;
- কোন নিবাসী কর্তৃক সিটি কর্পোরেশন বা জেলা সদরস্থ পৌরসভা এলাকার ১ লক্ষ টাকার অধিক দলিল মূল্যের জমি, দালান বা এপার্টমেন্ট ক্রয় বা বিক্রয়, বায়নানামা সম্পাদন বা পাওয়ার অব এটর্নি প্রদান/গ্রহণ সংক্রান্ত দলিলের নিবন্ধন প্রাপ্তি;
- ভাড়ায় চালিত বাস, ট্রাক, প্রাইম মুভার, লরি ইত্যাদির রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর বা ফিটনেস নবায়ন গ্রহণ;
- ৫ লক্ষ টাকার অধিক ঋণের জন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে আবেদন;
- ক্রেডিট কার্ড গ্রহণ;
- চিকিৎসক, দন্তচিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্ট্যান্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট, প্রকৌশলী, স্থপতি অথবা সার্ভেয়ার হিসেবে বা অনুরূপ পেশাজীবী হিসেবে কোন পেশাজীবী সংগঠনের সদস্যপদ গ্রহণ;
- কোন কোম্পানির পরিচালক বা স্পন্সর শেয়ারহোল্ডার হওয়া বা থাকা;
- Muslim Marriages and Divorces (Registration) Act. 1974 (LII of 1974)এর বিধান অনুসারে বিবাহ নিবন্ধনকারী (Nikah Registrar) হিসেবে লাইসেন্স গ্রহণ বা বহাল রাখা;
- কোন ব্যবসায়িক বা পেশাজীবী সংগঠনের সদস্যপদ গ্রহণ বা বহাল রাখা;
- দালান/ভবন নির্মাণের নকশা অনুমোদনের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ) বা সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের নিকট আবেদন;
- ড্রাগ লাইসেন্স গ্রহণ বা বহাল রাখা;
- বাণিজ্যিক গ্যাস সংযোগ গ্রহণ বা বহাল রাখা;
- সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় কোন বাণিজ্যিক বৈদ্যুতিক সংযোগ গ্রহণ বা বহাল রাখা;
- কোন মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর বা ফিটনেস নবায়ন;
- ভাড়ায় চালিত লঞ্চ, স্টিমার, মাছ ধরার ট্রলার, কার্গো, কোস্টার, ডাম্প-বার্জ ইত্যাদি নৌযানের সার্ভে সনদ গ্রহণ বা বহাল রাখা;
- কোন বীমা কোম্পানির এজেন্সি সনদ রেজিস্ট্রেশন বা নবায়ন;
- জেলা প্রশাসকের কার্যালয় বা, ক্ষেত্রমতে, পরিবেশ অধিদপ্তরহতে ইট উৎপাদনের জন্য অনুমতিপত্র সংগ্রহ বা নবায়ন;
- জেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করার ক্ষেত্রে উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন ও জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে হলে ১২ডিজিটির টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।
- মটরযান, স্থান, আবাসন, বা অন্যকোন সম্পদের মাধ্যমে কোন অংশভোগী অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করার জন্য ও লাইসেন্সধারী অস্ত্রগ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে ১২ডিজিটির টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।
- সিটি কর্পোরেশন, জেলা সদর বা পৌরসভা এলাকায় অবস্থিত আন্তর্জাতিক শিক্ষাক্রম/কারিকুলাম অনুযায়ী পাঠদানরত কোন ইংলিশ মিডিয়াম স্কুলে সন্তান বা নির্ভরশীলকে ভর্তি করানো;
- সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের কর্মচারী হিসেবে সংশ্লিষ্ট আয় বছরের যে কোন সময় ১৬ হাজার টাকা বা তার অধিক মূল বেতন উত্তোলন;
- Monthly Payment Order (MPO)এর আওতায় সরকার থেকে মাসিক ১৬,০০০/- টাকার বেশি অর্থ গ্রহণ;

- Employee হিসেবে ব্যবস্থাপনাও প্রশাসনিক পদে বা উৎপাদনের সুপারভাইজরী পদে কাজ করা (তার বেতন-ভাতা দি যা-ই হোক না কেন);
- কোম্পানির এজেন্সি বা ডিস্ট্রিবিউটরশিপ(যে নামেই অভিহিত হোক) গ্রহণ বা বহাল রাখা;
- মোবাইল ব্যাংকিং বা অন্য কোন ইলেক্ট্রনিক মাধ্যমে অর্থ স্থানান্তর/হস্তান্তর অথবা মোবাইল ফোন রিচার্জ সংশ্লিষ্ট সেবার বিপরীতে কমিশন, ফি বা অন্য কোন অর্থ প্রাপ্তি;
- কোন নিবাসী কর্তৃক উপদেষ্টা/কনসালটেন্সি,ক্যাটারিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, জনবল সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে কোন কোম্পানি থেকে অর্থ প্রাপ্তি;এবং
- আমদানি বা রপ্তানির জন্য বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট দাখিল।
- অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা ১৮৪এ সংশোধন করে রাইড শেয়ারিং ব্যবসায় অংশগ্রহণকারী মোটরযান মালিকদের জন্য ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে UBER, Pathao সহ বিভিন্ন রাইড শেয়ারিং arrangement অংশগ্রহণকারী মোটরযান (গাড়ি, থ্রি-হুইলার, মোটরবাইক, ইত্যাদি) মালিকদের ১২-ডিজিট টিআইএন গ্রহণ করতে হবে।
- এনজিও এর জন্য ফান্ড রিলিজ করার ক্ষেত্রে ( যেসব এনজিও এনজিও অ্যাফেয়ার্স ব্যুরোর অধীনে নিবন্ধিত) বা ক্ষুদ্র ঋণ প্রদানকারী সংস্থার জন্য যারা (মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি কর্তৃক নিবন্ধিত।

**১২-ডিজিট টিআইএন থাকার প্রমাণ বলতে নিম্নলিখিত যে কোনটিকে বুঝাবে:**

(ক) সংশ্লিষ্ট ব্যাক্তি এর নাম এবং ১২-ডিজিট টিআইএন সম্বলিত কোন সনদ (যেমন, টিআইএন সনদ, রিটার্ন দাখিল সনদ বা কর পরিশোধ সনদ), যা উপ কর কমিশনার কর্তৃক বা এতদুদ্দেশ্যে বোর্ড নির্ধারিত কোন সিস্টেম কর্তৃক ইস্যুকৃত; অথবা

(খ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাক্তি এর আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র যাতে ব্যাক্তি এর নাম এবং ১২-ডিজিট টিআইএন উল্লেখ রয়েছে। সাধারণ বা বিশেষ আদেশ জারীর মাধ্যমে জাতীয় রাজস্ববোর্ড কোন ব্যাক্তিকে ১২-ডিজিট টিআইএন গ্রহণ হতে অব্যাহতি দিতে পারবে।

## ২০। আয়কর বিষয়ে অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আনীত পরিবর্তন সমূহের অন্তর্নিহিত বিষয়াবলী

আয়কর বিষয়ে অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আনিত পরিবর্তনসমূহের সার সংক্ষেপ নিম্নে তুলে ধরা হলো ঃ

- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪-এর ধারা ২ এর ক্লজ (৩০) অনুযায়ী ন্যায্য বাজার মূল্য এর সংজ্ঞা অর্থ আইন ২০২০ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। এই সংজ্ঞাতে in relation to capital শব্দগুলোর পর ব্যবসা উদ্যোগ a business or undertaking সন্নিবেশিত হয়েছে। পাশাপাশি sub-clause (a) তে æthe price which asset" পর æor such business or undertaking" শব্দগুলি সংযুক্ত হয়েছে যাতে করে কমিশনার মূলধনী সম্পদের পাশাপাশি ব্যবসা উদ্যোগের ন্যায্য বাজার মূল্য নির্ধারণ করতে পারে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২ এর ক্লজ (৩৫) এর আয়বর্ষ এর সংজ্ঞাটি অর্থ আইন ২০২০ এর মাধ্যমে অর্থবছর এর ধারণা সংশোধন করে করবছরের পূর্বের অর্থবছরকে আয়বছর হিসেবে অভিহিত করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ নতুন ধারা ১৬এইচ সংযোজন মাধ্যমে বিনিয়োগ, আমদানি ও রপ্তানি পার্থক্যের উপর করারোপ করা হয়েছে। ফলে করাদাতার আমদানীকৃত তথ্য ও রপ্তানিকৃত আয়ের তথ্যের মধ্যে পার্থক্য থাকলে বা প্রকৃত লেনদেনমূল্যের অর্থের পরিমাণ পার্থ্যকের থাকলে ৫০% হারে কর পরিশোধ করতে হবে। পাশাপাশি করদাতার প্রদত্ত প্রকৃত বিনিয়োগের অর্থে ও প্রদর্শিত বিনিয়োগের অর্থের পরিমাণের মধ্যে পার্থক্য থাকলে অর্থের পরিমাণ পার্থ্যকের উপর ৫০% হারে কর পরিশোধ করতে হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪-তে নতুন ধারা ১৯এএএএ মাধ্যমে অর্থের উৎস ব্যাখ্যা ব্যাতিরেখে সিকিউরিটিজে বিনিয়োগ করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। সিকিউরিটিজ বলতে বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড একচেঞ্জ কমিশিন কর্তৃক অনুমোদিত তালিকভুক্ত কোম্পনির স্টক, শেয়ার, মিউচুয়াল ফান্ড, বন্ড, ডিবেঞ্জার ও পুঁজিবাজারে ক্রয়-বিক্রয়যোগ্য সকলসরকারি সিকিউরিটিজ ও বন্ডকে বোঝাবে। তবে শর্ত থাকে যে মোট বিনিয়োগের উপর ১০% কর প্রদান করতে হবে এবং অন্যান্য শর্ত পালন করতে হবে। যেমন;
- ❖ বিনিয়োগ অবশ্যই ১লা জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ এর মধ্যে করতে হবে।
- ❖ বিনিয়োগের ৩০ দিনের মধ্যে কর পরিশোধ করতে হবে।
- ❖ উক্ত বিনিয়োগ সর্ম্পকে উপকর কমিশনার নিকট আইট-ডি২০০২০ ফর্মে নতুন সংযোজিত বিধি ২৪ বি অনুযায়ী ঘোষণা পত্র দাখিল করতে হবে।
- ❖ এ ধারার আওতায় এক বছরের মধ্যে বিনিয়োগ উত্তোলন করা হলে তা অন্যান্য উৎসের আয় হিসেবে বিবেচিত হবে।

- ❖ বিনিয়োগের তারিখে অথবা তার পূর্বে আয়কর অধ্যাদেশ আইন অনুযায়ী কোন মামলা, কার্যধারা চলমান হলে এই আইনন প্রযোজ্য হবে না।
- ❖ বিও একাউন্ডে জমাকৃত টাকা সিকিউরিটিজে বিনিয়োগ না করলে এ ধারা সুযোগ গ্রহণ করতে পারবেন না।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯এএএএএ সংযোজন করে টেবিল ১ ও টেবিল ২ বর্ণিত বিল্ডিং বা এপার্টমেন্টের ক্ষেত্রে নির্দিষ্ট হারে কর পরিশোধ করে এবং টেবিল ৩ এ বর্ণিত যে কোন সময় অপ্রদর্শিত অস্থাবার সম্পত্তির জন্য ১০% হারে কর পরিশোধ করে স্থাবর ও অস্থাবর সম্পতি প্রদর্শন করতে পারবেন।

**টেবিল ১**

| ক্রমিক নং | ভৌগলিক এলাকা | কর হার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|
| ১. | গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বা/এ, দিলকুশা বা/এলাকায় অবস্থিত ভূমি | ২০হাজার টাকা |
| ২. | ঢাকার ধানমণ্ডি আ/এ, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আ/এ, ঢাকা ক্যান্টনমেন্ট, কারওয়ান বাজার, বিজয়নগর, সেগুনবাগিচা, নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী, আগ্রাবাদ, নাসিরাবাদ এলাকায় অবস্থিত ভূমি | ১৫ হাজার ৫ শত টাকা |
| ৩. | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকা | ৫ হাজার টাকা |
| ৪. | কোন পৌরসভা বা জেলা সদরের কোনো পৌরসভা | ১ হাজার ৫ শত টাকা |
| ৫. | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত অন্যান্য এলাকা | ৫ শত টাকা |

**টেবিল-২**

| ক্রমিক নং | ভৌগলিক এলাকা | কর হার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|
| ১. | গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বা/এ, দিলকুশা বা/এলাকায় অবস্থিত অনধিক ২০০ বর্গমিটার পোতার আয়তনন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৪ হাজার টাকা |
| ২. | গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বা/এ, দিলকুশা বা/এলাকায় অবস্থিত ২০০ বর্গমিটরের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৬ হাজার টাকা |
| ৩. | ঢাকার ধানমণ্ডি আ/এ, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আ/এ, ঢাকা ক্যান্টনমেন্ট, কারওয়ান বাজার, বিজয়নগর, সেগুনবাগিচা, নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী, আগ্রাবাদ, নাসিরাবাদ এলাকায় অনধিক ২০০ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৩ হাজার টাকা |
| ৪. | ঢাকার ধানমণ্ডি আ/এ, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আ/এ, ঢাকা ক্যান্টনমেন্ট, কারওয়ান বাজার, বিজয়নগর, সেগুনবাগিচা, নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী, আগ্রাবাদ, নাসিরাবাদ এলাকায় ২০০ বর্গমিটরের অধিক পোতার আয়তনন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট। | ৩ হাজার ৫ শত টাকা |
| ৫. | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকায় অবস্থিত অনধিক ১২০ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৭ শত টাকা |
| ৬. | সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকায় অবস্থিত ১২০ বর্গমিটারের অধিক তবে ২০০ বর্গমিটার পর্যন্ত পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৮ শত ৫০ টাকা |

| | | |
|---|---|---|
| ৭. | সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকায় অবস্থিত ২০০ বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ১ হাজার ৩ শত টাকা |
| ৮. | কোন জেলা সদরের কোনো পৌরসভা এলাকায় ১২০ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৩ শত টাকা |
| ৯. | কোন জেলা সদরের কোনো পৌরসভা এলাকায় অবস্থিত ১২০ বর্গমিটারের অধিক তবে ২০০ বর্গমিটার পর্যন্ত পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৪ শত ৫০ টাকা |
| ১০. | কোন জেলা সদরের কোনো পৌরসভা এলাকায় অবস্থিত ২০০ বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৬ শত টাকা |
| ১১. | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত অন্যান্য এলাকায় ১২০ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ২ শত টাকা |
| ১২. | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত অন্যান্য এলাকা ১২০ বর্গমিটার অধিক তবে অনধিক ২০০ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৩ শত টাকা |
| ১৩. | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত অন্যান্য এলাকায় ২০০ বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | ৫ শত টাকা |

**টেবিল ৩**

| ক্রমিক নং | সংক্ষিপ্ত বর্ণনা | করহার |
|---|---|---|
| ১ | নগদ ব্যাংকে গচ্ছিত অর্থ, আর্থিক স্কিম ও ইনস্ট্রুমেন্ট সকল প্রকার ডিপোজিট বা সেভিং ডিপোজিট, সেভিং,ইনস্ট্রুমেন্ট, বা সার্টিফিকেট। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত যে কোনন প্রকার স্টক, শেয়ার, মিউচুয়াল ফান্ড ইফনিট, বন্ড, ডিভেঞ্চার ডিবেঞ্জার ও পুঁজিবাজারে ক্রয়-বিক্রয়যোগ্য সকল সরকারি সিকিউরিটিজ ও বন্ড এবং যে কোন প্রকার অগ্রিম ও ঋণ প্রদান আর্থিক ইনস্ট্রুমেন্ট হিসেবে প্রদর্শণ করা যাবে। | মোট পরিমাণের ১০% |

- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৮ এর উপধারা (১) এর ক্লজ এইচ এর পরে নতুন ক্লজ (আই)তে ৮২ বিবি(১২) ধরার অধীনে ব্যবসা আয়ের ধারা অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩০(এইচ) এর পরিবর্তিত বিধান অনুযায়ী করাদতার হিসাব বিবরণীতে প্রদর্শিত নিট মুনাফারি বিপরীতে সাবসিডিয়ারি আযোসিয়ে বা জয়েন্ট ভেঞ্চার হতে আয় বা মুনাফা বর্হিভূত ব্যবসায় বা পেশা খাতের নীট মুনাফার সর্বোচ্চ ১০% রয়েলটি, টেকনিক্যাল সার্ভিস ফি, টিকনিক্যাল নো হাউফি, টেকনিক্যাল অ্যাসিসটেন্স ফি বা একই প্রকৃতির অন্য যে কোন ফি খরচ হিসবে অনুমোদন করার বিধন করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩০ এর ক্লজ (কে) পরিবর্তন করে বিদ্যমান সীমা ১.২৫% এর পরিবর্তে বিদেশে ভ্রমণ খরচের সীমা কোম্পানি কর্তৃক ঘোষিত টার্নওভার এর ০.৫% র্নিধারণ করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩১এ সংযোজন করা হয়েছে। এতে করে ব্যবসা বা উদ্যোগ (Business or Undertaking in its entirety with all of ist assest and liabilities) তার সমুদয় সম্পদ ও দায়সহ সম্পুর্ণরূপে হস্তান্তরিত হলে তা হতে উদ্ভূত আয় মূলধনী আয় হিসেবে গণ্য হবে, তা সুস্পষ্ট হলো।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩২এ সংযোজন করে সম্পদও দায় হস্তান্তর করার কারণে অর্জিত মূলধনী আয় নিরূপণ এবং কর পরিগণনার পদ্ধতি নির্দিষ্ট করা হয়েছে। মূলধনী আয় নির্ধারণের জন্য প্রথমে ব্যবসা উদ্যোগ সম্পূর্ণরুপে হস্তান্তর হতে প্রাপ্ত বা উদ্ভূত পণের সম্পূর্ণ মূল্য বা ব্যবসা বা উদ্যোগের ন্যায্য বাজার মূল্য এই দুয়ের মধ্যে যেটি বেশি তা নির্ধারণ করতে হবে। পাশাপাশি হস্তান্তর সর্ম্পকিত খরচ এবং হস্তান্তর তারিখে ব্যবসা বা উদ্যোগের নীট পরিসম্পদ বাদ দিতে হবে।

- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৪২ তে (থ্রি-এ) এবং (থ্রি-বি) সংযোজন পূর্বক ব্যক্তি সংঘ এবং এর সদস্যদের ক্ষেত্রে ফার্ম এবং ফার্মের অংশীদারদের মতই লোকসান সমন্বয় সংক্রান্ত বিধাদন অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৪২ তে উপধারা (থ্রি-এ) অনুযায়ী ব্যাক্তি-সংঘের যে কোন খাতের লোকসান আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধার ৩৭ অনুযায়ী ব্যাক্তি সংঘের অন্য খাতের আয়ের বিপরীতে সমন্বয় করা যাবে তবে ব্যক্তি সংঘের সদস্যের আয়ের সাথে করা যাবে না।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৪২ তে উপধারা (থ্রি-বি) অনুযায়ী ব্যাক্তি-সংঘের যে কোন খাতের লোকসান কোন ব্যক্তি সংঘের সদস্যের আয়ের সাথে বিপরীত জের (ক্যারি ফরোওয়ার্ড) বা সমন্বয় কিছুই করতে পারবেন না।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৪৬বিবি এর মাধ্যমে কতিপয় শিল্পখাতকে ১লা জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২৪ সালের মধ্যে স্থাপিত বিদ্যমান শিল্পখাতসমূহের অতিরিক্ত আরো সাতটি খাত সংযুক্ত করে ভৌগলিক অবস্থান ভেদে বিভিন্ন মেয়াদে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়েছে- Electrical Tranformer, Artificial fiber or manmade fiber manufacturing; Automobile parts and components manufacturing; Automation and Robotics design, manufacturing; including parts and components thereof; Artificial Intelligence based system design and/or manufacturing; Nanotechnology based products manufacturing; Aircraft heavy maintenance services including parts manufacturing;
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫১ অনুযায়ী সরকার অনুমোদিত সিকিউরিটজ এর মেয়াদান্তে প্রাপ্য (Receiveable on Maturity) সুদ বা বাট্টার (Discount) বিপরীতে উৎসে (Upfront) আগাম কর পরিশোধ করতে হয়।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫১ প্রতিস্থাপনের মাধ্যমে সরকারি সিকিউরিটিজ বা বিসেক কর্তৃক অনুমোদিত সিকিউরিটিজ এর বাট্টা, সুদ, মুনাফা পরিশোধকালে ৫% উৎসে কর পরিশোধ করতে হবে।
- ❖ উৎসে কর সংগ্রহ করার ক্ষেত্রে পরিশোধ বা ক্রেডিট যেটি আগে প্রদান করা হবে সে সময় উৎসে কর আদায় করতে হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা৫২ সংশোধনের মাধ্যমে উপধারা ১ এর প্রোভাইসো এর (প্যারাগ্রাফ ডি) সংযোজন করে ডিস্ট্রিবিউটর কতর্ক পণ্য সরবরাহের বিপরীতে কর্তনযোগ্য করের পরিমাণ নিরূপণের হিসাবে পরিবর্তন আনা হয়েছে। ফলে ডিস্ট্রিবিউটর কতর্ক সরবরাহের পণ্যের সম্পূণ মূল্য ভিত্তিমূল্য হিসেবে বিবেচনা করা যাবে না। ধারা ৫৩ তে উল্লিখিত ডিস্ট্রিবিউটর বা অন্যকোন ব্যক্তির নিকট কোম্পানির বিক্রয়মূল্য ৭% ৫%- দারা ৫৩ই(৩) অনুযায়ী পরিশোধিত কর। তবে যাচাইযোগ্য প্রমাণাদি দাখিল না করলে উৎসে কর কর্তন করা যাবে।
- ❖ বিদ্যমান আইনে ধারা ৫২(২), ৫২এ(২), ৫২ এএ (২), ৫৩ ই এবং ৫৬(৩) এর পরিশোধ এর ধারাগুলোর মাধ্যমে (includes a transfer, a credit or an adjustment of credit)কে পরিশোধ হিসেবে পরিশোধের আদেশ বা নির্দেশনা (an order or instruction of making payment)হিসেবে গণ্য হবে। অর্থাৎ পরিশোধ হিসেবে স্থানান্তর, ক্রেডিট বা পরিশোধের সমন্বয় বা পরিশোধের আদেশ বা নির্দেশনা অর্ন্তভুক্ত হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা (৫২এএ) সংশোধন করে এর উপধারায় টেবিল এ এর ১৩ তে অংশভাগী অর্থনৈতিক প্লাটফর্ম কে উৎসে করের আওতায় নিয়ে আনা হয়েছে। অর্থনৈতিক প্লাটফর্মের মধ্যে অন্তর্ভুক্ত (ride sharing service, coworking space, providing service এবং accomodation providing service)। তাছাড়া Wheeling charge for electricity transmission-এর উপর বিদ্যমান হারের পরিবর্তে উৎসে কর ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার সমান বা কম হলে ২% ও ২৫ লক্ষ টাকার উপর হলে ৩% করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর বিদ্যমান আইনের ধারা ৫২সি অনুযায়ী কোন স্থাবর সম্পতি অধিগ্রহণকালে মালিককে প্রদেয় ক্ষতিপূরণের উপর (সিটি কর্পোরেশণ, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডে অবস্থিত সম্পত্তির ক্ষতিপূরণ মূল্যের ৬% এব অন্যান্য এলাকায় অবস্থিত সম্পত্তির ক্ষতিপূরণ মূল্যের ৩% উৎসে কর প্রদান করতে হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা (৫২আর) সংশোধনের কারণে International Gateway (IGW) Service Operator কর্তৃক কোন অর্থ পরিশোধের ক্ষেত্রে ৭.৫% হারে উৎসে কর কর্তন

করতে হবে- Interconnection Exchange (ICX);Access Network Service (ANS); Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) অথবা Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) এর সাথে চুক্তিবদ্ধ যে কোন ব্যক্তি।

- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা (৫২ইউ) সংশোধন করার কারণে স্থানীয় ঋণপত্রের মাধ্যমে আলু, পেঁয়োজ, রসনু, মটরশুটি, ছোলো, মশুর, আদো, হলুদ, শুকনো মরিচ,ডাল, ভুট্টো,আটো, ময়দা, লবণ, ভোজ্য তেল, মরিচ, চিনি, কালো গোল মরিচ, দারুচিনি, এলাচ, লবঙ্গ, খেজুর, তেজপাতো, কম্পিউটার বা কম্পিউটার যন্ত্রাংশ, পাট, তুলো, সুতো এবং সকল প্রকার ফল ক্রয় করা হলে ২% উৎসে কর কর্তন করা হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা (৫২ইউ) এর ধারা (৪) বিলুপ্ত করার ফলে (৫২ইউ) ধারা প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৫২ এবং বিধি ১৬ আর প্রযোজ্য হবে না।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫২বিবি এবং ৫২বিবিবিবি সংশোধন করে রপ্তানি মূল্যের বিপরীতে প্রযোজ্য ১% উৎসে কর কর্তনের পরিবর্তে ০.৫% হারে উৎসে কর কর্তনের আদেশ জারি করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫২বিবিবিবি সংশোধন করে স্টক এক্সচেঞ্জের কোন সদস্য দ্বারা সিকিউরিটিজ লেনদেনের ক্ষেত্রে শেয়ার ও মিউচুয়াল ফান্ড লেনদেনের সময় মোট লেনদেনের মূল্যের উপর ০.৫% উৎসে কর স্টক এক্সচেঞ্জের প্রধান নির্বাহী কর্তন করবেন। তাছাড়ান অন্যান্য সকল সিকিউরিটিজ লেনদেনের ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জের কোন সদস্য কর্তৃক গৃহীত কমিশনের উপর ১০% উৎসে কর কর্তন করা হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ এর উপধারা (১) এর টেবিলে অনিবাসী কোম্পানি ফান্ড ও ট্রাস্ট কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর ২০% এবং কোম্পানি ফান্ড ও ট্রাস্ট ব্যতিত অন্যান্য অনিবাসী করদাতার প্রাপ্ত লভ্যাংশের উপর ৩০% উৎসে কর কর্তন করতে হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৬৮ ধারা সংশোধনের মাধ্যমে অগ্রিম করা পরিগণনার ক্ষেত্রে চার লক্ষ টাকা আয়ের সীমা পরিবর্তন করে ৬লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৬৮বি সংশোধন করে বর্ধিত হারে প্রাইভেট মটর গাড়ির মালিক হতে অগ্রিম আয়কর বর্ধিত হারে সংগ্রহ করার প্রস্তাব করা হয়েছে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৭৫এর উপধারা (১) সংশোধনের মাধ্যমে আয়কর রিটার্ন বাধ্যতামূলক করা হয়েছে মটরযান, স্থান, আবাসন, বা অন্যকোন সম্পদের মাধ্যমে কোনো অংশভাগী অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণকারী, লাইসেন্সধারী অস্ত্রের মালিক এবং সকল টিআইএনধারীকে। তবে অব্যাহতি দেয়া হয়েছে করযোগ্য আয় নেই এমন ব্যক্তিকে যিনি জমি বিক্রয়ের প্রয়োজনে ১২ডিজিটের টিআইএন নিয়েছেন এবং যোগ্য আয় নেই এমন ব্যক্তিকে যিনি ক্রেডিট কার্ড গ্রহণের জন্য ১২ডিজিটের টিআইএন নিয়েছেন।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর (৭৫এ) সংশোধনের মাধ্যমে বাধ্যতামূলকভাবে উৎসে কর কর্তনের রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক পাঠ্যক্রম মেনে শিক্ষাদানকারী ইংরেজি মাধ্যম, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম জুডিশিয়াল স্বত্তা এবং স্থানীয় কর্তৃপক্ষকে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৮০ এর উপধারা (১) এর ক্লজ (এ) সংশোধন করে সম্পদের বিবরণী দাখিল করার সীমা ২৫ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৪০ লক্ষ টাকা করা হয়েছে। তাছাড়া, ৮০ এর উপধারা (২) সংশোধন করে ব্যক্তিশ্রেণির করদাতার জীবনযাত্রার মান সম্পর্কিত বিবরণী দাখিলের মাধ্যমে ৩ লক্ষ টাকার পরিবর্তে ৪ লক্ষ টাকা বাড়ানো হয়েছে এবং ৪ লক্ষ টাকা হলে জীবনযাত্রার মান সম্পর্কিত বিবরণী দাখিল করতে হবে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৮২সি এর উপধারা (২) এর ক্লজ (বি)সংশোধন করে ৫২এএ-এর উপধারায় উল্লিখিত পেশাগত সেবা ফি, কারিগরি সেবা ফি, অথবা কারিগরি সহায়তা ফি, বিদ্যুৎ পরিবহনের হুইলিং চার্জ এবং ৮২সি এর উপধারা (২) এর প্রোভাইসো এর প্যারাগ্রাফ(২) সংশোধনের ফলে ferro alloy পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল এর উপর ধারা ৫৩ এবং বিধি ১৭এ এর অধীন আমদানি পর্যায়ে কর্তিত উৎসে কর ৮২সি ধারায় নূন্যতম কর হিসাবে বিবেচিত হবে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৮২সি এর উপধারা (৪) এর ক্লজ (এ) প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধান অনুযায়ী কোম্পানি ও ফার্মের জন্য নূন্যতম করের পাশাপাশি ব্যক্তি করদাতার জন্য নূন্যতম করের বিধান করা হয়েছে। নতুন বিধানে কোম্পানি ও ফার্মের জন্য নূন্যতম কর হার অপরিবর্তিত রাখা হয়েছে। ফলে ৫০ লক্ষ টাকার অধিক কোন ফার্ম ( সিগারেট, বিড়ি,চিবিয়ে খাওয়া তামাক, ধোঁয়াহীন তামাক বা অন্যকোন তামাকজাত দ্রব্যাদি উৎপাদনকী মোট প্রাপ্তির ১% নূন্যতম কর প্রদান করবেন। পাশাপাশি মোবাইল অপারেটর মোট প্রাপ্তির ২% এবং অন্যান্য ক্ষেত্রে মোট প্রাপ্তির ০.৬% নূন্যতম কর প্রদান করবেন।

- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১২৪ এর উপধারা (২) সংশোধন করে অনিবাসী বিমান পরিবহন পরিচালনাকারীদের পক্ষে প্রিন্সিপাল বা এজেন্ট ত্রৈমাসিক রির্টান নির্ধারিত সময়ের মধ্যে দাখিল না করলে বা আদৌ রিটার্ন দাখিল না করলে উপকর কমিশনার জরিমানা আরোপ করতে পারবেন।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৫৮ এর উপধারা (২) এর আপিল আদেশ অনুযায়ী নির্ধারিত কর এবং ৭৪ ধারায় পরিশোধযোগ্য করের প্রার্থক্যের ১০০% হ্রাস করার ক্ষেত্রে সংশোধিত প্রোভাইসোর ফলে করদাতার আবেদনের প্রেক্ষিতে কর কমিশনারকে ৩০ দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করতে হবে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৮৪এ -এর উপধারা (৩) এর আইটেম (২৩) সংশোধন, (৩২) প্রতিস্থাপন এবং নতুন আইটেম (৩৪) সংযোজন করে জেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করার ক্ষেত্রে( উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন ও জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে হলে ১২ডিজিটির টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। পাশাপাশি, মটরযান, স্থান, আবাসন, বা অন্যকোন সম্পদের মাধ্যমে কোন অংশভোগী অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করার জন্য ও লাইসেন্সধারী অস্ত্রগ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে ১২ডিজিটির টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।
- ❖ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৮জি সংযোজনের মাধ্যমে দৈব দুর্বিপাক ও যুদ্ধকালীন সময়ে জাতীয় রাজস্ব বোর্ডের অভিপ্রায় অনুযায়ী বিভিন্ন বিধান পরিপালনের সময়সীমা বৃদ্ধি করার অনুমতি দেয়া হয়েছে।
- ❖ আয়কর অধ্যোদশ, ১৯৮৪ এর ১ম তফসিল এর Part B এর paragraph 1 এর ক্লজ ((এফ) এর সাবক্লজ (আই) সংশোধন করে employer এর সংজ্ঞো বৃস্তত করে local authority অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ❖ অর্থ আইন ২০১৯ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৯বিবিবিবিবি প্রতিস্থাপন করে আবাসিক ও বাণিজ্যিক উভয় ধরনের বিল্ডিং বা এপার্টমেন্ট এর ক্ষেত্রে ধারা ১৯বিবিবিবিবি অনুযায়ী ভৌগোলিক এলাকাভেদে বর্গমিটার প্রতি নির্ধারিত পূর্বের কর হার হ্রাস করে নতুন কর হার নির্দিষ্ট করা হয়েছে। যা নিম্নরূপ;

| ক্রমিক নং | ভৌগলিক এলাকা | আয়তন | কর হার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|---|
| ১। | গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বা/এ, দিলকুশা বা/এ | ২০০ বর্গমিটারের কম | ৪ হাজার টাকা |
| | | ২০০ বর্গমিটারের বেশি | ৫ হাজার টাকা |
| ২। | ঢাকার ধানমণ্ডি আ/এ, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আ/এ, ঢাকা ক্যান্টনমেন্ট, কারওয়ান বাজার, বিজয়নগর, সেগুনবাগিচা, নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী, আগ্রাবাদ, নাসিরাবাদ | ২০০ বর্গমিটারের কম | ৩হাজার টাকা |
| | | ২০০ বর্গমিটারের বেশি<br>৪ হাজার টাকা | ৩ হাজার ৫ শত টাকা |
| ৩। | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকা | ১২০ বর্গমিটারের কম | ৮ শত টাকা |
| | | ১২০ বর্গমিটারের বেশি কিন্তু২০০ বর্গমিটারের কম | ১ হাজার টাকা |
| | | ২০০ বর্গমিটারের বেশি | ১ হাজার ৫ শত টাকা |
| ৪। | জেলা সদরের কোনো পৌরসভা | ১২০ বর্গমিটারের কম | ৩ শত টাকা |
| | | ১২০ বর্গমিটারের বেশি কিন্তু২০০ বর্গমিটারের কম | ৫ শত টাকা |
| | | ২০০ বর্গমিটারের বেশি | ৭ শত টাকা |
| ৫। | উপরিউক্ত এলাকাসমূহ ব্যতীত অন্যান্য এলাকা | ১২০ বর্গমিটারের কম | ২ শত টাকা |
| | | ১২০ বর্গমিটারের বেশি কিন্তু ২০০ বর্গমিটারের কম | ৩ শত টাকা |
| | | ২০০ বর্গমিটারের বেশি | ৫ শত টাকা |

তবে শর্ত থাকে যে– আয়কর বিভাগের কোন আইনি কার্যক্রমের ফলে এ ধরনের ঘোষনা প্রদান করতে হলে সেক্ষেত্রে বর্গমিটার প্রতি ১০০ শতাংশ অধিক হারের কর প্রদান করতে হবে। এছাড়া এ ধারার অন্যান্য বিধান পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।

- ❖ আমদানি পর্যায়ে উৎস করের পরিমাণ ও হার সংক্রান্ত বিধি ১৭এ সংশোধন করে বিধি ১৭এ এর ক্লজ (বি) এর টেবিল ১ প্রতিস্থাপন করা হয়েছে। এর ফলে উপর্যুক্ত পণ্যসমূহের ক্ষেত্রে আমদানি পর্যায়ে ২% উৎসে কর প্রযোজ্য হবে।

**আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Sixth Schedule Part A এর সংশোধন**

- ❖ আয়কর অধ্যোদশ, ১৯৮৪ এর SIXTH SCHEDULE Part A -এর প্রতিস্থাপিত Paragraph 8 অনুযায়ী শুধুমাত্র সরকারি এবং অনুমোদিত পেনশন ফান্ড হতে একজন করদাতা প্রাপ্ত পেনশন করমুক্ত হবে।
- ❖ আয়কর অধ্যোরদশ, ১৯৮৪ এর SIXTH SCHEDULE Part A -এর প্রতিস্থাপিত Paragraph 20 অনুযায়ী সরকারি ও অনুমোদিত গ্র্যাচুইটি ফান্ড হতে একজন করদাতা প্রাপ্ত ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত করমুক্ত হবে।
- ❖ আয়কর অধ্যোরদশ, ১৯৮৪ এর SIXTH SCHEDULE Part A -এর প্রতিস্থাপিত Paragraph 54 অনুযায়ী Alternative Investment Fund হতে অর্জিত আয়ের স্থলে Alternative Investment Fund কতৃক অর্জিত আয় করমুক্ত হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর ধারা (৫২) অনুযায়ী কোন প্রতিষ্ঠান তার মোট জনবলের অর্থাৎ বেতন ও মজুরি প্রদান করা হয় এরূপ মোট জনবলের ১০% প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করলে উক্ত প্রতিষ্ঠান তার প্রদেয় করের ৫ শতাংশ কর রেয়াত পাবে। তবে ঐসব প্রতিবন্ধীকে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩৯ নং আইন এর ধারা ৩১ মোতাবেক নিবন্ধিত হতে হবে।
- ❖ অর্থ আইন ২০২০ এর ধারা (৫২) অনুযায়ী করারোপ করা হবে কোন স্কুল কলেজ, বিশ্ববিদ্যালয় ও এনজিওতে সেবা গস্থহণকারী প্রতিবন্ধীদের সহায়ক দেশে বিদ্যমান আইন অনুযায়ী আগমন ও গমন ব্যবস্থা না থাকলে ৫% অতিরিক্ত কর ধার্য হবে।

National Board of Revenue

**IT- GHA2020**

**Form of Return of Income Under Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984)**

Office Register No.

Applicable for Individual Taxpayers having taxable income and gross wealthnot exceeding tk. 4,00,000/- and tk. 40,00,000/- respectively

**Universal Self**

**Photograph of the Assessee**

1. **Name:** _____
2. **TIN:** _____
3. **Circle:** _____ **4. Zone:** _____
5. **Resident:** ☐ **6. Non-resident** ☐ **7. Assessment Year:** _____

| **8. Present Address and Mobile No.** | **9. Permanent Address and NID No.** |
|---|---|
| | |

**10. Taxable Income: Tk.** _____ **11. Gross Wealth: Tk.** _____

**12. Amount of Tax: Tk.....** **13. Source of Income:.....** **14. Bank&Challan No.& Date** _____

**15. Verification:** I.....Father/Spouse.....TIN.....do solemnly declare that I am eligible for this Return form and the information given here is correct and complete. I don't have any motor car and an investment in house property or in apartment in any city corporation area.

Date: (Signature)

- **Please show tax computation, name list of documents attached herewith and give brief description of your wealth and liabilities overleaf.**

**Universal Self** **Acknowledge Receipt** Register No.

Name: Assessment Year:

TIN: _____ Circle: _____ Zone: _____

**Taxable Income: Tk.** _____ **Gross Wealth: Tk.** _____

Amount of Tax: Bank/Mobile Bank: Challan No.

Date: Signature of the receiving officer with Seal

**24B. Declaration Form under section 19AAAA.-**

The Declaration required to be furnished under sub-section (2) of 19AAAA shall be in the following form and verified in the manner indicated therein:

National Board of Revenue

Register No. | Assessee's Copy | IT D2020

## Declaration form under section 19AAAA of the Income-tax Ordinance, 1984

1. Name of the Assessee:

2. TIN:

3. Circle:

4. NID:

5. Zone:

6. Email:

7. Contact No.:

8. Amount of investment:

9. Date:

10. Amount of Tax:

11. P.O Details:

12. BO Account No. (Ledger and Portfolio Statement Attached):

13. Name of Brokerage House or Merchant Banks:

14. Name of the Bank and Account No(Statement Attached):

**15. Verification:**

I.....Father/Spouse.....TIN.....do solemnly declare that the information given by this declaration is correct and complete.

Date: (Signature)

Date:

Signature of the receiving officer with Seal

National Board of Revenue

Register No. | Office Copy | IT D2020

# Declaration form under Section 19AAAA of the Income-tax Ordinance, 1984

1. Name of the Assessee:

2. TIN:

3. Circle:

4. NID:

5. Zone:

6. Email:

7. Contact No.:

8. Amount of investment:

9. Date:

10. Amount of Tax:

11. P.O Details:

12. BO Account No. (Ledger and Portfolio Statement Attached):

13. Name of Brokerage House or Merchant Banks:

14. Name of the Bank and Account No(Statement Attached):

**15.Verification:**

I.....Father/Spouse.....TIN.....
.do solemnly declare that the information given by this declaration is correct and complete.

Date:

Signature of the receiving officer with Seal

**Rule 33 এর sub-rule (2এর clause (a)এর পরিবর্তে নিম্নরূপ প্রতিস্থাপিত হবে।**

"(a) "basic salary" means the pay which is payable monthly or otherwise except bonuses or allowances of any kind called by whatever name, but does not include

(i) dearness pay unless it enters into the computation of superannuation or retirement benefits of the employee concerned

(ii) employer's contribution to a recognised provident fund to which the Provident Fund Act, 1925 (XIX of 1925), applies and the interest credited on the accumulated balance of an employee in such fund; and

(iii) perquisites, annuities and benefits referred to in sub-rule (1)." ।

## পরিশিষ্ট -২১

**Statement regarding filing of return of employees**

Under section 108A of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

Statement for Financial Year:
Name of the employer:
TIN:
Address:

| Sl. No. | Name of the employee | Designation | Twelve-digit Taxpayer's Identification Number |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | | |

| Taxes Circle, Taxes Zone/ Unit | Date of filing of the return of income | The serial number provided by the Income-tax authority upon filing of the return | Remarks |
|---|---|---|---|
| 5 | 6 | 7 | 8 |
| | | | |

I certify that –

(a) the above statement contains a complete list of employees and their particulars about their filing of the return of income;
(b) the particulars above are correct and complete.

Signature & Seal

Name:.....
Designation:
Date of Signature:

সাধারণভাবে ধারা ১০৮ এর অধীনে দাখিলকৃত বিবরণীতে সকল কর্মীর তথ্য অন্তর্ভুক্ত করার কথা সে সকল কর্মীর তথ্য বিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত বিবরণীর এক প্রস্থ নিয়োগকর্তার ব্যবসা বা প্রতিষ্ঠান যে উপ কর কমিশনার এর অধিক্ষেত্রাধীন তাঁর নিকট এবং অপর প্রস্থ ব্যবসা বা প্রতিষ্ঠানের employee গণ যে উপ কমিশনারের অধীক্ষেত্রাধীন তাঁর নিকট দাখিল করতে হবে।

➢ **নিবাসী করদাতার ক্ষেত্রে কতিপয় সেবা খাতকে চিহ্নিত করে কর হার সুনির্দিষ্টকরণ ঃ**

| ক্রমিক নং | সেবার খাত | কর কর্তনের হার (%ভিত্তি অংক) | |
|---|---|---|---|
| | | ভিত্তি অংক ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ভিত্তি অংক ২৫ লক্ষ টাকার উপর |
| ১) | উপদেষ্টা বা পরামর্শ সেবা | ১০% | ১২% |
| ২) | পেশাগত সেবা, প্রযুক্তিগত সেবা ফি, বা কারিগরি সহায়তা ফি | ১০% | ১২% |
| ৩) | xiii. ক্যাটারিং সার্ভিসেস<br>xiv. ক্লিনিং সার্ভিসেস<br>xv. কালেকশন এন্ড রিকভারী এজেন্সী<br>xvi. প্রাইভেট সিকিউরিটি সার্ভিস<br>xvii. ম্যানপাওয়ার সাপ্লাই সার্ভিস<br>xviii. ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস<br>xix. পাবলিক রিলেশন সার্ভিস<br>xx. ইভেন্ট ম্যানেজমেন্ট,<br>xxi. প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি<br>xxii. কুরিয়ার সার্ভিস<br>xxiii. প্যাকিং এবং শিফ্টিং সার্ভিস<br>xxiv. অন্য যে কোন সার্ভিসের উপর<br>(ক) কমিশনের উপর<br>(খ) মোট চুক্তি মূল্যের উপর | <br><br>১০%<br>১.৫% | <br><br>১২%<br>২% |
| ৪) | মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিসেস<br>(ক) কমিশনের উপর<br>(খ) মোট চুক্তি মূল্যের উপর | <br>১০%<br>০.৫% | <br>১২%<br>০.৬৫% |
| ৫) | ইন্ডেটিং কমিশন | ৬% | ৮% |
| ৬) | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী ভাতা | ১০% | ১২% |
| ৭) | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফি এর উপর | ১০% | ১২% |
| ৮) | ক্রেডিট রেটিং ফি | ১০% | ১২% |
| ৯) | মোটর গ্যারেজ ও ওয়ার্কসপ | ৬% | ৮% |
| ১০) | প্রাইভেট কন্টেইনার পোর্ট/ডকইয়ার্ড সার্ভিস | ৬% | ৮% |
| ১১) | শিপিং এজেন্সী কমিশন | ৬% | ৮% |
| ১২) | স্টিভডোরিং/বার্থ অপারেশন কমিশন | ১০% | ১২% |
| ১৩) | পরিবহন সেবা, গাড়ী ভাড়া | ৩% | ৪% |
| ১৪) | হুইলিং চার্জ ট্রান্সমিশনের জন্য | ৪% | ৫% |
| ১৫) | ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সপ্তম অধ্যায়ে সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সার্ভিস | ১০% | ১২% |

➢ **অনিবাসী করদাতাগণ কর্তৃক প্রাপ্ত বিভিন্ন প্রকারের অর্থের খাত সুনির্দিষ্ট করে প্রাপ্তির উপর নিম্নবর্ণিত হারে উৎসে কর আরোপ করা ঃ**

| ক্রমিক নং | সেবার খাত | কর কর্তনের হার |
|---|---|---|
| ২৮। | পরামর্শক/কনসালটেন্সী ফি বা সার্ভিস ফি | ২০% |
| ২৯। | প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস | ২০% |

| | | |
|---|---|---|
| ৩০। | পেশাগত সেবা, প্রযুক্তিগত সেবা, কারিগরি জ্ঞান বা কারিগরি সহায়তা | ২০% |
| ৩১। | আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন | ২০% |
| ৩২। | সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি | ২০% |
| ৩৩। | স্যাটেলাইট ভাড়া/চার্জ, এয়ারটাইম চার্জ, ফ্রিকোয়েন্সি ভাড়া/চার্জ | ২০% |
| ৩৪। | লিগ্যাল সার্ভিস | ২০% |
| ৩৫। | ম্যানেজমেন্ট/ইভেন্ট ম্যানেজমেন্ট | ২০% |
| ৩৬। | কমিশন | ২০% |
| ৩৭। | রয়্যালটি, লাইসেন্স ফি বা ইনটানজিবল সম্পর্কিত পেমেন্ট | ২০% |
| ৩৮। | সুদ | ২০% |
| ৩৯। | বিজ্ঞাপন প্রচার বাবদ | ২০% |
| ৪০। | বিজ্ঞাপন তৈরি বাবদ | ১৫% |
| ৪১। | এয়ার/ওয়াটার ট্রান্সপোর্ট | ৭.৫% |
| ৪২। | ম্যানুফ্যাকচার, প্রসেস বা কনর্ভাশন, সিভিল ওর্য়াক, নির্মাণ, প্রকৌশলী বা অনুরূপ প্রকৃতির ঠিকাদারী বা উপ-ঠিকাদার | ৭.৫% |
| ৪৩। | সরবরাহকারী | ৭.৫% |
| ৪৪। | ক্যাপিটাল গেইন | ১৫% |
| ৪৫। | ইন্স্যুরেন্স প্রিমিয়াম | ১০% |
| ৪৬। | যন্ত্রপাতি ভাড়া | ১৫% |
| ৪৭। | লভ্যাংশঃ কোম্পানী করদাতা<br>ব্যক্তি করদাতা | ২০%<br>৩০% |
| ৪৮। | শিল্পী/অভিনেতা-অভিনেত্রী/খেলোয়াড় | ৩০% |
| ৪৯। | বেতন/সম্মানী | ৩০% |
| ৫০। | তৈল-গ্যাস অনুসন্ধান অথবা উত্তোলন সংক্রান্ত কূপ খনন (ড্রিলিং ইন পেট্রোলিয়াম অপারেশন) | ৫.২৫% |
| ৫১। | তৈল-গ্যাস অনুসন্ধানে সকল প্রকারের জরীপ | ৫.২৫% |
| ৫২। | তৈল-গ্যাস ক্ষেত্রে (Field) অনুসন্ধান, উত্তোলন অথবা পাইপ লাইন বা অন্য কোন পদ্ধতিতে তৈল-গ্যাস ক্ষেত্র (Field) থেকে তৈল বা গ্যাস রপ্তানী পয়েন্ট (Export Point) পর্যন্ত প্রদত্ত অন্য যে কোন সেবার ক্ষেত্রে | ৫.২৫% |
| ৫৩। | উপরে উল্লেখিত নয় এমন কোন সেবার জন্য প্রদেয় অর্থের উপর | ২০% |
| ৫৪। | অন্যান্য যে কোন সেবার জন্য প্রদেয় অর্থের উপর | ৩০% |

➢ **কতিপয় আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনঃ**

- বিধি ১১ সংশ্লিষ্ট আয়কর অধ্যাদেশের সংশ্লিষ্ট বিধান বিলোপ করা হয়েছে;
- বিধি ১৩ প্রতিস্থাপন করে উৎসে কর্তিত/আদায়কৃত কর সরকারী কোষাগারে জমা প্রদানের নির্ধারিত সময়সীমা পরিবর্তন করা হয়েছে;
- বিধি ১৪ প্রতিস্থাপন করে উৎসে কর্তিত/সংগৃহীত কর সরকারী কোষাগারে জমা প্রদানের পদ্ধতি সুনির্দিষ্টকরণ করা হয়েছে;
- বিদেশ হতে কয়লা [Coal, whether or not pulverised, but not agglomerated, other coal (H.S Code: ২৭০১.১৯.০০)] আমদানির ক্ষেত্রে ৫% হারে উৎসে আয়কর আদায়ের বিধান করা হয়েছে;
- বিধি ১৮ প্রতিস্থাপন করে উৎসকরের ক্ষেত্রে পূর্বের ২ ধরনের সার্টিফিকেটের পরিবর্তে ৩ ধরনের সার্টিফিকেট প্রবর্তন করা হয়েছে:
- বিধি ২১ এর প্রতিস্থাপনের মাধ্যমে বেতন খাতে উৎসে কর কর্তনের বিবরণী দাখিল সংক্রান্ত বিধানে পরিবর্তন আনা হয়েছে;
- বিধি ২৩ তে সংশোধনী এনে বেতন-ভাতাদি পরিশোধ সংক্রান্ত বার্ষিক বিবরণী ফরমটি যুগোপযোগী করা হয়েছে;
- বিধি ৬৫সি প্রতিস্থাপন করে নতুন বিধি ৬৫সি এর মাধ্যমে ব্যবসায়ের ক্ষেত্রে ফ্রি স্যাম্পল বিতরণ বাবদ খরচ অনুমোদনের হার পুনর্বিন্যাস করা হয়েছে।

**পরিশিষ্ট -২১.১**

**ব্যক্তি করদাতার ক্ষেত্রে প্রযোজ্য রিটার্ন ফরম**

**আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ (১৯৮৪-এর ৩৬নং অধ্যাদেশ) এর অধীন আয়কর রিটার্ন ফরম**

**আইটি-১১ গ**

**ব্যক্তিশ্রেণী ও অন্যান্য করদাতার জন্য (কোম্পানী ব্যতীত)**

**সম্মানিত করদাতা হোন সময়মত রিটার্ন দিন জরিমানা পরিহার**

**করদাতার ছবি**
(ছবির উপর সত্যায়ন করুন)

**প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিন**

| স্বনির্ধারণী | সার্বজনীন স্বনির্ধারণী | সাধারণ |
|---|---|---|

১। করদাতার নাম ঃ.....

২। জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) ঃ .....

৩। ইউটিআইএন (যদি থাকে)ঃ | | | | - | | | | - | | | | |

৪। টিআইএনঃ | | | | - | | | | - | | | | |

৫। (ক) সার্কেলঃ.....(খ) কর অঞ্চল ঃ.....

৬। কর বৎসরঃ ..... ৭। আবাসিক মর্যাদাঃ নিবাসী / অনিবাসী

৮। মর্যাদাঃ ব্যক্তি ☐ ফার্ম ☐ ব্যক্তি সংঘ ☐ হিন্দু অবিভক্ত পরিবার ☐

৯। ব্যবসা প্রতিষ্ঠান/নিয়োগকারীর নাম (প্রযোজ্য ক্ষত্রে)ঃ.....

১০। স্ত্রী/স্বামীর নাম (করদাতা হলে টিআইএন উল্লেখ করুন) ঃ .....

১১। পিতার নাম .....

১২। মাতার নাম ঃ .....

১৩। জন্ম তারিখ (ব্যক্তির ক্ষেত্রে) ঃ | | | | | | | | |

দিন মাস বৎসর

১৪। ঠিকানা ঃ (ক) বর্তমান ঃ .....

.....

(খ) স্থায়ী ঃ.....

.....

১৫। টেলিফোন ঃ অফিস/ব্যবসা ঃ..... আবাসিক ঃ .....

১৬। ভ্যাট নিবন্ধন নম্বর (যদি থাকে) ঃ.....

**N.B. : http://www.nbr.gov.bd** থেকে রিটার্ন ফরম ডাউনলোড করা যাবে এবং ফটোকপিও গ্রহণযোগ্য।

## করদাতার আয় বিবরণী

## ..... তারিখে সমাপ্ত আয় বৎসরের আয়ের বিবরণী

| ক্রমিক নং | আয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | বেতনাদি ঃ ধারা ২১ অনুযায়ী (তফসিল ১ অনুসারে) | |
| ২। | নিরাপত্তা জামানতের উপর সুদ ঃ ধারা ২২ অনুযায়ী | |
| ৩। | গৃহ সম্পত্তির আয় ঃ ধারা ২৪ অনুযায়ী (তফসিল ২ অনুসারে) | |
| ৪। | কৃষি আয় ঃ ধারা ২৬ অনুযায়ী | |
| ৫। | ব্যবসা বা পেশার আয় ঃ ধারা ২৮ অনুযায়ী | |
| ৬। | ফার্মের আয়ের অংশ ঃ | |
| ৭। | প্রযোজ্য ক্ষেত্রে স্বামী / স্ত্রী বা অপ্রাপ্ত বয়স্ক সন্তানের আয় ঃ ধারা ৪৩(৪) অনুযায়ী | |
| ৮। | মূলধনী লাভ ঃ ধারা ৩১ অনুযায়ী (ব্যাংক সুদ) | |
| ৯। | অন্যান্য উৎস হতে আয় ঃ ধারা ৩৩ অনুযায়ী | |
| ১০। | মোট (ক্রমিক নং ১ হতে ৯) | |
| ১১। | বিদেশ থেকে আয়ঃ | |
| ১২। | মোট আয় (ক্রমিক নং ১০ এবং ১১) | |
| ১৩। | মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর | |
| ১৪। | কর রেয়াতঃ ধারা ৪৪(২)(বি) অনুযায়ী (তফসিল ৩ অনুসারে) | |
| ১৫। | প্রদেয় কর (ক্রমিক নং ১৩ ও ১৪ এর পার্থক্য) | |
| ১৬। | পরিশোধিত করঃ<br>(ক) উৎস হতে কর্তিত/সংগৃহীত করঃ<br>(প্রামাণ্য দলিলপত্র/বিবরণী সংযুক্ত করুন) টাকা .....<br>(খ) ধারা ৬৪/৬৮ অনুযায়ী প্রদত্ত অগ্রিম কর (চালান সংযুক্ত করুন) টাকা .....<br>(গ) এই রিটার্নের ভিত্তিতে প্রদত্ত কর (ধারা ৭৪) অনুযায়ী<br>(চালান/পে অর্ডার/ব্যাংক ড্রাফ্ট/চেক সংযুক্ত করুন) টাকা .....<br>(ঘ) প্রত্যর্পণযোগ্য করের সমন্বয় (যদি থাকে) টাকা .....<br>মোট [(ক), (খ), (গ) ও (ঘ) | টাকা ..... |
| ১৭। | ক্রমিক নং ১৫ ও ১৬ নং এর পার্থক্য (যদি থাকে) | টাকা ..... |
| ১৮। | কর অব্যাহতি প্রাপ্ত ও করমুক্ত আয়ের পরিমাণ | টাকা ..... |
| ১৯। | পূর্ববর্তী কর বৎসরে প্রদত্ত আয়কর | টাকা ..... |

*বিস্তারিত বিবরণাদির জন্য বা প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন।

## প্রতিপাদন

আমি ..... পিতা/স্বামী ..... ইউটিআইএন/টিআইএনঃ ..... সজ্ঞানে ঘোষণা করছি যে, এ রিটার্ণ এবং বিবরণী ও সংযুক্ত প্রমাণাদিতে প্রদত্ত তথ্য আমার বিশ্বাস ও জানামতে সঠিক ও সম্পূর্ণ।

স্থানঃ .....  স্বাক্ষর

তারিখঃ .....

(স্পষ্টাক্ষরে নাম)
পদবী ও
সীল মোহর (ব্যক্তি না হলে)

## আয়ের বিস্তারিত বিবরণী সম্বলিত তফসিল

**করদাতার নামঃ .....** **টিআইএনঃ** | | | | - | | | | - | | | | |

**তফসিল-১ (বেতনাদি)**

| বেতন ও ভাতাদি | আয়ের পরিমাণ (টাকা) | অব্যাহতি প্রাপ্ত আয়ের পরিমাণ (টাকা) | নীট করযোগ্য আয় (টাকা) |
|---|---|---|---|
| মূল বেতন | | | |
| বিশেষ বেতন | | | |
| মহার্ঘ ভাতা | | | |
| যাতায়াত ভাতা | | | |
| বাড়ি ভাড়া ভাতা | | | |
| চিকিৎসা ভাতা | | | |
| পরিচারক ভাতা | | | |
| ছুটি ভাতা | | | |
| সম্মানী/পুরস্কার/ফি | | | |
| ওভার টাইম ভাতা | | | |
| বোনাস/এক্স-গ্রেসিয়া | | | |
| অন্যান্য ভাতা | | | |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা | | | |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে অর্জিত সুদ | | | |
| যানবাহন সুবিধার জন্য বিবেচিত আয় | | | |
| বিনামূল্যে সজ্জিত বা অ-সজ্জিত বাসস্থানের জন্য বিবেচিত আয় | | | |
| অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন) | | | |
| বেতন হতে নীট করযোগ্য আয় | | | |

বাংলাদেশ বর্তমানে গ্যাট ভ্যালুয়েশন চুক্তির আওতাভূক্ত দেশ হওয়ায় PSI (Pre-Shipment Inspection) কোম্পানীর মাধ্যমে GATT VALUATION AGREEMENT এর শর্তানুযায়ী প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য (Actual paid or payable) মূল্যের ভিত্তিতে শুল্কায়নের উদ্দেশ্যে নিয়োগপ্রাপ্ত। ফলে, অধিকাংশ পণ্য PSI- Certificate এর ভিত্তিতে শুল্ক ধার্য্যের উদ্দেশ্যে মূল্য নির্ধারণ বা মূল্যায়ন করা হচ্ছে।

শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা-২৫ শুল্কায়নের উদ্দেশ্যে পণ্যের মূল্য ধার্যের জন্য নির্ধারিত বিধান। উক্ত section - 25 এর অধীনে (৬) টি অনুচ্ছেদ এবং ধারা-২৫এ, ২৫বি ও ২৫সি প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োগযোগ্য বিধান। নীচে ধারা-২৫ ও ২৫এ, সম্পর্কে সংক্ষেপে প্রয়োজনীয় বিষয়াদি উল্লেখ করা হলো,যথা ঃ-

**ধারা-২৫ঃ**

**প্রকৃত মূল্য ঃ** যখন কাষ্টম শুল্ক পণ্যের মূল্যের ভিত্তিতে আরোপণীয় হয় তখন সেই মূল্য প্রকৃত মূল্য হবে যা প্রকৃতপক্ষে পরিশোধিত হয় বা পরিশোধযোগ্য হয়। অর্থাৎ উক্ত পণ্যের নিকটতম নিরূপণযোগ্য সমর্থকমূল্য, যে মূল্যে সম্পূর্ণ প্রতিযোগিতামূলক অবস্থায় আন্তর্জাতিক বাণিজ্য প্রক্রিয়ায় উক্ত পণ্য বা অনুরূপ পণ্য আমদানির সময় এবং স্থানে এবং ক্ষেত্রমত রপ্তানীর সময় এবং স্থানে অর্পণের উদ্দেশ্যে সাধারণতঃ বিক্রয় করা হয় অথবা বিক্রয়ের প্রস্তাব করা হয়। যেখানে বিক্রেতা এবং ক্রেতার মধ্যে একে অন্যের ব্যবসায়ে কোন স্বার্থ থাকে না এবং বিক্রয় অথবা বিক্রয় প্রস্তাবে মূল্যই একমাত্র বিবেচ্য বিষয় হয়। প্রকৃত মূল্য = পণ্যের ক্রয় মূল্য + ভাড়া + বীমা কমিশন + মাশুল + বিক্রয় খরচ + অন্যান্য + আনুসাঙ্গিক ব্যয়।

**ট্যারিফ মূল্য ঃ** কোন পণ্যের ট্যারিফ মূল্য নির্ধারিত হয় সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা ২৫(৩) প্রদত্ত ক্ষমতাবলে সরকার কাষ্টমস শুল্ক আরোপের জন্য আমদানিকৃত বা রপ্তানীকৃত পণ্যের ট্যারিফ মূল্য নির্ধারণ করতে পারে। যে ক্ষেত্রে ট্যারিফ মূল্য নির্ধারিত থাকে সে ক্ষেত্রে প্রকৃত মূল্য বা অন্য কোন মূল্য গ্রহণযোগ্য নয়। সাধারণতঃ ট্যারিফ মূল্য কমপক্ষে পূর্বাপর ছয় মাসের মধ্যে আমদানিকৃত ও শুল্কায়িত রেকর্ড মূল্য যাচাই করে সর্বনিম্ন মূল্য ধার্য্য করা হয়। তবে, যদি কোন আমদানিকারক ট্যারিফ মূল্যের চেয়ে ঘোষিত মূল্য বেশী প্রদর্শন করেন তখন ইনভয়েস মূল্যেই শুল্কায়ন হবে। এস আর ও নং- ১৩৫-আইন/২০১৩/২৪৯৯/কাস্টমস, তারিখ : ৫ জুন, ২০১৪ দ্বারা কতিপয় পণ্যের ট্যারিফ মূল্য পরিবর্তন করা হয়েছে।

**ধারা-২৫এঃ** আইনের ধারা-২৫এ এর আওতায় প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এজেন্সি কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে শুল্কায়ন মূল্য নির্ধারণ হয়। PSI কোম্পানীর প্রত্যয়নপত্র প্রদান, উদ্দেশ্য, নিয়োগ ইত্যাদির বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা - ২০০২ (এস,আর,ও নং- ২৫৫-আইন/২০০২/১৯৭৩/শুল্ক তারিখঃ ১৯/৯/২০০২) তে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। বিধিমালা এসআরও নং- ১৫৬/আইন/২০১৩/২৪৪৩/কাস্টমস, তারিখ ঃ ৬ জুন, ২০১৩ অনুযায়ী CIF মূল্যের উপর ব্লক ওয়ারী পিএসআই ফি পরিশোধের হার নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | ব্লকের নাম | পিএসআই ফি এর শতকরা হার (সিআইএফ মূল্যের উপর) |
|---|---|---|
| ১। | ব্লক -এ | ০.১০% |
| ২। | ব্লক -বি | ০.১৪৫% |
| ৩। | ব্লক -সি | ০.২৭৫% |
| ৪। | ব্লক -ডি | ০.৩৫০% |
| ৫। | ব্লক -ই | ০.৫৫০% |

তবে বর্তমানে বাধ্যতামূলক PSI এর পরিবর্তে স্বেছামূলক (optional) PSI বলবৎ আছে।

৮। **বিরোধ মীমাংসা ঃ**

যদি PSI কোম্পানীর প্রত্যয়নপত্র দ্বারা পণ্য খালাসের পর আমদানিকারকের নিকট প্রতীয়মান হয় যে, প্রত্যায়ন পত্রটির কারণে অথবা পরিদর্শন সংস্থা কর্তৃক PSI বিধিমালার কোন যতাযথভাবে অনুসরণ না করার কারণে অথবা শুল্ক কর্মকর্তার কোন সিদ্ধান্তের কারণে তিনি ক্ষতিগ্রস্ত হয়েছেন এ উদ্দেশ্যে গঠিত রিভিউ কমিটির নিকট অভিযোগ দায়ের করতে পারেন।

অর্থাৎ বিরোধের নিষ্পত্তি করতেই এই রিভিউ কমিটি গঠন করা হয়। বোর্ড প্রতিটি শুল্ক ভবন বা শুল্ক ষ্টেশনে অনধিক ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন করবে, যাতে অনূন্য ২ (দুই) জন বেসরকারী সদস্য থাকবে।

**রিভিউ কমিটি ঃ**

**রিভিউ কমিটির কার্যক্রম ঃ**

(ক) অভিযোগ প্রাপ্তির ৪৫ কার্যদিবসের মধ্যে সকল শুনানী সম্পন্ন করা এবং শুনানী সম্পন্ন হওয়ার ৭টি কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত লিখিতভাবে পক্ষগণকে অবহিত করা;

(খ) রিভিউ কমিটি ঢাকা, চট্টগ্রাম এবং বোর্ড কর্তৃক নির্ধারিত যে কোন স্থানে শুনানী গ্রহণ করতে পারবে;

(গ) শুনানী গ্রহণকালে উপস্থিত থাকার জন্য উভয় পক্ষকে লিখিত নোটিশ প্রদান করবে;

(ঘ) ন্যূনতম তিন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হবে ঃ সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে;

(ঙ) লিখিতভাবে এবং যুক্তিসংগত কারণ সভাপতিকে অবহিত না করে অভিযোগকারী সভায় অনুপস্থিত থাকলে সভাপতি তার আবেদন খারিজ করতে পারেন। অনুরূপভাবে প্রতিপক্ষের বিষয়ে সিদ্ধান্ত হবে।

(চ) রিভিউ কমিটির সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে যে কোন পক্ষ সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট আপীল করতে পারবে।

**অন্যান্য বিরোধ মীমাংসা ঃ** সাধারণতঃ যে সকল অভিযোগ/ আপত্তি রিভিউ কমিটিতে প্রেরণ করা হয় না সে সকল অভিযোগ/ আপত্তি কাস্টমস হাউসে গঠিত এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক নিষ্পন্ন করা হয়। কমিশনার কর্তৃক উক্ত এ্যাসেসমেন্ট কমিটি গঠিত হয় যাতে আবদনকারী, চেম্বারের প্রতিনিধি এবং ক্ষেত্রমত CCI&E (আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর) এর প্রতিনিধিগণ সম্পৃক্ত থাকেন। এ্যাসেসমেন্ট কমিটি H. S. Code বিষয়ক বিরোধও মীমাংসা করেন। প্রয়োজনে এ্যাসেসমেন্ট কমিটি নমুনা পরীক্ষা ও এর বাস্তব ব্যবহার, গুণাগুণ ইত্যাদি পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। কোন ক্ষেত্রে এইচ এস কোড সম্পর্কে এ্যাসেসমেন্ট কমিটি সিদ্ধান্ত গ্রহণে ব্যর্থ হলে তা World Customs Organization (WCO) এ প্রেরণ করা হয়।

## ৯। এন্টি-ডাম্পিং, কাউন্টার ভেইলিং এবং সেইফগার্ড শুল্ক আরোপ

এই তিনটি বিষয়ে শুল্ক আইন, ১৯৬৯ এ প্রয়োজনীয় বিধান সন্নিবেশন করা হয়েছে। সংক্ষেপে বিধিগুলো নিম্নরূপঃ

**কাউন্টার ভেইলিং শুল্ক আরোপঃ** যদি কোন দেশ বা এলাকা কোন পণ্যের প্রস্তুতকরণ বা উৎপাদনে অথবা সেখান হতে রপ্তানিতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত পণ্য পরিবহনে ভতুর্কিসহ কোন ভতুর্কি প্রদান করে, তা হলে, উক্ত পণ্য যে দেশে প্রস্তুত, উৎপাদিত বা ভিন্নভাবে প্রাপ্ত সে দেশ হইতে সরাসরি আমদানি করা হোক না কেন এবং তা প্রস্তুতকৃত বা উৎপাদিত দেশ হতে রপ্তানির সময়ে যে অবস্থায় ছিল সেই অবস্থায় অথবা প্রস্তুতকরণ, উৎপাদন দ্বারা বা ভিন্নভাবে পরিবর্তিত অবস্থায় আমদানি করা হোক না কেন, উক্ত পণ্য আমদানিতে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উহার উপর উক্ত ভতুর্কির অনধিক পরিমাণ কাউন্টারভেইলিং শুল্ক আরোপ করতে পারবে। এ সম্পকে **শুল্ক আইন**, ১৯৬৯ এর ধারা ১৮এ অনুসরণ করা হয়।

**এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ ঃ** যদি কোন দেশ বা এলাকা হতে কোন পণ্য তার স্বাভাবিক মূল্যের চেয়ে কম মূল্যে বাংলাদেশে রপ্তানি করা হয় তা হলে উক্ত পণ্য আমদানিতে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এর উপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করতে পারবে, যা উক্ত পণ্যের ডাম্পিং এর ব্যবধানের অধিক হবে না। এ সম্পর্কে শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা ১৮বি অনুসরণ করা হয়।

**সেইফগার্ড শুল্ক আরোপ ঃ** যদি সরকার যেরূপ সঙ্গত বিবেচনা করে সেরূপ তদন্ত অনুষ্ঠান করে সন্তুষ্ট হয় যে কোন পণ্য বাংলাদেশে এমন বর্ধিত পরিমাণে এবং এমন শর্তে আমদানি করা হচ্ছে যাতে স্থানীয় শিল্পের গুরুতর স্বার্থহানি ঘটতে অথবা স্বার্থহানি হওয়ার হুমকির সৃষ্টি করতে পারে, তা হলে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত পণ্যের উপর সেইফগার্ড শুল্ক আরোপ করতে পারবে । এ সম্পর্কে শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা ১৮সি অনুসরণ করা হয়।

## ১০। শুল্ক প্রত্যর্পণ

সকল ধরনের প্রত্যর্পণ প্রদানের জন্য DEDO বা Duty Exemption and Drawback Office বা শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর ক্ষমতা প্রাপ্ত। শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা ৩৫, ৩৬, ৩৭ এবং ৩৮ অনুযায়ী কেবল কাস্টমস ডিউটি প্রত্যর্পন প্রদানযোগ্য। এছাড়া ধারা ৩৯ হচ্ছে যে ক্ষেত্রে প্রত্যর্পণ মঞ্জুর করা যাবে না এবং ধারা ৪১ হচ্ছে প্রত্যর্পণ দাবীর জন্য দাবীদার কর্তৃক ঘোষণা প্রদান। অপরদিকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৩ অনুযায়ী একজন রপ্তানীকারক আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক, আবগারী শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রত্যর্পণ পাওয়ার যোগ্য। প্রত্যর্পণ পাওয়ার অন্যতম প্রধান শর্ত হলো, রপ্তানীর ছয় মাসের মধ্যে প্রত্যর্পণ দাবী দাখিল করতে হবে।

**ড্র-ব্যাক অর্থ ঃ** শুল্ক আইন, ১৯৬৯ অনুযায়ী "Drawback" অর্থ আমদানিকৃত কোন পণ্যের উপর পরিশোধিত আমদানি শুল্ক যা বাংলাদেশের বাইরে অথবা বিদেশগামী কোন যানবাহনে রপ্তানী করা হলে, উক্ত শুল্কের সাত-অষ্টমাংশ শর্ত সাপেক্ষে ফেরত প্রদান।

**ড্র-ব্যাক প্রদানের শর্ত ঃ**

(১) যে পণ্য আমদানি করা হয়েছে সেই পণ্য রপ্তানিকালে শুল্ক স্টেশনে সহজে সনাক্ত করা যায় বা সহজে সনাক্তযোগ্য হয়;
(২) পুনঃজাহাজীকরণ অবশ্যই বিদেশী বন্দরে হতে হবে;
(৩) আমদানিকৃত পণ্য রপ্তানী তালিকাভূক্ত করতে হবে অবশ্যই আমদানির তারিখ হতে দুই বৎসর অথবা সর্বোচ্চ অনুমোদন সাপেক্ষে তিন বৎসরের মধ্যে;
(৪) রপ্তানীর ছয় মাসের মধ্যেই প্রত্যর্পণ দাবী করতে হবে;
(৫) আমদানিকৃত পণ্য রপ্তানীর মধ্যবর্তী সময়ে যে উদ্দেশ্যে আমদানি করা হয়েছে সেই উদ্দেশ্য পূরণ করার সনদপত্র দাখিল;
(৬) রপ্তানীকালে পণ্য অবশ্যই রপ্তানী তালিকাভূক্ত হতে হবে;
(৭) রপ্তানীর ক্ষেত্রে প্রতিটি শিপমেন্টের মূল্য ১০০/- (একশত) টাকার উর্ধ্বে হতে হবে;
(৮) যতক্ষণ পর্যন্ত সংশ্লিষ্ট যানবাহন বাংলাদেশের জলসীমা বা আকাশ সীমা অতিক্রম না করে ততক্ষণ ড্র-ব্যাক মঞ্জুর হবে না;
(৯) এ ধরণের প্রত্যর্পণ পরিশোধিত শুল্কের সাত-অষ্টমাংশের বেশী হবে না।

## ১১। বন্ডেড ওয়্যারহাউস

শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা-১১ এর আওতায় জাতীয় রাজস্ব বোর্ড কোনো এলাকাকে ওয়্যারহাউস স্টেশন ঘোষণা করে থাকে। বর্তমানে ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর, চট্টগ্রাম, খুলনাসহ আরো কয়েকটি স্থানকে এরূপ ওয়্যারহাউস স্টেশন ঘোষণা করা রয়েছে।

ঘোষিত ওয়্যারহাউস স্টেশন এলাকায় স্থাপিত নির্দিষ্ট খাতের কোনো শিল্প-প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস শুল্ক আইন, ১৯৬৯ ধারা-১৩ এর আওতায় বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান করেন। কোনো শিল্প-প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স থাকলে সংশ্লিষ্ট শিল্পের জন্য আমদানিকৃত কাঁচামাল খালাস পর্যায়ে শুল্ক-কর আদায় ব্যতিরেকে একটি আইনানুগ বন্ড গ্রহণ করে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে পণ্য খালাস দেয়া হয় ঃ

- ১০০ ভাগ রপ্তানিমুখী শিল্পের জন্য কাঁচামাল আমদানি হলে উৎপাদিত সমুদয় পণ্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে পুনঃরপ্তানি করতে হবে - (Export-Oriented Bonded Warehouse)।
- উৎপাদিত পণ্য দেশীয় ভোগের জন্য বাজারজাত করা হলে নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাঁচামালের ওপর প্রযোজ্য শুল্ককর পরিশোধপূর্বক বন্ডেড গুদাম থেকে কাঁচামাল বের করে উৎপাদনে ব্যবহার করতে হবে - (Home Consumption Bonded Warehouse)।

বিভিন্ন শিল্প-খাতে প্রদত্ত বন্ডেড ওয়্যারহাউস সুবিধার অপব্যবহার হওয়ায় এ সুবিধা বাতিল/ সীমিতকরণ করা হচ্ছে। বর্তমানে আর কোন Home Consumption Bonded Warehouseলাইসেন্স প্রদান করা হচ্ছে না।

**(ক) বন্ড লাইসেন্স গ্রহণ/ প্রদান সংক্রান্ত সাধারণ তথ্যাবলী**

| বন্ড লাইসেন্সের প্রকৃতি | শিল্প-খাত | উৎপাদিত পণ্যের | লাইসেন্স প্রদান করা হয় কিনা ? | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১০০% Export oriented Bond | শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প, রপ্তানিমুখী চামড়াশিল্প। | সরাসরি বিদেশে রপ্তানি। | ঘোষিত ওয়্যারহাউস স্টেশন এলাকায় বন্ড লাইসেন্স প্রদান করা হয়। | কমিশনার কাস্টসম বন্ড এরূপ লাইসেন্স প্রদান করেন। |
| Deemed Exporter Bond | তৈরী পোশাক শিল্পের পশ্চাদ-সংযোগ শিল্প। | স্থানীয় ব্যাক-টু-ব্যাক এল/সি'র মাধ্যমে রপ্তানিমুখী পোশাক শিল্পে সরবরাহ। | ঘোষিত ওয়্যারহাউস স্টেশন এলাকায় বন্ড লাইসেন্স প্রদান করা হয়। | কমিশনার কাস্টসম বন্ড এরূপ লাইসেন্স প্রদান করেন। |
| EPZ Bond | কেবল ইপিজেডের অভ্যন্তরে স্থাপিত শিল্পের জন্য। | সরাসরি বিদেশে রপ্তানি। | কেবল ইপিজেডের অভ্যন্তরে স্থাপিত শিল্পের জন্য দেয়া হয়। | ইপিজেড সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস। |
| Home Consumption on Bond | দেশীয় ভোগের জন্য প্রতিষ্ঠিত শিল্প কারখানা। | সরাসরি বিদেশে বিক্রয়। | বর্তমানে এরূপ বন্ড লাইসেন্স প্রদান করা হচ্ছে না। ইতোপূর্বে যে সকল লাইসেন্স প্রদান করা হয়েছে তা বাতিল করা হচ্ছে। | এ ধরনের বন্ড লাইসেন্সযোগ্য তবে, বর্তমানে এ ধরনের লাইসেন্স প্রদান নিরুৎসাহিত করা হয়। |

**(খ) সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ**

সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ১৪/২০০৮, তারিখ ঃ ২৯/০৬/২০০৮ দেখা যেতে পারে।

**(গ) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান, তদারকি এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলী নির্ধারণ**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান, তদারকি এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলী নির্ধারণের লক্ষ্যে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ অনুসরণ করা হয়। বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৮১-আইন/২০০৮/২২০৯/শুল্ক, তারিখঃ ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০০৮ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৩-আইন/২০১৫/৩৩/কাস্টমস, তারিখ ঃ ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ জারী করা হয়েছে।

**(ঘ) শতভাগ রপ্তানীমুখী পোশাক শিল্পের জন্য ঋণপত্র ব্যতিরেকে আমদানিকৃত ৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল বন্ডের আওতায় খালাস প্রদান**

বন্ডের আওতায় ঋণপত্র ব্যতিরেকে শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্পের **৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল বন্ডের আওতায়** ছাড় করার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ৩(১) শুল্ক ঃ রপ্তানি ও বন্ড/২০০১/ তারিখঃ ১৩/১২/২০০৩ অনুযায়ী অনুসরণ করা হয়।

**(ঙ) লাইসেন্স এর জন্য আবশ্যক দলিলাদি**

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১. | যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন। |
| ২. | BOI/BSCIC -এর রেজিস্ট্রেশন সনদপত্র। |
| ৩. | কোম্পানীর টিআইএন সনদসহ সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এর সার্টিফাইড কপি। |
| ৪. | হালনাগাদ ট্রেড লাইসেন্স। |
| ৫. | হালনাগাদ ফায়ার লাইসেন্স। |
| ৬. | মূল্য সংযোজন কর সনদপত্র। |
| ৭. | সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য নন এমন ব্যবসায়ীগণ এসোসিয়েশনের সুপারিশপত্র ছাড়াই সরাসরি বন্ড লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন। |
| ৮. | প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল। |
| ৯. | বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১০. | জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশন এর ১টি করে মূল বই (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১১. | মেশিনারী আমদানির ক্ষেত্রে Invoice ও B/E এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি। |
| ১২. | প্রস্তাবিত বন্ডেড ওয়্যার হাউসের ২ (দুই) কপি নীল নকশা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত। |
| ১৩. | কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র। |
| ১৪. | ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গীকারসহ ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা। |

## ১২। মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি

মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৪৪-আইন/২০১৯/১৩/কাস্টমস, তারিখ : ৩০ মে, ২০১৯ খ্রিস্টাব্দ এর সংশোধনী এস.আর.ও. নং- ১২১-আইন/২০২০/৭২/কাস্টমস, তারিখ : ৩ জুন, ২০২০ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে TABLE এর কলাম (১) এর Heading-এর আওতাভুক্ত কলাম (২) এ উল্লিখিত H.S.Code এর অধীনে মূল্যভিত্তিক ১% এর উপরে আরোপীয় আমদানি শুল্ক মূল্যভিত্তিক ৫% এর উপর হলে সেই আমদানি শুল্ক, রেগুলেটরি ডিউটি এবং সম্ সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক যদি থাকে তবে তা প্রত্যাহার করা হলো। এ প্রজ্ঞাপন অনুযায়ী যন্ত্রাংশ বলতে যেসব পণ্য অন্তর্ভুক্ত হবে তা **পরিশিষ্ট-৪২.৫** এ সন্নিবেশ করা হয়েছে এবং মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে রেয়াতী শুল্কহার এর সুবিধা গ্রহণের ক্ষেত্রে শর্তাবলী ও উল্লেখ করা হয়েছে।

১৩। **জাহাজ শিল্পের কাঁচামাল আমদানি সংক্রান্ত রেয়াতি শুল্কহারযোগ্য পণ্যের তালিকা সম্প্রসারণ**

সমুদ্রগামী জাহাজ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৩০-আইন/২০২০/৮১/কাস্টমস এর মাধ্যমে প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৫০-আইন/২০১৩/২৪৩৭/কাস্টমস- সংশোধন করে রেয়াতি শুল্কহারযোগ্য পণ্যের তালিকা সংশোধন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে TABLE এর কলাম (১) এবং TABLE এর কলাম (২) এর Heading-এর আওতাভুক্ত কলাম (২) এ উল্লিখিত H.S.Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যেও উপর আরোপীয় আমদানি শুল্ক মূল্যভিত্তিক ৫% এর উপর হলে সেই আমদানি শুল্ক, রেগুলেটরি ডিউটি এবং সম্পূরক শুল্ক প্রত্যাহার করা হলো।

**TABLE I & TABLE II**

| Heading | HS Code | Description of the Godds |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 40.16 | 4016.95.00 | Other inflatable articles of vulcanised rubber Ship launching air bag |
| 72.08 | 7208.40.90 | Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated, not in coils, not further worked than hot-rolled, with patterns in relief. |
| | 7208.51.90 | Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated, not in coils, not further worked than hot-rolled, of a thickness exceeding 10 mm |
| 72.16 | 7216.50.00 | Other angles, shapes and sections, not further worked than hot-rolled, hot-drawn or extruded |
| 73.04 | 7304.31.00 | Other, of circular cross-section, of iron or non-alloy steel: Cold-drawn or cold-rolled (cold-reduced) |
| | 7304.39.00 | Other, of circular cross-section, of iron or non-alloy steel: Other |
| | 7304.90.00 | Air vent head |
| 73.15 | 7315.89.00 | Anchor chain with standard accessories |
| 73.16 | 7316.00.00 | Anchors, grapnels and parts thereof, of iron or steel. |
| 76.04 | 7604.21.00 | Hollow profiles |
| 76.10 | 7610.10.00 | Door, window |
| 84.83 | 8483.10.00 | Transmission shafts (including cam shafts and crank shafts) and cranks |
| 84.87 | 8487.10.00 | Ships' or boats' propellers and blades therefor Signaling equipment |
| 85.30 | 8530.80.00 | Signaling equipment |
| 85.37 | 8537.10.99 | Electric panel |
| 89.06 | 8906.90.00 | Life boat |
| 89.07 | 8907.10.00 | Rafts |
| 94.05 | 9405.40.90 | Navigation light |
| 72.29 | 7229.90.00 | Mooring wire |
| 84.24 | 8424.10.00 | Fire fighting equipment |
| 85.26 | 8526.10.00 | Navigation equipment |
| 85.27 | 8527.19.00 | Radio broadcasting equipment used in ship |

১৪। **পোল্ট্রি শিল্পের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত রেয়াতি শুল্কহারযোগ্য পণ্যের তালিকা সম্প্রসারণ**

এস, আর, ও নং ১৪৭-আইন/২০১৯/১৬/কাস্টমস, তারিখ ঃ ৩০ মে, ২০১৯ এর মাধ্যমে পোল্ট্রি শিল্পের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত এস, আর, ও নং ১৬০-আইন/২০১২/২৩৮৮/কাস্টমস, তারিখ ঃ ৭ জুন, ২০১২ এর সংশোধন করে রেয়াতি শুল্কহারযোগ্য পণ্যের তালিকায় সংশোধন করা হয়েছে যা **পরিশিষ্ট ৪২.৬** এ রয়েছে।

১৫। **ডেইরি/পোল্ট্রি/ফিস ফিড প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক পণ্য আমদানি সংক্রান্ত রেয়াতি শুল্কহারযোগ্য পণ্যের তালিকা সম্প্রসারণ**

এস, আর, ও নং ১২৮-আইন/২০২০/৭৯/কাস্টমস, তারিখ ঃ ৩ জুন, ২০২০ Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের

সহিত পরামর্শক্রমে এস.আর.ও নং- ১৩০-আইন/২০১৭/১৭/কাস্টমস সংশোধন করা হয়েছে। সেই সাথে সংশ্লিষ্ট আমদানি পণ্যের তালিকা (**পরিশিষ্ট-৪২.৬ দ্রষ্টব্য**) প্রতিস্থাপন করা হয়েছে।

১৬। **ঔষধ শিল্পের কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন সংক্রান্ত রেয়াতি শুল্কহার হ্রাস এবং পণ্যের তালিকা প্রতিস্থাপন**

সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে,এই বিভাগের ১২২-আইন/২০১৪/২৪৮৬/কাস্টমস, এর প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৭-আইন/২০২০/৭৮/কাস্টমস, তারিখ ৩ জুন ২০২০ এর মাধ্যমে প্রতিস্থাপন করা হয়েছে। সেই সাথে সংশ্লিষ্ট আমদানি পণ্যের তালিকা (**পরিশিষ্ট-৪২.৭ দ্রষ্টব্য**) প্রতিস্থাপন করা হয়েছে।

১৭। **রেফারাল হাসপাতাল কর্তৃক নির্ধারিত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্কমুক্ত সুবিধা প্রাপ্তির জন্য নতুন শর্ত সংযোজন এস.আর.ও. নং ১৫১-আইন/২০১৯/২০/কাস্টমস, তারিখ : ৩০ মে, ২০১৯** এর মাধ্যমে রেফারাল হাসপাতাল কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং এসআরও নং ১৩৭-আইন/২০০৯/২২৪০/শুল্ক, তারিখঃ ১১ জুন, ২০০৯ এর সংশোধন করা হয়েছে। উপরি-উক্ত প্রজ্ঞাপনের আলোকে TABLE এর কলাম (১) এ বর্ণিত Heading 9018.19.90 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত Anesthesia machine with Ventilator and monitor এন্ট্রির সন্নিবেশিত হবে। এবং H.S.Code 9018.20.10 ওবিলুপ্ত হবে।

১৮। **টেক্সটাইল নির্ধারিত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্কমুক্ত সুবিধা**

টেক্সটাইল শিল্পের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৫১-আইন/২০১৬/১৩/কাস্টমস, তারিখ ঃ ১৯ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ এর সংশোধনী এস.আর.ও. নং- ১৫১-আইন/২০১৮/১৭/কাস্টমস

১৯। **ট্যারিফ ভ্যালুর ভিত্তিতে শুল্কারোপের তালিকা সংশোধন**

এস, আর, ও নং ১৬৩-আইন/২০১৯/৩২/কাস্টমস, তারিখ ঃ ৩০ মে, ২০১৯ এর মাধ্যমে ট্যারিফ ভ্যালু নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রতিস্থাপন করে এস.আর.ও. নং ১৩৫-আইন/২০২০/৮৬/কাস্টমস এর মাধ্যমে কাস্টমস ডিউটি আরোপের উদ্দেশ্যে Tariff Value এবং নতুন নুন্যতম মূল্য (minimum value) নির্ধারণ করা হয়েছে। যা **পরিশিষ্ট ৪২.১৫** তে রয়েছে।

২০। **খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের কতিপয় কাঁচামাল আমদানি ক্ষেত্রে রেয়াতি শুল্কহার**

এস, আর, ও নং ১৫৯-আইন/২০১৯/১৮/কাস্টমস, তারিখ ঃ ৩০ মে, ২০১৯ এর মাধ্যমে খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৪৫-আইন/২০১৫/২৫/কাস্টমস, তারিখঃ ০৪ জুন, ২০১৫ এর শর্ত সংশোধন করা হয়েছে। পণ্যের তালিকা ও শর্তাবলী **পরিশিষ্ট-৪২.৮**-তে সন্নিবেশ করা হয়েছে।

২১। **শতভাগ রপ্তানিমুখী তৈরি পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানির ক্ষেত্রে রেয়াতি হারে শুল্কারোপযোগ্য পণ্যের তালিকা প্রতিস্থাপন**

এস, আর, ও নং ১৬০-আইন/২০১৬/২২/ কাস্টমস, তারিখ ঃ ০২ জুন, ২০১৬ এর মাধ্যমে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কতিপয় উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৪৫-আইন/২০১৪/২৫০৮/ কাস্টমস, তারিখ ঃ ১২ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ এর সংশোধন করা হয়েছে। সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী হ্রাসকৃত ৫% হারে আমদানি শুল্ক আরোপযোগ্য পণ্যের তালিকা নিম্নরূপঃ

**TABLE**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 73.08 | 7308.30.00 | Fire Resistant Door |
| 84.24 | 8424.20.30 | Sprinkler System and equipments |
| 85.28 | 8528.69.00 | Video conference device |
| 85.31 | 8531.20.00 | Indicator panels incorporating liquid crystal devices (LCD) or light emitting diodes (LED) |
| 94.03 | 9403.20.30<br>9403.60.20 | Cutting table of a kind used with cutting machine |
| 94.05 | 9405.40.49 | LED tube light or LED bulb or LED lamps including rechargable LED lamps |
| | 9405.40.90 | Emergency light with Exit sign and double heads |

২২। **শতভাগ রপ্তানিমুখী তৈরি পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং তৈরির উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক**

এস,আর,ও, নং ১৬১-আইন/২০১৬/২৩/কাস্টমস, তারিখ ঃ ০২ জুন, ২০১৬ (এস, আর, ও নং ২১৫-আইন/২০১৬/৪২/কাস্টমস, তারিখ ঃ ০৪ জুলাই, ২০১৬ দ্বারা সংশোধিত) এর মাধ্যমে শতভাগ রপ্তানিমুখী তৈরি পোষাক

শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং তৈরীর উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৩৭-আইন/২০১৪/২৫০১/কাস্টমস, তারিখ ঃ ০৫ জুন, ২০১৪ এর সংশোধন করা হয়েছে।

**২৩। পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্মাণে সহায়তা প্রদানের সংশোধন**

এস,আর,ও, নং ১৫৯-আইন/২০১৬/২১/কাস্টমস, তারিখ ঃ ০২ জুন, ২০১৬ (এস, আর, ও নং ২১৬-আইন/২০১৬/৪৩/কাস্টমস, তারিখ ঃ ০১ জুলাই, ২০১৬ দ্বারা সংশোধিত) এর মাধ্যমে পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্মাণে সহায়তা প্রদানের উদ্দেশ্যে মুলধনী যন্ত্রপাতি বিষয়ক রেয়াতী প্রজ্ঞাপন এস,আর,ও নং-৫০-আইন/২০১৪/২৪৭৬/কাস্টমস, তারিখ ঃ ০৩ এপ্রিল, ২০১৪ এর সংশোধন করা হয়েছে।

**২৪। বিদেশ হতে আগত যাত্রীদের আনীত পণ্যসমূহের ছাড়করণের লক্ষ্যে বিদ্যমান যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ এর সংশোধন**

এস,আর,ও, নং ১৬৪-আইন/২০১৬/২৬/কাস্টমস, তারিখ ঃ ০২ জুন, ২০১৬ এর সংশোধন বিদেশ হতে আগত যাত্রীদের আনীত পণ্যসমূহের ছাড়করণের লক্ষ্যে বিদ্যমান যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৫৬-আইন/২০১৯/২৫/কাস্টমস, তারিখঃ ৩০ মে, ২০১৯ এর মাধ্যমে করা হয়েছে। বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা **(পরিশিষ্ট-৪২.৯ দ্রষ্টব্য)** এবং বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা **(পরিশিষ্ট-৪২.১০ দ্রষ্টব্য)** বর্ণিত আছে ।

**২৫। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৭ প্রণয়ন**

কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৭৪-আইন/২০১৬/৩৬/কাস্টমস, তারিখ ঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ এর সংশোধনী এস.আর.ও. নং ১৪৫-আইন/২০১৭/৩১/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

**২৬। কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৭ প্রণয়ন**

কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৮৮-আইন/২০১৬/৩৭/কাস্টমস, তারিখ ঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ এর সংশোধনী এস.আর.ও. নং ১৪৬-আইন/২০১৭/৩২/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

**২৭ (ক)। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর সংশোধন**

এস, আর, ও নং ১৩৬-আইন/২০২০/৮৭/কাস্টমস, তারিখ ঃ ০২ জুন, ২০২০ এর মাধ্যমে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালার ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করা হয়েছে এবং বন্ডেড লাইসেন্সের জন্য আবশ্যিক দলিলাদি প্রয়োজন, তা নতুন এস, আর, ও এর মাধ্যমে নিম্নে সংযুক্ত করা হলো।

**লাইসেন্সের জন্য আবশ্যিক দলিলাদি**

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১. | যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন |
| ২. | BOI/BSCIC এর রেজিস্ট্রেশন সনদপত্র |
| ৩. | কোম্পানির টিআইএন সনদ পত্র |
| ৪. | হালনাগাদ ট্রেড লাইসেন্স |
| ৫. | হালনাগাদ ফায়ার লাইসেন্স |
| ৬. | মূল্য সংযোজন কর সনদপত্র । |
| ৭. | সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশ পত্র। |
| ৮. | প্রতিষ্ঠানের মালিক /পরিচালকের নাম, পদবি, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারি পাবলিক এবং লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়ন পূর্বক তিন শত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প। |
| ৯. | বয়লার সার্টিফিকেট প্রযোজ্যক্ষেত্রে |
| ১০. | জয়েন্ট স্টক কোম্পানির মোমোরেন্ডাম অ্যান্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এর মূল বই প্রযোজ্য ক্ষেত্রে |
| ১১. | মেশিনারিজ আমদানির ক্ষেত্রে ইনভয়েস ও বিল অব এন্ট্রি এবং স্থানীয় ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি। |
| ১২. | প্রস্তাবিত বন্ডেড ওয়্যার হাউজ ২ কপি নকশা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপাওে প্রস্তুকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত। |
| ১৩. | কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারিকৃত চুক্তিপত্র। |
| ১৪. | ব্যবসা পরিচালনা কালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গিকারসহ তিন শত |

| | |
|---|---|
| | টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প। |
| ১৫. | কারখানার চর্তুদিকে নিরাপত্তা বেষ্টনি এবং একই ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মধ্যে স্থাপিত গ্রুপ অব ইন্ডাস্ট্রিজে পতিষ্ঠানসমুঞ্জের ক্ষেত্রে একই ধরনের নিরাপত্তা বেষ্টনি থাকার নকশা সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। |
| ১৬. | কারখানার অভ্যন্তরে কাঁচামাল বা ফিনিশড গুড সংরক্ষণের জন্য নির্ধারতি ওয়্যারহাউজ আন্তর্জাতিক মান সম্পন্ন হতে হবে। অর্থাৎ বন্ডের মাল সংরক্ষন স্থানে কোন ইউটিলিটি সংযোগ বা ইলেকট্রিকাল ওয়্যার থাকবে না এবং ওয়্যার হাউজের ভিতরে পর্যাপ্ত বাতাস প্রবেশের ব্যবস্থা থাকবে। |
| ১৭. | গুদামসহ প্রতিষ্ঠানের আয়তন নূন্যতম ৫ হাজার বর্গফুট হতে হবে। |
| ১৮. | প্রতিষ্ঠান ভাড়াকৃত স্থানে হলে নূন্যতম ৫ বছরের ভাড়া চুক্তি নামা দাখিল করতে হবে এবং ইতোপূর্বেউক্ত স্থানে কোন বন্ড হাউজ থাকলে ভাড়া প্রদানকারী কর্তৃক প্রত্যায়িত হতে হবে। |
| ১৯. | প্রতিষ্ঠানের নিজস্ব নামে জ্বালানি সংযোগ থাকতে হবে একই হোল্ডিং একাধিক প্রতিষ্ঠান হলে সাবমিটার থাকতে পারে। |
| ২০. | আবেদনকারী যদি উৎপাদন কার্যক্রমের জন্য স্থানীয় উৎস হতে পূর্বে আমদানিকৃত ও ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাং সংগ্রহ করে থাকে তা হলেতার আয়ুস্কাল নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক সার্ভেয়ার প্রতিষ্ঠান কর্তৃক নূন্যতম ১০ বছরের কর্মক্ষম থাকবে। এই মর্মে Life Span Certificate সংগ্রহপূর্বক আবেদনের সহিতল দাখিল করতে হবে। এছাড়া উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধের দালিলিক প্রমাণাদি মেশিনারি আমদানি সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি ইনভয়েস ও প্যাকিং লিস্ট দাখিল করতে হবে এবং মেশিনারিজ নূন্যতম মূল্য ৪০ লক্ষ টাকা হতে হবে। |
| ২১. | প্রতিষ্ঠানের সহযোগী সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ হতে হবে। |
| ২২. | প্রতিষ্ঠানের বিদেশি পরিচালকগণ দেশে অবস্থান করুন বা না করুন এর করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) ও Provate investor Visa দাখিল করতে হবে। |
| ২৩. | লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন নূন্যতম ১ কোটি টাকা এবং একক/অংশিদারী মালিকানার ক্ষেত্রে নূন্যতম টার্নওভার ৩০ লক্ষ টাকা হতে হবে। |

**২৭ (খ)। রেগুলেটরি ডিউটি আরোপ সংক্রান্ত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং- ১৩৭-আইন/২০২০/৮৮/কাস্টমস তারিখ ৩ জুন ২০২০ এর মাধ্যমে– ২৯ মে ২০১৮ তারিখের প্রজ্ঞাপন এবং এস.আর.ও. নং- ২২৩-আইন/২০১৯/৪১/কাস্টমস এর প্রতিস্থাপন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে **পরিশিষ্ট ৪২.১১-তে** নতুন Table প্রতিস্থাপিত হবে।

**২৮। মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক পণ্য/কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং- ১২২-আইন/২০২০/৭৩/কাস্টমস তারিখ ৩ জুন ২০২০ এর মাধ্যমে– এস.আর.ও. নং- ১৫০-আইন/২০১৯/১৯/কাস্টমস তারিখ ৩০ মে ২০১৯এর সংশোধন করা হয়েছে। ফলে বিভিন্ন শিল্পের কাঁচামালসূহের উপর আরোপিত আমদানি শুল্ক, সম্পুরক শুল্ক ও রেগুলেটরি ডিউটি থেকে শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করা হল। আর এর অধিকতর সংশোধন **তালিকা (পরিশিষ্ট-৪২.১২ দ্রষ্টব্য)**।

২৯। **সোলার মোডিউল প্যানেল ক্রয় সংক্রান্ত পরিবর্তন:** এস.আর.ও. নং- ২১৭-আইন/২০১৭/৫৫/কাস্টমস। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭০-আইন/২০০৯/২২৬২/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিল এর পরিবর্তে নিম্নবর্ণিত Table প্রতিস্থাপিত হইবে, যথা:- Heading 85.41 আওতায় H.S. Code 8541.40.10 ও H.S. Code 8541.40.20 পণ্যসমূহ Photovoltaic cells Solar modules or panelsf।

**৩০। পুরাতন গাড়ি সম্পর্কত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং- ১৫৪-আইন/২০১৮/২০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 969) এর section ২৫(৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১৮-আইন/২০১৭/৫৬/কাস্টমস সংশোধনী করা হয়েছে।

## শর্তাবলী

১। ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহন জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত হালনাগাদকৃত Yellow Book এবং জাপান ব্যতিত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত

Glass's Guide, Automobiles Magazine বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মুল্যের উপর অনধিক ৫ (পাঁচ) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ির জন্য নিম্নবর্ণিত হারে বৎসর ভিত্তিক অবচয় সুবিধা প্রযোজ্য হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| ক | (এক) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য - | ০% |
| খ | ১ (এক) বৎসরের অধিক হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত পুরাতন বা রকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য | - ১০% |
| গ | ২ (দুই) বৎসরের অধিক হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য | - ২০% |
| ঘ | ৩ (তিন) বৎসরের অধিক হইতে ৪ (চার) বৎসর পর্যন্ত পুরাতন বা বা রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য | - ৩০% |
| ঙ | ৪ (চার) বৎসরের অধিক হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত পুরাতন বা বা রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য | - ৯৫% |

তবে শর্ত থাকে যে, পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কারকৃত মোটর গাড়ি ও যানবাহন হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যবর্তী সময়সীমা ন্যুনতম ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিন হতে হবে এবং উহা ন্যুনতম ১০০০ (এক হাজার) কিলোমিটার চালিত হইতে হইবে, যাহার প্রমাণস্বরূপ গাড়ি শুল্কায়নকালে-

(অ) জাপান হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate/ Japan Auto Appraisal Institute (JAAI) কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত সনদপত্র; এবং

(আ) জাপান ব্যতিত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে।

২। অবচয় প্রদানের উদ্দেশ্যে বয়স গণনার ক্ষেত্রে, সংশিগুষ্ট গাড়ীর চেসিস বুক (Chassis Book) এ লিপিবদ্ধ তৈরি সনের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গাড়ি জাহাজীকরণের দিন পর্যন্ত সময়কে গণনা করিতে হইবে।

৩। আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত মোটর গাড়ি বা যানবাহনের ঘোষিত মূল্য শর্ত ১ ও ২ এর পদ্ধতি অনুসরণক্রমে নিরূপিত ন্যুনতম মূল্য অপেক্ষা অধিক হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুল্কায়ন করিতে হইবে।

**৩১। সেলুলার ফোন প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত বিধান:**

এস.আর.ও. নং ১২৩-আইন/২০২০/৭৪/কাস্টমস, তারিখ: ৩০ মে, ২০১৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সেলুলার ফোন প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত এস.আর.ও. নং ১৩২-আইন/২০১৭/১৮/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর প্রতিস্থাপন করা হয়েছে। যার **তালিকা (পরিশিষ্ট-৪২.১৩ দ্রষ্টব্য)** এ অর্ন্তভূক্ত করা হয়েছে। শর্ত অনুযায়ী টেবিল ১, টেবিল ২ এবং টেবিল ৩-এ উল্লিখিত পণ্যের উপর আরোপীয় আমদানি শুল্ক যেই মূল্যভিত্তিক ১% বা ১০% পরিমাণে নির্ধারিত হবে শিডিউল অনুযায়ী। তবে এ পরিমাণের অতিরিক্ত মূসক, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক যদি থাকে পরিশিষ্টে উল্লিখিত শর্তে অব্যাহতি প্রদান করা হলো।

**৩২। কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং ১২৫-আইন/২০২০/৭৬/কাস্টমস, তারিখ : ৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং এস.আর.ও. নং ১৩৬-আইন/২০১৭/২/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর প্রতিস্থাপন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত **HS Code** এর কলাম (৩)-এ বর্ণিত **কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী**র উপর আরোপীয় আমদানি শূল্ক মূল্যভিত্তিক ৫% এর উপরে হলে সেই পরিমাণ সকল মূসক ও সম্পূরক শুল্ক নিম্নের শর্তে অব্যাহতি প্রদান করা হলো।

| Heading | HS Code | Description of the Godds |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 84.43 | 8443.32.10 | computer printer |
| | 8443.99.10 | Toner Cartidge/ Inkjet Cartidge for computer printer |
| | 8443.99.20 | Parts of Computer printer |
| 84.71 | All HS Code Excluding 8471.60.10 | Computer and Computer accessories |
| 84.73 | 8473.30,00 | Parts and accessories of computer |
| 85.17 | 8517.62.30 | Modem, Ethernet interface card network swithch; hub; router |
| “85.23 | 8523.29.12 | Database; operating system; development tools; productivity, |

| | | |
|---|---|---|
| | | communication or collaboration software recorded on magnetic media for automatic data processing machines |
| | 8523.29.13 | Other software recorded on magnetic media for automatic data processing machines |
| | 8523.29.90 | Other software recorded on magnetic media |
| | 8523.41.00 | Unrecorded optical media |
| | 8523.49.21 | Database; operating system; development tools; productivity, communication or collaboration software recorded on optical media for automatic data processing machines |
| | 8523.49.29 | Other software recorded on optical media for automatic data processing machines |
| | 8523.41.00 | Unrecored Optical Media |
| | 8523.51.10 | Flash memory card or similar media |
| | 8523.51.21 | Database operating systems tools, security software only used for data protection; wors processing spreadsheet, internet collaboration and presentation tools. |
| | 8523.59.10 | Proximity cards and tags |
| | 8523.80.10 | Database; operating system; development tools; productivity, communication or collaboration software for automatic data processing machines |
| | 8523.80.20 | Other software for automatic data processing machines |
| 85.28 | 8528.42.00 | Capable of directly connecting to and designed for use with an automactic data processing machine of heading 84.71 |
| | 8528.52.10 | Computer monitor size not exceeding 22 inch |
| 96.12 | 9612.10.10 | Computer Printer Ribbons |

শর্তাবলি

১. যন্ত্রপাতি বা যন্ত্রাংশের আমাদানির ক্ষেত্রে রেয়াতি সুবিধা Industrial IRC Holder ও VAT Compliant প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে।

২. এ প্রজ্ঞাপনের আওতায় পণ্য খালাসের জন্য হালনাগাদ নাবয়নকৃত শিল্প ভোক্তা আইআরসি, ১৩ সংখ্যার মূসক নিবন্ধন, ১২ মাসের পূর্ববর্তী মূসক দাখিল পত্র রিটার্ন বা প্রযোজ্যক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিল প্রত্র কাস্টমস কম্পিউটার ইলেক্ট্রনিক্স তথ্য প্রদর্শন করতে হবে। উল্লেখ্য ইলেকট্রানিস্ক তথ্য না পাওয়া গেলে শর্তানুযায়ী শুল্কায়নের সময় বিভাগীয় কর্মকর্তা হতে প্রাপ্ত একটি প্রত্যায়ণ পত্র কাস্টমস হাউজে দাখিল করতে হবে।

**৩৩। ঔষধ তৈরির কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং ১৫২-আইন/২০১৮/১৮/কাস্টমস, তারিখ : ২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ক্যান্সার নিরোধক ঔষধ তৈরির কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং- ২০৩-আইন/২০১৫/৪০/কাস্টমস, তারিখ ঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ এর সংশোধন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading- 29.33 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) তে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading 29.33 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হবে, যথা:-

| Heading | HS Code | Description |
|---|---|---|
| 29.33 | 2933.39.00 | Axitinib INN |
| | 2933.39.00 | Crizotinib |
| | 2933.39.00 | Crizotinib INN |
| | 2933.39.00 | Erlotinib |
| | 2933.39.00 | Ibrutinib |
| | 2933.39.00 | Imatinib |
| | 2933.39.00 | Osimertinib |
| | 2933.39.00 | Regorafenib |

| | | |
|---|---|---|
| | 2933.39.00 | Sorafenib |
| | 2933.39.00 | Tofacitinib |
| | 2933.49.00 | Lenvatinib Mesylate |
| | 2933.59.10 | Bosutinib INN |
| | 2933.59.90 | Pemetrexed Disodium heptahydrate USP |
| | 2933.79.90 | Palbociclib |
| | 2933.99.00 | Bendamustine HCl INN |
| | 2933.99.00 | Bortezomib INN |
| | 2933.99.00 | Enrofloxacin |
| | 2933.99.00 | Sunitinib Maleate"এবং |

**৩৪। এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন**

**এস.আর.ও. নং ১৫৩-আইন/২০১৮/১৯/কাস্টমস, তারিখ : ২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ** এর মাধ্যমে এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং- ৩৭-আইন/২০১১/২৩২৮/শুল্ক, তারিখ ঃ ১২ ফাল্গুন, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ২৪ ফেব্রুয়ারি, ২০১১ খ্রিস্টাব্দ এর সংশোধন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের **TABLE** এর পরিবর্তে নিম্নরূপ **TABLE** প্রতিস্থাপিত হইবে, যথা:-

**TABLE**

| Heading | H.S.Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.04 | 8504.90.29 | Electro Magnetic Coil |
| | 8504.90.29 | Inverter coil |
| | 8504.90.90 | Coil Bobbin |
| | 8504.90.90 | E Core (Ferrite Core) |
| | 8504.90.90 | O Core (Ferrite Core) |
| | 8504.90.90 | Torrodial Coil |
| | | |
| 85.32 | 8532.10.00<br>8532.30.00 | Mylar Capacitor |
| | All H.S.Code | Surface Mont Device (SMD) Capacitor |
| | | Electrolytic Capacitor |
| | | Ceramic Capacitor |
| | | Metallized Polypropylene (X2) Capacitor |
| | | |
| 85.33 | 8533.10.00 | Resistor |
| | 8533.10.00 | Surface Mount Device (SMD) Resistor |
| | 8533.39.00 | Metal Oxide Varister (MOV) Resistor |
| | 8533.39.00 | Negative Temperature Coefficient (NTC) Resistor |
| | 8533.39.00 | Positive Temperature Coefficient (PTC) Resistor |
| 85.34 | 8534.00.00 | Printed Circuits |
| | | |
| 85.36 | 8536.10.00 | Fuse |
| | 8536.30.90 | Small Relay, 12V 5A |
| | 8536.90.90 | Small Connector |
| | | |
| 85.41 | 8541.10.00 | Control Transistor NPN and PNP |
| | 8541.10.00 | Crystal Diode |
| | 8541.10.00 | Doide |
| | 8541.10.00 | MOSFET Transistor |
| | 8541.10.00 | Power Transistor NPN |
| | 8541.10.00 | Surface Mount Device (SMD) Diode |
| | 8541.10.00 | Thyristor |
| | 8541.10.00 | Zender Diode |
| | 8541.30.00 | Diac/Bi Directional Switching Diode |
| | | |

| | | |
|---|---|---|
| 85.42 | 8542.31.90 | Power Factor Connector (PFC) Integreted Circuit (IC) |
| | 8542.31.90 | Special Integrated Circuit (IC) 2520 |
| | | |
| 85.44 | 8544.11.90 | Power Line.” |

**৩৫। মোটর সাইকেল খাতকে শুল্ক সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং ১৫৫-আইন/২০১৯/২৪/কাস্টমস, তারিখ : ৩০ মে, ২০১৮ এর মাধ্যমে মোটর সাইকেল খাতকে প্রগতিশীল করার লক্ষ্যে বিযুক্ত মোটর সাইকেল আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর সংশোধন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে মটর মোটর সাইকেল উৎপাদনে শর্তসাপেক্ষে নির্দিষ্ট পণ্যসমূহ আমদানিতে ছাড় পাবে। এ সংক্রান্ত পণ্যসমূহের তালিকা (**পরিশিষ্ট-৪২.১৪ দ্রষ্টব্য**)।

**৩৬। কম্পিউটার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের জন্য শুল্ক-কর সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন**

এস.আর.ও. নং ১৫৬-আইন/২০১৮/২২/কাস্টমস, তারিখ : ২৯ মে, ২০১৮ এর মাধ্যমে কম্পিউটার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৩১-আইন/২০১৭/১৭/কাস্টমস তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর সংশোধন করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের TABLE এর কলাম (১) এ বর্ণিত Heading ৮৫.৩২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S.Code 8532.29.00 ও উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ কলাম (২) এ 8532.29.90ও (৩) এ Capacitor প্রতিস্থাপিত হইবে।

**৩৬। খ) এলপিজি সিলিন্ডার ও অটো ট্যাঙ্ক প্রস্তুতের লক্ষ্যে শুল্ক সুবিধা প্রদান।**

এস.আর.ও. নং ১২৬-আইন/২০২০/৭৬/কাস্টমস, তারিখ : ৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ সরকার জাতীয় রাজস্ববোর্ডের সাথে পরামর্শক্রমে , জনস্বার্থে এলপিজি সিলিন্ডার ও অটো ট্যাঙ্ক প্রস্তুতের লক্ষ্যে উক্ত এর Act এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE Custom Duty VAT এর কলাম (১) এ বর্ণিত H.S.Code ভুক্ত পণ্যসমূহ বা বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে তাদের আরোপিত নিম্নে বর্ণিত হারের অতিরিক্ত হলে এবং একই পরিমাণ রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক থাকলে নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো, যা পরিশিষ্ঠ-৩৭ বিস্তারিত বিবরণ ও শর্ত সহকারে আমদানি করা যাবে। এক্ষেত্রে বিশেষত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের আমাদানির ক্ষেত্রে রেয়াতি সুবিধা Industrial IRC Holder ও VAT Compliant প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে। তাছাড়া, এ প্রজ্ঞাপনের আওতায় পণ্য খালাসের জন্য হালনাগাদ নাবয়নকৃত শিল্প ভোক্তা আইআরসি, ১৩ সংখ্যার মূসক নিবন্ধন, ১২ মাসের পূর্ববর্তী মূসক দাখিল পত্র রিটার্ন বা প্রযোজ্যক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিল প্রত্র কাস্টমস কম্পিউটার ইলেক্ট্রনিক্স তথ্য প্রদর্শন করতে হবে।

পণ্যের বিবরণ

| H.S. Code | Description | CD | VAT |
|---|---|---|---|
| 3402.90.90 | Degreasing agent | 10% | 15% |
| 3403.99.90 | Cutting or forming oil | 5% | 15% |
| 3810.90.10 | Submerge welding flux for LPG | 3% | 0% |
| 7208.27.10 | Flat-rolled products of iron or non- alloy steel, of a width of 600 mm or more, Hot-Rolled, Pickled, in coils of a thickness less than 3 mm | 5% | 0% |
| 7208.39.80 | Flat-rolled products of iron or non- alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated of a thickness of less than 3 mm | 3% | 0% |
| 7217.30.00 | Wire of iron or non-alloy steel plated or coated with other base metals | 3% | 0% |
| 7904.00.00 | Zinc Wire | 5% | 15% |
| 8311.30.00 | Welding wire | 5% | 15% |
| 8481.40.11 | Safety or relief valve inner diameter not exceeding 1 inch for LPG. | 3% | 0% |

**৩৭। অগ্নি নির্বাপন ব্যবস্থা স্থাপনের জন্য শিল্প প্রতিষ্ঠানের শুল্ক-কর সুবিধা**

এস.আর.ও. নং ১২৪-আইন/২০২০/৭৫/কাস্টমস, তারিখ : ৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে অগ্নি নির্বাপন ব্যবস্থা স্থাপনের জন্য শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত উপকরণের ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৫৮-আইন/২০১৭/৪৪/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর প্রতিস্থাপন করা হয়েছে। উপরি-উক্ত প্রজ্ঞাপনের TABLE এর কলাম (১) এ সংযোজিত হবে। যা **পরিশিষ্ট-৪২.১-এ** বিস্তারিত বিবরণ ও শর্ত সহকারে রয়েছে।

**৩৭ক। স্থানীয়ভাবে লিফট প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা**

স্থানীয়ভাবে লিফট প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা প্রদানের লক্ষ্যে কতিপয় শর্ত আরোপপূর্বক নতুন প্রজ্ঞাপন এঅরও নং ১৫৭/-আইন/২০১৯/২৬/ কাস্টমস্, তারিখ ৩০ মে, ২০১৯ জারি করা হয়েছে।

**৩৭খ। স্থানীয়ভাবে কম্প্রেসর প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা**

স্থানীয়ভাবে কম্প্রেসর প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা প্রদানের লক্ষ্যে কতিপয় শর্ত আরোপপূর্বক নতুন প্রজ্ঞাপন এঅরও নং ১৩১/-আইন/২০২০/৮২/ কাস্টমস্, তারিখ ৩ জুন, ২০২০ এর মাধ্যমে এঅরও নং ১৫৮/-আইন/২০১৯/২৭/ কাস্টমস্ সংশোধন করে নতুন আদেশ জারি করা হয়েছে। সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, স্থানীয়ভাবে কম্প্রেসর উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নে বিধৃত–

(ক) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১% (এক শতাংশ); এবং

(খ) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ)-এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল নির্দিষ্ট শর্তসাপেক্ষে, যথা:-

**TABLE-I**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 25.05 | 2505.10.00 | Silica sand |
| 25.06 | 2506.10.00 | Quartz grit |
| 25.08 | 2508.10.00 | Bentonite |
| 27.09 | 2709.00.00 | Petroleum base anti rust oil or preparation |
| 34.03 | 3403.99.10 | Compressor oil |
| 34.03 | 3403.19.00 | Lubricating/cutting oil/anti-rust preparations containing petroleum or bituminous mineral oils |
| | 3403.99.90 | Other Lubricating/cutting oil/anti-rust preparations |
| 38.01 | 3801.10.00 | Artificial Graphite |
| 38.16 | 3816.00.10 | Coil protection grout / refractories |
| 38.24 | 3824.10.00 | Coal dust / lubricant, binder chemicals or preparation |
| 40.16 | 4016.93.00 | Vulcanized rubber parts for sealing, rubber plug for sealing |
| | 4016.99.90 | Rubber grommet, rubber plug, rubber protection cap, rubber bush, vulcanized rubber parts |
| 68.14 | 6814.10.00 | Mica sheet |
| 72.02 | 7202.19.00 | Ferro-manganese alloy |
| | 7202.99.00 | Ferro alloy |
| 72.05 | 7205.10.00 | Sintered iron, steel shots, steel granules, sintered iron of alloy steel |
| 72.11 | 7211.19.10 | Hot rolled steel (thickness less than 4.75mm, width less than 600mm) |
| 72.25 | 7225.19.00 | Silicon-electrical steel sheet (width 600mm or more) |
| 72.26 | 7226.19.00 | Silicon-electrical steel sheet (width less than 600mm) |
| 76.01 | 7601.10.00 | Aluminum ingot |
| 84.14 | 8414.90.20 | Parts and components of compressor |
| 85.32 | 8532.29.10 | Capacitor |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.34 | 8534.00.00 | Printed circuit board |
| 85.36 | 8536.30.10 | Overload protector, motor protector |
| 85.44 | 8544.11.10 | Copper winding wire |

**TABLE-II**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 25.05 | 2505.90.00 | Resin coated sand / core sand |
| 27.08 | 2708.20.00 | Carburizer, pitch coke |
| 27.10 | 2710.20.00 | Petroleum base lubricating oil |
| | 2710.20.00 | petroleum base leak test oil |
| 28.49 | 2849.20.00 | Silicon carbide |
| 34.03 | 3403.99.90 | Mineral oil/ Petroleum |
| 48.11 | 4811.90.90 | Paper base gasket material, syntheseal n-8092, lexide Nl 2085 |
| 72.02 | 7202.21.00 | Ferrosilicon alloy(>55%silicon), flux material (>55% silicon) |
| | 7202.29.00 | Flux material (< 55% silicon) |
| 72.08 | 7208.26.90 | Hot rolled steel pickled (thickness from 3mm to less than 4.75mm; width 600mm or more) in coil |
| | 7208.27.90 | Hot rolled steel (thickness less than 3mm width 600mm or more) in coil |

**৩৭গ। স্থানীয়ভাবে পাদুকা প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা:**

স্থানীয়ভাবে পাদুকা প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর সুবিধা প্রদানের লক্ষ্যে কতিপয় শর্ত আরোপপূর্বক নতুন প্রজ্ঞাপন এঅরও নং ১৫৯/-আইন/২০১৯/২৮/ কাস্টমস্, তারিখ ৩০ মে, ২০১৯ জারি করা হয়েছে। সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর First Schedule -ভুক্ত পণ্যসমুহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (৩) তে বর্ণিত উপকরণের উপর আরোপণীয় রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করল, যথা :-

**TABLE**

| Heading | H.S. Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 39.17 | 3917.23.90 | Tubes and pipes |
| 39.26 | 3926.90.99 | PVC Screen |
| 59.03 | 5903.10.90 | Textile fabrics, impregnated, coated, covered or laminated with PVC |
| | 5903.90.90 | Other Textile fabrics, impregnated, coated, covered or laminated with plastics |
| 60.06 | 6006.90.00 | Other knitted or crocheted fabrics |

**৩৭ঘ। কীটনাশক আমদানির সংক্রান্ত প্রজ্ঞাপন**

**এস.আর.ও. নং ১৬১-আইন/২০১৯/৩০/কাস্টমস**।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 21(b) এর সহিত পঠিতব্য, মুল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভ এই বিভাগের উহার ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৪৩-আইন/২০০৯/২২৪৬/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করা হয়েছে।

**৩৭ঙ। মোল্ড প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত উপকরণের ক্ষেত্রে শুল্ক ও কর অব্যাহতি**

এস.আর.ও. নং ১৫৪-আইন/২০১৯/২৩/কাস্টমস এর মাধ্যমে এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৩৩-আইন/২০১৭/১৯/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করা হয়েছে।

**৩৮। আমদানীকৃত যন্ত্রপাতির ক্ষেত্রে শুল্ক ও কর অব্যাহতি প্রদান কৃষি মোশিনারিজ উৎপাদনের লক্ষ্যে**

এস.আর.ও. নং ১২৯-আইন/২০২০/৮০/কাস্টমস এর মাধ্যমে কৃষি মোশিনারিজ পাওয়ার টিলার, মাড়াই যন্ত্র, পাওয়ার রিপার (ধান গম কর্তনে ব্যবহার্য ) পাওয়ার সিডার (ধানের চারা রোপনে ব্যবহৃত কৃষি যন্ত্রপাতি স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত উৎপাদন কার্ডে ব্যবহার্য ও নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণে উপর আরোপনীয় ১% উপর মূল্যভিত্তিক রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর হতে শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করল।

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 40.09 | 4009.12.00 | Tubes, pipes and hoses with fittings |
| | 4009.42.00 | Tubes, pipes and hoses with fitting |
| 40.10 | 4010.32.00 | Endless transmission belts |
| 40.11 | 4011.70.10 | Tire used on agricultural Machinery |
| 40.13 | 4013.90.10 | Tube used on agricultural Machinery |
| 72.09 | 7209.16.00 | M.S Sheet (1mm-3mm) |
| 73.01 | 7301.10.00 | Perforated sheet |
| 73.15 | 7315.1 | 1.90 Roller Chain used on AgriculturalMachinery |
| 73.18 | 7318.15.90 | Screw and bolts |
| | 7318.16.00 | Nuts |
| | 7318.21.00 | Spring washers and lock washers |
| 73.20 | 7320.20.00 | Helical springs |
| 83.11 | 8311.90.00 | Coated Electrodes of base metal |
| 84.08 | 8408.90.90 | Diesel engine for use in agriculture |
| 84.09 | 8409.99.10 | Spare parts of diesel engine for use in agriculture |
| 84.14 | 8414.90.90 | Blower for grain dryer |
| 84.32 | 8432.90.00 | Spindle |
| 84.33 | 8433.11.00 | Cutting device |
| 84.82 | 8482.10.00 | Ball Bearings Used on AgriculturalMachinery |
| 84.83 | 8483.40.00 | Gear and gearing |
| | 8483.50.00 | Elywheels and pulleys |
| | 8483.90.00 | Chain sprocket |
| 84.84 | 8484.10.00 | Gasket |
| 84.87 | 8487.90.00 | Machinery parts |
| 87.08 | 8708.30.00 | Brakes & servo brakes and parts thereof |
| | 8708.40.00 | Gear Boxes and parts thereof |
| | 8708.70.00 | Wheel Parts (Rim) used on agricultural Machinery |
| | 8708.93.00 | Clutches & parts of agricultural machine |
| | 8708.94.00 | Steering |
| 90.26 | 9026.80.00 | Temperature gauge |
| 90.31 | 9031.80.00 | Moisture meter. |

**৩৯। নতুন রেগুলেটরি ডিউটি আরোপ সংক্রান্ত বিধান**

এস.আর.ও. নং ১৩৪-আইন/২০২০/৮৫/কাস্টমস, তারিখ : ৩ জুন, ২০২০ এর মাধ্যমে Bangladesh Export Processing Zone Authority ACT, 1980 ACT NO XXX VI এর Section 7 এর Clause F এবং বাংলাদেশ বেসরকারি রপ্তানি পক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ সনের ২০ নং আইন এর ধারা-১৬ এর উদ্দেশ্য পূরণকল্পে– Export Processing Zone এ বিনিয়োগকারীগণ আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত TABLE-এর কলাম (2) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (3) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক রেগুলেটারি ডিউটি, মূল্য সংযোজন কর সম্পূরক শুল্ক ও আগাম কর থাকলে তা হতে অব্যাহতি প্রদান করা হলো।

| SL No | Description of Other Goods | H.S. Code |
|---|---|---|
| 1. | Petrol ium oil (Machinery oil) | "27 10. 19.3 1<br>27 10.19.9 1<br>2710.19.8 1<br>27 10. 19.89" |

| SL No | Description of Other Goods | H.S. Code |
|---|---|---|
| 2. | Fan (exclud i ng table, floor, wall, window, celling or roof fans, with a self-contained electric motor of an output not exceed ing 125 wt). | |
| 3. | Safety hand gloves/rubber gloves. | 3926.20.90<br>40 1 5. 1 9.00<br>4203 .29.00<br>62. 16 |
| 4. | Freezer/refr igerator (industrial type). | 84 1 8.61. 1 0<br>84 1 6.69.1 0 |
| 5. | Electric cable (heavy duty 440 volt. or above). | 8544.49.00 |
| 6. | (a) Tyre for vehicles/fork l ift to be used within the EPZ premises--<br>(b) Tube for veh icles/forkl ift to be used within the EPZ premises. - | (a) 40 . 1 1<br>(b) 40.1 3 |
| 7. | Safety worki ng shoes/rubber boot. | 64.0 l |
| 8. | Hand tools and their parts & components. | 82.05 |
(ক) বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থান হইতে বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থানে পরিবহন;

(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থান হইতে বাংলাদেশের অভ্যন্তরে কোন স্থানে পরিবহন; বা

(গ) বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত কোন স্থান হইতে বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থানে পরিবহন;

(১৩) "আন্তর্জাতিক সহায়তা ও ঋণ চুক্তি" অর্থ বাংলাদেশকে অর্থনৈতিক, কারিগরি বা প্রশাসনিক ক্ষেত্রে সহায়তা প্রদানের নিমিত্ত বাংলাদেশ সরকার এবং বিদেশী সরকার বা আন্তঃদেশীয় আন্তর্জাতিক সংস্থার সহিত আবদ্ধ কোন চুক্তি;

(১৪) "আপীলাত ট্রাইব্যুনাল" অর্থ Customs Act, 1969 এর section 196 এর অধীন গঠিত শুল্ক, আবগারি এবং মূল্য সংযোজন কর আপীলাত ট্রাইব্যুনাল;

(১৫) "আবাসিক ব্যক্তি" অর্থ এমন কোন ব্যক্তি, যিনি—

(ক) স্বাভাবিকভাবে বাংলাদেশে বসবাস করেন; বা

(খ) চলতি বর্ষপঞ্জির ১৮২ (একশত বিরাশি) দিবসের অধিককাল বাংলাদেশে অবস্থান করেন; বা

(গ) কোন বর্ষপঞ্জির ৯০ (নব্বই) দিবসের অধিককাল বাংলাদেশে অবস্থান করেন এবং উক্ত বর্ষপঞ্জির অব্যবহিত পূর্ববর্তী চার বৎসরের মধ্যে ৩৬৫ (তিনশত পয়ষট্টি) দিবসের অধিককাল বাংলাদেশে অবস্থান করিয়া থাকেন;

এবং নিম্নবর্ণিত সত্তাও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) কোম্পানী, যদি উহা বাংলাদেশের বিদ্যমান আইনের অধীন নিগমিত হয় বা উহার নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার কেন্দ্রস্থল বাংলাদেশে অবস্থিত হয়;

(খ) ট্রাস্ট, যদি ট্রাস্টের একজন ট্রাস্টি বাংলাদেশে আবাসিক হন বা ট্রাস্টের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার কেন্দ্রস্থল বাংলাদেশে অবস্থিত হয়;

(গ) ট্রাস্ট ব্যতীত কোন ব্যক্তি সংঘ, যদি উহা বাংলাদেশে গঠিত হয় বা উহার নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার কেন্দ্রস্থল বাংলাদেশে অবস্থিত হয়;

(ঘ) সকল সরকারি সত্তা; বা

(ঙ) সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ;

(১৬) "আমদানি" অর্থ বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশের ভৌগোলিক সীমার অভ্যন্তরে কোন পণ্য আনয়ন;

(১৭) "আমদানিকৃত সেবা" অর্থ বাংলাদেশের বাহির হইতে সরবরাহকৃত সেবা;

(১৮) "ইলেকট্রনিক সেবা" অর্থ টেলিযোগাযোগ নেটওয়ার্ক, স্থানীয় কিংবা বৈশ্বিক তথ্য নেটওয়ার্ক বা অনুরূপ মাধ্যমে প্রদানকৃত নিম্নবর্ণিত সেবা—

(ক) ওয়েব সাইট, ওয়েব-হোস্টিং বা অনুষ্ঠান ও যন্ত্রপাতির দূরবর্তী রক্ষণাবেক্ষণ;

(খ) সফটওয়্যার এবং দূরবর্তী সেবা প্রদানের মাধ্যমে উহার হালনাগাদকরণ;

(গ) প্রদত্ত ইমেজ (image), টেক্সট এবং তথ্য;

(ঘ) ডাটাবেইজ বা তথ্যভান্ডারে প্রবেশাধিকার (access to database);

(ঙ) স্ব-শিক্ষণ প্যাকেজ;

(চ) সঙ্গীত, চলচ্চিত্র এবং ক্রীড়া; এবং

(ছ) রাজনৈতিক, সাংস্কৃতিক, শিল্পকলা, খেলাধুলা, বিজ্ঞান বিষয়ক এবং টেলিভিশন সম্প্রচারসহ যেকোন বিনোদনমূলক সম্প্রচার এবং অনুষ্ঠান।

(১৮ক) উপকরণ অর্থ সকল প্রকার কাঁচামাল, ল্যাবরেটরি রি এজেন্ট, ল্যাবরেটরি ইকুইপমেন্ট, ল্যাবরেটরি এক্সেসরিজ, জ্বালানী হিসেবে ব্যবহৃত যে কোন পদার্থ, মোড়ক সামগ্রী, সেবা, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ তবে নিম্নবর্ণিত পণ্য বা সেবাসমূহ উপকরণ হিসাবে বিবেচিত হবে না।

(ক) শ্রম, ভূমি, ইমারত, অফিস ইক্যুইপমেন্ট ও ফিক্সচার, যন্ত্রপাতি, দালানকোঠা বা অবকাঠামো বা স্থাপনা নির্মাণ, সুযমীকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন, সম্প্রসারণ, পুণঃ সংস্কারকরণ ও মেরামতকরণ;

(খ) সকল প্রকার আসবাবপত্র, অফিস সাপ্লাই, স্টেশনারি দ্রব্যাদি, রেফ্রিজারেটর ও ফ্রিজার, এয়ারকন্ডিশনার, ফ্যান, আলোক সরঞ্জাম, জেনারেটর ক্রয় বা মেরামতকরণ;

(গ) ইস্টেরিয়ার ডিজাইন, স্থাপত্য পরিকল্পনা ও নকশা;

(ঘ) যানবাহন ভাড়া ও লিজ গ্রহণ

(ঙ) ভ্রমণ, আপ্যায়ন, কর্মচারীর কল্যাণ, উন্নয়নমূলক কাজ ও এর সহিত সংশ্লিষ্ট পণ্য বা সেবা; এবং

(চ) ব্যবসা প্রতিষ্ঠানের প্রাঙ্গন, অফিস, শো-রুম বা অনুরূপ ক্ষেত্র, যেই নামেই অভিহিত হউক না কেন তাহার ভাড়া (Rent) গ্রহণ।

তবে, শর্ত থাকে যে, আইনের তৃতীয় তফসিলের অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত "ব্যবসায়ী" কর্তৃক ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্যকোনভাবে সংগৃহীত পণ্য "উপকরণ" হিসেবে গণ্য হইবে।

নিম্নে উল্লিখিত পণ্য বা সেবাসমূহ উপকরণ হিসেবে বিবেচিত হইবে না মর্মে পরিধি নির্ধারণ করিল, যথা:

(১৯) "উপকরণ কর" (input tax) অর্থ কোন নিবন্ধিত ব্যাক্তি উপকরণ হিসেবে আমদানিকৃত পণ্য বা সেবার বিপরীতে আমদানি পর্যায়ে পরিশোধিত মূল্য সংযোজন কর(আগাম কর ব্যাতিত) এবং স্থানীয় উৎস হতে উপকরণ হিসেবে ক্রয়কৃত বা সংগৃহীত পণ্য বা সেবার বিপর তে পরিশোধিত মূল্য সংযোজন কর;

(২০) "উৎপাদন কর" (output tax) অর্থ কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর, যথা:—

(ক) উক্ত ব্যক্তি কর্তৃক করযোগ্য পণ্য, সেবা বা স্থাবর সম্পত্তি সরবরাহ; বা

(খ) উক্ত ব্যক্তি কর্তৃক করযোগ্য সেবা আমদানি;

(২১) "উৎসে কর কর্তনকারী সত্তা" অর্থ—

(ক) কোন সরকারি সত্তা;

(খ) এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোন বেসরকারি প্রতিষ্ঠান;

(গ) কোন ব্যাংক, বীমা কোম্পানী বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান;

(ঘ) কোন মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান;

(ঙ) কোন লিমিটেড কোম্পানী;

(২২) "উৎসে কর কর্তন সনদপত্র" অর্থ উৎসে কর কর্তন সংক্রান্ত কোন সনদপত্র;

(২৩) "কমিশনার" অর্থ ধারা ৭৮ এর অধীন নিয়োগকৃত কমিশনার;

(২৪) "কর" অর্থ মূসক, টার্নওভার কর ও সম্পূরক শুল্ক, এবং বকেয়া আদায়ের উদ্দেশ্যে সুদ, জরিমানা ও অর্থদণ্ডও উহার অর্ন্তভুক্ত হইবে;

(২৫) "কর চালানপত্র" (tax invoice) অর্থ ধারা ৫১ এর অধীন সরবরাহকারী কর্তৃক ইস্যুকৃত কোন দলিল;

(২৬) "করদাতা" অর্থ এই আইনের অধীন কর পরিশোধকারী এবং উৎসে কর কর্তনকারী সত্তা;

(২৭) "কর নিরূপণ" অর্থ পঞ্চম অধ্যায় এর অধীন করদাতা কর্তৃক কর নিরূপণ (assessment);

(২৮) "কর নির্ধারণ" অর্থ একাদশ অধ্যায় এর অধীন যথাযথ কর্মকর্তা কর্তৃক কর নির্ধারণ (determination);

(২৯) "কর ভগ্নাংশ" অর্থ নিম্নবর্ণিত সূত্র অনুযায়ী নির্ণীত অর্থের পরিমাণ, যথা:—

$\frac{R}{100+R}$ যেইক্ষেত্রে, R অর্থ ধারা ১৫(৩) এ উল্লিখিত মূসক হার;

(৩০) "কর মেয়াদ" অর্থ—

(ক) মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্কের ক্ষেত্রে, খ্রিস্টীয় বর্ষপঞ্জিতে চিহ্নিত এক মাস; বা

(খ) টার্নওভার করের ক্ষেত্রে, ত্রৈমাসিক সময়কাল, যাহা মার্চ ৩১, জুন ৩০, সেপ্টেম্বর ৩০ বা ডিসেম্বর ৩১ এ সমাপ্তি ঘটে;

(৩১) "করযোগ্য আমদানি" অর্থ অব্যাহতিপ্রাপ্ত আমদানি ব্যতীত যেকোন আমদানি;

(৩২) "করযোগ্য সরবরাহ" অর্থ কোন অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত যে কোন সরবরাহ

(৩৩) "করহার" অর্থ প্রাসঙ্গিকতা ভেদে—

(ক) ধারা ১৫(৩) এ উল্লিখিত মূসক হার;

(খ) ধারা ৫৫(৪) এ উল্লিখিত সম্পূরক শুল্কহার; বা

(গ) ধারা ৬৩(১) এ উল্লিখিত টার্নওভার করহার;

(৩৪) "কর সুবিধা" অর্থ নিম্নবর্ণিত কোন সুবিধা, যথা:—

(ক) উৎপাদ কর হ্রাসকরণ;

(খ) পণ্য আমদানির উপর মূসক হ্রাসকরণ;

(গ) জের টানা অতিরিক্ত অর্থের বৃদ্ধি বা করদাতার করদায়ের পরিমাণ হ্রাসকরণ;

(ঘ) হ্রাসকারী সমন্বয়ের প্রাপ্যতা বৃদ্ধিকরণ;

(ঙ) বৃদ্ধিকারী সমন্বয় হ্রাসকরণ;

(চ) কর ফেরত প্রদান;

(ছ) উৎপাদ কর স্থগিতকরণ বা উপকরণ কর রেয়াতের দাবি উত্থাপন ত্বরান্বিতকরণ;

(জ) উৎপাদ কর বা বৃদ্ধিকারী সমন্বয় হিসাব বিলম্বিতকরণ বা উপকরণ কর রেয়াত বা হ্রাসকারী সমন্বয় দাবি উত্থাপন ত্বরান্বিতকরণ;

(ঝ) মূলত ও কার্যত একটি করযোগ্য সরবরাহ বা করযোগ্য আমদানিকে অকরযোগ্য সরবরাহ বা আমদানিতে পরিণতকরণ;

(ঞ) মূলত ও কার্যত কোন আমদানি বা অর্জনের ক্ষেত্রে উপকরণ কর রেয়াত প্রাপ্তির অধিকার না থাকা সত্ত্বেও রেয়াত প্রাপ্তির অধিকার সৃষ্টিকরণ; বা

(ট) করদাতার টার্নওভার কম প্রদর্শন;

(৩৫) "কার্যধারা" (proceedings) অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক এই আইনের অধীন গৃহীত কোন কার্যধারা বা কার্যক্রম, কিন্তু ষোড়শ অধ্যায়ে উল্লিখিত অপরাধ সংক্রান্ত মামলার কার্যক্রম উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৩৬) "কিস্তিতে মূল্য পরিশোধ চুক্তি" অর্থ ক্রয়-বিক্রয় সংক্রান্ত কোন চুক্তি যাহার অধীন কোন সরবরাহের পণ একাধিক কিস্তির মাধ্যমে পরিশোধ করা হয়।

(৩৭) "কেন্দ্রীয় ইউনিট" অর্থ অভিন্ন অথবা সমজাতিয় পণ্য বা সেবা বা উভয়ের সরবরাহ সংক্রান্ত অর্থনৈতিক কার্যক্রমের সকল হিসাব-নিকাশ ও রেকর্ডপত্র যেখানে কেন্দ্রীয়ভাবে পরিচালিত ও সংরক্ষিত হয়;

(৩৮) "কোম্পানী" অর্থ বাংলাদেশ বা অন্য কোন দেশের বিদ্যমান কোন আইনের অধীন কোম্পানি হিসাবে নিগমিত কোন প্রতিষ্ঠান;

(৩৯) "ক্রেডিট নোট" অর্থ হ্রাসকারী সমন্বয় গ্রহণের উদ্দেশ্যে করদাতা কর্তৃক ইস্যুকৃত কোন দলিল;

(৪০) "চালানপত্র" অর্থ পণ পরিশোধের দায় সংক্রান্ত কোন দলিল;

(৪১) "জরিমানা" অর্থ ধারা ৮৫ এর অধীন কমিশনার কর্তৃক আরোপিত জরিমানা, কিন্তু অপরাধের বিচারের ক্ষেত্রে আদালত কর্তৃক প্রদত্ত অর্থদণ্ড উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৪২) "টার্নওভার" অর্থ কোন ব্যক্তি কর্তৃক কোন নির্ধারিত সময়ে বা কর মেয়াদে তাহার অর্থনৈতিক কার্যক্রম দ্বারা প্রস্তুতকৃত, আমদানিকৃত বা ক্রয়কৃত করযোগ্য পণ্যের সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান হইতে প্রাপ্ত বা প্রাপ্য সমুদয় অর্থ;

(৪৩) "টার্নওভার কর" অর্থ ধারা ৬৩ এর অধীন আরোপিত কর;

(৪৪) "ডেবিট নোট" অর্থ বৃদ্ধিকারী সমন্বয় গ্রহণের উদ্দেশ্যে করদাতা কর্তৃক ইস্যুকৃত কোন দলিল;

(৪৫) "তফসিল" অর্থ এই আইনের কোন তফসিল;

(৪৬) "তালিকাভুক্ত" অর্থ ধারা ১০(২) এর অধীন টার্নওভার কর তালিকাভুক্ত;

(৪৭) "তালিকাভুক্তিযোগ্য ব্যক্তি" অর্থ ধারা ১০(১) এর অধীন টার্নওভার কর তালিকাভুক্তিযোগ্য কোন ব্যক্তি;

(৪৮) "তালিকাভুক্তিসীমা" অর্থ কোন ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রমের টার্নওভার প্রতি ১২ (বার) মাস সময়ে [২][৫০ (পঞ্চাশ)] লক্ষ টাকার সীমা, কিন্তু নিম্নবর্ণিত মূল্য উহার অন্তর্ভুক্ত হইবে না, যথা:—

(ক) অব্যাহতিপ্রাপ্ত সরবরাহের মূল্য;

(খ) মূলধনী সম্পদের বিক্রয় মূল্য;

(গ) অর্থনৈতিক কার্যক্রমের প্রতিষ্ঠান বা উহার কোন অংশবিশেষের বিক্রয় মূল্য; বা

(ঘ) অর্থনৈতিক কার্যক্রম স্থায়ীভাবে বন্ধ করিবার ফলশ্রুতিতে কৃত সরবরাহের মূল্য;

(৪৯) "দলিল" অর্থে নিম্নবর্ণিত বস্তু অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) কোন কাগজ বা অনুরূপ কোন বস্তু যাহার উপর অক্ষর, সংখ্যা, প্রতীক বা চিহ্নের মাধ্যমে কোন লেখনী প্রকাশ করা হয়; বা

(খ) কোন ইলেক্ট্রনিক উপাত্ত, কম্পিউটার প্রোগ্রাম, কম্পিউটার ফিতা, কম্পিউটার ডিস্ক বা অনুরূপ কোন ডিভাইস (device) যাহা উপাত্ত ধারণ করিতে পারে;

(৫০) "দাখিলপত্র" অর্থ কর নিরূপণ ও কর নির্ধারণের উদ্দেশ্যে কোন করমেয়াদে করদাতা কর্তৃক পেশকৃত কোন দাখিলপত্র;

(৫১) "দেওয়ানী কার্যবিধি" অর্থ দেওয়ানী কার্যবিধি, ১৯০৮ (১৯০৮ সনের ৫ নং আইন);

(৫২) "নির্দিষ্ট স্থান" অর্থ বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে অর্থনৈতিক কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত কোন স্থান, যথা:—

(ক) ব্যবস্থাপনার স্থান;

(খ) শাখা, দপ্তর, কারখানা বা ওয়ার্কশপ;

(গ) খনি, গ্যাসকূপ, পাথর বা অনুরূপ কোন খনিজ সম্পদ আহরণ ক্ষেত্র (quarry); বা

(ঘ) নির্মাণ বা স্থাপনা প্রকল্পের অবস্থান;

(৫৩) "নির্ধারিত" অর্থ বোর্ড কর্তৃক প্রণীত কোন বিধি বা আদেশ দ্বারা নির্ধারিত;

(৫৪) "নিবন্ধন" অর্থ ধারা ৬ এর অধীন মূসক নিবন্ধন;

(৫৫) "নিবন্ধনযোগ্য ব্যক্তি" অর্থ ধারা ৪ এর অধীন মূসক নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি;

(৫৬) "নিবন্ধিত ব্যক্তি" অর্থ ধারা ৬ এর অধীন মূসক নিবন্ধিত কোন ব্যক্তি;

(৫৭) "নিবন্ধনসীমা" অর্থ কোন ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রমের টার্নওভার প্রতি ১২ (বার) মাস সময়ে [৩ (তিন) কোটি] টাকার সীমা, কিন্তু নিম্নবর্ণিত মূল্য উহার অন্তর্ভুক্ত হইবে না, যথা:—

(ক) অব্যাহতিপ্রাপ্ত সরবরাহের মূল্য;

(খ) মূলধনী সম্পদের বিক্রয় মূল্য;

(গ) অর্থনৈতিক কার্যক্রমের প্রতিষ্ঠান বা উহার কোন অংশের বিক্রয় মূল্য; বা

(ঘ) অর্থনৈতিক কার্যক্রম স্থায়ীভাবে বন্ধ করিবার ফলশ্রুতিতে কৃত সরবরাহের মূল্য;

তবে শর্ত থাকে যে দফা ৪ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) এ অধীন কোন ব্যক্তিকে নিবন্ধিত করার ক্ষেত্রে এই নিবন্ধসীমা প্রযোজ্য হবে না।

(৫৮) "ন্যায্য বাজার মূল্য" অর্থ—

(ক) পরস্পর সহযোগী নয় এরূপ ক্রেতা এবং বিক্রেতার মধ্যে স্বাভাবিক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত কোন সরবরাহের পণ;

(খ) যদি দফা (ক) এ উল্লিখিত ন্যায্য বাজার মূল্য পাওয়া না যায়, তাহা হইলে ইতোপূর্বে একই পরিস্থিতিতে সমজাতীয় কোন সরবরাহের পণ;

(গ) যদি উক্তরূপে ন্যায্য বাজার মূল্য নির্ধারণ করা না যায়, তাহা হইলে পরস্পর সহযোগী নয় এমন ক্রেতা এবং বিক্রেতার মধ্যে সাধারণ ব্যবসায় সম্পর্কের ভিত্তিতে নিরূপিত পণের নৈর্ব্যক্তিক গড়ের ভিত্তিতে বোর্ড কর্তৃক নির্ধারিত মূল্য;

(৫৯) "পণ" অর্থ কোন সরবরাহের (বিপরীতে) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রদত্ত বা প্রদেয় অর্থ বা নগদ অর্থের পরিবর্তে প্রদত্ত বা প্রদেয় দ্রব্যের ন্যায্য বাজার মূল্য--

এবং নিম্নবর্ণিত বিষয়ের অর্থও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) এই আইন বা অন্য কোন আইনের অধীন আরোপিত কর, যাহা—

(অ) সরবরাহের উপর বা সরবরাহের কারণে সরবরাহকারী কর্তৃক প্রদেয় হয়; বা

(আ) গ্রহীতার নিকট হইতে প্রাপ্ত মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত বা উহার সহিত সংযোজিত হয়;

(খ) সার্ভিস চার্জ হিসাবে উল্লিখিত কোন অর্থ; বা

(গ) হায়ার পারচেজ বা ফাইন্যান্স লিজ চুক্তির অধীন পণ্য সরবরাহের পণের মধ্যে ফাইন্যান্স লিজ বা হায়ার পারচেজের অধীন ঋণ প্রদান সম্পর্কিত প্রদেয় যেকোন অর্থ অন্তর্ভুক্ত থাকিবে;

কিন্তু সরবরাহের সময় যে মূল্যছাড় দেওয়া হয় তাহা উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৬০) "পণ্য" অর্থ শেয়ার, স্টক, সিকিউরিটিজ এবং অর্থ ব্যতীত সকল প্রকার দৃশ্যমান অস্থাবর সম্পত্তি;

(৬১) "পণ্য সরবরাহ" অর্থ—

(ক) পণ্যের বিক্রয়, বিনিময় বা অন্যবিধ ভাবে বিক্রয়ের মাধ্যমে পণ্যের অধিকার হস্তান্তর; বা

(খ) লিজ, ভাড়া, কিস্তি, হায়ার পারচেজ বা অন্য কোনভাবে পণ্য ব্যবহারের অধিকার প্রদান এবং ফাইন্যান্স লিজের আওতায় পণ্য বিক্রয়ও উহার অন্তর্ভুক্ত হইবে।

(৬২) "প্রচ্ছন্ন রপ্তানি" অর্থে নিম্নবর্ণিত এক বা একাধিক সরবরাহ অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) বাংলাদেশের বাহিরে ভোগের জন্য অভিপ্রেত কোন [পণ্য বা সেবা] [নির্ধারিত পদ্ধতিতে] বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহ;

(খ) কোন আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রার বিনিময়ে [নির্ধারিত পদ্ধতিতে] বাংলাদেশের অভ্যন্তরে কোন পণ্য বা সেবার সরবরাহ; বা

(গ) স্থানীয় ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে [নির্ধারিত পদ্ধতিতে] বাংলাদেশের অভ্যন্তরে কোন পণ্য বা সেবার সরবরাহ;

(৬৩) "প্রতিনিধি" অর্থ—

(ক) অক্ষম ব্যক্তির ক্ষেত্রে, অভিভাবক বা তৎকর্তৃক নিযুক্ত ব্যবস্থাপক;

(খ) কোম্পানীর ক্ষেত্রে, অবসায়নাধীন কোম্পানী ব্যতিরেকে কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা;

(গ) অংশীদারি কারবারের ক্ষেত্রে, উহার কোন অংশীদার;

(ঘ) ট্রাস্টের ক্ষেত্রে, উক্ত ট্রাস্টের ট্রাস্টি বা নির্বাহক বা প্রশাসক;

(ঙ) ব্যক্তি সংঘের ক্ষেত্রে, উহার চেয়ারম্যান, সম্পাদক বা কোষাধ্যক্ষ;

(চ) সরকারি সত্তার ক্ষেত্রে, উহার মুখ্য নির্বাহী কর্মকর্তা;

(ছ) বৈদেশিক সরকারের ক্ষেত্রে, উক্ত বৈদেশিক সরকার কর্তৃক নিযুক্ত কোন কর্মকতা;

(জ) অনাবাসিক ব্যক্তির ক্ষেত্রে, তৎকর্তৃক নিযুক্ত মূসক এজেন্ট; বা

(ঝ) নির্ধারিত অন্য কোন প্রতিনিধি;

(৬৪) "প্রদেয় নীট কর" অর্থ কোন কর মেয়াদে ধারা ৪৫ এর অধীন নিরূপিত কর.

(৬৫) "প্রস্তুতকরণ (manufacturing)" অর্থ—

(ক) কোন পদার্থ এককভাবে বা অন্য কোন পদার্থ বা সরঞ্জাম বা উৎপাদনের অংশবিশেষের সহিত সংযোগ বা সম্মেলনের দ্বারা প্রক্রিয়াকরণের মাধ্যমে অন্য কোন সুনির্দিষ্ট পদার্থ বা পণ্যে রূপান্তরকরণ বা উহাকে এইরূপে পরিবর্তিত, রূপান্তরিত বা পুনরাকৃতি প্রদানকরণ যাহাতে উক্ত পদার্থ ভিন্নভাবে বা সুনির্দিষ্টভাবে ব্যবহারের উপযোগী হয়;

(খ) পণ্যের প্রস্তুতি সম্পন্ন করিবার জন্য কোন আনুষঙ্গিক বা সহায়ক প্রক্রিয়া;

(গ) মুদ্রণ, প্রকাশনা, শিলালিপি বা মিনাকরণ প্রক্রিয়া;

(ঘ) সংযোজন, মিশ্রণ, পরিশুদ্ধকরণ, কর্তন, তরলীকরণ, বোতলজাতকরণ, মোড়কাবদ্ধকরণ বা পুনঃমোড়কাবদ্ধকরণ; বা

(ঙ) মধ্যবর্তী বা অসমাপ্ত প্রক্রিয়াসহ পণ্য উৎপাদন বা তৈরিতে গৃহীত সকল প্রক্রিয়া;

(৬৬) "ফাইন্যান্স লিজ" অর্থ হায়ার পারচেজ ব্যতীত এমন কোন লিজ যাহা ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড অনুযায়ী ফাইন্যান্স লিজ হিসাবে গণ্য;

(৬৭) "ফৌজদারী কার্যবিধি" অর্থ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫নং আইন);

(৬৮) "বকেয়া কর" অর্থ ধারা ৯৫ এ উল্লিখিত বকেয়া কর;

(৬৯) "বিধি" অর্থ বোর্ড কর্তৃক প্রণীত কোন বিধি;

(৭০) "বিল অব এন্ট্রি" (Bill of Entry) অর্থ [কাস্টমস আইনের] ধারা ২ (সি)-তে সংজ্ঞায়িত Bill of Entry;

(৭১) "বৃদ্ধিকারী সমন্বয়" অর্থ নিম্নবর্ণিত কোন বৃদ্ধিকারী সমন্বয়, যথা:—

(ক) উৎসে কর্তিত করের বৃদ্ধিকারী সমন্বয়;

(খ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়নের ফলে বৃদ্ধিকারী সমন্বয়;

(গ) ব্যাংকিং চ্যানেলে অর্থ পরিশোধ না করিবার ফলে বৃদ্ধিকারী সমন্বয়;

(ঘ) ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহৃত (ঢ়ৎরাধঃবঁংব) পণ্যের ক্ষেত্রে বৃদ্ধিকারী সমন্বয়;

(ঙ) নিবন্ধিত হওয়ার পর বৃদ্ধিকারী সমন্বয়;

(চ) নিবন্ধন বাতিলের কারণে বৃদ্ধিকারী সমন্বয়;

(ছ) মূসক হার পরিবর্তিত হওয়ার কারণে বৃদ্ধিকারী সমন্বয়;

(জ) সুদ, জরিমানা, অর্থদণ্ড, ফি ইত্যাদি পরিশোধ সংক্রান্ত বৃদ্ধিকারী সমন্বয়; বা

(ঝ) নির্ধারিত অন্য কোন বৃদ্ধিকারী সমন্বয়;

(৭২) "বৃহৎ করদাতা ইউনিট" অর্থ ধারা ৭৮(৩) এর অধীন গঠিত কোন বৃহৎ করদাতা ইউনিট;

(৭৩) "বোর্ড" অর্থ জাতীয় রাজস্ব বোর্ড আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ৭৬ নং আদেশ) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড;

(৭৪) "ব্যক্তি" অর্থ স্বাভাবিক কোন ব্যক্তি, এবং নিম্নবর্ণিত সত্তাও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) কোন কোম্পানী;

(খ) কোন ব্যক্তি সংঘ;

(গ) কোন সরকারি সত্তা;
(ঘ) কোন বৈদেশিক সরকার বা তৎকর্তৃক নির্ধারিত কোন বিভাগ বা নিযুক্ত কোন কর্মকর্তা;
(ঙ) কোন আন্তঃ দেশীয় ও আন্তর্জাতিক সংগঠন; বা
(চ) সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ বা অনুরূপ কোন উদ্যোগ; বা
(ছ) অন্যান্য ব্যবসায় প্রতিষ্ঠান

(৭৫) "ব্যক্তি সংঘ" অর্থ অংশীদারি কারবার, ট্রাস্ট বা অনুরূপ কোন ব্যক্তি সংঘ, কিন্তু কোন কোম্পানী বা অনিগমিত যৌথ মূলধনী কারবার উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৭৬) "ব্যবসা সনাক্তকরণ সংখ্যা" অর্থ নিবন্ধিত বা তালিকাভুক্ত কোন ব্যক্তির অনুকূলে ইস্যুকৃত মূসক নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর সনদপত্রে উল্লিখিত কোন অনন্য ব্যবসা সনাক্তকরণ সংখ্যা;

(৭৭) "ভূমির সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট সেবা" অর্থে—
(ক) ভূমির উপর প্রত্যক্ষভাবে প্রদত্ত সেবা;
(খ) নির্দিষ্ট ভূমির উপর বিশেষজ্ঞ এবং এস্টেট এজেন্ট প্রদত্ত সেবা;
(গ) নির্দিষ্ট ভূমির উপর গৃহীত বা গৃহীতব্য নির্মাণ কাজ সম্পর্কিত সেবা;

(৭৮) "মূল্য" অর্থ—
(ক) ধারা ২৮ এ উল্লিখিত আমদানি মূল্য; বা
(খ) ধারা ৩২ এ উল্লিখিত সরবরাহ মূল্য;

(৭৯) "মূল্য সংযোজন কর" বা "মূসক" অর্থ ধারা ১৫ এর অধীন আরোপিত মূল্য সংযোজন কর;

(৮০) "মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ" অর্থ ধারা ৭৮ এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(৮১) "মূল্য সংযোজন কর কর্মকর্তা" বা "মূসক কর্মকর্তা" অর্থ ধারা ৭৮(১) এ উল্লিখিত কোন কর্মকর্তা;

(৮২) "রপ্তানি" অর্থ বাংলাদেশের অভ্যন্তর হইতে বাংলাদেশের ভৌগোলিক সীমার বাহিরে কোন সরবরাহ এবং প্রচ্ছন্ন রপ্তানিও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৮৩) **

(৮৪) "কাস্টমস আইন" অর্থ Customs Act, 1969 (Act IV of 1969) বা তদধীন প্রণীত কোন বিধি বা প্রদত্ত কোন আদেশ;

(৮৫) "কাস্টমস কমিশনার" বা "কাস্টমস কর্মকর্তা" অর্থ কাস্টমস আইনের অধীন নিযুক্ত কোন কর্মকর্তা;

(৮৬) "শূন্যহার বিশিষ্ট সরবরাহ" অর্থ ধারা ২১ এ উল্লিখিত শূন্যহার বিশিষ্ট কোন সরবরাহ;

(৮৭) "সমন্বয় ঘটনা" অর্থ নিম্নবর্ণিত কোন ঘটনা, যথা:—
(ক) কোন সরবরাহ বাতিলকরণ;
(খ) কোন সরবরাহের পণ পরিবর্তন;
(গ) সরবরাহকৃত পণ্য সম্পূর্ণ বা উহার অংশবিশেষ সরবরাহকারীর নিকট ফেরত প্রদান;
(ঘ) সরবরাহের প্রকৃতি পরিবর্তনের কারণে কোন সরবরাহ অব্যাহতিপ্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট সরবরাহে পরিণত হওয়া; বা
(ঙ) নির্ধারিত অন্য কোন ঘটনা;

(৮৮) "সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ" অর্থ কোন চুক্তি যাহার অধীন কোন ভূমির মালিক তাহার ভূমিতে ভবন নির্মাণের জন্য কোন নির্মাতার সহিত শর্তাধীনে অঙ্গিকারাবদ্ধ হয়;

(৮৯) "সম্পূরক শুল্ক" অর্থ ধারা ৫৫ এর অধীন আরোপিত সম্পূরক শুল্ক;

(৯০) "সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য" অর্থ দ্বিতীয় তফসিলে উল্লিখিত কোন পণ্য;

(৯১) "সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবা" অর্থ দ্বিতীয় তফসিলে উল্লিখিত কোন সেবা;

(৯২) উৎসে কর কর্তন সনদপত্র" অর্থ ধারা ৫৩ এ উল্লিখিত কোন দলিল;

(৯৩) "সরকারী সত্তা" অর্থ—
(ক) সরকার বা উহার কোন মন্ত্রণালয়, বিভাগ, বা দপ্তর;
(খ) আধাসরকারি বা স্বায়ত্তশাসিত কোন সংস্থা;
(গ) রাষ্ট্রীয় মালিকানাধীন কোন প্রতিষ্ঠান; বা
(ঘ) স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোন সংস্থা;

(৯৪) "সরবরাহ" অর্থ যেকোন সরবরাহ এবং নিম্নবর্ণিত বিষয়সমূহও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—
(ক) পণ্য সরবরাহ;
(খ) স্থাবর সম্পত্তি সরবরাহ;
(গ) সেবা সরবরাহ; বা

(ঘ) দফা (ক), (খ) এবং (গ)-তে বর্ণিত সরবরাহের সমাহার;

(৯৫) "সনদপত্র" অর্থ এই আইনের অধীন [সংশ্লিষ্ট কর্মকর্তা] কর্তৃক সরবরাহকৃত কোন সনদপত্র;

(৯৬) "সরবরাহের সময়" অর্থ—

(ক) পণ্য সরবরাহের ক্ষেত্রে, যেসময়ে পণ্যের দখল অর্পণ বা অপসারণ করা হয়;

(খ) সেবা সরবরাহের ক্ষেত্রে, যেসময়ে সেবা প্রদান, সৃষ্টি, হস্তান্তর বা স্বত্ব অর্পণ করা হয়; বা

(গ) স্থাবর সম্পত্তি সরবরাহের ক্ষেত্রে, যেসময়ে সম্পত্তি অর্পণ, সৃষ্টি, হস্তান্তর বা স্বত্ব প্রদান করা হয় সেই সময়;

(৯৭) "সহযোগী" অর্থ দুইজন ব্যক্তির মধ্যে এমন সম্পর্ক যাহার কারণে একে অপরের বা উভয়ে অপর কোন তৃতীয় ব্যক্তির অভিপ্রায় অনুযায়ী কাজ করেন বা কাজ করিবেন বলিয়া প্রত্যাশা করা হয়, এবং নিম্নবর্ণিত ব্যক্তিও উহার অন্তর্ভুক্ত হইবেন, যথা:—

(ক) অংশীদারি কারবারের কোন অংশীদার;

(খ) কোম্পানীর কোন শেয়ার হোল্ডার;

(গ) কোন ট্রাস্ট এবং উক্ত ট্রাস্টের সুবিধাভোগী; বা

(ঘ) কোন সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ এবং উক্ত উদ্যোগের অংশীদার ভূমি মালিক, নির্মাতা বা অন্য কোন ব্যক্তি;

(ঙ) প্রতিনিধি, মূসক এজেন্ট, পরিবেশক, লাইসেন্সী বা অনুরূপ সম্পর্কযুক্ত ব্যক্তিবর্গ;

তবে চাকুরীর সম্পর্কযুক্ত ব্যাক্তিবরগ উহার অন্তর্ভুক্ত হইবেন না।

(৯৭ ক) সংশ্লিষ্ট কর্মকর্তা অর্থ এইরুপ যে কোন মুল্য সংযজন কর কর্মকর্তা যিনি এই আইনের অধীন কতিপয় দায়িত্ব পালনের জন্য বোর্ড এর নিকট হইতে বোর্ড করতিক জারীকৃত সরকারী গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

(৯৮) "সেকেন্ড-হ্যান্ড পণ্য" অর্থ এমন কোন পণ্য যাহা পূর্বে ব্যবহৃত হইয়াছে, কিন্তু মূল্যবান ধাতু বা উহার দ্বারা তৈরি কোন পণ্য (যেমন: স্বর্ণ, রৌপ্য, প্লাটিনাম বা অনুরূপ কোন ধাতু), এবং হীরা, পদ্মরাগমণি বা চুন্নি, পান্না, নীলমণি বা নীলকান্তমণি উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৯৯) "সেবা" অর্থ যেকোন সেবা তবে, পণ্য, স্থাবর সম্পত্তি এবং অর্থ (money) উহার অন্তর্ভুক্ত হইবে না;

(১০০) "সেবা সরবরাহ" অর্থ এমন সরবরাহ যাহা পণ্য, অর্থ বা স্থাবর সম্পত্তির সরবরাহ নহে, তবে সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া নিম্নবর্ণিত বিষয়সমূহ উহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) অধিকার প্রদান (grant), হস্তান্তর (assignment), সমাপ্তি (termination), বা কোন অধিকার সমর্পণ;

(খ) কোন সুযোগ, সুবিধা বা উপকার গ্রহণের ব্যবস্থা করণ;

(গ) কোন কার্য করা, কোন অবস্থা বা কোন কার্যক্রম গ্রহণ করা হইতে বিরত থাকা বা মানিয়া লওয়ার জন্য চুক্তি;

(ঘ) লাইসেন্স, পারমিট, সনদপত্র, বিশেষ সুবিধা, অনুমতিপত্র বা অনুরূপ অধিকার জারিকরণ, হস্তান্তর বা সমর্পণ;

(১০১) "স্থাবর সম্পত্তি" অর্থ স্থাবর সম্পত্তির উপর অধিকার বা স্বার্থ বা অধিকার যাহাতে ভূমি, বা ভূমির উপর অবস্থিত কোন ভবন বা উহাতে স্থাপিত বা স্থায়ী ভাবে সংযুক্ত কোন কাঠামো সংস্থাপিত থাকুক বা না থাকুক

(১০২) "স্থাবর সম্পত্তি সরবরাহ" অর্থে নিম্নবর্ণিত সরবরাহসমূহ অন্তর্ভুক্ত হইবে—

(ক) ভূমির উপর কোন অধিকার বা স্বার্থ;

(খ) ভূমির উপর কোন অধিকার বা স্বার্থ প্রদানের আহ্বান সম্বলিত ব্যক্তিগত অধিকার,

(গ) আবাসন সরবরাহসহ ভূমিতে অধিষ্ঠানের (occupy) নিমিত্ত লাইসেন্স প্রদান বা ভূমিতে প্রয়োগযোগ্য কোন চুক্তিভিত্তিক অধিকার;

(ঘ) দফা (ক), (খ) এবং (গ)-তে বর্ণিত কোন বিষয় অর্জনের অধিকার বা ভবিষ্যতে উক্ত অধিকার প্রয়োগের অভিপ্রায় (option);

(১০৩) "হ্রাসকারী সমন্বয়" অর্থ নিম্নবর্ণিত কোন হ্রাসকারী সমন্বয়, যথা:—

(ক) আগাম কর হিসাবে পরিশোধিত অর্থের হ্রাসকারী সমন্বয়;

(খ) সরবরাহকারী কর্তৃক প্রদত্ত সরবরাহের বিপরীতে উৎসে কর্তিত করের হ্রাসকারী সমন্বয়;

(গ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়ন বা নিরীক্ষার ফলে প্রযোজ্য হ্রাসকারী সমন্বয়;

(ঘ) ক্রেডিট নোট ইস্যুকারীর কারণে হ্রাসকারী সমন্বয়;

(ঙ) রপ্তানির ক্ষেত্রে পরিশোধিত উপকরণ করের হ্রাসকারী সমন্বয়;

(চ) মূসক হারা হ্রাস পাওয়ার কারণে হ্রাসকারীর সমন্বয়;

(ছ) পূর্ববর্তী কর মেয়াদ হইতে ঋণাত্মক জের টানার নিমিত্ত হ্রাসকারী সমন্বয়;

(জ) পূর্ববর্তী কর মেয়াদে অতিরিক্ত পরিশোধিত মূসক হ্রাসকারী সমন্বয়; বা

(ঝ) নির্ধারিত অন্য কোন বৃদ্ধিকারী বা হ্রাসকারী সমন্বয়।

## মূসক নিবন্ধন এবং টার্নওভার কর তালিকাভুক্তি

**৪। মূসক নিবন্ধনযোগ্য ব্যক্তি।–** (১) নিম্নবর্ণিত প্রত্যেক ব্যক্তি কোন মাসের প্রথম দিন হইতে মূসক নিবন্ধনযোগ্য হইবেন, যথা:—

(ক) যে ব্যক্তির টার্নওভার উক্ত মাসের পূর্ববর্তী মাসের শেষে সমাপ্ত ১২ (বার) মাস সময়ে নিবন্ধনসীমা অতিক্রম করে; বা

(খ) যে ব্যক্তির প্রাক্কলিত টার্নওভার উক্ত মাসের পূর্ববর্তী মাসের প্রারম্ভ হইতে পরবর্তী ১২ (বার) মাস সময়ে নিবন্ধনসীমা অতিক্রম করে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত অর্থনৈতিক কার্যক্রম পরিচালনাকারী প্রত্যেক ব্যক্তিকে মূসক নিবন্ধিত হইতে হইবে, যিনি—

(ক) বাংলাদেশে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বা সেবা সরবরাহ, প্রস্তুত বা আমদানি করেন।

(খ) কোন টেন্ডারে অংশগ্রহণের মাধ্যমে কোন চুক্তি বা কার্যাদেশের বিপরীতে পণ্য বা সেবা উভয় সরবরাহ করেন।

(গ) কোন আমদানী রপ্তানি ব্যবসায় নিয়োজিত

(ঘ) বোড কর্তৃক নির্ধারিত কোন নির্দিষ্ট ভৌগলিক এলাকায় বা কোন নির্দিষ্ট পণ্য সেবা সরবারহ, প্রস্তুত বা আমদানী সংশ্লিষ্ট অথনীতিক কার্যক্রমে নিয়োজিত।

**৫। কেন্দ্রীয় বা শাখা ইউনিটের নিবন্ধন।**—(১) যদি কোন ব্যাক্তি দুই বা ততোধিক স্থান হইতে অভিন্ন অথবা সমজাতীয় পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ সংক্রান্ত অর্থনৈতিক কার্যক্রমের সকল হিসাব নিকাশ, কর পরিশোধ ও রেকর্ডপত্র কেন্দ্রীয় ইউনিটে সংরক্ষণ করেন, তাহা হইলে [নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে] তিনি হিসাব নিকাশ সংরক্ষণের উক্ত ঠিকানায় একটি মূসক নিবন্ধন গ্রহণ করতে পারবে:

তবে শর্ত থাকে যে অভিন্ন বা সমজাতীয় পণ্য বা সেবা সরবরাহ করা স্বত্ত্বেও কোন ইউনিট হতে অর্থনৈতিক কার্যক্রমের সকল হিসাব নিকাশ, কর পরিশোধ ও রেকর্ডপত্র স্বতন্ত্রভাবে সংরক্ষণ করলে তাকে স্বতন্ত্র নিবন্ধন গ্রহণ করতে হবে,-
আরও শর্ত থাকে যে, কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধের লক্ষে বোর্ড বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন শাখা ইউনিটের হিসাব-নিকাশ ও রেকর্ডপত্র কেন্দ্রীয় ইউনিট হইতে পৃথক ও স্বতন্ত্রভাবে শাখা ইউনিটে পরিচালনা বা সংরক্ষণ করা হইলে উক্ত শাখা ইউনিটের জন্য পৃথক নিবন্ধন গ্রহণ করিতে পারিবে।
(৪) উপ-ধারা (১) নিবন্ধিত ব্যাক্তি কেন্দ্রীয় এক ইউনিট হতে অপর ইউনিটে পণ্য বা সেবার আদান-প্রদান বা চলাচল সরবরাহ বলিয়া গণ্য হইবে না এবং ফলশ্রুতিতে উৎপাদ কর দায় বা উপকরণ কর রেয়াত উদ্ভূত হবে না।

**৬। মূসক নিবন্ধন পদ্ধতিঃ**

(১) প্রত্যেক নিবন্ধনযোগ্য ব্যক্তি নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, মূসক নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিবেন।

(২) সংশ্লিষ্ট কর্মকর্তা, নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, উক্ত ব্যক্তিকে নিবন্ধিত করিয়া ব্যবসা সনাক্তকরণ সংখ্যা সম্বলিত নিবন্ধন সনদপত্র প্রদান করিবেন।

(৩) উপ-ধারা (১) এর অধীন কোন আবেদন বিধিসম্মত না হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা কারণ উল্লেখপূর্বক নিরধারিত সময়সীমা ও পদ্ধতিতে আবেদনকারীকে উহা অবহিত করিবেন।

**৭। নিবন্ধিত ব্যক্তিবর্গের তালিকা প্রকাশ ও সংরক্ষণ:**

(১) বোর্ড, সময় সময়, নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধিত ব্যক্তিবর্গের তালিকা প্রণয়ন করিয়া উহা প্রকাশ, প্রচার ও সংরক্ষণ করিবে।

(২) কোন ব্যক্তির নাম প্রকাশিত তালিকায় না থাকিলে, উক্ত ব্যক্তি নিবন্ধিত বলিয়া গণ্য হইবে না।

(৩) কোন ব্যক্তির নাম উক্ত তালিকায় থাকিলে, উক্ত ব্যক্তি এই আইনের অধীন নিবন্ধিত বলিয়া গণ্য হইবে।

**৮। স্বেচ্ছা মূসক নিবন্ধন।**

(১) যদি কোন ব্যাক্তি ধারা ৪ এর বিধান অনুযায়ী নিবন্ধনের আবশ্যকতা না থাকা সত্ত্বেও নিবন্ধিত হইতে ইচ্ছুক হন তাহা হইলে তিনি স্বেচ্ছায় মূসক নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট মূসক কর্মকর্তার নিকট, নিরধারিত সময়সীমা , শর্ত ও পদ্ধতিতে, আবেদন করিতে পারিবেন।

(২) সংশ্লিষ্ট কর্মকর্তা, নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, উক্ত ব্যক্তিকে নিবন্ধিত করিয়া ব্যবসা সনাক্তকরণ সংখ্যা সম্বলিত নিবন্ধন সনদপত্র প্রদান করিবেন।

(৩) স্বেচ্ছায় নিবন্ধিত ব্যাক্তির উপর অপরাপর নিবন্ধিত ব্যাক্তির ন্যায় এই আইনের সকল বিধান প্রতিপালন বাধ্যতামূলক হইবে এবং তিনি নিবন্ধনের তারিখ থেকে অনূন্য এক বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে নিবন্ধন বাতিলের জন্য আবেদন করতে পারবেন না।

**৯। মূসক নিবন্ধন বাতিল**

১. যদি কোন নিবন্ধিত ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা হইতে বিরত থাকেন, তাহা হইলে তিনি, নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, মূসক নিবন্ধন বাতিলের জন্য কমিশনারের নিকট আবেদন করিতে পারিবেন।

২. কোন নিবন্ধিত ব্যক্তি যাহার আর নিবন্ধিত থাকিবার প্রয়োজন নাই, তাহার করযোগ্য সরবরাহ প্রদান অব্যাহত থাকিলে, তিনি নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে কমিশনারের নিকট নিবন্ধন বাতিলের জন্য আবেদন করিতে পারিবেন।

৩. কমিশনার, নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, মূসক নিবন্ধন বাতিল করিতে পারিবেন।

৪. যদি কোন নিবন্ধিত ব্যক্তি মূসক নিবন্ধন বাতিলের জন্য উপ-ধারা (১) এর অধীন আবেদন দাখিল না করেন এবং যথাযথ অনুসন্ধানের পর যদি কমিশনারের নিকট প্রতীয়মান হয় যে, উক্ত ব্যক্তির মূসক নিবন্ধন বাতিলযোগ্য, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে মূসক নিবন্ধন বাতিলের আবেদনপত্র দাখিল করিবার নির্দেশ প্রদান করিবেন এবং উক্ত নির্দেশ অনুযায়ী আবেদন করা না হইলে কমিশনার স্ব-উদ্যোগে তাহার মূসক নিবন্ধন বাতিল করিতে পারিবেন।

৫. কোন নিবন্ধিত ব্যক্তির মূসক নিবন্ধন বাতিলের পর যদি দেখা যায় যে, তিনি তালিকাভুক্তিযোগ্য তাহা হইলে কমিশনার আবেদনের ভিত্তিতে বা স্ব-উদ্যোগে তাহাকে টার্নওভার করদাতা হিসাবে তালিকাভুক্ত করিতে পারিবেন।

৬. কোন নিবন্ধিত ব্যক্তির মূসক নিবন্ধন বাতিল করা হইলে, তিনি—

(ক) অনতিবিলম্বে কর চালানপত্র, সমন্বিত কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র, রশিদ, ক্রেডিট নোট, ডেবিট নোট, ইত্যাদি ব্যবহার বা ইস্যু করা হইতে বিরত থাকিবেন; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে মূসক নিবন্ধন সনদপত্র এবং উহার সকল প্রত্যায়িত অনুলিপি কমিশনারের নিকট ফেরত প্রদান এবং বকেয়া কর পরিশোধ ও চূড়ান্ত মূসক দাখিলপত্র দাখিল করিবেন।

৭. কোন ব্যক্তি অনলাইনে নিবন্ধন গ্রহণ করার পর সংশ্লিষ্ট কর্মকর্তা —

ক. নিবন্ধন আবেদনের উল্লিখিত ব্যক্তির ঠিকানা, অস্তিত্ব ও কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক অন্যান্য তথ্যাদি যাচাই করবেন।

খ. যাচাইয়ান্তে ব্যক্তির ঠিকানা, অস্তিত্ব না পাওয়া গেলে বা গুরুত্বপূর্ণ তথ্যাদি অসত্য প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ব্যক্তির নিবন্ধন বাতিলের জন্য কমিশনারের নিকট সুপারিশ করবেন এবং

গ. কমিশনার এইরূপ সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে উক্ত ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করে প্রযোজ্য ক্ষেত্রে বকেয়া কর আদায় পূর্বক নিবন্ধন বাতিল বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

**১০। তালিকাভুক্তিযোগ্য ব্যক্তি ও তালিকাভুক্তিঃ**

১. যদি কোন ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করিয়া ১২ মাসের কোন ত্রৈমাসিক শেষে তালিকাভুক্তিসীমা অতিক্রম করেন কিন্তু যদি নিবন্ধনসীমা অতিক্রম না করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি উক্ত ত্রৈমাসিক সময় সমাপ্ত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে, টার্নওভার করদাতা হিসাবে তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিবেন।

২. সংশ্লিষ্ট কর্মকর্তা নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, উক্ত ব্যক্তিকে টার্নওভার করদাতা হিসাবে তালিকাভুক্ত করে ব্যবসা সনাক্তকরণ সংখ্যা সম্বলিত টার্নওভার কর সনদপত্র প্রদান করিবেন।

**১১। তালিকাভুক্তি বাতিল।**—(১) প্রত্যেক তালিকাভুক্ত ব্যক্তি নিম্নবর্ণিত কারণে তাহার টার্নওভার কর তালিকাভুক্তি বাতিলের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, আবেদনকরিতে পারিবেন, যথা:—

(ক) যদি তিনি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা বন্ধ করেন;

(খ) যদি তাহার অর্থনৈতিক কার্যক্রমের টার্নওভার পর পর তিনটি কর মেয়াদে আনুপাতিক হারে তালিকাভুক্তি সীমার নিম্নে থাকে।

২. সংশ্লিষ্ট কর্মকর্তা নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, উক্ত ব্যক্তির তালিকাভুক্তি বাতিল করিতে পারিবেন।

৩. মূসক নিবন্ধনের জন্য দাখিলকৃত আবেদন তালিকাভুক্তি বাতিলের আবেদন হিসাবে বিবেচিত হইবে এবং কমিশনার যে তারিখে মূসক নিবন্ধন সনদপত্র ইস্যু করিবেন সেই তারিখের অব্যবহিত পূর্ববর্তী দিবসে টার্নওভার কর তালিকাভুক্তি বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৪. (৪) যদি কোন ব্যক্তি তালিকাভুক্তি বাতিলের জন্য উপ-ধারা (১) এর অধীন আবেদন না করেন, তাহা হইলে কমিশনার নির্ধারিত সময়সীমা ও পদ্ধতিতে, উক্ত ব্যক্তির তালিকাভুক্তি বাতিল করিয়া প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবেন।

**১২। স্ব-উদ্যোগে নিবন্ধনযোগ্য ও তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে নিবন্ধন বা তালিকাভুক্তিকরণ।**— সংশ্লিষ্ট কর্মকর্তা যথাযথ অনুসন্ধানের পর যদি সন্তুষ্ট হন যে, কোন ব্যক্তি মূসক নিবন্ধনযোগ্য বা টার্নওভার কর তালিকাভুক্তিযোগ্য কিন্তু তিনি নিবন্ধন বা তালিকাভুক্তির জন্য আবেদন করেন নাই, তাহা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা স্ব-উদ্যোগে উক্ত ব্যক্তিকে মূসক নিবন্ধিত বা টার্নওভার কর তালিকাভুক্ত করিবেন এবং সনদপত্র প্রদান করিবেন।

**১৩। সনদপত্র প্রদর্শনে নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির দায়িত্ব।**—প্রত্যেক নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রমের নির্দিষ্ট স্থানে মূসক নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর সনদপত্র বা উহার সত্যায়িত অনুলিপি এমনভাবে প্রদর্শন করিয়া রাখিবেন যাহাতে উহা সহজে দৃষ্টিগোচর হয়।

**১৪। পরিবর্তিত তথ্য অবহিতকরণে নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির দায়িত্ব।**— নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম সংশ্লিষ্ট নিম্নবর্ণিত তথ্যের পরিবর্তনের ক্ষেত্রে, নির্ধারিত সময় ও পদ্ধতিতে, সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করিবেন, যথা:—

(ক) ব্যবসায়ের নাম বা অন্য কোন বাণিজ্যিক নামসহ উক্ত ব্যক্তির নাম বা ব্যবসার ধরন পরিবর্তন;

(খ) উক্ত ব্যক্তির ঠিকানা বা অন্য কোন যোগাযোগের তথ্যাদি পরিবর্তন;

(গ) অর্থনৈতিক কার্যক্রম পরিচালনার স্থান পরিবর্তন;

(ঘ) উক্ত ব্যক্তির ব্যাংক হিসাবের কোন তথ্যের পরিবর্তন;

(ঙ) উক্ত ব্যক্তি কর্তৃক পরিচালিত এক বা একাধিক অর্থনৈতিক কার্যক্রমের প্রকৃতি পরিবর্তন;

(চ) মালিকানায় বা অংশিদারিত্বে পরিবর্তন

(ছ) নির্ধারিত অন্য কোন পরিবর্তন।

## তৃতীয় অধ্যায়
## মূল্য সংযোজন কর আরোপ

**১৫। মূসক আরোপ:**

১. এই আইনের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, করযোগ্য আমদানি এবং করযোগ্য সরবরাহের উপর মূসক আরোপিত ও প্রদেয় হবে।

২. করযোগ্য আমদানি বা করযোগ্য সরবরাহ মূল্যের সহিত উপ-ধারা (৩) এ উল্লিখিত মূসক হার গুণ করিয়া প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ নিরূপণ ও নির্ধারণ করিতে হইবে।

৩. করযোগ্য সরবরাহ বা করযোগ্য আমদানির ক্ষেত্রে মূসক হার হইবে ১৫ (পনের) শতাংশ। তবে শর্ত থাকে যে সরকার জনস্বার্থে তৃতীয় তফসিলে সুনির্দিষ্টকৃত যে কোন পণ্য বা সেবার ক্ষেত্রে হ্রাসকৃত মূসকের হার বা সুনির্দিষ্ট পরিমাণ কর নির্ধারণ করতে পারবে। আরও শর্ত থাকে যে, কোন নিবন্ধিত ব্যাক্তি তৃতীয় তফসিলে বর্ণিত হ্রাসকৃত মূসক হার বা সুনির্দিষ্ট করের পরিবর্তে নির্ধারিত পদ্ধতিতে ১৫ (পনের) শতাংশ কর প্রদান করতে পারবে।

**১৬। মূল্য সংযোজন কর পরিশোধে দায়ী ব্যক্তি:**

নিম্নবর্ণিত ব্যক্তিকে মূসক প্রদান করিতে হইবে, যথা:—

(ক) মূল্য সংযোজন কর আরোপযোগ্য আমদানির ক্ষেত্রে: আমদানীকারক;

(খ) বাংলাদেশে করযোগ্য সরবরাহ প্রদানের ক্ষেত্রে: সরবরাহকারী;

(গ) আমদানিকৃত সেবার করযোগ্য সরবরাহের ক্ষেত্রে: সরবরাহ গ্রহীতা;

(ঘ) অন্যান্য ক্ষেত্রে: সরবরাহকারী বা সরবরাহ গ্রহণকারী

**১৭। বাংলাদেশে প্রদত্ত সরবরাহ**

(১) ধারা ১৫ এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সরবরাহসমূহ বাংলাদেশে প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হবে:—

(ক) আবাসিক ব্যক্তি কর্তৃক সরবরাহ;

(খ) অনাবাসিক ব্যক্তি কর্তৃক বাংলাদেশের কোন নির্দিষ্ট স্থান হইতে বা উহার মাধ্যমে অর্থনৈতিক কার্যক্রম পরিচালনাপূর্বক প্রদত্ত সরবরাহ;

(গ) উপ-ধারা (খ)-তে উল্লিখিত সরবরাহ ব্যতীত অনাবাসিক ব্যক্তি কর্তৃক প্রদত্ত সরবরাহ, যদি সরবরাহটি—

(অ) স্থাবর সম্পত্তির সরবরাহ হয় এবং উক্ত স্থাবর সম্পত্তি সংক্রান্ত ভূমির অবস্থান বাংলাদেশে হয়;

(আ) পণ্যের সরবরাহ হয় এবং উহা বাংলাদেশে হস্তান্তর, অর্পণ, স্থাপন বা সংযোজন করা হয়;

(ই) যদি সরবরাহটি নিম্নবর্ণিত কোন সরবরাহ হয় এবং মূসক অনিবন্ধিত ব্যক্তিকে প্রদান করা হয়:—

(ক) সেবা প্রদানকালে বাংলাদেশে অবস্থান করিয়া সেবা প্রদানকারী কায়িকভাবে বাংলাদেশে সেবা প্রদান করে

(খ) বাংলাদেশে অবস্থিত ভূমির সহিত সরাসরি সংশ্লিষ্ট সেবার সরবরাহ হয়;

(গ) বাংলাদেশের কোন ঠিকানায় বেতার ও টেলিভিশন হইতে গৃহীত সম্প্রচার সেবা হয়;

(ঘ) সরবরাহকালে বাংলাদেশে অবস্থিত কোন ব্যক্তির নিকট ইলেক্ট্রনিক সেবা সরবরাহ;

(ঙ) টেলিযোগাযোগ সেবা যাহা কোন টেলিযোগাযোগ সরবরাহকারী বা বাংলাদেশে অস্থায়ীভাবে অবস্থানকারী কোন বৈশ্বিক ভ্রমণকারী (global roaming) ব্যতীত বাংলাদেশে অবস্থানরত কোন ব্যক্তি কর্তৃক সূত্রপাত ঘটানো হয়।

(২) উপ-ধারা (১) এর দফা (গ) এর উপ-দফা (আ) এর উদ্দেশ্যপূরণকল্পে কোন অনাবাসিক ব্যক্তি কর্তৃক আমদানিকৃত পণ্য অভ্যন্তরীণ ভোগের নিমিত্ত খালাসের পূর্বে সরবরাহ প্রদান করা হইলে উক্ত সরবরাহ বাংলাদেশের বাহিরে প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-ধারা (১) এর দফা (গ) এর উপ-দফা (ই) এর উপ-উপদফা (ঙ) এর উদ্দেশ্য পূরণকল্পে যে ব্যক্তি টেলিযোগাযোগ সেবা প্রদান করেন তিনি সেই ব্যক্তি—

(ক) যিনি সেবা সরবরাহকারী কর্তৃক নিম্নরূপে সনাক্তযোগ্য হন—

(অ) সরবরাহের সূচনা নিয়ন্ত্রণকারীরূপে;

(আ) সেবার মূল্য প্রদানকারীরূপে;

(ই) সরবরাহের জন্য চুক্তিকারীরূপে;

(খ) যদি একাধিক ব্যক্তি দফা (ক) এর শর্তাবলী পূরণ করেন, তাহা হইলে যিনি উক্ত দফার তালিকায় অধিকবার দৃশ্যমান হন; এবং

(গ) সেবার ধরন বা প্রকার বা তালিকাভুক্ত ব্যক্তিগণের বাস্তব অবস্থান কোন কারণে সরবরাহকারী কর্তৃক সনাক্ত করা সম্ভব না হইলে, সেই ক্ষেত্রে উক্তরূপ সেবা বা উক্তরূপ শ্রেণীর গ্রাহকের নিকট প্রদত্ত টেলিযোগাযোগ সেবার সকল প্রকার সরবরাহ, সরবরাহকারীর নিকট হইতে চালানপত্র গ্রহণকারী গ্রাহকের যে প্রকৃত বা বাস্তব আবাসিক বা বাণিজ্যিক ঠিকানা রহিয়াছে সেই স্থানে সরবরাহটি প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**১৮। নিবন্ধিত সরবরাহকারী এবং সরবরাহগ্রহীতা:**

ধারা ১৭ এ যাহা কিছুই থাকুক না কেন, কোন নিবন্ধিত অনাবাসিক ব্যক্তি কর্তৃক অপর কোন নিবন্ধিত গ্রহীতার নিকট সরবরাহকৃত সেবা বাংলাদেশে প্রদত্ত হইবে, যদি—

(ক) সরবরাহগ্রহীতা বাংলাদেশে কোন নির্দিষ্ট স্থান হইতে বা উহার মাধ্যমে অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করেন; এবং

(খ) সরবরাহটি উক্ত অর্থনৈতিক কার্যক্রমের উদ্দেশ্যে বা উক্ত নির্দিষ্ট স্থানে প্রদান করা হয়।

**১৯। অনাবাসিক ব্যক্তির মূসক এজেন্ট:**

(১) কোন অনাবাসিক ব্যক্তি বাংলাদেশের কোন নির্দিষ্ট স্থান হইতে অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা না করিলে, তাহাকে একজন মূসক এজেন্ট নিয়োগ করিতে হইবে।

(২) অনাবাসিক ব্যক্তির সকল দায়দায়িত্ব ও কার্যাবলী উক্ত মূসক এজেন্ট পালন ও সম্পাদন করিবেন, এবং আরোপিত কর, জরিমানা, দণ্ড এবং সুদসহ যাবতীয় অর্থ পরিশোধের জন্য তিনি অনাবাসিক ব্যক্তির সহিত যৌথভাবে ও পৃথকভাবে দায়বদ্ধ থাকিবেন।

(৩) মূসক এজেন্ট কর্তৃক সম্পাদিত অর্থনৈতিক কার্যক্রমের নিবন্ধন তাহার প্রধানের (principal) নামে হইতে হইবে।

(৪) বোর্ড, মূসক এজেন্ট নিয়োগের শর্ত, পদ্ধতি ও তাহার দায়-দায়িত্ব নির্ধারণ করিতে পারিবে।

**২০। আমদানিকৃত সেবার ক্ষেত্রে গ্রহীতার নিকট হইতে (reverse charged) কর আদায়:**

(১) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, আমদানিকৃত কোন সেবা সরবরাহ করযোগ্য সরবরাহ হইবে, যদি—

(ক) সরবরাহ গ্রহীতা একজন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি হন এবং অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় উক্ত সেবা অর্জন (acquire) করেন; এবং

(খ) সরবরাহটি নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কর্তৃক অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় বাংলাদেশে প্রদত্ত হইলে—

(অ) উক্ত সেবা শূন্যহার বিশিষ্ট না হইয়া অন্য কোন হারে করযোগ্য হয়; এবং

(আ) সরবরাহগ্রহীতা উক্ত সেবার উপর আরোপিত সমুদয় মূসক রেয়াতপ্রাপ্ত না হন।

(২) আমদানিকৃত সেবার করযোগ্য সরবরাহের গ্রহীতা কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর উক্ত ব্যক্তির উৎপাদ এবং উপকরণ উভয়বিধ কর হইবে।

(৩) আমদানিকৃত সেবা সরবরাহের কারণে যদি কোন সমন্বয় ঘটনা সংঘটিত হইয়া থাকে বা হয়, তাহা হইলে উক্তরূপ সমন্বয় সংঘটনের কারণে উক্ত সেবা একটি করযোগ্য সরবরাহ হইবে এবং উক্ত সেবার সরবরাহ গ্রহীতা সেবা সরবরাহকারী হিসাবে গণ্য হইবেন।

(৪) "আমদানিকৃত সেবা"র সংজ্ঞা এবং উক্ত সেবার ক্ষেত্রে এই আইন প্রয়োগের উদ্দেশ্যপূরণকল্পে, যদি কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে নির্দিষ্ট কোন স্থান হইতে এবং বাংলাদেশের বাহিরে এক বা একাধিক নির্দিষ্ট স্থান হইতে অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করেন, তবে—

(ক) উক্ত ব্যক্তিকে বাংলাদেশের অভ্যন্তরে এবং বাহিরে পরিচালিত করযোগ্য কার্যক্রমের ক্ষেত্রে দুইজন পৃথক ব্যক্তি হিসাবে গণ করা হইবে;

(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত ব্যক্তির নিকট (এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সংজ্ঞায়িত) সেবার প্রকৃতি বিশিষ্ট সুবিধা সম্বলিত সেবা প্রদান করিয়াছে বলিয়া গণ্য করা হইবে, যাহা বাংলাদেশের বাহিরে

অবস্থিত ব্যক্তি কর্তৃক পরিচালিত কার্যক্রমের মাধ্যমে বা ফলশ্রুতিতে বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত ব্যক্তি কর্তৃক প্রাপ্ত হইয়াছে;

(গ) সেবা সরবরাহ করা হইয়াছে উহা অনুমান করিয়া সরবরাহের সময় নির্ধারণ করা হইবে; এবং

(ঘ) সেবা সরবরাহ বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন অনাবাসিক ব্যক্তি কর্তৃক বাংলাদেশে অবস্থিত কোন সহযোগীর নিকট প্রদান করা হইয়াছে অনুমান করিয়া উহার মূল্য নির্ধারণ করা হইবে।

(৫) এই ধারার অন্যান্য উপ-ধারাসমূহে ভিন্নরূপ যা কিছুই থাকুক না কেন, প্রথম তফসিলে বর্ণিত অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ ব্যতীত নিবন্ধিত বা তালিকাভুক্ত নয় অথবা নিবন্ধন বা তালিকাভূক্তিযোগ্য নয় এমন কোন ব্যাক্তি কর্তৃক আমদানিকৃত কোন সেবা করযোগ্য সরবরাহ হবে এবং তাতে নিম্নরূপ মূল্যসংযোজন কর আদায় হবে যথা;

(ক) সংশ্লিষ্ট সেবা আমদানির ক্ষেত্রে সেবামূল্যের আংশিক বা পূর্ণমূল্য পরিশোধের সময় প্রদেয় সমুদয় মূল্য সংযোজন কর মূল্য পরিশোধের মাধ্যম হিসাবে ব্যবহৃত ব্যাংক বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান কর্তন করবে; এবং

(খ) কর্তনকারী ব্যাংক বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান সেবা আমদানিকরকের পক্ষে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে পরিশোধ করে তার দাখিলপত্র প্রদর্শন করবে।

**২১। শূন্যহার বিশিষ্ট সরবরাহ:**

(১) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত সরবরাহের ক্ষেত্রে মূসক হার হইবে শূন্য, যথা:—

(ক) ধারা ২২, ২৩ এবং ২৪ এ উল্লিখিত কোন সরবরাহ; বা

(খ) শূন্যহার বিশিষ্ট সরবরাহ গ্রহণের অধিকার (right) বা ভবিষ্য ক্রয় বা বিক্রয়ের অধিকার (option) সংক্রান্ত সরবরাহ।

(২) যদি কোন সরবরাহ অব্যাহতিপ্রাপ্ত এবং শূন্যহার বিশিষ্ট উভয়ই হয়, তাহা হইলে এই উপ-ধারার আওতায় সরবরাহটি অব্যাহতিপ্রাপ্ত না হইয়া শূন্যহার বিশিষ্ট হইবে।

**২২। বাংলাদেশের বাহিরে অবস্থিত ভূমি:**

স্থাবর সম্পত্তির সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যদি স্থাবর সম্পত্তি সম্পর্কিত ভূমি বাংলাদেশের বাহিরে অবস্থিত হয়।

**২৩। রপ্তানির নিমিত্ত পণ্য সরবরাহ:**

(১) রপ্তানির উদ্দেশ্যে কোন পণ্যের সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে:তবে শর্ত থাকে যে, পুনঃআমদানিকৃত বা পুনঃআমদানির জন্য অভিপ্রেত কোন পণ্যের ক্ষেত্রে এই উপ-ধারার বিধান প্রযোজ্য হইবে না।

(২) নিম্নবর্ণিত সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:—

(ক) যদি পণ্যটি সরবরাহের সময় বাংলাদেশের বাহিরে অবস্থিত হয় এবং উক্ত পণ্য সরবরাহকারী কর্তৃক বাংলাদেশে সংযোজন, সংস্থাপন বা আমদানি করা না হয়;

(খ) যদি পণ্যটি আমদানির পর বাংলাদেশের অভ্যন্তরে ভোগের নিমিত্তে প্রবেশের পূর্বে বাংলাদেশের বাহিরে কোন স্থানে সরবরাহ করা হয়, তাহা হইলে উক্ত পণ্য সরবরাহকালে বাংলাদেশের বাহিরে অবস্থিত ছিল বলিয়া গণ্য হইবে;

(গ) লাইসেন্সধারী শুল্কমুক্ত পণ্য বিক্রেতা কর্তৃক পর্যটক বা বিদেশ হইতে আগত কোন দর্শনার্থীর নিকট বাংলাদেশের বাহিরে ভোগের নিমিত্ত কোন পণ্যের সরবরাহ; বা

(ঘ) যদি পণ্যটি একটি নির্দিষ্ট মেয়াদের সমগ্র সময়কাল বাংলাদেশের বাহিরে অবস্থান করে, তাহা হইলে উক্ত পণ্যের লিজ, হায়ার, লাইসেন্স বা উহার ব্যবহার সম্পর্কিত অন্যান্য সরবরাহ পৃথক সরবরাহ হিসাবে গণ্য হইবে এবং উক্তরূপ প্রতিটি সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে। তবে, শর্ত থাকে যে, যদি পণ্যটি আন্তর্জাতিক ভূখন্ডে অবস্থানের অব্যবহিত পূর্বে এবং পরে বাংলাদেশে অবস্থান করে, তাহা হইলে লিজকৃত পণ্যটি বাংলাদেশের অভ্যন্তরে আছে বলিয়া গণ্য হইবে।

(৩) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কোন পণ্যের মেরামত, রক্ষণাবেক্ষণ, পরিষ্কারকরণ, সংস্কার সাধন, পরিবর্তন সাধন বা অনুরূপ কাজে ব্যবহার্য কোন পণ্যের সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:—

(ক) যদি সরবরাহকৃত পণ্য উক্ত পণ্যের সহিত সংযোজন করা হয় বা উহার অংশে পরিণত হয় বা সংযোজিত হইবার ফলে উহা অব্যবহারযোগ্য বা নষ্ট হইয়া যায়;

(খ) যদি উক্ত পণ্য কাস্টমস আইনের অধীন বাংলাদেশে অস্থায়ীভাবে আমদানি করা হয়; বা

(গ) যদি উক্ত পণ্য বাংলাদেশে সেবা গ্রহণের নিমিত্ত অস্থায়ীভাবে আনয়ন করা হয় ও সেবা গ্রহণের পর উক্ত পণ্য সেবা গ্রহণ ব্যতীত বাংলাদেশে অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার না করিয়া উহা বাংলাদেশ হইতে রপ্তানি করা হয়।

(৪) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, মেরামত বা প্রতিস্থাপনের ওয়ারেন্টিযুক্ত পণ্যের সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:—

(ক) অনাবাসিক ও অনিবন্ধিত ওয়ারেন্টি প্রদানকারী কর্তৃক পণ প্রদান করা হইবে মর্মে ওয়ারেন্টি প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তির অধীন যদি উক্ত পণ্য সরবরাহ করা হয়; এবং

(খ) মালিকের উপর কোনরূপ মাশুল (charge) আরোপ ব্যতিরেকে যদি উক্ত পণ্য মেরামত বা প্রতিস্থাপন করা হয়।

(৫) আন্তর্জাতিক পরিবহনে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজ বা অনুরূপ কোন যানবাহনের মেরামত, রক্ষণাবেক্ষণ, পরিষ্কারকরণ, সংস্কার সাধন, পরিবর্তন সাধন বা অন্যবিধভাবে উহার কায়িক অবস্থার উপর অন্য কোন প্রভাব বিস্তারকরণের প্রক্রিয়ায় সরবরাহকৃত পণ্য শূন্যহার বিশিষ্ট হইবে।

(৬) আন্তর্জাতিক পরিবহনে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজ সম্পর্কিত পণ্যসম্ভার বা যন্ত্রাংশ ফ্লাইটের সময় বা সামুদ্রিক যাত্রাপথে উক্ত যানবাহনে ব্যবহার, ভোগ বা বিক্রয়ের কাজে ব্যবহৃত হইলে উক্ত পণ্য-সম্ভার বা যন্ত্রাংশ শূন্যহার বিশিষ্ট হইবে।

**ব্যাখ্যা:** এই ধারায়,"পণ্যসম্ভার" অর্থ কোন সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজের ক্রু বা যাত্রীগণের ব্যবহার্য বা উহার রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজে ব্যবহার্য পণ্য-সম্ভার, এবং ব্যবহার্য পণ্য, জ্বালানী, খুচরা যন্ত্রাংশ, যন্ত্রপাতি, অনুরূপ পণ্য, তাৎক্ষণিক ব্যবহৃত হউক বা না হউক, উহার অন্তর্ভুক্ত হইবে।

**২৪। শূন্যহার বিশিষ্ট সেবা সরবরাহ:**

(১) বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন ভূমির সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট সেবার সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।

(২) সরবরাহ প্রদানকালে বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন পণ্যের উপর কায়িকভাবে প্রদত্ত সেবা শূন্যহার বিশিষ্ট হইবে।

(৩) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কোন পণ্যের মেরামত, রক্ষণাবেক্ষণ, পরিষ্কারকরণ, সংস্কার সাধন, পরিবর্তন সাধন, ইত্যাদি কাজে ব্যবহার্য কোন সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:

(ক) যদি উক্ত পণ্য কাস্টমস আইনের অধীন অস্থায়ীভাবে আমদানি করা হয়; বা

(খ) যদি সেবা গ্রহণের উদ্দেশ্যে অস্থায়ীভাবে উক্ত পণ্য বাংলাদেশে আনয়ন করিবার পর সেবা গ্রহণ শেষে বাংলাদেশে অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত না হইয়া উহা বাংলাদেশ হইতে রপ্তানি করা হয়।

(৪) আমদানিকৃত পণ্যের শুল্কমূল্যের মধ্যে অন্তর্ভুক্ত সেবার সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।

(৫) যদি কোন সেবা বাংলাদেশের বাহিরে সরবরাহ করা হয় এবং উক্ত সেবা এমন ধরনের হয় যাহা যখন এবং যে স্থানে প্রদান করা হয় তৎসময়ে এবং তদস্থানে কোন ব্যক্তি কর্তৃক গ্রহণ করা হয়, তাহা হইলে উক্ত সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।

(৬) উপ-ধারা (৫) এর বিধান সাপেক্ষে, কোন সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যদি—

(ক) সরবরাহ গ্রহীতা—

(অ) কোন অনাবাসিক ব্যক্তি হন এবং সেবা সরবরাহের সময় বাংলাদেশের বাহিরে অবস্থান করেন; বা

(আ) কোন আবাসিক ব্যক্তি হন এবং সেবা সরবরাহের সময় বাংলাদেশের বাহিরে অবস্থান করিয়া কার্যত উক্ত সেবা গ্রহণ করেন; এবং

(খ) উক্ত সেবা—

(অ) বাংলাদেশে অবস্থিত ভূমির সহিত প্রত্যক্ষভাবে সম্পর্কযুক্ত না হয়;

(আ) সরবরাহকালে বাংলাদেশে অবস্থিত পণ্যের উপর উহা কায়িকভাবে প্রদান করা না হয়; বা

(ই) বাংলাদেশের বাহিরে সাময়িকভাবে অবস্থানরত কোন ব্যক্তিকে বৈশ্বিক পদচারণার (global roaming) ক্ষেত্রে প্রদান করা না হয়।

(৭) উপ-ধারা (৪) এর অধীন কোন সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে না, যদি—

(ক) উক্ত সেবা সরবরাহ বাংলাদেশে অন্য কোন বিষয়ে একটি পরবর্তী সরবরাহ প্রাপ্তির (যাহা অব্যাহতিপ্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট নয়) অধিকার (right) বা ভবিষ্যতে ক্রয়ের অধিকার অর্জন (option) করা সংক্রান্ত হয়; বা

(খ) উক্ত সেবা বাংলাদেশে অনিবন্ধিত কোন ব্যক্তির নিকট সরবরাহ করিবার উদ্দেশ্যে কোন অনাবাসিক ব্যক্তির সহিত সম্পাদিত চুক্তির অধীন সরবরাহ করা হয়।

(৮) বাংলাদেশের বাহিরে কোন বুদ্ধিবৃত্তিক সম্পত্তি সম্পর্কিত অধিকার সংরক্ষণের লক্ষ্যে মামলা নথিভুক্তকরণ, মামলা পরিচালনা, অধিকার অর্পণ, উহার সংরক্ষণ, হস্তান্তর, স্বত্ব হস্তান্তর, লাইসেন্সকরণ বা অধিকার বলবৎকরণ সংক্রান্ত সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।

(৯) কোন টেলিযোগাযোগ সরবরাহকারী কর্তৃক অন্য কোন অনাবাসিক টেলিযোগাযোগ সরবরাহকারীর নিকট প্রদত্ত টেলিযোগাযোগ সেবার সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।

(১০) মেরামত বা প্রতিস্থাপনের ওয়ারেন্টিযুক্ত পণ্যের অনুকূলে প্রদত্ত সেবা সরবরাহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:—

(ক) অনাবাসিক ও অনিবন্ধিত ওয়ারেন্টি প্রদানকারী কর্তৃক পণ প্রদত্ত হইবে মর্মে ওয়ারেন্টি প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তির অধীন যদি উক্ত সেবা সরবরাহ করা হয়; বা

(খ) মালিকের উপর কোনরূপ মাশুল আরোপ ব্যতিরেকে সেবা প্রদান করা হয়।

(১১) নিম্নবর্ণিত সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:

(ক) আন্তর্জাতিক পরিবহনে সেবা সরবরাহ;

(খ) পণ্যের আন্তর্জাতিক পরিবহনে বীমা সেবা সরবরাহ;

(গ) আন্তর্জাতিক পরিবহনে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজের মেরামত, সংরক্ষণ, পরিষ্কারকরণ, সংস্কার সাধন, পরিবর্তন সাধন বা অন্য কোনভাবে কায়িক অবস্থার উপর প্রভাব বিস্তারকরণের সেবা সরবরাহ;

(ঘ) আন্তর্জাতিক পরিবহনে নিয়োজিত কোন সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজের চালনা, পরিচালনা বা ব্যবস্থাপনা, অনুরূপ বিষয়ের সহিত প্রত্যক্ষভাবে জড়িত সেবা অনিবন্ধিত ও অনাবাসিক ব্যক্তির নিকট সরবরাহ; বা

(ঙ) জাহাজে মালামাল বোঝাই ও খালাসকরণ সংক্রান্ত সরবরাহ।

**২৫। ট্রাভেল এজেন্ট এবং ট্যুর অপারেটর:**

এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, পর্যটন সেবা বাংলাদেশে প্রদত্ত হউক বা না হউক তাহা নির্বিশেষে এবং উহা বাংলাদেশে প্রদত্ত হইলে শূন্যহার বিশিষ্ট হইবে কি-না তাহা বোর্ড নির্ধারণ করিতে পারিবে এবং প্রতি করমেয়াদে সামগ্রিক ভিত্তিতে শূন্যহার বিশিষ্ট নয় এমন পর্যটন সেবার মূল্য নির্ধারণ করিয়া বোর্ড বিধি প্রণয়ন করিতে পারিবে।

**ব্যাখ্যা:** এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে "পর্যটন সেবা" অর্থ আবাসন, খাদ্য, ভ্রমণ, বিনোদন এবং সমজাতীয় কোন বিষয় যা সচরাচর পর্যটক এবং আন্তর্জাতিক দর্শণার্থীদেরকে প্রদান করা হয়।

**২৬। অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ বা অব্যাহতিপ্রাপ্ত আমদানি:**

এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত সরবরাহসমূহ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইবে, যথা:—

(ক) প্রথম তফসিলে উল্লিখিত কোন সরবরাহ বা আমদানি; বা

(খ) অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ গ্রহণের অধিকার (right) বা ভবিষ্য ক্রয় বা বিক্রয়ের অধিকার (option) সংক্রান্ত সরবরাহ।

## চতুর্থ অধ্যায়: মূসক আদায় পদ্ধতি

### খণ্ড 'ক'- আমদানির ক্ষেত্রে

**২৭। করযোগ্য আমদানির ক্ষেত্রে মূসক আদায় পদ্ধতি:**

কাস্টম আইনের অধীন যে পদ্ধতি ও সময়ে আমদানি শুল্ক আদায় করা হয় সেই একই পদ্ধতি ও সময়ে, আমদানির উপর আমদানি শুল্ক প্রযোজ্য না হইলেও করযোগ্য আমদানির উপর মূসক আদায় করিতে হইবে।

**২৮। করযোগ্য আমদানির মূসক আরপযোগ্য ভিত্তিমুল্য নির্ধারণ:**

কোন করযোগ্য আমদানির ক্ষেত্রে মূসক আরোপের ভিত্তিমুল্য হইবে নিম্নবর্ণিত পরিমাণের সমষ্টি, যথা:—

(ক)কাস্টম আইনের অধীন আমদানি শুল্ক আরোপের উদ্দেশ্যে ধার্যকৃত পণ্য মূল্যের পরিমাণ; এবং

(খ) পণ্য আমদানির উপর প্রদেয়, যদি থাকে, আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক এবং অন্যান্য শুল্ক ও কর (আগাম কর এবং অগ্রীম আয়কর ব্যতীত)।

**২৯। পুনঃআমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ:**

পণ্য রপ্তানির পর উহা পুনঃআমদানি করিবার ক্ষেত্রে যদি পণ্যটির আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য ও গুণগতমান অপরিবর্তিত থাকে, তাহা হইলে উক্ত পণ্যের মেরামতের পর যে পরিমাণ মূল্য বর্ধিত হয় উহার সহিত বীমা, ভাড়া এবং ল্যান্ডিং চার্জ যোগ করিয়া মূসকযোগ্য মূল্য নির্ধারণ করিতে হইবে।

**৩০। রপ্তানির নিমিত্ত আমদানি:**

কোন পণ্য বাংলাদেশের অভ্যন্তরে ভোগের উদ্দেশ্যে খালাস বা ছাড় না করিয়া রপ্তানির উদ্দেশ্যে আনয়ন করা হইলে, উক্ত পণ্য করযোগ্য হইবে না।

**৩১। আমদানিকালে আগাম কর পরিশোধ ও সমন্বয়:**

(১) প্রত্যেক নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি আমদানিকৃত পণ্যের সরবরাহের উপর প্রদেয় মূসক উপ-ধারা (২) এ উল্লিখিত হারে আগাম পরিশোধ করিবেন।

(২)করযোগ্য আমদানির উপর মূসক যে সময় ও পদ্ধতিতে আদায় করা হয় সেই একই সময় ও পদ্ধতিতে করযোগ্য আমদানি মূসক আরোপযোগ্য ভিত্তি মূল্যের উপর বোর্ড কর্তৃক নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে পণ্য উৎপাদনের লক্ষ্যে আমদানিকৃত উপকরণের ক্ষেত্রে ৪ (শতাংশ) হারে এবং অন্যান্য ক্ষেত্রে ৫ (পাঁচ) শতাংশ হারে আগাম কর প্রদেয় হইবে।

(৩) প্রত্যেক নিবন্ধিত আমদানিকারক যিনি আগাম কর পরিশোধ করিয়াছেন তিনি নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট কর মেয়াদ বা তৎপরবরতী (চারটি কর মেয়াদের) মধ্যে মূসক দাখিলপত্রে পরিশোধিত আগাম করের সমপরিমাণ অর্থ হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন।

(৪) যে ব্যক্তি আগাম কর পরিশোধ করিয়াছেন কিন্তু নিবন্ধিত বা তালিকাভুক্ত নহেন তিনি নির্ধারিত পদ্ধতিতে আগাম কর ফেরত প্রদানের নিমিত্ত কমিশনারের নিকট আবেদন করিতে পারিবেন।

(৫) কমিশনার আবেদন প্রাপ্তির পর নির্ধারিত পদ্ধতিতে উহা নিস্পত্তি করিবেন।

### খণ্ড 'খ'- সাধারণ সরবরাহের ক্ষেত্রে

**৩২। করযোগ্য সরবরাহের মূল্য নির্ধারণ:**

(১) এই ধারার বিধান সাপেক্ষে, করযোগ্য কোন সরবরাহের পণ হইতে উক্ত পণের কর-ভগ্নাংশের সমপরিমাণ অর্থ বিয়োগ করিয়া যাহা পাওয়া যাইবে তাহাই হইবে সরবরাহ মূল্য।

(২) আমদানিকৃত সেবার করযোগ্য সরবরাহের পণ হইবে সরবরাহের মূল্য বা সরবরাহকারী এবং সরবরাহগ্রহীতা পরস্পর সম্পর্কযুক্ত হইলে উহার ন্যায্য বাজার মূল্য।

(৩) কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক তাহার সহযোগীর নিকট সরবরাহকৃত করযোগ্য সরবরাহের মূল্য হইবে উক্ত সরবরাহের ন্যায্য বাজার মূল্য হইতে উহার কর-ভগ্নাংশ বিয়োজিত মূল্য, যদি—

(ক) উক্ত সরবরাহ পণবিহীন হয় বা উহার পণ ন্যায্য বাজার মূল্য অপেক্ষা কম হয়; এবং

(খ) উক্ত সহযোগী এইরূপ সরবরাহের নিমিত্তে উদ্ভূত সমুদয় উপকরণ কর রেয়াত গ্রহণের অধিকারী না হন।

(৪) অন্যবিধভাবে নির্ধারিত না থাকিলে পণবিহীন করযোগ্য সরবরাহের মূল্য হইবে উক্ত সরবরাহের ন্যায্য বাজার মূল্য হইতে উহার কর-ভগ্নাংশ বিয়োজিত মূল্য।

(৫) নিবন্ধিত ও তালিকাভুক্ত ব্যাক্তি করতিক সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিধারিত পদ্ধতিতে উপকরণ উৎপাদ সহগ ( input-output coefficient) দাখিল করিতে হইবে।

**[৩২ ক) বোর্ড করতিক ব্যাখ্যা প্রদান ঃ**

বোর্ড এই আইনের উদ্দেশ্য পুরণকল্পে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কর যোগ্য যে কোন সেবার পরিধি নিরধারনের লক্ষ্যে কিংবা অন্য যে কোন বিষয়ে ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

**৩৩। করযোগ্য সরবরাহের উপর মূসক প্রদানকাল:**

(১) কোন করযোগ্য সরবরাহের উপর আরোপিত মূসক নিম্নবর্ণিত কার্যাবলীর মধ্যে যাহা সর্বাগ্রে ঘটে, উহা সংঘটিত হওয়ার সময় প্রদেয় হইবে, যথা:—

(ক) যখন সরবরাহ প্রদান করা হয়;

(খ) যখন সরবরাহ সংক্রান্ত চালানপত্র ইস্যু করা হয়; বা

(গ) যখন পণের আংশিক বা সমুদয় গ্রহণ করা হয়।

(ঘ) যখন কোন সরবরাহ ব্যাক্তিগতভাবে ব্যবহার করা হয় বা অন্যের ব্যবহারের জন্য প্রদান করা হয়।

(২) কোন সরবরাহের আনুক্রমিক (progressive)বা (periodic) সরবরাহ হিসেবে বিবেচিত হইলে উহার উপর আরোপিত মূসক নিম্নবর্ণিত কার্যাবলীর মধ্যে যাহা সর্বাগ্রে ঘটে, উহা সংঘটিত হওয়ার সময় প্রদেয় হইবে, যথা:—

(ক) যখন উক্ত সরবরাহের প্রত্যেকটির বিপরীতে পৃথক চালানপত্র ইস্যু করা হয়;

(খ) যখন উক্ত সরবরাহের প্রত্যেকটির বিপরীতে প্রাপ্য পণের আংশিক বা সমুদয় গ্রহণ করা হয়;

(গ) যখন অনুক্রম সরবরাহের বিপরীতে মূল্য প্রদেয় হয়; বা

(৩) উপ-ধারা (২) এর বিধান সত্ত্বেও বিতরণ নেটওয়ার্কের মাধ্যমে কোন পণ্য (যেমনঃ পানি, গ্যাস,জ্বালানী তৈল বা বিদ্যুৎ) এর আনুক্রমিক বা পর্যাবৃত্তিক সরবরাহ করা হইলে, যে তারিখে উক্ত সরবরাহের প্রত্যেকটির বিপরীতে চালানপত্র ইস্যু করা হয়, উক্ত তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে আরোপিত মূসক পরিশোধ করিতে হইবে।

**৩৪। আনুক্রমিক বা পর্যাবৃত্ত সরবরাহ:**

(১) আনুক্রমিক বা পর্যাবৃত্ত সরবরাহের প্রতিটি সরবরাহ পৃথক সরবরাহ হিসাবে গণ্য হইবে।

(২) যদি আনুক্রমিক বা পর্যাবৃত্ত সরবরাহের প্রতিটি সরবরাহ তাৎক্ষণিকভাবে পৃথক করা না যায়, তাহা হইলে উক্ত সরবরাহকে পৃথক সরবরাহের পর্যায়ক্রম হিসাবে গণ্য করা হইবে, যাহার প্রত্যেকটি উক্ত সরবরাহের অনুপাতের সহিত সংগতিপূর্ণ এবং যাহার সহিত পর্যায়ক্রমিক পণের প্রত্যেক পৃথক অংশ আনুপাতিক হারে সংশ্লিষ্ট।

(৩) লিজ বা সম্পত্তি ব্যবহারের অধিকার সংক্রান্ত সরবরাহের প্রতিটি অংশের ক্ষেত্রে, লিজ বা সম্পত্তির উক্তরূপ ব্যবহারের অব্যাহত সময়কাল সরবরাহের সময় হিসাবে গণ্য হবে।

**৩৫। একই চালানে একাধিক ধরনের পণ্য ও সেবা সরবরাহ:**

কোন সরবরাহ একাধিক ধরনের পণ্য বা সেবা থাকিলে নিম্নরূপে করারোপ করিতে হইবে, যথা:—

(ক) প্রতিটি সরবরাহের ক্ষেত্রে প্রত্যেক ধরনের পণ্য বা সেবাকে পৃথকভাবে প্রদর্শন করতে হবে;

(খ) অর্থনৈতিক দৃষ্টিকোণ হইতে একক সরবরাহের বৈশিষ্ট্যপূর্ণ সরবরাহকে কৃত্রিমভাবে বিভাজন করা যাইবে না;

## খণ্ড 'গ'- বিশেষ সরবরাহের ক্ষেত্রে

**৩৬। চলমান ব্যবসা হিসাবে প্রতিষ্ঠান বিক্রয়:**

(১) কোন ব্যক্তি তাহার চলমান ব্যবসা হিসাবে কোন প্রতিষ্ঠান অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় বাংলাদেশে হস্তান্তর করিলে উক্ত হস্তান্তর একক সরবরাহ হিসাবে গণ্য হইবে এবং উক্ত একক সরবরাহ বাংলাদেশে কোন সরবরাহ হিসাবে বিবেচিত হইবে না।

(২) উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্যতার ক্ষেত্রে, অর্থনৈতিক কার্যক্রমটি বিক্রয়ের পর চলমান থাকিবে এইরূপ উদ্দেশ্যে চলমান ব্যবসায় প্রতিষ্ঠানটি অর্জন করিতে হইবে এবং উক্তরূপে হস্তান্তরিত অর্থনৈতিক কার্যক্রমের অব্যাহত পরিচালনার নিমিত্তে যাহা কিছু প্রয়োজন তাহা ক্রেতা কর্তৃক সম্পূর্ণরূপে অর্জন করিতে হইবে।

(৩) কোন চলমান ব্যবসায় প্রতিষ্ঠানের একটি অংশ পৃথকভাবে পরিচালনাযোগ্য হইলে, উক্ত অংশ একটি পৃথক অর্থনৈতিক কার্যক্রম হিসাবে গণ্য হইবে।

(৪) উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্যতার ক্ষেত্রে, সরবরাহকারীর উপকরণ কর রেয়াত প্রাপ্যতা নির্ধারণের লক্ষ্যে,—

(ক) হস্তান্তরের জন্য গৃহীত সেবার উপর প্রদত্ত উপকরণ কর সরবরাহকারীর অন্যান্য কার্যক্রমের অনুবৃত্তিক্রমে নির্ধারিত হইবে; এবং

(খ) ধারা ৪৭ এর অধীন নির্ণীত রেয়াতযোগ্য অনুপাতের মধ্যে হস্তান্তরের মূল্য অন্তর্ভুক্ত হইবে না।

(৫) কোন ব্যক্তি প্রদেয় সমুদয় কর ও বকেয়া পরিশোধ না করিয়া কোন চলমান ব্যবসায় প্রতিষ্ঠান হস্তান্তর করিতে পারিবেন না।

(৬) উপ-ধারা (৫) এর বিধান সত্ত্বেও, নির্ধারিত শর্ত ও সীমা সাপেক্ষে, কমিশনার তৎকর্তৃক হস্তান্তর মঞ্জুর করিতে পারিবেন, যদি প্রদেয় সমুদয় কর ও বকেয়া পরিশোধের নিমিত্ত ক্রেতা কোন তফসিলি ব্যাংক হইতে নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করেন।

(৭) উপ-ধারা (১) এর বিধানমতে, হস্তান্তরের তারিখ হইতে ক্রেতা সরবরাহকারীর উত্তরাধিকার (successor) হিসাবে বিবেচিত হইবেন এবং ক্রেতা কর্তৃক এই আইন যথাযথভাবে পরিপালনের লক্ষ্যে সরবরাহকারী ক্রেতাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করিবেন এবং উক্তরূপ তথ্য প্রদান নিশ্চিতকরণার্থে বোর্ড প্রয়োজনীয় বিধি প্রণয়ন করিতে পারিবে।

**৩৭। অধিকার (rights), ভবিষ্য ক্রয় বা বিক্রয়ের অধিকার (option) এবং ভাউচার:**

(১) যদি কোন অধিকার বা ভবিষ্য ক্রয় বা বিক্রয়ের অধিকার প্রয়োগ করা হয়, তবে উক্ত অধিকার বা ভবিষ্য ক্রয় বা বিক্রয়ের অধিকার প্রয়োগের মাধ্যমে যে সরবরাহ প্রদান করা হয়, উহার পণ হইবে অধিকার প্রয়োগের পর অতিরিক্ত পণ থাকিলে উহার সমপরিমাণ।

(২) কোন সরবরাহের সমুদয় বা আংশিক মূল্য পরিশোধের নিমিত্ত ভাউচার গ্রহণ করা হইলে, উক্ত সরবরাহের পণ হইবে উক্ত ভাউচার মূল্য বিয়োগ করিবার পর যে মূল্য অবশিষ্ট থাকে সেই মূল্য।

(৩) কোন ভাউচার (অর্থ প্রদত্ত কোন রশিদ, টিকেট, স্বীকারপত্র বা ইলেক্ট্রনিক পদ্ধতিতে ইস্যুকৃত অনুরূপ দলিল) সরবরাহ করযোগ্য সরবরাহ না হইলে উপ-ধারা (২) প্রযোজ্য হইবে না।

**৩৮। আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য বা সেবা সরবরাহ:**

(১) কোন টেলিযোগাযোগ দ্রব্য বা সেবা সরবরাহকারী কর্তৃক কোন আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য মূল্যছাড়সহ টেলিযোগাযোগ মধ্যস্বত্বভোগীর নিকট সরবরাহ করা হইলে, উক্ত মূল্যছাড়সহ, উক্ত সরবরাহের পণ নিরূপণ করিতে হবে। তবে শর্ত থাকে যে, এই ধারা একজন টেলিযোগাযোগ সরবরাহকারী কর্তৃক অন্য কোন টেলিযোগাযোগ সরবরাহকারীর নিকট টেলিযোগাযোগ দ্রব্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(২) কোন টেলিযোগাযোগ মধ্যস্বত্বভোগী কর্তৃক আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য ক্রয় করিয়া পরবর্তীতে বিক্রয় করা হইলে, বিক্রয়টি কোন করযোগ্য সরবরাহ বলিয়া গণ্য হইবে না।

(৩) যেক্ষেত্রে কোন টেলিযোগাযোগ সরবরাহকারী তাহার প্রতিনিধির মাধ্যমে আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য বা সেবা সরবরাহ করে, সেইক্ষেত্রে উক্ত প্রতিনিধিকে প্রদত্ত কমিশনসহ সরবরাহের পণ নিরূপণ করিতে হইবে।

(৪) টেলিযোগাযোগ সরবরাহকারী বা অন্য কোন টেলিযোগাযোগ মধ্যস্বত্বভোগীর প্রতিনিধি হিসাবে কার্য সম্পাদনকারী কোন টেলিযোগাযোগ মধ্যস্বত্বভোগী কর্তৃক আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্যের বিতরণ এই আইনের অধীন কোন করযোগ্য সরবরাহ হিসাবে গণ্য হবে না।

(৫) কোন টেলিযোগাযোগ সরবরাহকারী যিনি আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য সরবরাহ করেন এবং এই ধারার শর্তাবলী মোতাবেক মূসক পরিশোধ করেন, তিনি হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন, যদি

(ক) উক্ত দ্রব্যের অভিহিত মূল্যের আংশিক বা সমুদয় উক্ত টেলিযোগাযোগ সরবরাহকারী ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট হইতে কোন কিছু ক্রয়ে ব্যবহৃত হয়;

(খ) অন্য কোন ব্যক্তি—

(অ) বাংলাদেশে পরিচালিত কোন অর্থনৈতিক কার্যক্রমের মাধ্যমে সরবরাহ প্রদান করেন; বা

(আ) নিবন্ধিত হন; এবং

(গ) টেলিযোগাযোগ সরবরাহকারী সরবরাহের বিষয়ে অন্য কোন ব্যক্তিকে অর্থ প্রদান করেন।

(৬) হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ হইবে উক্ত অন্য কোন ব্যক্তিকে প্রদত্ত অর্থের কর-ভগ্নাংশের সমান এবং যে কর মেয়াদে উক্ত অর্থ প্রদান করা হয় সেই কর মেয়াদে সমন্বয় সাধন করিতে হইবে।

(৭) আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ সেবা গ্রহণ বা দ্রব্য ব্যবহারকারী ব্যক্তির উপকরণ কর রেয়াত পাওয়ার অধিকার প্রমাণ এবং রেয়াত গ্রহণের পদ্ধতি নির্ধারণ করিয়া বোর্ড বিধি প্রণয়ন করিতে পারিবে।

**ব্যাখ্যা:** এই ধারায়,—

(ক) "আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য" অর্থ ফোন কার্ড, আগাম মূল্য পরিশোধের কার্ড, রিচার্জ কার্ড, বা অন্য কোন উপায়ে যেকোন টেলিযোগাযোগ পণ্য অর্জনের নিমিত্ত আগাম পরিশোধ, বা উহা যে নামেই অভিহিত বা আকারেই থাকুক না কেন, টেলিযোগাযোগ সেবার জন্য পবনকাল (airtime), ইন্টারনেট সুবিধা গ্রহণের সময় বা ডাউনলোড ক্ষমতা উহার অন্তর্ভুক্ত হইবে;

(খ) "টেলিযোগাযোগ মধ্যস্বত্বভোগী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি পরিবেশক, প্রতিনিধি, মূসক এজেন্ট বা আগাম পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্যাদির কোন মধ্যস্বত্বভোগী;

(গ) "টেলিযোগাযোগ সরবরাহকারী" অর্থ টেলিযোগাযোগ সেবার সরবরাহকারী, তবে টেলিযোগাযোগ মধ্যস্বত্বভোগী উহার অন্তর্ভুক্ত হইবে না ; এবং

(ঘ) "টেলিযোগাযোগ সেবা" অর্থ তার, বেতার, অপটিক্যাল (optical) বা অনুরূপ কোন তড়িৎ চুম্বকীয় পদ্ধতিতে বা ইলেক্ট্রনিক সংকেতের মাধ্যমে লেখা, প্রতিচ্ছবি প্রক্ষেপণ, প্রচার, শব্দ বা অনুরূপ কোন তথ্য প্রেরণ, নির্গতকরণ ও সংকেত গ্রহণ করা সংক্রান্ত সেবা, এবং নিম্নবর্ণিত বিষয়াদিও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(অ) উক্ত প্রেরণ, নির্গতকরণ ও সংকেত গ্রহণের সামর্থ সম্বলিত ব্যবহারের অধিকার সম্পর্কিত হস্তান্তর বা এ্যাসাইনমেন্ট সেবা; এবং

(আ) বৈশ্বিক বা স্থানীয় পর্যায়ের তথ্য নেটওয়ার্কে প্রবেশের সুযোগ সম্বলিত সেবা;

কিন্তু উহার মূলে থাকা (underlying) লিখন, প্রতিচ্ছবি, শব্দাবলী বা তথ্যসমূহের সরবরাহ সেবা উহার অন্তর্ভুক্ত হইবে না।

**৩৯। লটারী, লাকী ড্র, হাউজি, র‍্যাফেল ড্র এবং অনুরূপ উদ্যোগ:**

(১) কোন ব্যক্তি লটারী, লাকী ড্র, হাউজি, র‍্যাফেল ড্র বা অনুরূপ উদ্যোগ পরিচালনা করিলে উক্ত ব্যক্তি কর্তৃক বিক্রীত টিকেটের (যে নামেই অভিহিত হউক) পণ হইবে টিকেটের মূল্য।

(২) পরিবেশক বা প্রতিনিধির নিকট মূল্যছাড় প্রদান করিয়া বিক্রীত টিকেটের ক্ষেত্রে উক্ত মূল্যছাড় হিসাবে গণ্য না করিয়া উহার মূল্য নিরূপণ করিতে হইবে।

**৪০। কর্মচারী বা কর্মকর্তাকে নগদ অর্থের পরিবর্তে দ্রব্যের মাধ্যমে প্রদত্ত সুবিধার মূল্য:**

(১) কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি তাহার কোন কর্মচারী বা কর্মকর্তাকে নগদ অর্থের পরিবর্তে দ্রব্যের মাধ্যমে প্রদত্ত সুযোগ-সুবিধা হিসাবে যে পণ্য সরবরাহ করেন উহা ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কর্তৃক তাহার কোন কর্মচারী বা কর্মকর্তাকে পণবিহীন বা ন্যায্য বাজার মূল্য অপেক্ষা কম মূল্যে সেবা বা স্থাবর সম্পত্তি সরবরাহের ক্ষেত্রে উহার মূল্য হইবে উক্ত সরবরাহের ন্যায্য বাজার মূল্য।

**৪১। কিস্তিতে পণ্য বিক্রয়:**

(১) যেক্ষেত্রে কিস্তিতে মূল্য পরিশোধ চুক্তির অধীন কোন পণ্য সরবরাহ করা হয়, সেইক্ষেত্রে—

(ক) উক্ত সরবরাহের উপর প্রদেয় উৎপাদ কর তখনই প্রদেয় হইবে যখন উক্ত সরবরাহের অর্থ পরিশোধ করা হইবে এবং প্রত্যেক কর মেয়াদে অর্থ প্রদানের সময় করের পরিমাণ নিরূপণ ও পরিশোধ করিতে হইবে; এবং

(খ) প্রত্যেক কর মেয়াদে নিরূপিত উৎপাদ করের পরিমাণ হইবে উক্ত মেয়াদে পরিশোধিত অর্থের কর ভগ্নাংশ।

(২) কিস্তিতে মূল্য পরিশোধ চুক্তির অধীন কোন পণ্য সরবরাহ করা হইলে, প্রত্যেক কিস্তিতে অর্থ পরিশোধের বিপরীতে পৃথক পৃথক কর চালানপত্র ইস্যু করিতে হইবে।

**৪২। বাতিলকৃত লেনদেন:**

(১) যদি কোন সরবরাহের লেনদেন বাতিল হয় এবং সরবরাহকারী পূর্বে গৃহীত পণ ফেরত প্রদানকালে উহার অংশবিশেষ রাখিয়া দেয়, তাহা হইলে উক্ত বাতিলকরণের কারণে সমন্বয়ের ক্ষেত্রে পণের যে অংশ রাখিয়া দেওয়া হয় উহার উপর প্রযোজ্য কর সমন্বয় করা যাইবে।

(২) যদি কোন সরবরাহের লেনদেন বাতিল হয় এবং উক্ত বাতিলের ফলশ্রুতিতে সরবরাহকারী গ্রহীতার নিকট হইতে কোন অর্থ আদায় করে, তাহা হইলে যেই কর মেয়াদে উহা আদায় করা হয় সেই কর মেয়াদে উক্ত আদায়কৃত অর্থ সরবরাহের পণ হিসাবে গণ্য হইবে এবং কর প্রদেয় হইবে।

**৪৩। ঋণ পরিশোধে সম্পত্তি বিক্রয়:**

(১) যেক্ষেত্রে কোন ব্যক্তি (পাওনাদার) কর্তৃক অপর কোন ব্যক্তির (ঋণগ্রহীতা) সম্পত্তি উক্ত পাওনাদার কর্তৃক ঋণগ্রহীতার নিকট প্রাপ্য ঋণের সমুদয় বা আংশিক আদায়ের নিমিত্ত বিক্রয়ের মাধ্যমে সরবরাহ করা হয়, সেইক্ষেত্রে—

(ক) সরবরাহটি ঋণ গ্রহীতা কর্তৃক প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) পাওনাদার সরবরাহের উপর প্রদেয় কর, যদি থাকে, পরিশোধ করিতে দায়ী থাকিবেন; এবং

(গ) ঋণ এবং অন্যান্য ঋণ পরিশোধসহ উক্তরূপ পরিশোধের পর উদ্বৃত্ত কোন অর্থ ঋণগ্রহীতার নিকট ফেরৎ প্রদানের পূর্বে অগ্রাধিকার ভিত্তিতে প্রদেয় মূল্য সংযোজন কর পরিশোধযোগ্য হইবে।

(২) ঋণ গ্রহীতা এবং পাওনাদার যৌথভাবে ও পৃথকভাবে কর পরিশোধের জন্য দায়ী থাকিবেন।

(৩) কোন অনিবন্ধিত পাওনাদার কর্তৃক এই ধারার অধীন মূল্য সংযোজনকর পরিশোধ করার শর্ত ও পদ্ধতি বোর্ড কর্তৃক নির্ধারিত হবে।

## দ্বিতীয় অধ্যায়

**৪৪। বিক্রয় যন্ত্রঃ**

(১) যেক্ষেত্রে বিক্রয় যন্ত্র, মিটার বা অনুরূপ কোন স্বয়ংক্রিয় যন্ত্রের মাধ্যমে (পরিশোধ টেলিফোন ব্যতীত) পণ্যের করযোগ্য সরবরাহ প্রদান করা হয় ও উহা মুদ্রা, নোট বা টোকেনের মাধ্যমে পরিচালিত হয়, সেইক্ষেত্রে সরবরাহকারী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি কর্তৃক উক্ত বিক্রয় যন্ত্র, মিটার বা স্বয়ংক্রিয় যন্ত্র হইতে উক্ত মুদ্রা, নোট বা টোকেন বাহির করিবার সময় কর প্রদেয় হইবে।

(২) যেক্ষেত্রে করযোগ্য সরবরাহ বিক্রয় যন্ত্র, মিটার বা অন্য কোন স্বয়ংক্রিয় যন্ত্রের মাধ্যমে প্রদান করা হয় এবং উক্ত সরবরাহের জন্য নির্ধারিত উপায়ে অর্থ প্রদান করা হয়, সেইক্ষেত্রে সরবরাহ গ্রহণকারী ব্যক্তি কর্তৃক সরবরাহকারীকে অর্থ প্রদানকালে কর প্রদেয় হইবে।

## পঞ্চম অধ্যায়

## করদাতা কর্তৃক প্রদেয় নীট কর নিরূপণ ও পরিশোধ

**৪৫। সরবরাহের উপর প্রদেয় নীট কর নিরূপণ ও পরিশোধ পদ্ধতিঃ**

(১) কোন কর মেয়াদে করদাতা কর্তৃক প্রদেয় নীট করের পরিমাণ নিম্নবর্ণিত উপায়ে নিরূপণ করিতে হইবে, যথাঃ—

(ক) উক্ত কর মেয়াদে প্রদেয় সকল উৎপাদ কর এবং সম্পূরক শুল্ক যোগ করিয়া;

(খ) উক্ত কর মেয়াদে যেসকল উপকরণ কর রেয়াত পাওয়ার অধিকারী উহা দফা (ক) এর অধীন নিরূপিত কর যোগফল হইতে বিয়োগ করিয়া;

(গ) উক্ত কর মেয়াদে উক্ত নিবন্ধিত ব্যক্তির সকল বৃদ্ধিকারী সমন্বয় যোগ করিয়া; এবং

(ঘ) উক্ত কর মেয়াদে উক্ত নিবন্ধিত ব্যক্তির সকল হ্রাসকারী সমন্বয় বিয়োগ করিয়া।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত পদ্ধতিতে নিরূপিত নীট কর, উক্ত কর মেয়াদের দাখিলপত্র পেশ করিবার পূর্বে, নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করিতে হইবে।

**৪৬। উপকরণ কর রেয়াতঃ**

(১) এই আইনে ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, কোন নিবন্ধিত ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় করযোগ্য সরবরাহের উপর উৎপাদ করের বিপরীতে, নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যাতিত, পরিশোধিত উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন। যথাঃ

(ক) যদি করযোগ্য সরবরাহের মূল্য ১,০০,০০০(এক লক্ষ) টাকা অতিক্রম করে এবং উক্ত সরবরাহের সমুদয় পণ ব্যাংকিং মাধ্যম ব্যতিরেকে পরিশোধ করা হয়;

(খ) যদি আমদানিকৃত সেবার সরবরাহ গ্রহণের ক্ষেত্রে দাখিলপত্রে উক্ত সেবা সরবরাহের উপর প্রদেয় উৎপাদন কর প্রদর্শন না করেন;

(গ) যেই কর মেয়াদে চালানপত্র বা বিল অব এন্ট্রির মাধ্যমে উপকরণ ক্রয় সংগ্রহ করা হয় সেই কর মেয়াদে বা তৎপরবর্তী চারটি কর মেয়াদের মধ্যে যদি উপকরণ কর রেয়াত গ্রহণ না করে;

(ঘ) অন্যের অধিকারে, দখল বা তত্ত্বাবধানে রক্ষিত পণ্য বা সেবার বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;

(ঙ) যদি কোন পণ্য বা সেবা বিধি দ্বারা নির্ধারিত ক্রয় হিসাব পুস্তকে বা ক্রয়বিক্রয় হিসাব পুস্তকে অন্তর্ভূক্ত না করা হয়;

(চ) যদি কর চালনাপত্রে ক্রেতা ও বিক্রেতা উভয়ের নাম, ঠিকানা ও নিবন্ধন নাম্বার উল্লেখ না থাকে;

(ছ) আমদানিকারকের নিকট হতে সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক ইস্যুকৃত কর চালানপত্রে আমদানি চালান সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি নম্বর উল্লেখ না থাকলে এবং কর চালান পত্রে বর্ণিত পণ্যের বর্ণনার সহিত আমদানি বিল অব এন্ট্রিতে বর্ণিত পণ্যের বর্ণনার মিল না থাকলে;

(জ) ব্যাংক গ্যারান্টির মাধ্যমে খালাসকৃত উপকরণ বা পণ্যের ক্ষেত্রে যে কারণে উক্তরূপ ব্যাংক গ্যারান্টি গস্থহণ করা হয়েছে তা চূড়ান্তভাবে নিস্পত্তি না হলে উক্ত ব্যাংক গ্যারান্টি অংশের সহিত সংশ্লিষ্ট উপকরণ কর;

(ঝ) অব্যহতি প্রাপ্ত পণ্য উৎপাদন বা সেবা প্রদানে ব্যাবহৃত পণ্য বা সেবার উপর পরিশোধিত উপকরণ কর;

(ঞ) টার্নওভার করের আওতায় পরিশোধিত টার্নওভার কর;

(ট) পণ্য উৎপাদন বা সেবা প্রদানে ব্যবহৃত পণ্য বা সেবার উপর পরিশোধিত সম্পূরক শুল্ক;

(ঠ) মূসকের হার ১৫ শতাংশের নিম্নে কিংবা সুনির্দিষ্ট কর আরোপিত রয়েছে এমন নির্দিষ্টকৃত কোন পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে ক্রীত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(ড) উপকরণ উৎপাদ সহগ(Input-Output Coefficient) এ ঘোষিত নেই এমন উপকরণ বা পণ্যের বিপরীতে পরিশোধিত উপকরণ কর।

(ঢ) মোট উপকরণ মূল্যের ৭.৫% অধিক পরিবর্তনের ক্ষেত্রে নতুন উপকরণ-উৎপাদ সহজ প্রদান না করলে অতিরিক্ত বর্ধিত উপকরণ কর।

(২) কোন অর্জন বা আমদানির বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবে না, যদি

(ক) উক্ত অর্জন বা আমদানি যাত্রী যানবাহন সংক্রান্ত হয় বা উহার খুচরা যন্ত্রাংশ বা উক্ত যানবাহনের মেরামত বা রক্ষণাবেক্ষণ সেবার উদ্দেশ্যে করা হয়; তবে, যানবাহনের ব্যবসা করা, ভাড়া খাটানো বা পরিবহন সেবা প্রদান উক্ত ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রমের অন্তর্ভুক্ত হইলে এবং যানবাহনটি উক্ত উদ্দেশ্যে অর্জিত হইলে উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে;

(খ) উক্ত অর্জন বা আমদানি চিত্তবিনোদন সংক্রান্ত বা চিত্তবিনোদনের নিমিত্তে ব্যবহৃত হয়; তবে, বিনোদন প্রদান উক্ত ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রম সংশ্লিষ্ট হইলে এবং বিনোদনটি অর্থনৈতিক কার্যক্রমের স্বাভাবিক প্রক্রিয়ায় প্রদান করা হইলে উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে;

(গ) উক্ত অর্জন ক্রীড়া বিষয়ক, সামাজিক বা বিনোদনমূলক ক্লাব, সংঘ বা সমিতিতে কোন ব্যক্তির সদস্যপদ বা প্রবেশাধিকার সম্পর্কিত হয়;

(ঘ) উক্ত অর্জন পরিবহন সেবা সংক্রান্ত ব্যয়ের ৮০(আশি) শতাংশের অধিক হয়;

(৩) নিবন্ধিত ব্যক্তিকে দাখিলপত্র পেশকালে উপকরণ কর রেয়াত দাবীর সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদি দখলে রাখিতে হইবে, যথা:—

(ক) আমদানির ক্ষেত্রে, আমদানিকারকের নাম এবং ব্যবসা সনাক্তকরণ নম্বর সম্বলিত বিল অব এন্ট্রি (Bill of Entry) এবং বাংলাদেশের অভ্যন্তরে ভোগের নিমিত্ত প্রবেশ করিয়াছে বলিয়া শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক ছাড়কৃত দলিল ;

(খ) সরবরাহের ক্ষেত্রে, সরবরাহকারী কর্তৃক ইস্যুকৃত কর চালানপত্র ;

(গ) উৎসে কর কর্তনকারী সত্তার ক্ষেত্রে, সরবরাহকারী কর্তৃক ইস্যুকৃত সমন্বিত কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র।

(ঘ) ধারা ২০ এর উপধারা [১][(২)] এর ক্ষেত্রে কর পরিশধের স্বপক্ষে ট্রেজারি চালান

(ঙ) গ্যাস,পানি, বিদ্যুৎ ও টেলিফোন সেবার উপর পরিশোধিত মূসক রেয়াত গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ইস্যুকৃত বিল, যাহা চালানপত্র হিসেবে গণ্য হবে।

**৪৭। আংশিক উপকরণ কর রেয়াত:**

(১) যেক্ষেত্রে একজন নিবন্ধিত ব্যক্তি কোন করযোগ্য সরবরাহের আংশিক পণ পরিশোধ করেন বা পরিশোধে দায়ী থাকেন, সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন, তাহা উক্ত ব্যক্তি যে পরিমাণ পণ পরিশোধ করেন বা পরিশোধ করিতে দায়ী থাকেন সেই পরিমাণের ভিত্তিতে নিরূপণ করিতে হইবে।

(২) কোন নিবন্ধিত ব্যক্তি কোন কর মেয়াদে আমদানি বা অর্জনের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন; তবে, পূর্ণ উপকরণ কর রেয়াত প্রাপ্য না হইলে তদীয় সমুদয় আমদানি বা অর্জনের ক্ষেত্রে উপকরণ কর রেয়াত প্রাপ্যতা উপ-ধারা (৩) এর অধীন নিরূপণ করিতে হইবে।

(৩) প্রতি কর মেয়াদে এই ধারার সহিত সংশ্লিষ্ট আমদানি কিংবা অর্জনের ক্ষেত্রে যে পরিমাণ উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে উহা নিম্নবর্ণিত সূত্র অনুযায়ী নিরূপণ করিতে হইবে:

I x T/A যেক্ষেত্রে—

I হইল এই উপ-ধারার সহিত সংশ্লিষ্ট আমদানি কিংবা অর্জনের উপর যে পরিমাণ উপকরণ করের উদ্ভব হয় তাহার মোট পরিমাণ এবং যাহার নিমিত্তে উক্ত কর মেয়াদে রেয়াত দাবি করা হয়;

T হইল কোন কর মেয়াদে নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত সকল করযোগ্য সরবরাহের মূল্য; এবং

A হইল কোন কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত সকল সরবরাহের মূল্য।

(৪) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড নির্ধারণ করিতে পারিবে যে,—

(ক) কোন উপাদান উক্ত সূত্রের মধ্যে অন্তর্ভুক্ত হইবে বা অন্তর্ভুক্ত হইবে না;

(খ) কখন এবং কিভাবে T/A ভগ্নাংশ পূর্ণ সংখ্যায় উন্নীত বা অবনত করা হইবে;

(গ) পঞ্জিকা বর্ষ শেষে সম্পাদিত কোন বার্ষিক সমন্বয়;

(ঘ) আর্থিক সেবা সরবরাহকারীর আংশিক উপকরণ কর রেয়াত প্রাপ্তির ক্ষেত্রে বিশেষ পদ্ধতি;

(ঙ) মূলধনী সম্পদের বিপরীতে সাধিত অতিরিক্ত সমন্বের ক্ষেত্রে দাবিকৃত উপকরণ কর রেয়াতের সহিত সম্পদের প্রকৃত ব্যবহার নিশ্চিতকরণ।

**৪৮। সমন্বয়:**

(১) নির্ধারিত পরিমান শর্ত, সময়সীমা ও পদ্ধতিতে করদাতা নিম্নবর্ণিত ক্ষেত্রে বৃদ্ধিকারী সমন্বয় সাধন করিতে পারিবেন, যথাঃ

(ক) উৎসে কর্তিত করের বৃদ্ধিকারী সমন্বয়;

(খ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়নের ফলে প্রযোজ্য বৃদ্ধিকারী সমন্বয়;

(গ) ব্যাংকিং চ্যানেলে অর্থ পরিশোধ না করিবার কারণে বৃদ্ধিকারী সমন্বয়;

(ঘ) ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহৃত( private use) পণ্যের ক্ষেত্রে, বৃদ্ধিকারী সমন্বয়;

(ঙ) নিবন্ধিত হওয়ার পর বৃদ্ধিকারী সমন্বয়;

(চ) নিবন্ধন বাতিলকরণের কারণে, বৃদ্ধিকারী সমন্বয়;

(ছ) মূসক হার পরিবর্তিত হবার কারণে বৃদ্ধিকারী সমন্বয়;

(জ) সুদ, জরিমানা, অর্থদণ্ড, ফি, ইত্যাদি পরিশোধ সংক্রান্ত বৃদ্ধিকারী সমন্বয়;

(ঝ) নির্ধারিত অন্য কোন বৃদ্ধিকারী বা হ্রাসকারী সমন্বয়।

(২) নির্ধারিত পরিমাণ, শর্ত, সময়সীমা ও পদ্ধতিতে করদাতা নিম্নবর্ণিত ক্ষেত্রে সমন্বয় সাধন করিতে পারিবেন, যথা:—

(ক) আগাম কর হিসাবে পরিশোধিত অর্থের হ্রাসকারী সমন্বয়;

(খ) সরবরাহকারী কর্তৃক প্রদত্ত সরবরাহের বিপরীতে উৎসে কর্তিত করের হ্রাসকারী সমন্বয়;

(গ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়ন বা নিরীক্ষার ফলে প্রযোজ্য হ্রাসকারী সমন্বয়;

(ঘ) ক্রেডিট নোট ইস্যুকারীর কারণে হ্রাসকারী সমন্বয়;

(ঙ) রপ্তানির ক্ষেত্রে পরিশোধিত উপকরণ করের হ্রাসকারী সমন্বয়;

(চ) মূসক হারা হ্রাস পাওয়ার কারণে হ্রাসকারীর সমন্বয়;

(ছ) পূর্ববর্তী কর মেয়াদ হইতে নেতিবাচক অর্থের পরিমান জের টানিবার নিমিত্তে হ্রাসকারী সমন্বয়; বা

(জ) পূর্ববর্তী কর মেয়াদে অতিরিক্ত পরিশোধিত মূসক হ্রাসকারী সমন্বয়; বা

(ঝ) নির্ধারিত অন্য কোন হ্রাসকারী সমন্বয়।

**৪৯। উৎসে কর কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে কর কর্তন ও বৃদ্ধিকারী সমন্বয়:**

[২] [১][৩][ধারা ৩৩ এর বিধানাবলী সত্ত্বেও] উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, কোন সরবরাহকারী উৎসে কর কর্তনকারী সত্তার নিকট চুক্তি, টেন্ডার, কারযাদেশ বা অন্যবিধভাবে অব্যাহতিপ্রাপ্ত বা শুন্যহার বিশিষ্ট নহে এমন সরবরাহ প্রদান করিলে , উৎসে কর কর্তনকারী স্বত্বা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্দিষ্টক্রিত মূসক উৎসে কর্তন করিবে।

(২) সরবরাহকারী নিবন্ধিত বা তালিকাভুক্ত না হইলে এবং কর চালানপত্র জারি না করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হইতে কোন সরবরাহ গ্রহণ করিবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করিবে না।

(৩) উৎসে কর কর্তনকারী সত্তা কর্তিত মূসকের পরিমাণ বৃদ্ধিকারী সমন্বয় সাধন করিবে এবং নিম্নবর্ণিত সময় ও পদ্ধতিতে কর্তিত মূসক পরিশোধ করিবে, যথা:—

(ক) উৎসে কর কর্তনকারী সত্তা নিবন্ধিত হইলে, যে সরবরাহের উপর উৎসে কর কর্তন করা হইয়াছে সেই সরবরাহ সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্র পেশ করিবার সময়; এবং

(খ) উৎসে কর কর্তনকারী সত্তা নিবন্ধিত না হইলে, নির্ধারিত সময় ও পদ্ধতিতে।

(৪) উৎসে কর কর্তন এবং সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য উৎসে কর কর্তনকারী সত্তা এবং সরবরাহকারী যৌথ ও পৃথকভাবে দায়ী থাকিবে।

(৫) কোন প্রকল্পের আওতায় কোন সেবা গ্রহণকারী কর্তৃক প্রদেয় মূল সংযোজন কর যদি সেবা গ্রহণকারী বা ক্ষেত্রমতে, সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি সেবার মূল্য বা কমিশন পরিশোধকালে নির্ধারিত পদ্ধতিতে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারি ট্রেজারিতে জমা করেন এবং উক্ত সেবা সরবরাহকাররী ব্যক্তি কর্তৃক উক্ত সমুদয় সেবার অংশবিশেষ সরবরাহের লক্ষ্যে কোন সাব-কন্ট্রাকটর, এজেন্ট বা নিয়োগকৃত অন্যকোন সেবা সরবরাহকারী ব্যক্তির নিনকট হতে ইক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারি ট্রেজারিতে জমা প্রদানের দালিলিক প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে পুনরায় উৎসে মূল্য সংযোজন কর আদায় করা যাবে না। তবে প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য নয়।

**৫০। উৎসে কর কর্তনের পর সরবরাহকারী কর্তৃক হ্রাসকারী সমন্বয়।**

(১) উৎসে কর কর্তন করা হইলে, নিবন্ধিত ব্যক্তি উৎসে কর্তিত অর্থের সমপরিমাণ অর্থ নির্ধারিত পদ্ধতিতে হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন।

(২) যে কর মেয়াদে কোন সরবরাহের উপর প্রদেয় কর পরিশোধ করা হয়, সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের পরবর্তী ছয় মাসের মধ্যে উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হইবে।

(৩) সরবরাহকারী উৎসে কর কর্তনকারী সত্তা হতে উৎসে কর কর্তন সনদপত্র গ্রহণ করা ব্যতিত হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারবে না।

## ষষ্ঠ অধ্যায়
## চালানপত্র এবং দলিলপত্র

**৫১। কর চালানপত্র:**

(১) প্রত্যেক নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যাক্তি করযোগ্য সরবরাহের উপর যে তারিখে কর প্রদেয় হইবে সেই তারিখ বা তৎপূর্বে বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে একটি কর চালানপত্র জারি করিবে।

**৫২। ক্রেডিট নোট এবং ডেবিট নোট।**—(১) ক্রেডিট বা ডেবিট নোটে নিম্নবর্ণিত তথ্যাবলী অন্তর্ভুক্ত থাকিতে হইবে, যথা:—

(ক) ডেবিট বা ক্রেডিট নোটের ক্রমিক নম্বর, ইস্যুর তারিখ ও সময়;

(খ) সরবরাহকারীর নাম, ঠিকানা ও ব্যবসা সনাক্তকরণ সংখ্যা;

(গ) প্রাসঙ্গিক মূল কর চালানপত্রের ক্রমিক নম্বর, তারিখ ও সময়;

(ঘ) সমন্বয়ের প্রকৃতি;

(ঙ) মূসকের পরিমাণের উপর প্রভাব;

(চ) সরবরাহের উপর প্রদেয় মূসকের প্রভাব ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার অধিক হইলে সরবরাহ গ্রহীতার নাম, ঠিকানা ও ব্যবসা সনাক্তকরণ সংখ্যা; এবং

(ছ) সমন্বয় ঘটনার কারণে বৃদ্ধিকারী বা হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ সনাক্তকরণের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য।

(২) কোন ক্রেডিট নোটে উপ-ধারা (১) এর দফা (চ) এ উল্লিখিত তথ্য অন্তর্ভুক্ত না থাকিলে, উক্ত ক্রেডিট নোট হ্রাসকারী সমন্বয় দাবির সমর্থনে ব্যবহার করা যাইবে না।

**৫৩। উৎসে কর কর্তন সনদপত্র:**

কোন নিবন্ধিত ব্যক্তির নিকট হতে উৎসে কর কর্তনকারী সত্তা কোন সরবরাহ গ্রহণের ক্ষেত্রে উক্ত উৎসে কর কর্তনকারী স্বত্বা কোন সরবরাহ গ্রহনের ক্ষেত্রে, উক্ত উৎস কর কর্তনকারী স্বত্বা তৎকতৃক উক্ত সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধের সময় বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করবেন।

**৫৪। কর দলিলাদি সংক্রান্ত অন্যান্য বিধান:** কর দলিলাদি ও উহার অনুলিপি ইস্যু, সংরক্ষণ ও দাখিলের শর্ত, পদ্ধতি, সময়সীমা, ইত্যাদি সংক্রান্ত বিধান বোর্ড বিধি দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

## সপ্তম অধ্যায়
## সম্পূরক শুল্ক আরোপ ও আদায়

**৫৫। সম্পূরক শুল্ক আরোপ:**

(১) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য আমদানির উপর, বাংলাদেশে প্রস্তুতকৃত সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য সরবরাহের উপর এবং বাংলাদেশে সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবা সরবরাহের উপর সম্পূরক শুল্ক আরোপিত এবং প্রদেয় হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বাংলাদেশের অভ্যন্তরে ভোগের নিমিত্ত আমদানি না করিয়া রপ্তানির নিমিত্ত আমদানি করা হইলে, উক্ত পণ্যের আমদানির উপর কোন সম্পূরক শুল্ক আরোপিত হইবে না।

(৩) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের তৃতীয় অধ্যায় এর অধীন শূন্যহার বিশিষ্ট মূসক আরপযোগ্য পণ্য বা সেবা সরবরাহের উপর সম্পূরক শুল্ক আরোপিত হইবে না।

(৪) প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হইবে—

(ক) সম্পূরক শুল্ক আরোপযোগ্য কোন পণ্য বা সেবার উপর দ্বিতীয় তফসিলের কলাম (৪) এ কোন সম্পূরক শুল্ক হার সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিলে, উক্ত পণ্য বা সেবার সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্যের সহিত উক্ত হার গুণ করিয়া নিরূপিত অর্থ; বা

(খ) সম্পূরক শুল্ক আরোপযোগ্য কোন পণ্য বা সেবার উপর দ্বিতীয় তফসিলের কলাম (৪) এ সম্পূরক শুল্কের পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিলে, উক্ত পরিমাণ।

(৫) কোন সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বা সেবা সরবরাহের উপর কেবলমাত্র একটি পর্যায়ে সম্পূরক শুল্ক প্রদেয় হবে।

**৫৬। সম্পূরক শুল্ক পরিশোধে দায়ী ব্যক্তি:**

নিম্নবর্ণিত ব্যক্তিকে সম্পূরক শুল্ক প্রদান করিতে হবে, যথা:—

(ক) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য আমদানির ক্ষেত্রে: আমদানিকারক;

(খ) বাংলাদেশে প্রস্তুতকৃত সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য সরবরাহের ক্ষেত্রে: সরবরাহকারী; বা

(গ) সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবা সরবরাহের ক্ষেত্রে: ভিন্নরূপ নির্ধারিত না থাকিলে সেবা সরবরাহকারী।

**৫৭। সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য:**

সম্পূরক শুল্ক আরোপের উদ্দেশ্যে পণ্য বা সেবার সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আমদানিকৃত সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের ক্ষেত্রে, কাস্টমস আইনের ধারা ২৫ বা ধারা ২৫(ক) এর অধীন আমদানি শুল্ক আরোপণীয় মূল্যের সহিত আমদানি শুল্ক [রেগুলেটরি ডিউটি এবং অন্যান্য শুল্ক] (যদি থাকে ) যোগ করিয়া যে মূল্য হয় সেই মূল্য;

(খ) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বা সেবার সরবরাহের ক্ষেত্রে, পণ্য বা সেবার করযোগ্য সরবরাহের মূল্য হইবে ধারা ৩২ অনুযায়ী নির্ণীত মূল্য হইতে সম্পূরক শুল্ক বিয়োগ করিয়া: তবে শর্ত থাকে যে, সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বা সেবা পণবিহীন বা অপর্যাপ্ত পণবিশিষ্ট হইলে, উহার সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হইবে উক্ত সরবরাহের কর-ভগ্নাংশ হ্রাসকৃত ন্যায্য বাজার মূল্য হইতে সম্পূরক শুল্ক বিয়োগ করিয়া; এবং

(গ) যে পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূসক আরোপিত হইবে, সেই পণ্যের ক্ষেত্রে, ধারা ৫৮(২) এ বর্ণিত খুচরা মূল্য সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য বলিয়া বিবেচিত হইবে।

**৫৮। তামাক এবং এ্যালকোহলযুক্ত পণ্যের ক্ষেত্রে বিশেষ পরিকল্প (special scheme):**

(১) বাংলাদেশে প্রস্তুতকৃত [বা বাংলাদেশে বিক্রয়ের উদ্দেশ্যে আমদানীকৃত] নিম্নবর্ণিত সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের উপর সম্পূরক শুল্ক আরোপ এবং আদায়ের উদ্দেশ্যে বোর্ড, এই আইন বা তদধীন প্রণীত বিধানাবলী সাপেক্ষে, উক্ত পণ্যের প্রস্তুতকারকের জন্য আবশ্যকীয় বিশেষ পরিকল্প প্রণয়ন করিতে পারিবে, যথা:—

(ক) তামাকজাত পণ্য বা উহার মিশ্রিত পণ্যসহ সমতুল্য অন্য কোন পণ্য; বা

(খ) মদ জাতীয় পানীয়, মদ জাতীয় পানীয়ের উপকরণ বা সমতুল্য অন্য কোন পণ্য।

(২) উক্ত বিশেষ পরিকল্প দ্বারা বোর্ড উক্ত পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করিতে পারিবে এবং উক্ত মূল্য মূসক এবং সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে।

(৩) উক্ত বিশেষ পরিকল্পে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(ক) উক্ত পণ্যের মোড়ক, বোতল, পাত্র বা ধারকে বা উহার গায়ে নিরাপত্তামূলক বৈশিষ্ট্য সম্বলিত স্ট্যাম্প, ব্যান্ডরোল বা বিশেষ চিহ্ন বা বিশেষ আকারের এবং ডিজাইনের ছাপ সংক্রান্ত বা অনুরূপ কোন বিষয়; এবং

(খ) উক্ত স্ট্যাম্প, ব্যান্ডরোল বা বিশেষ চিহ্ন বা ছাপের প্রস্তুতকরণ, অর্জন, বিতরণ, সংরক্ষণ, ব্যবহার, তদারকি, পর্যবেক্ষণ, হিসাব-নিকাশ, নিষ্পত্তিকরণ, ইত্যাদি সংক্রান্ত বা অনুরূপ কোন বিষয়।

**৫৯। আমদানির উপর সম্পূরক শুল্ক আদায়:**

(১) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের উপর যে সময় ও পদ্ধতিতে আমদানি শুল্ক আদায় করা হয়, সেই একই সময় ও পদ্ধতিতে, সম্পূরক শুল্ক আদায় করিতে হইবে।

(২) এই আইনে ভিন্নরূপ বিধান না থাকিলে, পণ্য আমদানির ক্ষেত্রে, সম্পূরক শুল্ক আদায় এবং পরিশোধের উদ্দেশ্যে কাস্টমস আইনের বিধানাবলী (প্রয়োজনীয় সংশোধন এবং অভিযোজনসহ) এমনভাবে প্রযোজ্য হইবে যেন আমদানির উপর প্রদেয় সম্পূরক শুল্ক একটি আমদানি শুল্ক।

(৩) উপ-ধারা (২) এর বিধানাবলীর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, কাস্টমস আইনের অধীন কোন পরিমাণ বন্ড বা গ্যারান্টির দাবী করা হইলে, উহা এমনভাবে হিসাব করিতে হইবে যেন প্রদেয় সম্পূরক শুল্ক আমদানি পণ্যের উপর একটি আমদানি শুল্ক।

**৬০। সরবরাহের উপর সম্পূরক শুল্ক আদায়:**

(১) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বা সেবা সরবরাহের উপর যে সময়ে মূসক প্রদেয় হইবে, সেই একই সময়ে সম্পূরক শুল্ক প্রদেয় হইবে।

(২) সম্পূরক শুল্ক পরিশোধের জন্য দায়ী ব্যক্তি দাখিলপত্রে সম্পূরক শুল্ক সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করিবেন।

**৬১। সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের অনুমিত সরবরাহ:**

(১) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য প্রস্তুতকারী কোন ব্যক্তি যদি তৎকর্তৃক সরবরাহকৃত পণ্যের পরিমাণের বিষয়ে নিরীক্ষাকালে যথাযথ ও সুনির্দিষ্ট হিসাব প্রদান করিতে না পারে, তাহা হইলে উক্ত ব্যক্তির ঘোষিত উপকরণ- উৎপাদ সহগ এর ভিত্তিতে সরবরাহকৃত পণ্যের পরিমাণ নির্ণীত হবে এবং উক্ত ব্যাক্তি পণ্যসমূহ ন্যায্য বাজার মূল্যে সরবরাহ করিয়াছেন বলে গণ্য হবে।

(২) যদি উক্ত পণ্য নিম্নবর্ণিত কোন কারণে নষ্ট বা ক্ষতিগ্রস্ত হয় তাহা হইলে বিধি দ্বারা নির্দিষ্ট পদ্ধতিতে কমিশনারের টিকট আবেদন করলে এবং উক্ত আবেদন বিবেচিত হলে সে ক্ষেত্রে সম্পূরক শুল্ক প্রদেয় হবে না।

**৬২। সম্পূরক শুল্কের নিমিত্ত হ্রাসকারী সমন্বয়।**—সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের আমদানিকারক নির্ধারিত পদ্ধতি ও সময়ে আমদানির উপর তৎকর্তৃক পরিশোধিত সম্পূরক শুল্কের হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন যদি পণ্যটি কাস্টমস আইনের অধীন শুল্ক-করাদি প্রত্যর্পণের (Drawback) শর্তাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

## অষ্টম অধ্যায়
## টার্নওভার কর আরোপ ও আদায়

**৬৩। টার্নওভার কর আরোপ ও আদায়:**

(১) ৮০ লক্ষ টাকা থেকে ৩ কোটি টাকা পর্যন্ত বাৎসরিক টার্নওভার হলে তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তি তাহার অর্থনৈতিক কার্যক্রমের টার্নওভারের উপর ৪ (চার) শতাংশ হারে টার্নওভার কর প্রদান করিবেন:

(২) কোন তালিকাভুক্ত ব্যক্তির কোন কর মেয়াদে প্রদেয় টার্নওভার কর, উক্ত কর মেয়াদের দাখিলপত্র পেশ করিবার পূর্বে পরিশোধ করিতে হইবে।

(৩) প্রদেয় টার্নওভার কর নিরূপণ ও আদায় পদ্ধতি, হিসাবরক্ষণ, টার্নওভার কর প্রত্যর্পণ, ন্যায়-নির্ণয়ন এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৪) তালিকাভুক্ত ব্যক্তি কর্তৃক ক্রয়কৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন করা বা টার্নওভার কর রেয়াত গ্রহণ কিংবা হ্রাসকারী সমন্বয় করা যাবে না।

## নবম অধ্যায়
## দাখিলপত্র পেশ ও উহার সংশোধন

**৬৪। দাখিলপত্র পেশ:**

(১) প্রত্যেক নিবন্ধিত বা তালিকাভুক্ত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেক কর মেয়াদের জন্য মেয়াদ সমাপ্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে দাখিলপত্র পেশ করিতে হইবে। তবে শর্ত থাকে যে ১৫তম দিবসে সরকারি ছুটি থাকলে তৎপরবর্তী কার্যদিবসে দাখিলপত্র পেশ করতে হবে।

(১ক) এই আইনের অন্যান্য বিধানে ভিন্নতর যা কিছুই থাক না কেন, প্রাকৃতিক দুর্যোগ, মহামারি, দৈব দুর্বিপাকে বা যুদ্ধের কারণে জনস্বার্থে, বোর্ড সরকারের পূর্বানুমোদনক্রমে, আদেশ দ্বারা, উক্তরূপে আপাৎকালীন সময়ের জন্য সুদ ও জরিমানা আদায় হতে অব্যাহতি প্রদানপূর্বক দাখিলপত্র পেশের সময়সীমা বৃদ্ধি করতে পারবে।

১(খ) উপধারা ১ (ক) এ উল্লিখিত আদেশ ভূতাপেক্ষভাবে জারি করা যাইবে।

(২) মূসক দাখিলপত্রে সম্পূরক শুল্ক পরিশোধের তথ্যাদি অন্তর্ভুক্ত করিয়া উক্ত দাখিলপত্র পেশ করিতে হইবে।

**৬৫। বিলম্বে দাখিলপত্র পেশ:**

নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে আবেদনের ভিত্তিতে কমিশনার কোন ব্যক্তিকে বিলম্বে দাখিলপত্র পেশ করিবার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন, তবে উক্ত অনুমতি কর পরিশোধের প্রকৃত তারিখকে ১ (এক) মাসের অধিক বর্ধিত করিবে না বা সুদ পরিশোধের দায়-দায়িত্বকে পরিবর্তন করিবে না।

**৬৬। দাখিলপত্রে সংশোধন:** নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে করদাতার আবেদনক্রমে কমিশনার দাখিলপত্রের কোন করণিক ত্রুটি-বিচ্যুতি সংশোধন করিয়া সংশোধিত দাখিলপত্র পেশ করিবার অনুমতি প্রদান করিতে পারিবেন; তবে, যে পারিপার্শ্বিকতার ভিত্তিতে এই ধারার অধীন সংশোধনীর ফলে হ্রাসকৃত সমন্বয়ের উদ্ভব হইবে এবং জরিমানা পরিশোধ ব্যতীত দাখিলপত্র দাখিল করা যাইবে তাহা বোর্ড নির্ধারণ করিতে পারিবে।

**৬৭। পূর্ণ, অতিরিক্ত বা বিকল্প দাখিলপত্র পেশ:** নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে কমিশনার নোটিশের মাধ্যমে কোন ব্যক্তিকে কোন একটি কর মেয়াদের জন্য পূর্ণ, অতিরিক্ত বা বিকল্প দাখিলপত্র পেশ করিবার আদেশ প্রদান করিতে পারিবেন এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি কোন নির্দিষ্ট কর মেয়াদে মূল দাখিলপত্র পেশ না করিবার ক্ষেত্রেও অনুরূপ আদেশ প্রদান করা যাইবে।

## দশম অধ্যায়

## ঋণাত্মক নীট অর্থ জের টানা ও ফেরত প্রদান

**৬৮। ঋণাত্মক নীট অর্থ জের টানা ও ফেরত প্রদান:**

(১) যদি কোন কর মেয়াদে উপকরণ কর এবং প্রাপ্য হ্রাসকারী সমন্বয়ের সমষ্টি, উৎপাদ কর, সম্পূরক শুল্ক এবং বৃদ্ধিকারী সমন্বয়ের সমষ্টিকে অতিক্রমের কারণে উক্ত কর মেয়াদে প্রদেয় নীট অর্থের পরিমাণ ঋণাত্মক হয়, তাহা হইলে— অতিরিক্ত পরিমাণ অর্থ জের টানিতে হইবে এবং পরবর্তী ছয়টি কর মেয়াদে উক্ত অর্থ বিয়োজন করা যাইবে, তৎপরবর্তীতে অবশিষ্ট অর্থ এই ধারা অনুসারে ফেরৎ প্রদান করিতে হইবে।

(২) কোন নিবন্ধিত ব্যক্তি পূর্ববর্তী কর মেয়াদ হতে জের টানা অতিরিক্ত অর্থ নিম্নবর্ণিত পদ্ধতিতে হ্রাসকারী সমন্বয় প্রদান করতে হইবে-

(ক) সকল উৎপাদ করের পরিমাণ এবং এই ধারার অধীন প্রদত্ত সমন্বয় ব্যতীত অন্যান্য সমুদয় সমন্বয় হিসাবে লইয়া পরবর্তী কর মেয়াদে উক্ত মেয়াদের জন্য প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে হইবে;

(খ) যদি নিরূপিত অর্থের পরিমাণ ধনাত্মক হয়, তবে— পূর্বের কর মেয়াদ হইতে জের টানা অতিরিক্ত অর্থের এমন অংশ হ্রাসকারী সমন্বয় প্রদান করিতে হইবে যাহাতে প্রদেয় অর্থের পরিমাণ শূন্যে হ্রাস পায়;

(গ) পূর্বের কর মেয়াদ হইতে জের টানা যে পরিমাণ অর্থ দফা (খ) এর অধীন সমন্বয় করা যাইবে না, উহা ততক্ষণ পর্যন্ত জের টানিতে হইবে, যতক্ষণ না—

(অ) কোন কর মেয়াদের জন্য জের টানা সমুদয় অতিরিক্ত অর্থ বিয়োজিত হয়; বা

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য জের টানা অতিরিক্ত অর্থের আংশিক বা সমুদয় পরিমাণ ছয়টি কর মেয়াদ পর্যন্ত জের টানা হয়।

(৩) যদি ছয়টি কর মেয়াদ যাবৎ জের টানার পর অতিরিক্ত অর্থ অবশিষ্ট থাকে তাহলে–

(ক) অতিরিক্ত অর্থের পরিমাণ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার অধিক না হইলে উক্ত পরিমাণ শূন্যে হ্রাস না পাওয়া পর্যন্ত উহার জের টানিতে হইবে, বা

(খ) অন্যান্য ক্ষেত্রে, উক্ত পরিমাণ অর্থ নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে আবেদন প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে ফেরৎ প্রদান করিতে হইবে।

**৬৯। ঋণাত্মক নীট পরিমাণ অর্থ জের টানা ব্যতিরেকে ফেরৎ প্রদান।**

(১) ধারা ৬৮ এর বিধানাবলী সত্ত্বেও, কোন নিবন্ধিত ব্যক্তির প্রদেয় অর্থের পরিমাণ ঋণাত্মক হইলে, তিনি উহা ফেরৎ পাওয়ার অধিকারী হইবেন, যদি কমিশনার নিশ্চিত হন যে,—

(ক) উক্ত ব্যক্তির টার্নওভারের ৫০ (পঞ্চাশ) শতাংশ বা তদূর্ধ্ব তৃতীয় অধ্যায় এর অধীন শূন্যহার বিশিষ্ট সরবরাহ হইতে উদ্ভূত হয় বা হইবে;

(খ) উক্ত ব্যক্তির উপকরণ ব্যয়ের ৫০ (পঞ্চাশ) শতাংশ বা তদূর্ধ্ব আমদানি বা অর্জন তৃতীয় অধ্যায় এর অধীন শূন্য করহার বিশিষ্ট সরবরাহ প্রস্তুতে ব্যবহৃত হয়;

(গ) অন্যান্য ক্ষেত্রে, কমিশনার যদি এই মর্মে নিশ্চিত হন যে, উক্ত ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রমের প্রকৃতির ফলে (যে অর্থনৈতিক কার্যক্রমের ক্ষেত্রে ধারা ৬৮ এর উপ-ধারা (২) প্রযোজ্য নহে) নিয়মিতভাবে অতিরিক্ত উপকরণ কর রেয়াতের উদ্ভব হয়।

(২) এই ধারার অধীন নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে অর্থ ফেরৎ লাভের জন্য আবেদন করা হইলে,—

(ক) অর্থের পরিমাণ অনূর্ধ্ব ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হইলে, উক্ত অর্থ পরবর্তী কর মেয়াদে হ্রাসকারী সমন্বয় হিসাবে জের টানিতে হইবে; বা

(খ) অন্যান্য ক্ষেত্রে, আবেদনের তারিখ হইতে ৩ (তিন) মাসের মধ্যে কমিশনার উক্ত অর্থ ফেরৎ প্রদান করিবেন।

**৭০। ফেরৎ প্রদত্ত অর্থের প্রয়োগ:**

(১) ধারা ৬৮ বা ধারা ৬৯ এর অধীন কোন ব্যক্তিকে অর্থ ফেরৎ প্রদান করা হইবে না, যদি না এবং যতক্ষণ না আবেদনকারী চলতি কর মেয়াদ পর্যন্ত সকল মূসক দাখিলপত্র পেশ করেন।

(২) কোন ব্যক্তির নিকট ফেরৎ দাবিকৃত অর্থ প্রদেয় হইলে, কমিশনার ফেরৎযোগ্য অর্থ হইতে প্রথমে এই আইনের অধীন উক্ত ব্যক্তির নিকট পাওনা বকেয়া করের দায়-দেনা (সুদ, দণ্ড বা জরিমানাসহ) হ্রাস করিবেন।

(৩) উপ-ধারা (২) প্রয়োগের পর, যদি কোন অর্থ অবশিষ্ট থাকে এবং উহার পরিমাণ অনূর্ধ্ব ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হয়, তাহা হইলে কমিশনার উহা ফেরৎ প্রদান না করিয়া উক্ত অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত কোন কর মেয়াদে হ্রাসকারী সমন্বয় হিসাবে গণ্য করিবার লক্ষ্যে নিবন্ধিত ব্যক্তিকে অনুমতি প্রদান করিতে পারিবেন।

**৭১। কূটনৈতিক এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কর ফেরত প্রদান:**

(১) এই আইন বা তদধীন প্রণীত বিধি-বিধানে উল্লিখিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, [কমিশনার বা মহাপরিচালক] নিম্নবর্ণিত সরবরাহের উপর প্রদত্ত কর ফেরত প্রদান করিতে পারিবেন, যথা:—

(ক) আপাতত বাংলাদেশে বলবৎ কোন কনভেনশন বা অনুরূপ আন্তর্জাতিক চুক্তির অধীন মূসক হইতে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ;

(খ) বাংলাদেশে অধিষ্ঠিত বিদেশী রাষ্ট্রের কূটনৈতিক বা কনস্যুলার মিশনের আনুষ্ঠানিক উদ্দেশ্য পূরণকল্পে প্রদত্ত সরবরাহ।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যক্তির নিকট প্রদত্ত সরবরাহ অব্যাহতি প্রদান বা শূন্যহার বিশিষ্ট না করিয়া ফেরৎ প্রদানের মাধ্যমে কার্যকর করা হইবে।

**৭২। অতিরিক্ত পরিশোধিত কর সমন্বয় বা ফেরত প্রদান:**

যদি কোন ব্যক্তি কোন কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শিত প্রদেয় করের তুলনায় অতিরিক্ত পরিমাণ কর পরিশোধ করেন, তাহা হইলে নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে উক্ত অর্থ ফেরত গ্রহণের জন্য আবেদন করা যাইবে বা পরবর্তী দাখিলপত্রে হ্রাসকারী সমন্বয় সাধন করা যাইবে।

## একাদশ অধ্যায়
## কর নির্ধারণ

**৭৩। কর নির্ধারণ:**

(১) [কমিশনার বা ধারা ৮৬ এর সারনীতে বর্ণীত যথোপযুক্ত কর্মকর্তা] নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন ব্যক্তিকে শুনানির সুযোগ প্রদান করিয়া তৎকর্তৃক প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন, যথা:—

(ক) যদি [কমিশনার বা ধারা ৮৬ এর সারনীতে বর্ণীত যথোপযুক্ত কর্মকর্তা] দাখিলপত্র পরীক্ষা করিয়া দাখিলপত্রের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট না হন বা যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করেন যে,

(অ) কোন দাখিলপত্রে উক্ত ব্যক্তি উৎপাদ কর, সম্পূরক শুল্ক বা বৃদ্ধিকারী বা হ্রাসকারী সমন্বয়ের বিষয়ে মিথ্যা ঘোষণা বা অসত্য বর্ণনা প্রদান করিয়াছেন, বা

(আ) টার্নওভার কর দাখিলপত্রে উক্ত ব্যক্তি কোন কর মেয়াদে তাহার টার্নওভার সম্পর্কে মিথ্যা ঘোষণা প্রদান করিয়াছেন;

(খ) যদি উক্ত ব্যক্তি নির্ধারিত সময়সীমার মধ্যে দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হন;

(গ) যদি উক্ত ব্যক্তি প্রদেয় কর পরিশোধ করিতে ব্যর্থ হন; বা

(ঘ) যদি উক্ত ব্যক্তি অর্থ ফেরত লাভের বা প্রত্যর্পণ পাওয়ার অধিকারী না হওয়া সত্ত্বেও তাহার বরাবরে অর্থ ফেরত প্রদান বা প্রত্যর্পণ প্রদান করা হয়।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত ক্ষেত্রে, [কমিশনার বা ধারা ৮৬ এর সারনীতে বর্ণীত যথোপযুক্ত কর্মকর্তা] কোন ব্যক্তির কর নির্ধারণ বা সংশোধিত কর নির্ধারণ করিবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে উক্ত ব্যক্তির উপর নোটিশ জারি করিবেন, যাহাতে অন্যান্য প্রয়োজনীয় তথ্যের সহিত নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ থাকিবে, যথা:

(ক) কর নির্ধারণের কারণ, কর নির্ধারণের ফলে প্রদেয় করের পরিমাণ এবং যাহার ভিত্তিতে উক্ত পরিমাণ কর নির্ধারণ করা হইয়াছে উহার বিবরণ;

(খ) যে তারিখের মধ্যে কর প্রদান করিতে হইবে সেই তারিখ; তবে, উক্ত তারিখ নোটিশ জারির তারিখ হইতে কমপক্ষে ১৫ (পনের) কার্যদিবস পরে হতে হবে; এবং

(গ) কর নির্ধারণের বিরুদ্ধে আপীল দায়ের করিবার স্থান ও সময়।

(৩) [কমিশনার বা ধারা ৮৬ এর সারনীতে বর্ণীত যথোপযুক্ত কর্মকর্তা] কর মেয়াদ সমাপ্তির ৫ (পাঁচ) বৎসরের অধিককাল পরে উল্লিখিত কর মেয়াদের জন্য সংশোধিত কর নির্ধারণসহ কোন কর নির্ধারণ করিতে পারিবেন না, যদি না—

(ক) নিবন্ধিত ব্যক্তি দাখিলপত্র পেশকরণে ইচ্ছাকৃতভাবে অবহেলা বা প্রতারণা করেন; কোন কর মেয়াদের জন্য দাখিলপত্র পেশ না করেন; বা কর মেয়াদে প্রতারণার আশ্রয় গ্রহণ করিয়া অর্থ ফেরত প্রদানের জন্য আবেদন করেন; বা

(খ) নিবন্ধিত ব্যক্তি কর ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে কোন তথ্য গোপন করেন, বিকৃত করেন বা মিথ্যা তথ্য প্রদানপূর্বক কর চালানপত্র ইস্যু করেন বা উদ্দেশ্যমূলকভাবে এই সকল বা অন্য কোন অপরাধ করেন; বা

(গ) আদালত বা আপীলাত ট্রাইব্যুনাল বা মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের সিদ্ধান্ত কার্যকরকরণের জন্য সংশোধিত কর নির্ধারণ প্রয়োজন হয়।

(৪) নিম্নবর্ণিত ক্ষেত্রে, এই ধারার কোন কিছুই [কমিশনার বা ধারা ৮৬ এর সারনীতে বর্ণীত যথোপযুক্ত কর্মকর্তা] কোন সুদ বা জরিমানা আরোপে ও আদায়ে বাধা সৃষ্টি করিবে না, যথা:

(ক) প্রদেয় মূসক, সম্পূরক শুল্ক বা টার্নওভার কর পরিশোধের মূল ধার্য তারিখ হইতে হিসাব করিবার ক্ষেত্রে; বা

(খ) কোন ব্যক্তি অর্থ ফেরত লাভের অধিকারী না হওয়া সত্ত্বেও, যদি তাহাকে কোন অর্থ ফেরত প্রদান করা হয় এবং উক্তরূপে ফেরত প্রদানকৃত অর্থ সমন্বয়ের নিমিত্ত কোন কর নির্ধারণের উদ্ভব হয়, তাহা হইলে যেই তারিখে উক্ত ব্যক্তিকে অর্থ ফেরত প্রদান করা হইয়াছিল, সেই তারিখ হইতে হিসাব করিবার ক্ষেত্রে।

(৫) দাখিলপত্র পরীক্ষায় উপকরণ কর রেয়াত বা হ্রাসকারী সমন্বয় গ্রহণের অনিয়ম উদঘাটিত হলে সহকারি কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তা উপধারা (২) তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রদেয় করের পরিমাণ নির্ধাণ করতে পারবে।

**৭৪। সরবরাহ গ্রহীতার মিথ্যা ঘোষণা:**

(১) সরবরাহ গ্রহীতা কর্তৃক প্রতারণামূলক মিথ্যা বর্ণনার কারণে, যদি কোন সরবরাহকারী ভুলবশতঃ করযোগ্য সরবরাহকে শূন্যহার বিশিষ্ট সরবরাহ বা অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ গণ্য করেন, তাহা হইলে কমিশনার শুনানির সুযোগ প্রদান করিয়া বিলম্বে মূসক পরিশোধের ফলে প্রদেয় যেকোন সুদ বা জরিমানাসহ উক্ত সরবরাহের ক্ষেত্রে প্রদেয় মূসক পরিশোধের লক্ষ্যে সরবরাহ গ্রহীতার বরাবরে কর ধার্য করিতে পারিবেন, এবং সরবরাহ গ্রহীতা নিবন্ধিত হউক বা না হউক উক্তরূপ কর নির্ধারণ, গ্রহীতা কর্তৃক প্রদেয় মূসক নির্ধারণ বলিয়া গণ্য হইবে।

(২) কমিশনার সরবরাহ গ্রহীতা বরাবরে প্রয়োজনীয় অন্যান্য বিষয়ের পাশাপাশি নিম্নবর্ণিত বিষয় উল্লেখ করিয়া কর নির্ধারণ নোটিশ প্রেরণ করিবেন, যথা:—

(ক) কর নির্ধারণের কারণ;

(খ) কর নির্ধারণের ফলে প্রদেয় মূসকের পরিমাণ;

(গ) উক্ত মূসক প্রদেয় হইবার তারিখ; এবং

(ঘ) কর নির্ধারণের বিরুদ্ধে আপীল করিবার স্থান ও সময়।

(৩) উপ-ধারা (১) এর কোন কিছুই কমিশনারকে সরবরাহকারীর নিকট হইতে উক্ত সরবরাহের ক্ষেত্রে প্রদেয় মূসক, সুদ বা জরিমানা আদায় করিতে বাধা সৃষ্টি করিবে না এবং তিনি সরবরাহকারীর নিকট হইতে প্রদেয় পরিমাণের অংশবিশেষ এবং গ্রহীতার নিকট হইতে অংশবিশেষ আদায় করিতে পারিবেন।

(৪) সরবরাহ গ্রহীতা কর্তৃক প্রতারণা বা মিথ্যা বর্ণনার কারণে, যদি কোন সরবরাহকারী কমিশনার বরাবরে মূসক, সুদ বা জরিমানা পরিশোধ করিয়া থাকেন, তাহা হইলে সরবরাহকারী উক্তরূপ সরবরাহের জন্য গ্রহীতার নিকট হইতে উক্ত পরিমাণ অর্থ আদায় করিতে পারিবেন।

**৭৫। সরবরাহকারীর মিথ্যা বর্ণনা:**

(১) যেক্ষেত্রে কোন অনিবন্ধিত ব্যক্তি কোন সরবরাহ গ্রহীতার নিকট পণ্য সরবরাহ করেন এবং কর চালানপত্র গণ্য করিয়া কোন মিথ্যা দলিল ইস্যু করেন, যাহা উক্ত সরবরাহকে একটি করযোগ্য সরবরাহ বলিয়া প্রতীয়মান করে, সেই ক্ষেত্রে উক্ত সরবরাহ করযোগ্য সরবরাহ বলিয়া গণ্য হইবে এবং উক্ত ব্যক্তি নিবন্ধিত হইয়া থাকিলে, সরবরাহের ক্ষেত্রে যেই হার প্রযোজ্য হইত সেই হারে কর আদায়যোগ্য হইবে: তবে, শর্ত থাকে যে, যদি দলিলাদিতে উচ্চতর হার প্রদর্শিত বা অনুমিত হয়, তাহা হইলে উক্ত উচ্চতর হার প্রযোজ্য হইবে।

(২) কমিশনার উক্ত ব্যক্তিকে শুনানির সুযোগ প্রদান করে, তাহাকে নিবন্ধিত ব্যক্তি এবং উক্ত সরবরাহকে করযোগ্য সরবরাহ বিবেচনা করিয়া কর নির্ধারণ করিবেন।

**৭৬। কর সুবিধা প্রদান ও রদকরণ (negation):**

**(১)** যদি কোন ব্যক্তি এই আইনের কোন বিধানের অপব্যবহার করিয়া, কোন পরিকল্পের (scheme) মাধ্যমে কোন কর সুবিধা গ্রহণ করেন বা গ্রহণ করিবার চেষ্টা করেন, তাহা হইলে কমিশনার করদাতাকে শুনানি প্রদান করিয়া নির্ধারিত ক্ষেত্র ও পদ্ধতিতে এমনভাবে

কর সুবিধার যথার্থতা নিরূপণ, নির্ধারণ, রদকরণ বা হ্রাসকরণের জন্য যুক্তিযুক্ত আদেশ প্রদান করিতে পারিবেন এবং এমনভাবে সুবিধা লাভকারী ব্যক্তির করদায়িতা নিরূপণ করিতে পারিবেন যেন বিশেষ প্রস্তাবটি গৃহীত হয় নাই বা কার্যকর হয় নাই।

(২) এই ধারার উদ্দেশ্যে কোন কার্যধারা, চুক্তি, বন্দোবস্ত, প্রতিশ্রুতি, পরিকল্পনা, প্রস্তাব বা কার্যক্রম প্রকাশ্য বা নিহীত বা আইনসঙ্গতভাবে বলবৎযোগ্য হোক বা না হোক পরিকল্প (scheme) এর অন্তর্ভুক্ত হইবে।

**৭৭। কর নির্ধারণী নোটিশের গ্রহণযোগ্যতা:**

(১) কর নির্ধারণ নোটিশের মূল বা সত্যায়িত কপি কার্যধারায় চূড়ান্ত প্রমাণ হিসাবে এমনরূপে গ্রহণযোগ্য হইবে যেন উক্ত কর নির্ধারণ যথাযথভাবে সম্পন্ন করা হইয়াছে এবং কর নির্ধারণ সম্পর্কিত কার্যক্রম ব্যতীত, কর নির্ধারণের সকল বিষয় এবং নির্ধারিত করের পরিমাণ যথার্থ বিবেচিত হইবে।

(২) কোন কর যাহা নির্ধারণ করা হইয়াছে বা কার্যকর করা হইয়াছে, উহা আকার ও প্রকারগত কারণে রদ করা যাইবে না বা বাতিল বা বাতিলযোগ্য বলিয়া গণ্য করা যাইবে না।

(৩) কোন কাজ না করা বা কোন ভুল-ত্রুটির কারণে কোন কর নির্ধারণ ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত হইবে না, যদি কর নির্ধারণ এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হয় এবং কর নির্ধারণের আওতাধীন ব্যক্তি বা যাহার উপর কর নির্ধারিত হইতে পারে তাহার নাম উক্ত নোটিশে সাধারণ ধারণা অনুযায়ী উল্লিখিত হয়।

## দ্বাদশ অধ্যায়: মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ

**৭৮। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ এবং উহার কর্মকর্তা।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ থাকিবে যাহা বোর্ড, তদধীন এক বা একাধিক মূল্য সংযোজন কর দপ্তর এবং নিম্নবর্ণিত মূসক কর্মকর্তা সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) চীফ কমিশনার, মূল্য সংযোজন কর;
(খ) কমিশনার, মূল্য সংযোজন কর;
(গ) কমিশনার (আপীল), মূল্য সংযোজন কর;
(ঘ) কমিশনার (বৃহৎ করদাতা ইউনিট), মূল্য সংযোজন কর;
(ঙ) মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল;
(চ) মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর;
(চচ) মহাপরিচালক, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি;
(চচচ) মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর;
(ছ) অতিরিক্ত কমিশনার, অতিরিক্ত মহাপরিচালক বা পরিচালক(সিআইসি), মূল্য সংযোজন কর;
(জ) যুগ্ম কমিশনার, যুগ্ম পরিচালক (সিআইসি) বা পরিচালক, মূল্য সংযোজন কর;
(ঝ) উপ কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর;
(ঞ)সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর;
(ট) রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর;
(ঠ) সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর; এবং
(ড) বোর্ড কর্তৃক নিয়োগকৃত অন্য কোন কর্মকর্তা।

(২) বোর্ড, সরকারি গেজেটে প্রকাশিত সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, মূসক কর্মকর্তাগণের নিয়োগ এবং আঞ্চলিক অধিক্ষেত্র নির্ধারণ করিয়া এই আইন বা তদধীন প্রণীত বিধি-বিধানের আওতায় তাহাদের দায়িত্ব, কর্তব্য, ক্ষমতা ও কার্যাবলী সুনির্দিষ্ট করিতে পারিবে।

(৩) বোর্ড, সমগ্র দেশ বা বিশেষ কোন অঞ্চলের জন্য বা একটি বিশেষ শ্রেণীর করদাতার জন্য, সরকারি গেজেটে প্রকাশিত সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এক বা একাধিক বৃহৎ করদাতা ইউনিট গঠন, উক্ত ইউনিটে প্রয়োজনীয় সংখ্যক মূসক কর্মকর্তা নিয়োগ এবং উক্ত ইউনিটের কর্মপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৪) বোর্ড এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোন বিশেষায়িত কার্যক্রম (special function) সম্পনের লক্ষ্যে সরকারি গেজেটে প্রকাশিত সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা এক বা একাধিক বিশেষায়িত ইউনিট (specialized functional unit) গঠন, উক্ত ইউনিটে প্রয়োজনীয় সংখ্যক মূসক কর্মকর্তা নিয়োগ এবং উক্ত ইউনিটে র্কমরতদের দায়িত্ব, কর্মপদ্ধতি ও ভাতা নির্ধারণ করতে পারবে।

**৭৯। মূসক কর্তৃপক্ষের দায়িত্ব এবং কর্তব্য:**

(১) বোর্ড, এই আইনের অধীন মূসক কর্তৃপক্ষের নীতি নির্ধারণী দায়িত্ব পালনসহ অন্যান্য সকল দায়িত্ব সম্পাদন, কর্তব্য পালন এবং ক্ষমতা প্রয়োগ করিবে।

(২) মূসক কর্মকর্তাগণ, বোর্ডের নিয়ন্ত্রণ, তদারকি এবং তত্ত্বাবধানে থাকিয়া, নিম্নবর্ণিত এক বা একাধিক দায়িত্ব সম্পাদন, কর্তব্য পালন, ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথা:—

(ক) কর আদায় এবং উহার হিসাবরক্ষণ সংক্রান্ত কার্যক্রম;

(খ) এই আইন এবং উহার অধীন প্রণীত বিধি-বিধানের প্রয়োগ ও প্রশাসনিক কার্যক্রম; এবং

(গ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক প্রদত্ত অন্য যেকোন দায়িত্ব পালন বা কর্তব্য ও কার্যাবলী সম্পাদন।

(৩) মূসক কর্মকর্তাগণ, বোর্ড কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা আরোপিত পরিসীমা ও শর্ত সাপেক্ষে, এই আইন বা তদধীন প্রণীত বিধি-বিধানের অধীন—

(ক) তাহাদের উপর ন্যস্ত যাবতীয় দায়িত্ব ও কর্তব্য পালন, ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন এবং কোন ঊর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক অধস্তন কর্মকর্তাকে প্রদত্ত সকল দায়িত্ব ও কর্তব্য পালন, ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন; এবং

(খ) কোন ঊর্ধ্বতন কর্মকর্তা তাহার অধস্তন যেকোন কর্মকর্তাকে প্রদত্ত বা তাহার উপর অর্পিত সকল দায়িত্ব ও কর্তব্য পালন, ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিতে পারিবেন।

**৮০। মূসক কর্মকর্তার আদেশ বা সিদ্ধান্ত সংশোধনে বোর্ডের ক্ষমতা:**

বোর্ড স্ব-উদ্যোগে মূসক কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তিকৃত যেকোন কার্যধারার নথিপত্র, বা তৎকর্তৃক প্রদত্ত যে কোন আদেশ বা সিদ্ধান্তের যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে, নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে, উহা তলব করিয়া পরীক্ষা-নিরীক্ষা করতঃ যুক্তিযুক্ত যেকোন আদেশ প্রদান করিতে পারিবে:তবে শর্ত থাকে যে, এইরূপ কোন আদেশ দ্বারা কোন ব্যক্তির জন্য এই আইনের অধীন নির্ধারিত কোন অধিকার বা বাধ্যবাধকতা ক্ষুণ্ন করা যাইবে না।

**৮১। ক্ষমতা অর্পণ:**

(১) বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে, যে কোন মূসক কর্মকর্তাকে তাহার নাম ও পদবী উল্লেখপূর্বক এই আইন বা তদধীন প্রণীত বিধি-বিধানের অধীন কমিশনারের যে কোন দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

(২) বোর্ডের ভিন্নতর নির্দেশ না থাকিলে, কমিশনার বা মহাপরিচালক তদধস্তন যেকোন মূসক কর্মকর্তাকে তাহার এখতিয়ারাধীন এলাকায় তাহার যেকোন ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব প্রদান করিতে পারিবেন।

**৮২। মূসক কর্মকর্তাকে সহায়তা প্রদান:**

(১) মূসক কর্মকর্তাকে এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন তাহাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ কোস্ট গার্ড ও আনসারের যেকোন সদস্য এবং ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, আবগারি, শুল্ক, আয়কর এবং মাদকদ্রব্য সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণকারী সকল সরকারি কর্মকর্তাসহ অন্য যেকোন [সরকারি কর্মকর্তা, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ সহায়তা প্রদানে বাধ্য থাকিবেন]।

(২) সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূসক কর্মকর্তা, তাঁহাকে সহায়তা করিবার উদ্দেশ্যে উপ-ধারা (১) এ উল্লিখিত কোন সদস্য, কর্তৃপক্ষ বা কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তিকে যে কোন ব্যক্তির স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব, ব্যাংক এ্যাকাউন্টের হিসাব বিবরণী, দলিলাদিসহ অন্য যেকোন তথ্য সরবরাহের অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সদস্য, কর্তৃপক্ষ বা কর্মকর্তা তলবকৃত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

**৮৩। মূসক কর্মকর্তার প্রবেশ ও তল্লাশির ক্ষমতা:**

(১) কমিশনার মহাপরিচালক এর নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনার বা সহকারি পরিচালক পদমর্যাদার নিম্নে নহেন এমন যেকোন মূসক কর্মকর্তা, এই আইনের উদ্দেশ্য পূরণ কল্পে, নিরধারিত পদ্ধতি তে নিম্নবর্ণিত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন, যথা:—

(ক) অর্থনৈতিক কার্যক্রমের স্থান, অঙ্গন, ঘরবাড়ি, যানবাহন, ইত্যাদিতে প্রবেশ ও তল্লাশি; এবং ক্ষেত্রমত জব্দকরণ ও আটক;

(খ) অর্থনৈতিক কার্যক্রম পরিদর্শন ও উহার রেকর্ডপত্র, নথিপত্র, দলিলাদি ও হিসাব পরীক্ষাকরণ।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত স্থান কাহারও আবাসস্থল হইলে, উক্ত কর্মকর্তাকে উক্ত স্থানের স্বত্বাধিকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তত্ত্বাবধানকারীকে নির্ধারিত পদ্ধতিতে নোটিশ প্রদান করিতে হইবে এবং সুর্যাস্ত হইতে সুর্যোদয় পর্যন্ত সময়ে উক্তরূপ প্রবেশ করা যাইবে না।

(৩) কোন ব্যক্তি এই আইন বা তদধীন প্রণীত বিধির কোন বিধান লংঘন করিলে, সহকারী কমিশনার বা সহকারি পরিচালক বা তদূর্ধ্ব পদমর্যাদার মূসক কর্মকর্তা উক্ত ব্যক্তির ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করিবার জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষকে নির্ধারিত পদ্ধতিতে নির্দেশ প্রদান করতে পারিবেন।

(৪) উপধারা (১)-এ যা কিছুই থাকুক না কেন, রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এমন কর্মকর্তা তার এখাতিয়ারধীন এলাকায় কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থল পরিদর্শন এবং মজুদ পণ্য, সেবা, উপকরণ ও হিসাব পরীক্ষা করতে পারবেন।

**৮৪। পণ্য জব্দকরণ ও উহার নিষ্পত্তি:**

(১) যদি কোন ব্যক্তি এই আইন বা তদধীন প্রণীত বিধান লংঘন করিয়া কোন পণ্য সরবরাহ করেন বা কোন সেবা প্রদান করেন, তাহা হইলে উক্ত পণ্য, বা সেবা প্রদানের সহিত [সংশ্লিষ্ট পণ্য, দলিলাদি ও যানবাহন কমিশনার বা মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত মূসক কর্মকর্তা নির্ধারিত পদ্ধতিতে আটক,]জব্দ ও নিষ্পত্তি করিতে পারিবেন।

(২) কোন কার্যধারা নিষ্পন্নাধীন থাকা অবস্থায় উপ-ধারা (১) এর অধীন জব্দকৃত পণ্য কমিশনার উহার মালিক বা প্রতিনিধির অনুকূলে নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে অন্তবর্তীকালীন ছাড় প্রদান করিতে পারিবেন।

**৮৫। ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে জরিমানা আরোপঃ**

(১) নিম্নবর্ণিত সারণীর কলাম (২) এ বর্ণিত ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে [ধারা ৮৬ তে উল্লিখিত মূসক কর্মকর্তা] কলাম (৩) এ বর্ণিত জরিমানা আরোপ করিতে পারিবেন, যথা:—

সারণী

| ক্রমিক নং | ব্যর্থতা বা অনিয়ম | জরিমানার পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ক) | নির্ধারিত সময়সীমার মধ্যে নিবন্ধন বা তালিকাভুক্তির জন্য আবেদন না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (খ) | নিবন্ধন বা টার্নওভার কর সনদপত্র যথাস্থানে প্রদর্শন না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (গ) | নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থনৈতিক কার্যক্রম সম্পর্কিত তথ্যের পরিবর্তন সম্পর্কে কমিশনারকে অবহিত না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (ঘ) | নির্ধারিত সময়সীমার মধ্যে নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিলের আবেদন না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (ঙ) | ধারা ৯(৫) এর বিধান পরিপালন না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (চ) | নির্ধারিত তারিখের মধ্যে মূসক বা টার্নওভার কর দাখিলপত্র পেশ না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (ছ) | দাখিলপত্রে উৎপাদ করের কোন পরিমাণ অন্তর্ভুক্ত না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | অনুল্লেখিত উৎপাদ করের দ্বিগুণ; |
| (জ) | দাখিলপত্রে প্রাপ্য উপকরণ করের রেয়াত অধিক গ্রহণ করিবার অনিয়ম; | অনিয়মিতভাবে গৃহীত উপকরণ করের দ্বিগুণ; |
| (ঝ) | দাখিলপত্রে হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ বৃদ্ধি করিবার বা বৃদ্ধিকারী সমন্বয়ের পরিমাণ হ্রাস করিবার অনিয়ম; | বর্ধিত হ্রাসকারী সমন্বয়ের দ্বিগুণ বা হ্রাসকৃত বৃদ্ধিকারী সমন্বয়ের দ্বিগুণ; |
| (ঞ) | কর চালানপত্র, ক্রেডিট নোট, ডেবিট নোট, সমন্বিত কর চালানপত্র বা উৎসে কর কর্তন সনদপত্র প্রদান না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (ট) | রেকর্ডপত্র নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণ না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (ঠ) | নির্ধারিত জামানত প্রদান না করিবার ব্যর্থতা বা অনিয়ম; | ১০ (দশ) হাজার টাকা মাত্র |
| (ড) | আরোপিত কর নিরূপণ ও পরিশোধ ইচ্ছাকৃতভাবে পরিহার বা পরিহারের চেষ্টা করিবার অনিয়ম; | পরিহারকৃত করের দ্বিগুণ। |
| (ঢ) | নির্ধারিত সময়ের মধ্যে উপকরণ উৎপাদ সহগ (i nput out put coef f i ci ent ) দাখিল না করবার ব্যর্থতা বা অনিয়ম | ১০ (দশ) হাজার টাকা মাত্র |

(১ক) ধারা ৪৯ এর বিধান অনুযায়ী উৎসে মূল্য সংযোজন কর কর্তন এবং জমা প্রদানের বাধ্যবাধকতা থাকা স্বত্তেও উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী উক্ত ধারা অধীন উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও জমা প্রদানে ব্যর্থ হইলে,

(অ) ধারা ১২৭ অনুযায়ী আরেপিত সুদসহ উক্ত মূল্য সংযোজন কর তার নিকট হতে এনরূপে আদায় করা হবে যেন তিনি উক্ত ধারার অধীন একজন পণ্য বা সেবা সরবরাহকারী ;

(আ) দফা (অ) এর বিধানবলী ক্ষুণ্ন না করে উৎসে কর্তিত মূল্য সংযোজন কর নির্ধারিত সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তনকারী ব্যক্তি, কর্তিত মূল্য সংযোজন কর জমা প্রদানে দাযিত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট কমিশনার অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাক ব্যক্তিগত জরিমাণা করতে পারবেন।

(২) অপরাধ বা উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যর্থতা ও অনিয়ম ব্যতীত যদি কোন ব্যক্তি এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার বিধান অনুযায়ী করণীয় কোন কিছু করিতে ব্যর্থ হন বা নিষিদ্ধ কিছু করেন, তাহা হইলে [ধারা ৮৬ তে উল্লিখিত মূসক কর্মকর্তা] উক্ত ব্যক্তিকে উক্ত ব্যর্থতা বা কর্মকাণ্ডের গুরুত্ব ও পৌনঃপুনিকতাভেদে, নির্ধারিত পদ্ধতিতে ও পরিমাণে, জরিমানা আরোপ করিতে পারিবেন।

(৩) কোন ঘটনায় অপরাধ ও ব্যর্থতা বা অনিয়মের উপাদান থাকিলে অপরাধের জন্য ফৌজদারী মামলা এবং ব্যর্থতা বা অনিয়মের জন্য কার্যধারা গ্রহণে এই আইনের কোন কিছুই (ধারা ৮৬তে উল্লেখিত মূসক কর্মকর্তা) বাধাগ্রস্ত করিবে না।

(৪) ধারা [৮৬তে উল্লেখিত প্রত্যেক মূসক কর্মকর্তা] এই ধারার অধীন জরিমানা আরোপের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে " উপধারা (১) এর সারণীর (১) নং কলামের ক্রমিক নং (চ) এর ক্ষেত্র ব্যতিত) নোটিশের মাধ্যমে শুনানির সুযোগ প্রদান করিবেন।

(৫) মূসক, সম্পূরক শুল্ক, টার্নওভার কর, সুদ ও অর্থদণ্ডের অতিরিক্ত হিসাবে জরিমানা প্রদেয় হইবে।

**৮৬। ন্যায় নির্ণয়ার্থ (adjudication) কার্যধারা গ্রহণে মূসক কর্মকর্তাগণের আর্থিক সীমা**

(১) এই আইন বা তদধীন প্রণীত কোন বিধির উদ্দেশ্য পূরণকল্পে, বা করারোপ ও আদায়ের লক্ষ্যে—

(ক) আমদানি ও রপ্তানির ক্ষেত্রে, কাস্টমস কর্মকর্তাগণ কাস্টমস আইনের অধীন কার্যধারা গ্রহণ করিবেন; এবং

(খ) পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে, মূসক কর্মকর্তাগণ এই আইনের অধীন, নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত আর্থিক ক্ষমতা সাপেক্ষে, কার্যধারা গ্রহণ করিবেন, যথা:—

সারণী

| ক্রমিক নং | কর্মকর্তা | ক্ষমতা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ক) | কমিশনার | পণ্য বা কর যোগ্য সেবার মূল্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকার অধিক |
| (খ) | অতিরিক্ত কমিশনার | পণ্য বা কর যোগ্য সেবার মূল্য অনধিক ৪০ (চল্লিশ) লক্ষ টাকা |
| (গ) | যুগ্ম কমিশনার | পণ্য বা কর যোগ্য সেবার মূল্য অনধিক ৩০ (ত্রিশ) লক্ষ টাকা |
| (ঘ) | উপ কমিশনার | পণ্য বা কর যোগ্য সেবার মূল্য অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা |
| (ঙ) | সহকারী কমিশনার | পণ্য বা কর যোগ্য সেবার মূল্য অনধিক ১০ (দশ) লক্ষ টাকা |
| (চ) | রাজস্ব কর্মকর্তা | পণ্য বা কর যোগ্য সেবার মূল্য অনধিক ৪ (চার) লক্ষ টাকা: |

তবে শর্ত থাকে যে, যেসকল কার্যধারার বিষয়বস্তুর সহিত কোন আর্থিক সংশ্লেষ নাই তথা অনিয়ম সংক্রান্ত, সেই সকল কার্যধারা নির্ধারিত মূসক কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তি করিতে হইবে।

(২) প্রত্যেক মূসক কর্মকর্তা এই ধারার অধীন গৃহীত প্রত্যেক কার্যধারায় সংশ্লিষ্ট ব্যক্তিকে নোটিশের মাধ্যমে শুনানির সুযোগ প্রদান করিবেন।

(৩) যদি কোন ব্যক্তি তৎকর্তৃক ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে সংক্ষিপ্ত ন্যায় নির্ণয়ন এর আবেদন করেন, তবে সে ক্ষেত্রে ন্যায় নির্ণয়কারী কর্মকর্তা কারণ দর্শানো নোটিশ জারি ও শুনানি গ্রহণ ব্যতিরেকে উক্ত ক্ষেত্রে ন্যয় নির্ণয় কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

**৮৭। সমন প্রেরণ:**

(১) রাজস্ব কর্মকর্তার নিম্নে নহেন এমন কোন মূসক কর্মকর্তা এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন ব্যবস্থা গ্রহণের প্রয়োজনে যে কোন ব্যক্তিকে সাক্ষ্য প্রদান ও দলিলাদি উপস্থাপনের জন্য সমন প্রেরণ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন সমনকৃত যে কোন ব্যক্তি উক্ত কর্মকর্তার নির্দেশ অনুযায়ী সশরীরে বা প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হইতে বাধ্য থাকিবেন: তবে শর্ত থাকে যে, দেওয়ানী কার্যবিধির ধারা ১৩২ ও ১৩৩ এর অধীন সশরীরে উপস্থিত হইতে অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তিকে সশরীরে উপস্থিত হওয়ার জন্য সমন প্রেরণ করা যাইবে না।

**৮৮। কাস্টমস কর্মকর্তাগণের দায়িত্ব এবং ক্ষমতা:**

(১) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার প্রয়োগ ও কার্যকরকরণার্থ কাস্টমস কর্মকর্তাগণের নিম্নবর্ণিত দায়িত্ব থাকিবে, যথা:—

(ক) করযোগ্য আমদানির উপর আরোপিত মূসক আদায়; এবং

(খ) সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য আমদানির উপর প্রদেয় সম্পূরক শুল্ক আদায়।

(২) আমদানী পণ্যের উপর আমদানী শূল্ক আরোপের ক্ষেত্রে কাস্টম আইন দ্বারা কাস্টম কর্মকর্তা যেইরূপ ক্ষমতা প্রাপ্ত হন সেই রূপ ক্ষমতা এই আইনের অধীন আমদানি পণ্যের উপর মূসক, সম্পূরক শুল্ক ও আগাম কর আরোপের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**৮৯। গোপনীয়তা:**

তথ্য অধিকার আইন, ২০০৯ (২০০৯ সনের ২০ নং আইন) এর বিধান সাপেক্ষে, এই আইনের প্রয়োগ ও বাস্তবায়নের লক্ষ্যে কোন করদাতার নিকট হইতে প্রাপ্ত সকল তথ্য এবং দলিলাদি গোপনীয় গণ্য হইবে।

**৮৯ক। মূল্য সংযোজন কর আইনের ক্ষেত্রে অন্যান্য আইনের প্রয়োগ:** সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কাস্টমস আইন বা **Excise And Salt Act 1944 এর Act No. I of 1944** এবং উহার অধীন প্রণীত বিধিমালা যে কোন বিধান প্রয়োজনীয় পরিবর্তন সহকারে এই আইনের প্রয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে বলে ঘোষণা করতে পারবে।

## ত্রয়োদশ অধ্যায়
## নিরীক্ষা এবং অনুসন্ধান

**৯০। করদাতার অর্থনৈতিক কার্যক্রম নিরীক্ষা এবং অনুসন্ধান:**

(১) কর ফাঁকি রোধকল্পে কমিশনার বা মহাপরিচালক এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন যে কোন ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রমের যাবতীয় বিষয় নিরীক্ষা এবং অনুসন্ধান করিতে পারিবেন।

(২) বোর্ড, উক্ত নিরীক্ষা এবং অনুসন্ধান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিধি প্রণয়ন এবং অডিট ম্যানুয়্যাল প্রণয়ন ও প্রকাশ করিবে।

(৩) কমিশনার বা মহাপরিচালক কর্তৃক ক্ষমতা প্রদত্ত মূসক কর্মকর্তা উক্ত অডিট ম্যানুয়্যাল অনুযায়ী নিরীক্ষা এবং অনুসন্ধান কার্যক্রম সম্পন্ন করিয়া কমিশনার বা মহাপরিচালক বরাবরে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) উপ-ধারা (৩) এ উল্লিখিত নিরীক্ষা প্রতিবেদনে, নিরীক্ষিত কর মেয়াদে করদাতার প্রদেয় করের দায়-দায়িত্ব উদঘাটিত হইলে, কমিশনার বা মহাপরিচালক উক্ত করদায় নির্ধারণ করিবেন, এবং অপরিশোধিত করের উপর প্রযোজ্য সুদ উল্লেখ করিয়া উহা আদায়ের জন্য পরবর্তী কার্যধারা গ্রহণের নিমিত্ত উহা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৫) ধারা ৭৩ এ যা কিছুই উল্লেখ থাকুক না কেন, শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কশিনার কর মেয়াদ সমাপ্তির ৩(তিন বছর) অধিককাল পূর্বের কোন কর মেয়াদেও জন্য কোন বকেয়া কর দাবি করতে পারবেন না।

**৯১। মূসক কর্মকর্তাগণের ক্ষমতা।**—(১) [কমিশনার বা মহাপরিচালক এর নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনার বা সহকারী পরিচালকের পদমর্যাদার নিম্নে নয় এমন কোন] মূসক কর্মকর্তা অনুমোদিত উদ্দেশ্যে, নোটিশ প্রদানের মাধ্যমে, যে কোন ব্যক্তির নিকট নিম্নবর্ণিত তথ্যাদি দাবি করিতে পারিবেন, যথা:—

(ক) নিরীক্ষা এবং অনুসন্ধান কার্যক্রম পরিচালনার জন্য কোন ব্যক্তি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য; বা

(খ) কোন ব্যক্তির কর্তৃত্বে থাকা দলিলাদি বা সাক্ষ্য-প্রমাণ।

(২) উক্ত ক্ষমতাপ্রাপ্ত মূসক কর্মকর্তার নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা:–

(ক) যে কোন রেকর্ডপত্রের প্রতিলিপি করিবার;

(খ) যে কোন রেকর্ড নির্ধারিত পদ্ধতিতে, জব্দ করিবার;

(গ) যে কোন রেকর্ড বা পণ্য সীল করিবার; এবং

(ঘ) নির্ধারিত ক্ষেত্রে ও পদ্ধতিতে, যেকোন ব্যক্তির ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করিবার ব্যবস্থা গ্রহণের।

(৩) [উক্ত] ক্ষমতাপ্রাপ্ত মূসক কর্মকর্তা কর্তৃক কোন রেকর্ড, দলিলপত্র বা পণ্য জব্দ করিবার ক্ষেত্রে, উহা যাহার নিকট হইতে জব্দ করা হইয়াছে তাহার নিকট নির্ধারিত পদ্ধতিতে ফেরত প্রদান করিতে হইবে।

(৪) এই অধ্যায়ের কোন বিধানবলে, আন্তর্জাতিক আইনের অধীন অনুসন্ধানমুক্ত কোন আন্তর্জাতিক সংস্থা, কূটনৈতিক ভবন, কনস্যুলার বা বিদেশী রাষ্ট্রের মিশনসমূহে প্রবেশ ও তল্লাশি করা যাইবে না।

**ব্যাখ্যা:** এই ধারায় "অনুমোদিত উদ্দেশ্য" অর্থ—

(ক) কোন ব্যক্তির করদায় নির্ধারণের লক্ষ্যে তথ্য সংগ্রহ;

(খ) কোন ব্যক্তির নিকট হইতে কর সংগ্রহের উদ্দেশ্যে তথ্য সংগ্রহ;

(গ) কর ফাঁকি উদঘাটন; বা

(ঘ) এই আইনের বিধানাবলী পরিপালন নিশ্চিতকরণ।

**৯২। তত্ত্বাবধানাধীন সরবরাহ, পর্যবেক্ষণ ও নজরদারী:** (১) যেক্ষেত্রে কোন করদাতা [কর] ফাঁকির উদ্দেশ্যে এই আইনের বিধানাবলী পরিপালন না করেন, সেইক্ষেত্রে কমিশনার কর্তৃক আদিষ্ট মূসক কর্মকর্তা নির্ধারিত পদ্ধতিতে উক্ত করদাতার প্রকৃত করদায় নির্ধারণের লক্ষ্যে, তাহার [কর] আরোপযোগ্য অর্থনৈতিক কার্যক্রম সংশ্লিষ্ট যে কোন স্থানে তত্ত্বাবধানাধীন সরবরাহ, পর্যবেক্ষণ এবং নজরদারী করিতে পারিবেন।

(২) উক্ত মূসক কর্মকর্তা উল্লিখিত করদাতার করদায় নির্ধারণের উদ্দেশ্যে যাবতীয় তথ্যাবলী উল্লেখ করিয়া কমিশনারের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন দাখিলকৃত প্রতিবেদন এবং এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন সংগৃহীত তথ্যাবলীর ভিত্তিতে, কমিশনার করদাতাকে শুনানির সুযোগ প্রদান করিয়া করদাতার প্রকৃত করদায় নির্ধারণ করিতে পারিবেন।

**৯৩। একাধিক দাপ্তরিক নিরীক্ষা:**

কোন নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি একই কর মেয়াদের জন্য দুইবার নিরীক্ষার অন্তর্ভুক্ত হইবে না, যদি না কমিশনারের নিকট নির্ভরযোগ্য তথ্য থাকে বা তাহার বিশ্বাস করিবার যথেষ্ট কারণ থাকে যে, উক্ত ব্যক্তি নিরীক্ষিত কর মেয়াদে ভুল বা মিথ্যা তথ্য বা দলিলাদি উপস্থাপন করিয়া প্রতারণার মাধ্যমে কর ফাঁকি দিয়াছেন।

**৯৪। বিশেষ নিরীক্ষা:**

(১) নির্ধারিত সীমা ও শর্ত সাপেক্ষে, যে কোন নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির রেকর্ডপত্র নিরীক্ষাসহ বিশেষ হিসাব নিরীক্ষা সম্পাদনের নিমিত্ত বোর্ড যে কোন হিসাব নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত হিসাব নিরীক্ষক, এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, মূসক কর্মকর্তা বলিয়া গণ্য হইবেন।

## চতুর্দশ অধ্যায়
## বকেয়া কর আদায়

**৯৫। বকেয়া কর আদায়:**

(১) মূসক, সম্পূরক শুল্ক, টার্নওভার কর, সুদ, অর্থদণ্ড বা জরিমানার কোন অর্থ খেলাপি করদাতা কর্তৃক প্রদেয় হইলে, কমিশনার উক্ত বকেয়া কর খেলাপি করদাতার নিকট হইতে আদায় করিবার কার্যক্রম গ্রহণ করিবেন।

(১ক) উপধারা (১) এর উদ্দেশ্যপূরণ কল্পে কমিশনার [সহকারী কমিশনারের] পদের নিম্নে নহেন এমন একজন মূসক কর্মকর্তাকে বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer – DRO) হিসেবে নিয়োগ প্রদান করবেন এবং উক্ত কর্মকর্তা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বকেয়া কর আদায় কার্যক্রম গ্রহণ করবে।

(২) বকেয়া কর প্রদেয় বলিয়া গণ্য হইবে, যদি—

(ক) বকেয়া করের পরিমাণ দাখিলপত্রে প্রদেয় হিসাবে প্রদর্শিত হয় এবং উহা অপরিশোধিত থাকে;

(খ) খেলাপি করদাতার উপর জারিকৃত কর নির্ধারণী নোটিশে বা সার্টিফিকেটে বকেয়া করের পরিমাণ প্রদর্শিত হয় এবং খেলাপি করদাতা নোটিশে বা সার্টিফিকেটে উল্লিখিত সর্বশেষ তারিখে উহা পরিশোধ করিতে ব্যর্থ হন; বা

(গ) এই আইনের অধীন কোন কার্যক্রম নিষ্পত্তির ফলে কোন বকেয়া কর প্রদেয় হয় ।

(৩) উপ-ধারা (২) এর অধীন খেলাপি করদাতা কর্তৃক বকেয়া কর প্রদেয় হইলে, উহা আদায়ের লক্ষ্যে কমিশনারে বা বকেয়া আদায় কর্মকর্তা খেলাপি করদাতার বরাবরে নোটিশ প্রেরণ করিবেন।

(৪) বকেয়া কর আদায়ের কার্যধারায়, বকেয়া করের দায় ও পরিমাণ প্রমাণের ক্ষেত্রে, উক্ত নোটিশ বা সার্টিফিকেট চূড়ান্ত প্রামাণ্য দলিল (conclusive proof) বলিয়া গণ্য হইবে।

(৫) বকেয়া কর আদায়ের ক্ষেত্রে কমিশনার বা বকেয়া আদায় কর্মকর্তা নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিবেন, যথা:—

(ক) খেলাপি করদাতার কোন অর্থ কোন আয়কর, শুল্ক, মূসক বা আবগারি কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন থাকিলে, উহা হইতে নির্ধারিত পদ্ধতিতে বকেয়া কর কর্তন করিবেন;

(খ) খেলাপি করদাতার অর্থ অপর কোন ব্যক্তি বা সহযোগী বা আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংকের নিকট থাকিলে, উক্ত ব্যক্তি বা ব্যাংকে পরিশোধ করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন;

(গ) খেলাপি করদাতার ব্যবসা অঙ্গন হইতে কোন পণ্য বা সেবার সরবরাহ বন্ধের আদেশ প্রদান করিতে পারিবেন;

(ঘ) খেলাপি করদাতার আমদানিকৃত পণ্য খালাস বন্ধের লক্ষ্যে শুল্ক ভবনের বিল অব এন্ট্রি (Bill of Entry) প্রক্রিয়াকরণ সিস্টেমে ব্যবসা সনাক্তকরণ সংখ্যা বন্ধ (lock) করিতে পারিবেন;

(ঙ) খেলাপি করদাতার ব্যাংক হিসাব নির্ধারিত পদ্ধতিতে অপরিচালনযোগ্য (ভৎবরুব) করিবার আদেশ প্রদান করিতে পারিবেন;

(চ) খেলাপি করদাতার ব্যবসা অঙ্গন তালাবদ্ধ করিয়া রাখিবার আদেশ প্রদান করিতে পারিবেন বা নির্ধারিত সময় ও পদ্ধতিতে তালাবদ্ধ করিতে পারিবেন;

(ছ) খেলাপি করদাতার যে কোন স্থাবর সম্পত্তি ক্রোক বা অস্থাবর সম্পত্তি জব্দ করিয়া নির্ধারিত পদ্ধতিতে বিক্রয়ের মাধ্যমে বকেয়া কর আদায় করিতে পারিবেন; বা

(জ) খেলাপি করদাতার কোন জিম্মাদারের নিকট হইতে নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে জামানত গ্রহণ করিতে পারিবেন।

(৬) কাস্টমস কমিশনার কর্তৃক বকেয়া কর আদায়ের ক্ষেত্রে আমদানি শুল্ক যে পদ্ধতিতে আদায় করা হয় সেই একই পদ্ধতিতে উক্ত বকেয়া কর আদায় করিতে হইবে।

**৯৬। দেওয়ানী কার্যবিধির অধীন মূসক কর্মকর্তার ক্ষমতা:**

দেওয়ানী কার্যবিধির অধীন অর্থ আদায়ের ক্ষেত্রে দেওয়ানী আদালতের যে ক্ষমতা রহিয়াছে এই আইনের বিধানাবলী সাপেক্ষে, বকেয়া কর আদায়ের উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত মূসক কর্মকর্তার সেইরূপ একই ক্ষমতা থাকিবে।

**৯৭। বকেয়া কর আদায়ের ক্ষেত্রে অধিক্ষেত্রের পরিবর্তন:**

খেলাপি করদাতা যদি অন্য কোন কমিশনারের অধিক্ষেত্রাধীন এলাকায় বসবাস করেন বা তদস্থানে তাহার কোন অর্থনৈতিক কার্যক্রম বা সম্পত্তি থাকে, তাহা হইলে কমিশনার উক্ত কমিশনারকে বকেয়া কর আদায়ের জন্য অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত কমিশনার বকেয়া কর এমনভাবে আদায় করিবেন যেন উহা তাহার এখতিয়ারে প্রাপ্য বকেয়া।

**৯৮। আদায়কৃত অর্থ বা জামানতের বিলিবন্টন।**

(১) আদায়কৃত অর্থ বা জামানতের পরিমাণ বকেয়া কর অপেক্ষা কম হইলে, নির্ধারিত পদ্ধতিতে উক্ত অর্থ বা জামানত নিম্নবর্ণিত ক্রমানুসারে বিলিবন্টন করিতে হইবে, যথা:—

(ক) প্রথমত, প্রদেয় সুদের পরিমাণ হ্রাসকরণার্থে;

(খ) দ্বিতীয়ত, অর্থদণ্ড বা জরিমানার পরিমাণ হ্রাসকরণার্থে; এবং

(গ) তৃতীয়ত, মূসক, সম্পূরক শুল্ক বা টার্নওভার করের পরিমাণ হ্রাসকরণার্থে।

(২) আদায়কৃত অর্থ বা জামানতের পরিমাণ বকেয়া কর অপেক্ষা অধিক হইলে, উপ-ধারা (১) এর অধীন বিলিবন্টনের পর অতিরিক্ত অর্থ করদাতা বা জিম্মাদারের নিকট ফেরত প্রদান করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) ও (২) অনুসারে কোন অর্থ বা জামানত বিলিবন্টন করা হইলে, কমিশনার নির্ধারিত সময় ও পদ্ধতিতে উক্ত বিষয়ে বকেয়া করদাতা বা জিম্মাদারকে অবহিত করিবেন।

**৯৯। খেলাপি করদাতার স্থাবর সম্পত্তির উপর সরকারের পূর্বস্বত্ব (lien) ও উহার ক্রোক।**

(১) যদি কোন খেলাপি করদাতা নির্ধারিত তারিখে বকেয়া কর পরিশোধ করিতে ব্যর্থ হন, তাহা হইলে খেলাপি করদাতার মালিকানাধীন সকল সম্পত্তির উপর সরকারের অনুকূলে অগ্রাধিকার সম্পন্ন পূর্বস্বত্ব সৃষ্টি হইবে এবং সম্পূর্ণ বকেয়া কর পরিশোধ না হওয়া পর্যন্ত উক্ত পূর্বস্বত্ব বলবৎ থাকিবে।

(২) কমিশনার নোটিশের মাধ্যমে পূর্বস্বত্ব সৃষ্টির বিষয়টি খেলাপি করদাতাকে অবহিত করিবেন এবং নোটিশ জারির এক মাসের মধ্যে খেলাপি করদাতা বকেয়া কর পরিশোধ না করিলে, খেলাপি করদাতার উক্ত সম্পত্তি কমিশনার নির্ধারিত পদ্ধতিতে ক্রোক ও বিক্রয় করিয়া বকেয়া কর আদায় করিতে পারিবেন।

**১০০। পণ্য জব্দকরণ, উহার বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থের বিলিবন্টন।**

(১) বকেয়া কর আদায়ের উদ্দেশ্যে যদি কোন পণ্য তাৎক্ষণিকভাবে এবং বিনা নোটিশে জব্দ করা হইয়া থাকে, তবে কমিশনার, যথাশীঘ্র সম্ভব, নিম্নবর্ণিত ব্যক্তির উপর জব্দের নোটিশ জারি করিবেন, যথা:—

(ক) জব্দকৃত পণ্যের মালিক;

(খ) জব্দ করিবার অব্যবহিত পূর্বে পণ্য হেফাজতকারী বা নিয়ন্ত্রণকারী ব্যক্তি; বা

(গ) জব্দকৃত পণ্য দাবি করেন এমন কোন ব্যক্তি:

তবে শর্ত থাকে যে, যদি কোন ব্যক্তি পণ্য দাবি না করেন, তাহা হইলে কোন নোটিশ জারির প্রয়োজন হইবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন পণ্য জব্দ করা হইলে, নিম্নবর্ণিত শর্তে কমিশনার উক্ত পণ্য উক্ত ব্যক্তির নিকট ফেরত প্রদান করিতে পারিবেন, যথা:—

(ক) যে পরিমাণ বকেয়া কর আদায়ের নিমিত্ত জব্দ করা হইয়াছে, সেই পরিমাণ অর্থ পরিশোধের জামানত প্রদান করা হইলে; বা

(খ) যে পরিমাণ বকেয়া কর আদায়ের নিমিত্ত জব্দ করা হইয়াছে, সেই পরিমাণ অর্থ কিস্তিতে পরিশোধ করিতে সম্মত হইয়া প্রথম কিস্তির অর্থ পরিশোধ করিলে।

(৩) যদি কর পরিশোধ করা না হয় বা কোন জামানত প্রদান করা না হয় বা খেলাপি করদাতা বকেয়া কর কিস্তিতে পরিশোধে সম্মত হইয়া প্রথম কিস্তির অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে কমিশনার জব্দকৃত পণ্য, নির্ধারিত সময়সীমা ও পদ্ধতিতে, বিক্রয় করিতে পারিবেন।

(৪) জব্দকৃত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ নিম্নবর্ণিত উপায়ে বিলিবন্টন করিতে হইবে, যথা:—

(ক) প্রথমত, পণ্য জব্দকরণ, সংরক্ষণ এবং বিক্রয়ের খরচাদি পরিশোধ করিয়া;

(খ) দ্বিতীয়ত, যে পরিমাণ বকেয়া কর আদায়ের নিমিত্ত পণ্য জব্দ করা হইয়াছিল সেই পরিমাণ অর্থ পরিশোধ করিয়া;

(গ) তৃতীয়ত, এই আইন দ্বারা রহিত আইনের অধীন প্রাপ্য যে কোন কর পরিশোধ করিয়া; এবং

(ঘ) চতুর্থত, অবশিষ্ট অর্থ, যদি থাকে, পণ্যের মালিককে ফেরত প্রদান করিয়া।

(৫) যে কর নির্ধারণের ভিত্তিতে বকেয়া কর আদায়ের জন্য পণ্য জব্দ করা হইয়াছে সেই কর নির্ধারণের বিরুদ্ধে কমিশনার (আপীল) বা আপীলাত ট্রাইব্যুনাল বা সুপ্রীম কোর্টে কার্যধারা চলাকালে নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত খেলাপি করদাতার সম্পত্তি বিক্রয় স্থগিত থাকিবে, যথা:—

(ক) বিনষ্টযোগ্য বা পচনশীল কোন পণ্য; এবং

(খ) কমিশনার কর্তৃক নির্ধারিত কোন পণ্য।

**১০১। প্রতিনিধির দায়দায়িত্ব এবং বাধ্যবাধকতা:**

(১) বকেয়া কর আদায়ের উদ্দেশ্যে খেলাপি করদাতার উপর আরোপিত সকল দায়দায়িত্ব ও কর্তব্য পালনের জন্য খেলাপি করদাতার প্রতিনিধিও দায়ী থাকিবেন।

(২) খেলাপি করদাতার যে পরিমাণ সম্পত্তি বা অর্থ, প্রতিনিধির দখল বা নিয়ন্ত্রণাধীন রহিয়াছে, উহা বকেয়া কর আদায়ের উদ্দেশ্যে প্রতিনিধির নিকট হইতে আদায়যোগ্য হইবে।

(৩) বকেয়া করের জন্য প্রতিনিধিও ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন যদি তিনি বকেয়া কর অপরিশোধিত থাকাকালে–

(ক) প্রদেয় অর্থ পরিশোধের নিমিত্ত প্রাপ্ত বা উদ্ভূত অর্থ উত্তোলন করেন, উহাতে দায় সৃষ্টি করেন বা হস্তান্তর করেন; বা

(খ) তাহার দখলে থাকা উক্ত ব্যক্তির কোন অর্থ বা তহবিল উত্তোলন করেন বা অন্য কোন ব্যক্তিকে প্রদান করেন।

(৪) প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালনে ব্যর্থ হইলে, এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন খেলাপি করদাতার উপর আরোপিত দায়িত্ব এবং কর্তব্য পালন করা হইতে এই ধারার কোন কিছুই খেলাপি করদাতাকে অব্যাহতি প্রদান করিবে না।

(৫) যদি কোন খেলাপি করদাতার দুই বা ততোধিক প্রতিনিধি থাকে, তাহা হইলে এই ধারায় উল্লিখিত দায়িত্ব ও কর্তব্যসমূহ উক্ত প্রতিনিধিবর্গের ক্ষেত্রে যৌথভাবে এবং পৃথকভাবে প্রযোজ্য হইবে।

**১০২। রিসিভারের দায়িত্বঃ**

(১) কমিশনার বকেয়া কর আদায়ের নিমিত্ত রিসিভারের দখলে নেওয়া সম্পদ হইতে খেলাপি করদাতার বকেয়া কর পরিশোধ করিবার জন্য রিসিভারকে অনুরোধ করিতে পারিবেন।

(২) কমিশনার কর্তৃক উপ–ধারা (১) এর অধীন অনুরুদ্ধ হইলে, রিসিভার উক্ত সম্পদের বিক্রয়লব্ধ অর্থ হইতে বকেয়া কর নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করিয়া প্রামাণিক দলিলাদিসহ কমিশনারকে অবহিত করিবেন।

**১০৩। কোম্পানী বা ব্যক্তি সংঘ বা সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগের পরিচালক বা উদ্যোক্তার দায়।**— (১) যদি কোন কোম্পানী বা ব্যক্তি সংঘ বা সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ বকেয়া কর পরিশোধে ব্যর্থ হয়, তাহা হইলে যে সময় উক্ত অর্থ বকেয়া হইয়াছিল সেই সময় যাহারা উক্ত কোম্পানী বা ব্যক্তি সংঘ বা সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগের পরিচালক বা প্রতিনিধি বা উদ্যোক্তা ছিলেন তাহারা যথাযথ সতর্কতা, দায়িত্বশীলতা এবং দক্ষতা প্রদর্শনে ব্যর্থ হইলে সকলে যৌথ ও ব্যক্তিগতভাবে উক্ত অর্থ পরিশোধের জন্য নির্ধারিত সময়সীমা পর্যন্ত দায়ী থাকিবেন।

(২) বকেয়া কর পরিশোধে দায়ী প্রত্যেক পরিচালক বা প্রতিনিধি বা উদ্যোক্তা, অন্যান্য পরিচালক বা প্রতিনিধি বা উদ্যোক্তার নিকট হইতে পুনর্ভরণ (reimbursement) পাওয়ার অধিকারী হইবেন।

(৩) উক্ত পরিচালক, প্রতিনিধি, এজেন্ট বা উদ্যোক্তা কর্তৃক সম্পাদিত কর্মকাণ্ডের সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া নিম্নবর্ণিত কর্মকাণ্ড উক্ত কোম্পানী বা ব্যক্তি সংঘ বা সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ কর্তৃক সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ—

(ক) অর্থনৈতিক কার্যক্রম বা উহার অংশবিশেষ পরিচালনা;

(খ) অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় কোন সরবরাহ, আমদানি বা অর্জন;

(গ) পণ্য প্রস্তুতকরণ বা সেবা সরবরাহ;

(ঘ) জারিকৃত কোন নোটিশ প্রাপ্তি;

(ঙ) দাখিলপত্র পেশকরণ;

(চ) কর পরিশোধ; বা

(ছ) তথ্য সরবরাহ।

**১০৪। অংশীদারি কারবার বা অনিগমিত সংঘের ধারাবাহিকতাঃ**

(ক) কোন অংশীদারি কারবার বা অনিগমিত সংঘ নূতন কোন অংশীদার বা সদস্য ভর্তি বা অবসর গ্রহণের কারণে বিলুপ্ত হইয়া যায় বা অবসায়িত হয়;

(খ) বিদ্যমান অবশিষ্ট সদস্য সমন্বয়ে নূতন কোন অংশীদারি কারবার বা অনিগমিত সংঘের সৃষ্টি হয়; এবং

(গ) উক্ত অংশীদারি কারবার বা অনিগমিত সংঘ সেইরূপ অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করে, যাহা অবসায়িত অংশীদারি কারবার বা সংঘের দ্বারা পরিচালিত হইত;

তা হলে অবসায়িত অংশীদারি কারবার বা সংঘ এবং নূতন অংশীদারি কারবার বা সংঘ, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, একটি অবিচ্ছেদ্য অংশীদারি কারবার বা সংঘ বলিয়া গণ্য হইবে।

**১০৫। করদাতার মৃত্যু বা দেউলিয়াত্ব ঘোষণাঃ**

কোন করদাতার মৃত্যুর পর বা তাহার দেউলিয়াত্ব ঘোষণার পর যদি তৎকর্তৃক পরিচালিত অর্থনৈতিক কার্যক্রম তাহার সম্পত্তির ট্রাস্টি বা নির্বাহক দ্বারা পরিচালিত হয়, তাহা হইলে উক্ত নির্বাহক বা ট্রাস্টি, এই অধ্যায়ের উদ্দেশ্য পূরণকল্পে, করদাতা বলিয়া গণ্য হইবে।

**১০৬। বকেয়া কর কিস্তিতে পরিশোধঃ**

(১) বকেয়া কর কিস্তিতে পরিশোধ করিবার নিমিত্ত কমিশনার একজন খেলাপি করদাতাকে নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে অনুমতি প্রদান করিতে পারিবেন এবং কোন কিস্তি পরিশোধে ব্যর্থতার কারণে উক্তরূপ অনুমতি বাতিল করিতে পারিবেন।

(২)এই ধারার অধীন প্রদত্ত কিস্তিতে বকেয়া কর পরিশোধের সময়সীমা ১২ (বার) মাসের অতিরিক্ত হইবে না।

## পঞ্চদশ অধ্যায়
## ফর্ম, নোটিশ এবং রেকর্ডপত্র সংরক্ষণ

**১০৭। রেকর্ডপত্র এবং হিসাব সংরক্ষণঃ**

(১) কোন নিবন্ধিত ব্যক্তির করদায় এবং অন্যান্য দায়দেনা নিরূপণের সুবিধার্থে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত নির্ধারিত উপায় ও পদ্ধতিতে করদাতা তাহার অর্থনৈতিক কার্যক্রমের হিসাবাদি, দলিলপত্র এবং অন্যান্য রেকর্ডপত্র সংরক্ষণ করিবেন।

(২) উপ-ধারা (১) এর পরিধিকে ক্ষুন্ন না করিয়া, সংরক্ষিত রেকর্ডপত্র এবং হিসাবাদির মধ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ—(ক) করযোগ্য বা কর অব্যাহতিপ্রাপ্ত নির্বিশেষে পণ্য, সেবা বা স্থাবর সম্পত্তি ক্রয়ের বিবরণী, এবং তৎসংশ্লিষ্ট চালানপত্র;

(খ) পণ্য, সেবা বা স্থাবর সম্পত্তি বিক্রয় সংক্রান্ত বিবরণী;

(গ) কর চালানপত্র, ক্রেডিট নোট, ডেবিট নোট এবং উক্ত ব্যক্তি কর্তৃক ইস্যুকৃত এবং প্রাপ্ত সমন্বিত কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র;

(ঘ) উক্ত ব্যক্তি কর্তৃক পণ্য আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট শুল্ক দলিলপত্র;

(ঙ) উক্ত ব্যক্তি কর্তৃক প্রস্তুতকৃত পণ্য কোন নির্দিষ্ট সময়ে যে মূল্যে সরবরাহ করা হয় সেই মূল্য, পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (input-output coefficient), এবং উক্ত পণ্যের উপর প্রস্তুতকারক কর্তৃক প্রদত্ত মূল্যছাড় বা রেয়াত সংশ্লিষ্ট রেকর্ডপত্র;

(চ) সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবা সরবরাহ বা সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের প্রস্তুতকরণ এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র;

(ছ) কর জমা প্রদানের সমর্থনে ট্রেজারি চালান এবং ট্রেজারি চালান ব্যতীত অন্য কোন পদ্ধতিতে কর জমা প্রদান করা হইয়া থাকিলে উক্তরূপ জমা প্রদানের সমর্থনে দালিলিক প্রমাণাদি;

(জ) প্রতিটি কর মেয়াদের দাখিলপত্র; এবং

(ঝ) নির্ধারিত অন্য কোন দলিলাদি বা রেকর্ডপত্র।

(৩) উপ-ধারা (১) এ যা কিছুই থাকুন না কেন উক্ত উপধারায় বর্ণিত সময়ের পরে অনিষ্পন্ন কোন কার্যধারা সংশ্লিষ্ট দলিলাদি কার্যধারাটি নিষ্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

**১০৮। ফরম, নোটিশ এবং দলিলাদির সত্যায়ন:**

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোন ফরম, নোটিশ, দাখিলপত্র এবং অন্যান্য দলিলের আকার এবং আকৃতি বোর্ড যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে, সেইরূপ পদ্ধতিতে নির্ধারণ করিতে পারিবে।

**১০৯। নোটিশ জারি:**

(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন সমন বা নোটিশ বা সিদ্ধান্ত বা আদেশ বা নির্দেশ কোন ব্যক্তির উপর জারি করা প্রয়োজন হইলে, উহা উক্ত ব্যক্তির উপরে যথাযথভাবে জারি করা হইয়াছে বলিয়া গণ্য হইবে, যদি উহা—

(ক) উক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি কর্তৃক ব্যক্তিগতভাবে গ্রহণ করা হয়;

(খ) উক্ত ব্যক্তির সর্বশেষ জ্ঞাত বাংলাদেশের বাসস্থানে বা ব্যবসায়ের স্থানে প্রেরণ করা হয়;

(গ) উক্ত ব্যক্তির সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করা হয়;

(ঘ) ইলেকট্রনিক পদ্ধতিতে প্রেরণ করা হয়; বা

(ঙ) দফা (ক) হইতে দফা (ঘ) এ উল্লিখিত পদ্ধতিতে জারি করা না যায়;

তাহা হইলে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ের নোটিশ বোর্ডে আঁটিয়া দেওয়া হয়।

(২) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন জারিকৃত নোটিশ সম্পূর্ণ বা আংশিকভাবে পরিপালিত হওয়ার পর নোটিশ জারির বৈধতা সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**১১০। দলিলপত্রের বৈধতা:**

(১) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন জারিকৃত বা ক্ষমতাপ্রাপ্ত মূসক কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন নোটিশ বা অন্যান্য দলিল যথাযথ বলিয়া গণ্য হইবে, যদি উহাতে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর, এবং নাম ও পদবী মুদ্রিত বা স্ট্যাম্পযুক্ত থাকে এবং টেলিফোন বা ফ্যাক্স বা মোবাইল ফোন নম্বর বা ই-মেইল ঠিকানা উল্লেখ থাকে এবং নোটিশটি একটি দাপ্তরিক নথি ও পত্র নম্বর সম্বলিত হয়।

(২) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন প্রস্তুতকৃত, ইস্যুকৃত বা সম্পাদিত কোন দলিল—

(ক) ফর্মে করা হয় নাই বলিয়া বাতিল বা বাতিলযোগ্য গণ্য হইবে না; বা

(খ) উহাতে কোন ভুল-ত্রুটি থাকিলে বা কিছু বাদ পড়িলে উহার যথার্থতা ক্ষুণ্ন হইবে না; যদি উহা বিষয় ও প্রসংগের সহিত সংগতিপূর্ণ হয়।

## ষোড়শ অধ্যায়
## অপরাধ, বিচার ও দণ্ড

**১১১। মূসক নিবন্ধন বা টার্নওভার কর সনদপত্র ও কর দলিল সংক্রান্ত অপরাধ ও দণ্ড:**

(১) যদি কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে—

(ক) জাল বা ভুয়া ব্যবসা সনাক্তকরণ সংখ্যা সম্বলিত মূসক নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর সনদপত্র বা সমন্বিত কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র তৈরী বা ব্যবহার করেন; বা

(খ) জাল বা ভুয়া কর চালানপত্র, ক্রেডিট নোট, ডেবিট নোট, সমন্বিত কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র তৈরী বা ব্যবহার করেন;

(গ) অন্য কোন উপায়ে প্রদেয় কর ফাঁকি প্রদান করেন; বা

(ঘ) উক্ত ব্যক্তি প্রাপ্য না হওয়া সত্ত্বেও কর ফেরৎ দাবি করেন;

তাহলে তিনি অনূর্ধ্ব ১ (এক) বৎসর কারাদণ্ডে বা প্রদেয় করের সমপরিমাণ অর্থদণ্ডে বা উভয় দদেণ্ডিত হইবেন।

(২) কোন ব্যাক্তি অনলাইনে নিবন্ধন বা তালিকাভুক্তি গ্রহণের আবেদনের সময় কোন ভুল বা অসত্য তথ্য প্রদান করলে উক্ত ব্যক্তির বিরুদ্ধে বিদ্যমান আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**১১২। মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি বা বিবরণ প্রদানের অপরাধ ও দণ্ড:**

যদি কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে কোন কর দলিলাদিতে মূসক কর্মকর্তার নিকট মিথ্যা, বিভ্রান্তিকর বিবরণ বা বিবৃতি প্রদান করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৬ (ছয়) মাস কারাদণ্ডে বা প্রদেয় করের সমপরিমাণ অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

**১১৩। প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধ ও দণ্ড:**

মূসক কর্মকর্তাকে এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন দায়িত্ব পালনে যদি কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেন বা সৃষ্টির চেষ্টা করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৬ (ছয়) মাস কারাদণ্ড বা অন্যূন ১০(দশ) হাজার টাকা বা অনূর্ধ্ব ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

**১১৪। অপরাধের তদন্ত, বিচার ও আপীল:**

(১) ফৌজদারী কার্যবিধি বা আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, অপরাধসমূহ ফৌজদারী কার্যবিধির অধীন নিয়োগপ্রাপ্ত প্রথম শ্রেণীর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন মেজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে এবং তিনি এই আইনে বর্ণিত যে কোন অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন।

(২) অপরাধসমূহ জামিনযোগ্য (bailable) ও অ-আমলযোগ্য (non-cognizable) হইবে।

(৩) কমিশনারের পূর্বানুমোদন সাপেক্ষে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন, এমন কোন মূসক কর্মকর্তার নিকট হইতে লিখিত অভিযোগ ব্যতীত, উক্ত ম্যাজিস্ট্রেট কোন অপরাধ বিচারার্থ গ্রহণ করিবেন না।

(৪) নির্ধারিত পদ্ধতি ও সময়সীমার মধ্যে মূসক কর্মকর্তা এই আইনের অধীন দণ্ডনীয় অপরাধের তদন্ত সম্পন্ন করিবেন।

(৫) উক্ত ম্যাজিস্ট্রেট ফৌজদারী কার্যবিধির অধীন বিচারের ক্ষেত্রে যে সংক্ষিপ্ত বিচার পদ্ধতি অবলম্বন করেন সেই একই পদ্ধতিতে অপরাধসমূহের বিচার করিবেন এবং উক্ত অপরাধ সংক্রান্ত আপীল, রিভিউ, রিভিশন, ইত্যাদি ফৌজদারী কার্যবিধির অধীন নিষ্পত্তি করিতে হইবে।

**১১৫। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের অতিরিক্ত ক্ষমতা:**

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অপরাধ সংঘটনকারীর ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করিবার ক্ষমতা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের থাকিবে।

**১১৬। কোম্পানী, ব্যক্তি সংঘ বা সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ কর্তৃক অপরাধ সংঘটন:**

(১) কোন কোম্পানী বা ব্যক্তি সংঘ বা সম্পত্তি উন্নয়নে যৌথ উদ্যোগ কর্তৃক কোন অপরাধ সংঘটিত হইলে, উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্টতা রহিয়াছে এমন প্রত্যেক পরিচালক, অংশীদার, প্রধান নির্বাহী, ব্যবস্থাপক, সচিব, কর্মকর্তা, কর্মচারী, প্রতিনিধি বা মূসক এজেন্ট উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে বা উক্ত অপরাধ সংঘটন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

(২) উক্ত পরিচালক, অংশীদার, প্রধান নির্বাহী, ব্যবস্থাপক, সচিব, কর্মকর্তা, কর্মচারী, প্রতিনিধি বা মূসক এজেন্টের বিরুদ্ধে দায়েরকৃত মামলার একই কার্যধারায় উক্ত কোম্পানীকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে উক্ত কোম্পানীর উপর অর্থদণ্ড ব্যতীত কারাদণ্ড আরোপ করা যাইবে না।

**১১৭। অপরাধে সহায়তাকারী:**

যদি কোন ব্যক্তি কোন অপরাধ সংঘটনে সহায়তা বা সহযোগিতা করেন বা প্ররোচিত বা প্রলুব্ধ করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি অপরাধ সংঘটনকারীর ন্যায় একই অপরাধে অপরাধী বলিয়া গণ্য হইবেন এবং উক্ত অপরাধীর ন্যায় একই দণ্ডে দণ্ডিত হইবেন।

**১১৮। মামলা দায়েরের পূর্বানুমোদন:**

কমিশনারের পূর্বানুমোদন ব্যতীত, কোন অপরাধের জন্য কোন আদালতে মামলা দায়ের করা যাইবে না।

**১১৯। অপরাধের আপোষরফা:**

(১) নির্ধারিত পদ্ধতিতে অপরাধসমূহ আপোষযোগ্য (compoundable) হইবে।

(২) মামলা দায়ের করিবার জন্য কমিশনার কর্তৃক পূর্বানুমোদনের পূর্বে বা পরে বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতি ও শর্তে আপোষরফা করা যাইবে, তবে মামলা রুজু করিবার পর আপোষরফা করিতে হইলে আদালতের অনুমতি গ্রহণ করিতে হইবে।

**১২০। অর্থদণ্ড প্রদেয় করের অতিরিক্ত:**

জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক আরোপিত অর্থদণ্ড প্রদেয় মূসক, সম্পূরক শুল্ক, টার্নওভার কর বা জরিমানার অতিরিক্ত হিসাবে গণ্য হইবে।

## সপ্তদশ অধ্যায়
## আপীল ও রিভিশন

**১২১। কমিশনার (আপীল) এর নিকট আপীল:**

(১) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন অতিরিক্ত কমিশনার বা তৎনিম্ন পদধারী মূসক কর্মকর্তা কর্তৃক গৃহীত কোন সিদ্ধান্ত বা প্রদত্ত কোন আদেশ দ্বারা কোন করদাতা বা মূসক কর্মকর্তা সংক্ষুব্ধ হইলে, তিনি নির্ধারিত পদ্ধতিতে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে ধরা ৯৫ এর অধীন প্রদত্ত কোন আটক বা বিক্রয় আদেশ অথবা পণ্য আমদানির ক্ষেত্রে কাস্টমস আইনের ধারা ৮২ বা ৯৮ এর অধীন কোন আদেশ ব্যতীত উক্ত সিদ্ধান্ত বা আদেশ জারির জারীর ৯০ (নব্বই) দিনের মধ্যে কমিশনার (আপীল) এর নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(২) মূসক কর্মকর্তা ব্যতীত কোন সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক উপ-ধারা (১) এর অধীন আপীল দায়ের করিবার ক্ষেত্রে, তাহাকে উক্ত আপীল দায়েরকালে তর্কিত আদেশে উল্লিখিত দাবিকৃত করের ২০ (বিশ) শতাংশ পরিমাণ অর্থ পরিশোধ করিতে হইবে। তবে শর্ত থাকে যে যদি কমিশনার (আপীল) এই মর্মে সন্তুষ্ট হন যে, আপীলকারী যুক্তিসঙ্গত কারণে উক্ত ৯০ (নব্বই) দিন মেয়াদের মধ্যে

আপীল দায়ের করতে সক্ষম হন নাই, তাহলে তিনি আপীলকারীকে উক্ত মেয়াদের ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল দায়ের করবার জন্য অনুমতি প্রদান করতে পারবেন।

(৩) কমিশনার (আপীল) নির্ধারিত পদ্ধতিতে পক্ষগণকে যথাযথ শুনানির সুযোগ প্রদান করিয়া, সর্বোচ্চ ১ (এক) বৎসরের মধ্যে আপীল কার্যক্রম নিষ্পত্তি করিবেন।

(৪) কমিশনার (আপীল) তর্কিত আদেশ বা সিদ্ধান্ত বহাল রাখিতে বা পরিবর্তন করিতে বা বাতিল করিতে বা তিনি যেরূপ সঙ্গত মনে করিবেন, সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবেন: তবে শর্ত থাকে যে, প্রাথমিক পর্যায়ে তিনি কার্যধারাটি পুনর্বিবেচনার জন্য রিমান্ডে প্রেরণ করিবেন না।

(৫) আপীল নিষ্পত্তি করিবার প্রয়োজনে কমিশনার (আপীল), নির্ধারিত পদ্ধতি ও সময়ে তর্কিত বিষয়ে অধিকতর নিরীক্ষা, তদন্ত অনুষ্ঠান, তথ্য সংগ্রহ বা কার্যধারার যথার্থতা যাচাই করিতে পারিবেন।

(৬) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, যদি কমিশনার (আপীল) নির্ধারিত সময়সীমার মধ্যে আপীল নিষ্পত্তি করিতে ব্যর্থ হন, তাহা হইলে আপীলটি কমিশনার (আপীল) কর্তৃক মঞ্জুর করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**১২২। আপীলাত ট্রাইব্যুনালে আপীল:**

(১) কমিশনার বা কমিশনার (আপীল) বা মহাপরিচালক বা সমমর্যাদার কোন মূসক কর্মকর্তা কর্তৃক এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্ত দ্বারা কোন ব্যক্তি বা মূসক কর্মকর্তা সংক্ষুব্ধ হইলে, তিনি নির্ধারিত পদ্ধতিতে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে ধারা ৯৫ এর অধীন প্রদত্ত কোন আটক বা বিক্রয় আদেশ অথবা পণ্য আমদানীর ক্ষেত্রে কাস্টমস আইনের ধারা ৮২ বা ৯৮ এর অধীন কোন আদেশ ব্যতীত তর্কিত সিদ্ধান্ত বা আদেশ জারির জারীর ৯০ (নব্বই) দিনের আপীলাত ট্রাইবুনালে আপীল দায়ের করিতে পারিবেন।

(২) মূসক কর্মকর্তা ব্যতীত, অন্য কোন ব্যক্তি কর্তৃক উপ-ধারা (১) এর অধীন আপীল দায়ের করিবার ক্ষেত্রে, তাহাকে উক্ত আপীল দায়েরকালে তর্কিত আদেশে উল্লিখিত দাবিকৃত করের (২০) বিশ শতাংশ পরিমাণ অর্থ পরিশোধ করিতে হইবে। তবে উপধারা (১) অনুযায়ী কমিশনার (আপীল) কর্তৃক প্রদত্ত আদেশের বিরুদ্ধে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এ আপিল দায়ের করা হলে সংক্ষুব্ধ ব্যক্তিকে তার উপর দাবীকৃত কর বা আরোপিত অর্থদণ্ডের কোন অংশ জমা প্রদান করতে হবে না।

(৩) আপীলাত ট্রাইব্যুনাল আপীলের পক্ষগণের শুনানি গ্রহণের পর অন্তর্বর্তীকালীন কর আদায়ের স্থগিতাদেশসহ যেরূপ সঙ্গত এবং সমীচীন মনে করিবেন সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবেন।

(৪) কর আদায় স্থগিতকরণ সংক্রান্ত আপীলাত ট্রাইব্যুনালের যেকোন অন্তবর্তীকালীন আদেশ, উহা প্রদানের তারিখ হইতে ৬ (ছয়) মাস অতিবাহিত হইবার পরের দিবসে অকার্যকর হইবে, যদি না কার্যধারাটি চূড়ান্তভাবে নিষ্পন্ন করা হয়, বা উহার পূর্বে আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক অন্তর্বর্তী আদেশ প্রত্যাহার করা হয়।

(৫) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, যদি আপীলাত ট্রাইব্যুনাল ২ (দুই) বৎসর সময়সীমার মধ্যে আপীলটি নিষ্পত্তি করিতে ব্যর্থ হয়, তাহা হইলে আপীলটি আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক মঞ্জুর করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫ক) এই আইনের অন্যান্য বিধানে ভিন্নতর যা কিছুই থাকুক না কেন, প্রাকৃতিক দুর্যোগ মহামারী দৈব-দুর্বিপাক বা যুদ্ধের কারণে জনস্বার্থে সরকার উক্তরূপ আপৎকালীন সময়ের জন্য আপিলাত ট্রাইবুনাল কর্তৃক আপিল নিষ্পত্তির সময়সীমা আদেশ দ্বারা বৃদ্ধি করতে পারবে।

(৫খ) উপধারা (৫ক) এ উল্লিখিত সময়সীমা বৃদ্ধির আদেশ ভূতাপেক্ষভাবে কার্যকরতা প্রদান করা যাবে।

(৬) আপীলাত ট্রাইব্যুনাল এবং উহার বেঞ্চসমূহের কর্মপদ্ধতি উক্ত ট্রাইব্যুনাল কর্তৃক নির্ধারিত হইবে।

(৭) আপীলাত ট্রাইব্যুনালের কার্যক্রম দণ্ডবিধি, ১৮৬০ (১৮৬০ সনের ৪৫ নং আইন) এর ধারা ১৯৩ এবং ধারা ২২৮ এর অধীন বিচার বিভাগীয় কার্যধারা হিসাবে গণ্য হইবে এবং উহা দেওয়ানী কার্যবিধির অধীন একটি দেওয়ানী আদালত হিসাবে গণ্য হইবে।

**১২৩। কার্যধারায় সাক্ষ্য প্রমাণের দায়:**

(১) কমিশনার (আপীল) ও আপীলাত ট্রাইব্যুনালের কোন কার্যধারায় বিচার্য বিষয় প্রমাণের ক্ষেত্রে নির্ধারিত পদ্ধতিতে কমিশনার কর্তৃক প্রদত্ত হলফনামা চূড়ান্ত প্রমাণ হিসাবে গণ্য হইবে, যদি না করদাতা উক্ত হলফনামার বিষয়টি খণ্ডন করিয়া ভিন্নরূপ প্রমাণ পেশ করিতে পারেন।

(২) উক্ত হলফনামার সহিত কমিশনার কর্তৃক ইস্যুকৃত নোটিশ এবং সংশ্লিষ্ট অন্যান্য দলিল সংযুক্ত করিতে হইবে।

**১২৪। হাইকোর্ট বিভাগে রিভিশন:**

(১) বোর্ড বা আপীলাত ট্রাইব্যুনালের আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা কমিশনার বা মহাপরিচালক পদমর্যাদার নিম্নে নহেন, এমন কোন মূসক কর্মকর্তা, উক্ত আদেশের আইনগত প্রশ্নে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিভিশনের আবেদন দাখিল করিতে পারিবেন।

(২) আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, উক্ত রিভিশনের বিষয়ে, যতদূর সম্ভব দেওয়ানী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন হাইকোর্ট বিভাগে রিভিশনের আবেদন দাখিলের ক্ষেত্রে, তামাদি আইন, ১৯০৮ এর ধারা ৫ প্রযোজ্য হবে।

(৪) মূসক কর্মকর্তা ব্যতীত, অন্য কোন ব্যক্তি কর্তৃক উপ-ধারা (১) এর অধীন হাইকোর্ট বিভাগে রিভিশনের আবেদন দাখিলের ক্ষেত্রে, তাহাকে তর্কিত আদেশে উল্লিখিত প্রদেয় করের বা জরিমানার ১০ (দশ) শতাংশ অর্থ পরিশোধ করিতে হইবে।

**১২৫। বিকল্প উপায়ে বিরোধ নিষ্পত্তিঃ**

(১) এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন করদাতা নির্ধারিত পদ্ধতি, শর্ত বা সময়ে কোন বিরোধ বিকল্প উপায়ে নিষ্পত্তির জন্য নির্ধারিত প্যানেল হইতে তৎকর্তৃক নির্বাচিত কোন সহায়তাকারীর নিকট আবেদন করিতে পারিবেন এবং সহায়তাকারী নির্ধারিত পদ্ধতি, শর্তে বা সময়ে উক্ত বিরোধ বিকল্প উপায়ে সমঝোতার ভিত্তিতে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(২) বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিকল্প উপায়ে বিরোধ নিষ্পত্তির আবেদন প্রক্রিয়াকরণের জন্য, সময়ে সময়ে, এক বা একাধিক মূল্য সংযোজন কর কমিশনারেট নির্ধারণ করিতে পারিবে।

(৩) কোন বিরোধ বিকল্প উপায়ে সমঝোতার ভিত্তিতে নিষ্পত্তি হইলে, উক্ত সমঝোতার বিরুদ্ধে কোন আদালতে আপত্তি উত্থাপন করা যাইবে না এবং যেসকল বিরোধ বিকল্প উপায়ে সমঝোতার ভিত্তিতে নিষ্পত্তি করা সম্ভব হইবে না, সেই সকল বিরোধের ক্ষেত্রে, এই আইনের বিধানানুযায়ী পুনরায় কার্যধারা গ্রহণ করিতে হইবে।

(৪) কোন বিরোধ বিকল্প উপায়ে সম্পূর্ণ বা আংশিকভাবে নিষ্পত্তি করা সম্ভব না হইলে, উক্ত পন্থা অবলম্বনের জন্য ব্যয়িত সময়কাল আপীল দায়েরের সময়সীমা গণনায় অন্তর্ভুক্ত হইবে না।

ব্যাখ্যাঃ এই ধারায় "বিরোধ" অর্থ এই আইন বা তদধীন প্রনীত বিধির প্রয়োগ হইতে উদ্ভূত কোন বিরোধ।

কিন্তু [জালিয়াতি বা ফৌজদারি] অপরাধ বা আইনগত প্রশ্ন জড়িত রহিয়াছে এমন বিরোধ উহার অন্তর্ভুক্ত হইবে না।

## অষ্টাদশ অধ্যায়
## বিবিধ

**১২৬। অব্যাহতিঃ**

(১) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে, যে কোন পণ্য বা পণ্য শ্রেণীর আমদানি বা সরবরাহ বা প্রদত্ত যে কোন সেবাকে এই আইনের অধীন আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক বা আগাম কর হতে অব্যাহতি প্রদান করতে পারবে।

(২) বোর্ড বিশেষ আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে কোন আন্তর্জাতিক চুক্তি বা দ্বিপক্ষীয় চুক্তি পারস্পরিক ভিত্তিতে বাস্তবায়নের জন্য যে কোন পণ্যের আমদীন, সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণকে এই আইণের অধীনে আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত সম্পূরক শুল্ক বা আগাম কর হতে অব্যাহতি প্রদান করতে পারবে।

(৩) বোর্ড বিশেষ আদেশ দ্বারা প্রত্যেক ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক করযোগ্য যে কোন কোন পণ্যের আমদানি, সরবরাহ গ্রহণ বা প্রদত্ত সেবাকে এই আইনের অধীনে আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত সম্পূরক শুল্ক বা আগাম কর হতে অব্যাহতি প্রদান করতে পারবে।

**১২৬ক। পুরস্কার ও কর্মদক্ষতা প্রণোদনা প্রদানঃ**

(১) এই আইন বা আপাতত বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যা কিছুই থাকুক না কেন, বোর্ড বিধি দ্বারা নির্ধারিত ক্ষেত্রে পদ্ধতিতে এবং সীমা সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে পুরস্কার ও কর্মদক্ষতা প্রণোদনা প্রদান করতে পারবে যথা–

(ক) এমন কোন ব্যক্তি যিনি এই আইন বা তদাধীনে প্রণীত বিধিমালাল বিধান লঙ্ঘনে বিষয়ে বা তদধীনে আদায়যোগ্য কর বা রাজস্ব পাঁকি দেওয়া বা তার প্রচেষ্টার ব্যাপারে মূল্য সংযোজন কর কর্মকর্তাকে তথ্য সরবরাহ করেন এবং প্রদত্ত তথ্যের ভিত্তিতে ফাঁকিকৃত সমুদয় রাজস্ব বা তার অংশ বিশেষ আদায় হয়;

(খ) এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা অন্য কোন সরকারি সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারী যিনি এই আইন বা তদধীনে প্রণীত বিধিমালা অধীন আদায়যোগ্য কর বা রাজস্ব ফাঁকি বা উহা ফাঁকি দেওয়ার চেষ্টা বা উক্ত আইনে কোন বিধানের লঙ্ঘন চিহ্নিত বা উদঘাটন করেন এবং তৎপ্রেক্ষিতে চিহ্নিতকরণ বা উদঘাটনের ফাঁকিকৃত রাজস্ব আদায় হয়; বা

(গ) এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা কর্মচারী বা অন্য কোন সরকারি সংস্থা সরকারের জন্য কাজ করেন যিনি এই আইনের অধীন আদায়যোগ্য দফা (ক) ও (খ) এ বর্ণিত পদক্ষেপ ব্যতিরেকে অন্য কোনভাবে আদায় করেন।

(২) এই আইন বা আপাতত বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যা কিছুই থাকুক না কেনা, বোর্ড বিধি দ্বারা নির্ধারিত ক্ষেত্রে পদ্ধতিতে এবং সীমা সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে কর্মদক্ষতা প্রণোদনা প্রদান করতে পারবে যথা–

(ক) আইনের ৭৮ এ বর্ণিত কোন কর্মকর্তা

(খ) আইনের ৭৮ এ বর্ণিত এর উপধারা (১) এর আওতায় প্রতিষ্ঠিত মূসক দপ্তরে কর্মরত কোন কর্মকর্তা ও কর্মচারী।

**১২৭। প্রদেয় করের উপর সুদ আরোপঃ**

(১) যদি কোন ব্যক্তি নির্ধারিত তারিখে বা উক্ত তারিখের পূর্বে, কমিশনারের নিকট প্রদেয় কর পরিশোধ করিতে ব্যর্থ হন, তাহা হইলে তাহাকে নির্ধারিত তারিখের পরবর্তী দিন হইতে পরিশোধের দিন পর্যন্ত প্রদেয় করের পরিমাণের উপর মাসিক ২ (দুই) শতাংশ সরল হারে সুদ পরিশোধ করিতে হইবে।

তবে শর্ত থাকে যে, উৎসে মুসক কর্তনজনিত বকেয়া আদায়য়ে ক্ষেত্রে প্রদেয় করের পরিমাণের উপর মাসিক ২ (দুই) শতাংশ সরল হারে সুদ পরিশোধ করিতে হইবে।

ব্যাখ্যাঃ এই উপধারায় পরিশধের দিন পর্যন্ত অর্থ নির্ধারিত তারিখের পরবর্তী দিন হইতে আপীল নিশপন্নাধীন সময়সহ পরিশধের দিন।

(২) যে পদ্ধতিতে উক্ত ব্যক্তির নিকট হইতে প্রদেয় কর আদায় করা হয় সেই একই পদ্ধতিতে কমিশনার তাহার নিকট হইতে সুদ আদায় করিবেন।

(৩) কোন ব্যক্তি কর্তৃক সুদসহ করের কোন পরিমাণ অর্থ পরিশোধ করিবার পর, যদি প্রমাণিত হয় যে, সুদের সহিত সংশ্লিষ্ট অর্থ প্রদেয় ছিল না, তাহা হইলে উক্ত অর্থের উপর পরিশোধিত সুদ তাহাকে ফেরত প্রদান করিতে হইবে।

(৪) অর্থদণ্ড বা জরিমানার অতিরিক্ত হিসাবে উক্ত সুদ প্রদেয় হইবে।

**১২৭ক। সরকারি পাওনা অবলোপনের ক্ষমতা:**

যে ক্ষেত্রে কোন ব্যক্তির দেউলিয়াত্ব অথবা কোন প্রতিষ্ঠানের অস্তিত্ব বিলোপ বা অন্যকোন কারণে এরূপ নিশ্চিত হওয়া যা যে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর ধার্যকৃত মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কিংবা আরোপিত কোন অর্থদন্ড কিংবা এই আইন বা তদধীনে প্রণীত বিধিমালার অধীনে সম্পাদিত কোন মচুলেকা বা অন্যকোন দলিলের অদীনে দাবিকৃত কোন অর্থ এই আইনের ধারা ৯৫ এর অধীনে অদায় করা সম্ভব নয়, সেক্ষেত্রে সরকার উক্ত সরকারি পাওতান অংশিক বা সমুদয় অংশ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অবলোপন (write off) করতে পারবে। তবে শর্ত থাকে যে অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন , সরকারী পাওনা অবলপনের পর যদি প্রমাণ থাকে যে, দায়ী ব্যাক্তি বা প্রতিষ্ঠানের কোন সম্পত্তি নতুন ভাবে উদ্ভূত হইয়াছে বা ইতঃপূর্বে সরকারী অর্থের দায় দেনা হইতে মুক্ত হয়ার জন্য সংশ্লিষ্ট ব্যাক্তি বা প্রতিষ্ঠান স্বীয় সম্পত্তি কোন অসৎ উদ্দেশে কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিয়া দেউলিয়া হইয়াছেন, তাহা হইলে উক্ত সম্পত্তির উপর সরকারী পাওনা আদায়ের নিমিত্তে অগ্রাধিকার সৃষ্টি হইবে এবং তাহা এমন ভাবে আদায়যোগ্য হইবে যেন নুতন ভাবে উদ্ভুত বা অসৎ উদ্দেশ্যে হস্তান্তরিত সম্পত্তির গ্রহীতার উপর সরকারী পাওনা পরিশোধের সম্পূর্ণ দায়িত্ত অর্পিত হইয়াছে।

**১২৭খ। কতিপয় পণ্য বা সেবার ক্ষেত্রে কর পরিশোধের সময় ও পদ্ধতি নির্ধারণ:**

এই আইনে ভিন্নতর যা কিছুই যা কিছুই থাকুক না কেন, বোর্ড বিধি দ্বারা নির্ধারিত ক্ষেত্রে পদ্ধতিতে কোন বিশেষ পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে কর পরিশোধের সময়, পদ্ধতি ও পরিমাণসহ অগ্রিম পরিশোধ বা উৎসে কর কর্তনের বিধান করতে পারবে।

**১২৮। অনলাইনে কার্যসম্পাদন, দাখিলপত্র পেশকরণ এবং কর পরিশোধ, ইত্যাদি:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯নং আইন) এর বিধানাবলী সাপেক্ষে, এই আইনের অধীন সম্পাদিতব্য যে কোন কার্যক্রম নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে অনলাইনে বা ইলেকট্রনিক মাধ্যমে সম্পাদন করা যাইবে।

**১২৯। আদালতে মামলা দায়েরের ক্ষেত্রে প্রতিবন্ধকতা:**

বোর্ড বা কোন কমিশনার কর্তৃক প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্ত বা গৃহীত কোন ব্যবস্থার (কর নিরূপণ, কর আরোপ, জরিমানা আরোপ, সুদ আরোপ, কর আদায়করণ বাতিল বা পরিবর্তন করিবার জন্য বা কোন নিরীক্ষা, তদন্ত বা অনুসন্ধান বা এইরূপ সকল বিষয়) বিরুদ্ধে এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন কার্যধারা রুজু বা মামলা দায়ের করা ব্যতীত অন্য কোন আদালতে কোন মামলা দায়ের করা যাইবে না।

**১২৯ ক। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ:**

এই আইন বা অন্য কোন বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোন কার্যের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা থাকলে তজ্জন্য সরকার বা তার কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন দেওয়ানি বা ফৌজাদরি মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়োর বা রুজু করা যাবে না।

**১৩০। মূসক পরামর্শক নিয়োগ:**

(১) কোন কার্যধারায় কোন করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাহাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টাড সেক্রেটারি বা লাইসেন্সধারী মূসক পরামর্শকগণের মধ্য হতে যে কোন ব্যক্তিকে নিয়োগ করা যাইবে।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, মূসক পরামর্শক নিয়োগের শর্ত, পদ্ধতি ও দায়দায়িত্ত নির্ধারণ করিতে পারিবে।

**১৩১। করণিক ত্রুটি, ইত্যাদির সংশোধন**—এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীন কৃত কোন কর্মকাণ্ডে কোন করণিক বা গাণিতিক ভুল-ত্রুটি থাকিলে মূসক কর্মকর্তা উক্ত ভুল-ত্রুটি সংশোধন করিতে পারিবেন।

**১৩২। দলিলপত্রের প্রত্যায়িত অনুলিপি:**

করদাতা কর্তৃক আবেদনের ভিত্তিতে, নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে, কমিশনার নিম্নবর্ণিত দলিলপত্রের প্রত্যায়িত অনুলিপি প্রদান করিতে পারিবেন, যথা:—

(ক) করদাতা কর্তৃক মূসক কর্মকর্তার নিকট সরবরাহকৃত দলিলাদি বা কাগজপত্র;

(খ) উৎসে কর কর্তনকারী সত্তা কর্তৃক কর কর্তনের প্রমাণস্বরূপ মূসক কর্মকর্তার নিকট দাখিলকৃত দলিলপত্র; বা

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন দলিল।

**১৩৩। মূসক ছাড়পত্র প্রদান:**

(১) কোন করদাতা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে মূসক ছাড়পত্রের জন্য কমিশনারের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) কমিশনার নির্ধারিত পদ্ধতিতে উক্ত করদাতাকে মূসক ছাড়পত্র প্রদান করিতে পারিবেন, যদি তিনি এই মর্মে নিশ্চিত হন যে—

(ক) করদাতার নিকট কোন কর পাওনা বা বকেয়া নাই; বা

(খ) করদাতা কর পরিশোধের জন্য জামানত প্রদান করিয়াছেন।

**১৩৪। ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের মাধ্যমে কার্যক্রম সম্পাদন:**

বোর্ড, নির্ধারিত পদ্ধতি ও শর্তে, নিম্নবর্ণিত এক বা একাধিক কার্যাবলী প্রতিযোগিতামূলক মূল্যে ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের মাধ্যমে নিষ্পন্ন করিতে পারিবে, যথা:—

(ক) দাখিলপত্রে উল্লিখিত প্রাথমিক তথ্যসহ অন্য যেকোন তথ্য অন্তর্ভুক্তি এবং প্রক্রিয়াকরণ;

(খ) ব্যবসা সনাক্তকরণ সংখ্যা প্রদান করা হইয়াছে এমন সকল ব্যক্তির তালিকা প্রস্তুতকরণ;

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন কার্যক্রম।

**১৩৫। বিধি প্রণয়নের ক্ষমতা:**

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে এবং উহার বিধানাবলী সাপেক্ষে, বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

**১৩৫ ক। মূসক কর্মকর্তা ও কর্মচারীদের ইউনিফর্ম এবং ভাতা নিরধারণ ঃ**

বোর্ড নির্ধারিত পদ্ধতি ও শর্তে, মূসক কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইউনিফর্ম এবং এতদসংক্রান্ত ভাতা নিরধারণ করিতে পারিবে।

**১৩৬। মূসক কর্মকর্তা ও কর্মচারীদের ইউনিফর্ম এবং ভাতা নির্ধারণ বিধি প্রণয়নের ক্ষমতা:**

বোড নির্ধারিত পদ্ধতিতে মূসক কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইউনিফর্ম এবং এ সংক্রান্ত ভাতা নির্ধারণ করতে পারবে।

**১৩৭। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ:**

(১) এই আইন প্রবর্তনের পর সরকার, প্রয়োজন মনে করিলে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**১৩৮। রহিতকরণ ও হেফাজত।**

(১) এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) রহিত হইবে।

(২) উক্ত আইন রহিত হওয়া সত্ত্বেও—

(ক) উক্ত আইনের অধীন কৃত বা গৃহীত ব্যবস্থা, সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) উক্ত আইনের অধীন প্রণীত সকল বিধি, প্রদত্ত সকল আদেশ, জারিকৃত সকল প্রজ্ঞাপন বা নোটিশ এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে এবং এই আইনের অধীন প্রণীত, প্রদত্ত বা জারিকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(গ) উক্ত আইন দ্বারা বা উহার অধীন আরোপিত কোন কর বা ফিস বা অন্য কোন পাওনা, এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে অনাদায়ী থাকিলে, উহা উক্ত আইন অনুযায়ী আদায় করা হইবে, এবং কোন বিষয় অনিষ্পন্ন থাকিলে, তাহা উক্ত আইন অনুযায়ী নিষ্পন্ন হইবে যেন উক্ত আইন রহিত হয় নাই।

**১৩৯। ক্রান্তিকালীন কর হিসাব:**

(১) ধারা ৩৩ এর বিধানাবলী সত্ত্বেও, করযোগ্য সরবরাহের উপর আরোপিত মূল্য সংযোজন কর এই আইন প্রবর্তন দিবসে প্রদেয় হইবে, যদি—

(ক) কোন সরবরাহ প্রবর্তন দিবসের পরে প্রদান করা হইয়া থাকে বা পরে প্রদান করা হয়; এবং

(খ) কোন সরবরাহের জন্য প্রবর্তন দিবসের পূর্বে কর চালানপত্র ইস্যু করা হয় বা সরবরাহের মূল্য পরিশোধ করা হয় বা উভয় কার্যক্রম সম্পন্ন করা হয়;তবে, যদি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন উক্ত ব্যক্তি সরবরাহের উপর মূল্য সংযোজন কর পরিশোধ করিয়া থাকেন এবং উক্ত মূল্য সংযোজন কর উক্ত আইনের অধীন কমিশনারের নিকট পেশকৃত দাখিলপত্রে প্রদর্শন করিয়া থাকেন, তাহা হইলে মূল্য সংযোজন কর প্রদেয় হইবে না।

(২) উপ-ধারা (১) এর আওতায় সম্পাদিত কোন সরবরাহ আনুক্রমিক বা পর্যাবৃত্ত সরবরাহ হইলে, প্রত্যেক অংশের উপর পৃথকভাবে মূল্য সংযোজন কর প্রদেয় হইবে এবং সম্পাদিত কার্যক্রম পৃথক সরবরাহ হিসাবে গণ্য হইবে।

**১৪০। এই আইন প্রবর্তনের পর আবদ্ধ চুক্তি:** এই আইন প্রবর্তনের পর কোন চুক্তি সম্পাদিত হইলে এবং উক্ত চুক্তিতে মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্কের বিধান অন্তর্ভুক্ত না থাকিলে-

(ক) উক্ত চুক্তিমূল্যের মধ্যে সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক (যদি থাকে) অন্তর্ভুক্ত আছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) সরবরাহকারী উক্ত সরবরাহের চুক্তিমূল্য নির্ধারণকালে মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক (যদি থাকে) অন্তর্ভুক্ত না করিলেও উক্ত চুক্তির অধীন প্রদত্ত সরবরাহের উপর সরবরাহকারী কর্তৃক উক্ত কর পরিশোধ করিতে হইবে।

**১৪১. তফসিলের প্রতিস্থাপন: ২০১২ সনের ৪৭ নং আইনের প্রথম ও দ্বিতীয় তফসিলের প্রতিস্থাপন:**

উক্ত আইনে প্রথম ও দ্বিতীয় তফসিলের পরিবর্তে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তফসিল পরিশিষ্ট নং ১৫১, ১৫১ক, ১৫১খ, ১৫২ এবং ১৫৩- এ সংযুক্ত করা হলো।

## মূসক সংক্রান্ত প্রজ্ঞাপনসমূহ

**১৪২। এয়ার কন্ডিশন সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস.আর.ও. নং-১৭৩-আইন/২০১৯/-মূসক। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৩৫, ধারা ১২৬ (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরোনামা সংখ্যা (Heading No.) ৮৪.১৪ এবং ৮৪.১৫ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত যথাক্রমে, কম্প্রেসর এবং এয়ারকন্ডিশনার, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, "উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উহার প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে তাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক(প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হইল যথা:-"

শর্তাবলি:

(ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;

(খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করতে হইবে;

(গ) এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মেশিনারীজ হবে, যেমন-Plastic Injection Molding Machine, Power Press Machine, Hydraulic Press Machine, Ultrasonic welding Machine, Shearing Machine, Milling Machine, Vertical Expander Machine, Tube Bending Machine, Air Compressor ETP, Power coating Plant, Vertical Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Straightening & Cutting Machine, Lathe Machine, Heat Treatment Furnace, Heat Treatment Oven, Psychometric Treatment Machine:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Heat Treatment Furnace, Heat Treatment Oven, Psychometric Treatment Machine নিজস্ব প্রাঙ্গণে সংস্থাপিত না থাকলে তাদের দ্বারা সম্পাদিত কার্যক্রম বা সেবা অন্য কোনো প্লান্ট বা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করার ব্যবস্থা থাকতে হবে;

(ঘ) কম্প্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানে Sand Moulding Machine, Induction Melting Furnace, Heat Treatment Furnace, Spectrometer, Upper Cover Press Machine, Lower Cover Press Machine, Crankshaft Grinding Line, Crankcase Machining Line, Stator Line, Lamination Annealing Furnace, Dip Phosphating Line, Rotor Line, Life Testing Machine, Hemi-anechoic Chamber, CNC Coordinate Measuring Machine & Calorimeter থাকতে হবে;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করতে হবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করতে হইবে;

(চ) দফা (ক) হইতে (ঙ) এ উল্লিখিত শর্তাদি পরিপালনপূর্বক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অব্যাহতির বিধান কার্যকরকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে;

(ছ) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হতে হবে; এবং উক্ত কমিটি গঠন হবে (১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড; (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও(৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তার মাধ্যমে।

(জ) দফা (ছ) তে বর্ণিত কমিটি অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করবে, অতঃপর বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করবে। অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হবে।

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৩। উল্লিখিত অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-২ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হবে না।

৪। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে: তবে শর্ত থাকে যে, ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের পূর্বে অব্যাহতি সুবিধা গ্রহণ করে এই পণ্য উৎপাদনের ক্ষেত্রে যে সকল উৎপাদনকারী প্রতিষ্ঠান-(ক) ৭ (সাত) বৎসর বা তাহার অধিককাল মূসক অব্যাহতি ভোগ করিয়াছে; বা (খ) ৫ (পাঁচ) বৎসর বা তাহার অধিককাল মূসক অব্যাহতি ভোগ

করিয়াছে এবং (গ) ৩ (তিন) বৎসর বা তাহার অধিককাল মূসক অব্যাহতি ভোগ করিয়াছে, সে সকল প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্য সরবরাহের ক্ষেত্রে ১ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ হতে যথাক্রমে ১০ (দশ) শতাংশ, ৭.৫ (সাড়ে সাত) শতাংশ ও ৫ (পাঁচ) শতাংশ হারে মূসক প্রদেয় হবে।

**১৪৩। মোবাইল সংক্রান্ত প্রজ্ঞাপনঃ**

এস.আর.ও. নং- ২২৯ -আইন/২০১৯/ -মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (সনের ৪৭নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরোনাম সংখ্যা (Heading No.) 85.17 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত মোবাইল টেলিফোন সেট বা সেলুলার ফোন, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর

(ক) স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-১ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত);

(খ) কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর; এবং

(গ) কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-৩ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হতে, অব্যাহতি প্রদান করল, যথা:-

**টেবিল-১**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিকট হতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করতে হইবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হতে উৎপাদনের নিবন্ধন গ্রহণ করতে হবে;

(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নূন্যতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing & Casing উৎপাদনের সক্ষমতা থাকতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকতে হইবে;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering Machine with Sprayer, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine, Temperature and Humidity Tester, Mobile Phone Network Testing Machine, PCB Manufacturing Project, Flying Probe Testing Machine, High Voltage Universal Grid Tester, Cutting Machine, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, DES (Developing, Etching & Stripping) Line, Direct Metallization Line এবং Effluent Treatment Plant (ETP) থাকতে হবে;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে 'পরিশিষ্ট-ক' মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করতে হবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করতে হবে;

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা নূন্যতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকতে হবে;

(ছ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (চ) এ উল্লিখিত শর্তাদি পরিপালন করা হবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করতে হবে।

**টেবিল-২**

(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে Bangladesh Investment Development Authority (BIDA) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নূনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board Assembling (PCBA), Charger I Battery উৎপাদনের সক্ষমতা থাকতে হবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(গ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Automatic Screw Feeder, Window Press Machine /Hot Bar Machine, Auto Sealer/Shrink Wrap Machine, UHF Temperature Cell, Shield Box, Display Color Analyzer, Vibrational Measuring Machine, Battery module Quick charger System, Radiation & GPS Signal Analyzing Machine, WLAN Testing Machine, Audio signal Checking machine, Wireless communications testing Machine, Signal Analyzer, Battery leakage

inspection machine, Electric current measurement machine, Network Testing Machine / Mobile Phone Network Testing Machine, Temperature & Humidity Tester থাকিতে হইবে;

(ঘ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ঙ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (গ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

**টেবিল-৩**

(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে নিবন্ধন গ্রহণ করতে হবে;

(খ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Automatic Screw Feeder, Window Press Machine /Hot Bar Machine, Auto Sealer/Shrink Wrap Machine, UHF Temperature Cell, Shield Box, Display Color Analyzer, Vibrational Measuring Machine, Battery module Quick charger System, Radiation & GPS Signal Analyzing Machine, WLAN Testing Machine, Audio signal Checking machine, Wireless communications testing Machine, Signal Analyzer, Battery leakage inspection machine, Electric current measurement machine, Network Testing Machine / Mobile Phone Network Testing Machine, Temperature & Humidity Tester থাকতে হবে;

(গ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা নূন্যতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (গ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালন করা হবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করতে হবে।

(২) টেবিল-১, টেবিল-২ অথবা টেবিল-৩ এর শর্তাধীনে উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হতে হবে, যথা:-কমিটি:

(ক) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;

(খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;

(গ) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা;

(৩) বর্ণিত কমিটি, কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দাখিল করবে এবং উক্ত বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, বিষয়টি নিষ্পত্তি করবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর অনুমোদনের তারিখ হতে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রদান করা হবে;

(৪) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে;

(৫) অনুচ্ছেদ ১ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ (৪) এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হলে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হবে না;

(৬) এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করছে কিনা তা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবে এবং উক্ত অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হচ্ছে না মর্মে প্রতীয়মান হলে সংশ্লিষ্ট উৎপাদনকারী বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হবে;

(৭) টেবিল-২ ও টেবিল-৩ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে এই প্রজ্ঞাপনের আওতায় কোন প্রতিষ্ঠান রেয়াতি সুবিধা প্রাপ্য হলেও উক্ত সুবিধা প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক ঝগঞ খরহব ও তদ্‌সংশ্লিষ্ট মেশিনারিজ যথা:- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine, ইত্যাদি স্থাপন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতে হবে এবং উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শনক্রমে শর্ত প্রতিপালনের যথার্থতা সম্পর্কে নিশ্চিত না হলে উক্তরূপে প্রদত্ত রেয়াতি সুবিধা মেয়াদান্তে রহিত হবে।

**১৪৪। পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার সংক্রান্ত প্রজ্ঞাপনঃ**

এস. আর. ও. নং-১৭৯-আইন/২০১৯/-মূসক। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 55.03 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 5503.40.00 এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে আরোপীত সকল মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত শুধুমাত্র মূল কাঁচামাল পলিমার অব প্রোপাইলিন ইন প্রাইমারি ফরমস (H.S. Code 3902.10.00) আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করল, যথা:-

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) বা ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ হইতে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করতে হবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার উৎপাদনের লক্ষ্যে পূর্ণাঙ্গ ও আধুনিক One Step High Tenacity Polypropylene Staple Fiber Production Line ও তদ্‌সংশ্লিষ্ট মেশিনারীজ কারখানা অঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম বিনিয়োগের পরিমাণ অন্যূন ১০০ (একশত) কোটি টাকা হতে হবে;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব টেস্টিং ল্যাব থাকিতে হইবে;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করতে হবে;

(চ) সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের গুণগত মান ৪ (চার) হইতে ৬ (ছয়) ডেনিয়ার এবং টেনাসিটি অবশ্যই প্রতি ডেনিয়ার ৪ (চার) গ্রাম এর অধিক হতে হবে;

(ছ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকতে হবে;

(জ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা অন্যূন ২০০ (দুইশত) জন হতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হয়েছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করতে পারবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হইবে।

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতি প্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হবে না।

৮। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কোন উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত পাওয়া যাইবে না।

৯। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা উহা অনুসন্ধানের জন্য বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

১০। অনুচ্ছেদ ৯ এর অধীন অনুসন্ধানের প্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হচ্ছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং অনুচ্ছেদ ৫ এর অধীন প্রদত্ত অব্যাহতির সুবিধা বাতিল করিবার লক্ষ্যে বোর্ডে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক সুপারিশপত্র প্রেরণ করিলে বোর্ড উক্ত সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করতে পারবে।

**১৪৫। উৎসে মূসক কর্তন সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস.আর.ও. নং- ১৮৬-আইন/২০১৯/-মূসক।-মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭(খ) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর (মূসক) আদায় বা কর্তনের লক্ষ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করল, যথা:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা উৎসে মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) "উৎসে কর্তনকারী সত্তা" অর্থ কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানিকে বুঝাবে;

(গ) "পণ্য" অর্থ আইনের ধারা ২ এর দফা (৫৯) এ সংজ্ঞায়িত পণ্য;

(ঘ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঙ) "বোর্ড" অর্থ আইনের ধারা ২ এর দফা (৭৩) এ সংজ্ঞায়িত বোর্ড।

৩। যে সব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে।- (১) উৎসে কর্তনকারী সত্তা ব্যতীত সকল নিবন্ধিত সরবরাহকারী কর্তৃক টেন্ডার, চুক্তি কার্যাদেশ বা অন্যবিধভাবে অব্যাহতি প্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট নয় এইরূপ পণ্য বা সেবা সরবরাহ করলে উৎসে কর্তনকারী সত্তা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ্য হতে নিম্নরূপে মূসক উৎসে কর্তন করবে,যথা:-

(ক) সরবরাহকারী ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক আরোপিত রয়েছে এমন কোনো পণ্য বা সেবা উক্ত হার উল্লেখপূর্বক ফর্ম মূসক-৬.৩ কর চালানপত্রের মাধ্যমে সরবরাহ করিলে সে ক্ষেত্রে মূসকের কর্তন করতে হবে না;

(খ) সরবরাহকারী হ্রাসকৃতহারে মূসক বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এমন পণ্য বা সেবা ফর্ম মূসক-৬.৩ কর চালানপত্রের মাধ্যমে সরবরাহ করলে উৎসে কর্তনকারী সত্তা পরিশোধযোগ্য পণ্য হতে সমুদয় মূসক বা সুনির্দিষ্ট কর উৎসে কর্তন করিবে।

(২) বাংলাদেশের ভৌগোলিক সীমানার বাহির হইতে বাংলাদেশে কোনো সেবা গ্রহণের ক্ষেত্রে ব্যাংক বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান (যারা বিল পরিশোধের সাথে সম্পৃক্ত থাকবে, এমন প্রতিষ্ঠান) প্রযোজ্য হারে সমুদয় মূসক উৎসে কর্তন করবে।

(৩) উৎসে মূসক কর্তনযোগ্য কোনো সেবা ক্রয়ের বিপরীতে যদি ক্রেতার ব্যাংক অভ্যন্তরীণ ঋণপত্র বা অন্য কোনো মাধ্যমে ক্রেতার পক্ষে মূল্য পরিশোধ করে, তাহা হলে উক্ত ব্যাংক ক্রেতার পক্ষে প্রযোজ্য সমুদয় মূসক উৎসে কর্তন এবং সরকারী কোষাগারে জমা প্রদান করবে।

(৪) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক কর্তন করতে হবে। তাছাড়া, প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন,পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন (Revenue sharing), রয়্যালটি, কমিশন, চার্জ, ফি বা অন্যকোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক কর্তন করতে হবে।

(৫) "স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী" সেবার ক্ষেত্রে ভাড়া গ্রহণকারী কর্তৃক ভাড়ার উপর ১৫ (পনেরো) শতাংশ হারে সমুদয় মূসক কর্তন করবে।

৪। যেই সব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।- জ্বালানী তেল, গ্যাস, পানি (ওয়াসা), বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন পরিসেবার বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।

৫। উৎসে মূসক কর্তনকারীর করণীয়।- (১) সরবরাহকারী সমন্বিত কর চালানপত্র ও উৎসে কর কর্তন সনদপত্র (ফর্ম মূসক-৬.৩) জারি না করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হতে কোন সরবরাহ গ্রহণ করবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করবে না;

(২) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতা পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া মূলকপি (ট্রেজারি চালানের মূলকপিসহ) সংশ্লিষ্ট মূসক সার্কেলে ও একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান এবং একটি অনুলিপি উৎসে কর্তনকারী সত্তা ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করবেন;

(৩) উৎসে কর্তনকারী উৎসে কর্তিত মূসক দাখিলপত্রে (ফরম মূসক-৯.১) এ বৃদ্ধিকারী সমন্বয় করিতে পারিবেন এবং সেইক্ষেত্রে সমন্বয়ের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ উপ-বিধি (২) অনুসরণ করিয়া উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিতে হইবে।

(৪) উৎসে কর্তিত মূসক জমা প্রদানের জন্য ট্রেজারি চালানে অর্থনৈতিক কোড "১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেটের কোড/০৩১১" লিখতে হবে। কমিশনারেটের কোডসমূহ হলো: ঢাকা (পূর্ব) ০০৩০, ঢাকা (পশ্চিম) ০০৩৫, ঢাকা (উত্তর)

০০১৫, ঢাকা (দক্ষিণ) ০০১০, চট্টগ্রাম ০০২৫, কুমিল্লা ০০৪০, সিলেট ০০১৮, রাজশাহী ০০২০, রংপুর ০০৪৫,যশোর ০০০৫, এবং খুলনা ০০০১। এলটিইউ (মূসক) কমিশনারেটের অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০০৬/০৩১১। ট্রেজারি চালানের প্রথম কলামে "যার মারফত প্রদত্ত হলো তার নাম ও ঠিকানা" এর নিম্নে উৎসে কর্তনকারীর নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর (যদি থাকে), সার্কেল এবং কমিশনারেটের নাম লিখিতে হইবে। ট্রেজারি চালানের দ্বিতীয় কলামে "যে ব্যক্তির/ প্রতিষ্ঠানের পক্ষ হতে টাকা প্রদত্ত হলো তার নাম, পদবি ও ঠিকানা" এর নিম্নে পণ্য বা সেবা সরবরাহকারীর নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, সার্কেল ও কমিশনারেটের নাম লিখতে হইবে।

(৫) উৎসে কর্তনকারী সত্তাসমূহের মধ্যে যে সকল সত্তার লেনদেন বা তৎসংক্রান্ত বিল হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তি হয়, তাহাদের উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও তাহা কোষাগারে পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হইবে।

(৬) উৎসে কর্তনকারী সত্তা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট দাখিলকৃত বিলে, যাহার অনুকূলে বিল অনুমোদন করা হয়েছে তাহার নাম ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিবেন এবং উল্লিখিত বিল পরিশোধের জন্য অনুমোদিত হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা উহা হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর কর্তন করিয়া বুক ট্রান্সফার বা অন্যবিধ স্বীকৃত পদ্ধতিতে সরকারি কোষাগারে জমা করিবেন।

(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট উৎসে কর্তনকারী সত্তাকে অবহিত করবেন ও মূসক কম্পিউটার সিস্টেমে তথ্য প্রেরণ করবেন।

৬। সরবরাহকারীর করণীয়।- (১) সরবরাহকারীকে পণ্য বা সেবা সরবরাহকালে ফরম মূসক-৬.৩ এ করচালানপত্র ইস্যু করতে হবে।

(২) দাখিলপত্র ফরম মূসক-৯.১ এর "অংশ-৩: সরবরাহ প্রদান-প্রদেয় কর" এ মূল্য এবং মূসকের পরিমাণ বা সুনির্দিষ্ট করের পরিমাণ উল্লেখ করতে হবে।

(৩) উৎসে কর্তনকারী সত্তার নিকট হইতে ফরম মূসক-৬.৬ এ উৎসে কর্তন সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে দাখিলপত্রে উৎসে কর্তিত মূসকের সমপরিমাণ বা সুনির্দিষ্ট কর হ্রাসকারী সমন্বয় গ্রহণ করতে পারবে।

(৪) যে করমেয়াদে কোন সরবরাহের উপর প্রদেয় কর পরিশোধ করা হয়, সেই করমেয়াদে বা সেই করমেয়াদের পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে সমন্বয় সাধন করতে হবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হবে।

৭। সুদ, দন্ড ইত্যাদি।- (১) উৎসে কর কর্তন এবং সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য উৎসে কর কর্তনকারী স্বত্বা এবং সরবরাহকারী যৌথ ও পৃথকভাবে দায়ী থাকিবে। উৎসে কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও মূসক কর্তন করা না হলে উক্ত অর্থ ষান্মাসিক ২% সুদসহ তার নিকট হতে এমনভাবে আদায়যোগ্য হইবে, যেন তিনি পণ্য বা সেবা সরবরাহকারী। উৎসে কর্তন করিবার পর সরকারি কোষাগারে যথাসময়ে জমা প্রদান করা না হলে আইনের ধারা ৮৫ এর উপ-ধারা (১ক) মোতাবেক উৎসে কর্তনকারী ব্যক্তিকে সংশ্লিষ্ট মূসক কমিশনার অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার টাকা মাত্র) ব্যক্তিগত জরিমানা আরোপ করিতে পারবেন। উৎসে মূসক কর্তন ও জমাদানে ব্যর্থতার জন্য পণ্য/সেবা সরবরাহকারী এবং গ্রহণকারী উভয়ে সমানভাবে দায়ী হবেন।

৮। বিবিধ।-

(ক) যে কোনো পণ্য বা সেবা সরবরাহকারী আমদানিকৃত পণ্য সরবরাহ করিলে আমদানি পর্যায়ে আগাম কর পরিশোধ করিবেন এবং দাখিলপত্র প্রদানকালে ফর্ম মূসক ৯.১ এর অংশ-৬: হ্রাসকারী সমন্বয় (মূল্য সংযোজন কর) এ প্রদর্শন করে সমন্বয় গ্রহণ করিতে পারিবে।

(খ) কেন্দ্রীয় নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের শাখা/বিক্রয়কেন্দ্র তাদেও কেন্দ্রীয় দপ্তরের মাধ্যমে উৎসে কর্তিত মূসক জমা প্রদান করবে।

(গ) "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোন সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোন বেসরকারি প্রতিষ্ঠান, কোন ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোন মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানির নিকট পণের বিনিময়ে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত যে কোন পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। সুতরাং, উৎপাদক, সেবাপ্রদানকারী ও ব্যবসায়ী প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য সকল ব্যক্তি যাহারা অন্য কোনো আমদানিকারক, উৎপাদক, ব্যবসায়ী বা সেবাপ্রদানকারীর নিকট হতে প্রথম তফসিল দ্বারা অব্যাহতিপ্রাপ্ত নয় এমন কোনো পণ্য বা সেবা ক্রয় বা সংগ্রহ করে উৎসে কর্তনকারী সত্তার নিকট সরবরাহ করে, কেবলমাত্র তারাই যোগানদার হিসাবে বিবেচিত হবে। উল্লেখ্য, যে সকল সেবার সুনির্দিষ্ট সংজ্ঞা রয়েছে সে সকল সেবা যোগানদার হিসাবে গণ্য হবে না।

(ঘ) একটি সরবরাহের মধ্যে একাধিক উপাদান থাকলে উৎসে মূসক কর্তন নিয়ে জটিলতার সৃষ্টি হয়। এইরূপ ক্ষেত্রে টেন্ডার, কোটেশন বা বিলে সরবরাহের উপাদানসমূহ ও প্রতিটি উপাদানের বিপরীতে মূল্য আলাদা আলাদাভাবে উল্লেখ করতে হবে এবং প্রতিটি উপাদানের উপর প্রযোজ্য হারে সমুদয় মূসক উৎসে কর্তন করতে হবে।

(ঙ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ কার্যকর হইবার পূর্বে চুক্তিবদ্ধ কিন্তু মূল্য পরিশোধিত হয় নাই এমন সরবরাহের ক্ষেত্রে পরিশোধকালীন সময়ে প্রযোজ্য বিধান প্রযোজ্য হবে।

**১৪৬। শিপ ব্রেকিং ইয়ার্ড সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস.আর.ও. নং- ২০০-আইন/২০১৯/মূসক।– মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করল, যথা:-

১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা শিপ ব্রেকিং ইয়ার্ড থেকে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত (বিশেষ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে। (২) ইহা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) "কমিশনার (আমদানি)" অর্থ যে শুল্ক ভবন দিয়ে আমদানিকৃত শিপ খালাস হবে সে শুল্ক ভবনের দায়িত্বপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস;

(গ) "ফরম" অর্থ এই বিধিমালার কোন ফর্ম;

(ঘ) "মূসক বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঙ) "শিপ ব্রেকিং ইয়ার্ড" অর্থ এমন কোনো স্থান যেখানে স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত শিপ বিচিং করে ভাঙ্গার মাধ্যমে শিপ স্ক্র্যাপ তৈরি করা হয়;

(চ) "বিভাগীয় কর্মকর্তা" অর্থ শিপ ব্রেকিং ইয়ার্ড সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের দায়িত্বে নিয়োজিত সহকারী কমিশনার বা উপ-কমিশনার।

৩। কর আদায়।- আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিতে যা থাকুক না কেন, শিপ ব্রেকিং ইয়ার্ড হইতে শিপ স্ক্র্যাপ সরবরাহের উপর প্রদেয় কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় হবে।

৪। কর আরোপ।- (১) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া উৎপাদিত শিপ স্ক্র্যাপের উপর আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ মোতাবেক ন্যায্য বাজারমূল্যের উপর ৫ (পাঁচ) শতাংশ হারে মূল্য সংযোজন কর আরোপযোগ্য হবে। (২) আমদানিকৃত ও স্থানীয়ভাবে ক্রয়কৃত শিপে বাহিত পণ্য (যেমন, ফার্নেস অয়েল, ডিজেল, আসবাবপত্র, ফ্রিজ, টিভি, এয়ারকন্ডিশনার, মোটর, পাখা, টয়লেট সামগ্রী, ইত্যাদি) খালাসের সময় ন্যায্য বাজারমূল্যের ৫ (পাঁচ) শতাংশ হারে ব্যবসায়ী পর্যায়ের মূল্য সংযোজন কর আরোপযোগ্য হবে।

৫। কর নিরূপন ও কর পরিশোধ পদ্ধতি।- (১) আমদানিকৃত শিপ অথবা স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া স্ক্র্যাপ উৎপাদনের ক্ষেত্রে-

(ক) নিবন্ধিত শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃপক্ষ প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করার লক্ষ্যে "ফর্ম-ক" এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট একটি ঘোষণা প্রদান করবেন। তবে শর্ত থাকে যে, স্থানীয়ভাবে সংগৃহীত শিপ এর ক্ষেত্রে উক্তরূপ ঘোষণার সহিত শিপটি পূর্বে আমদানিকৃত হলে সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনার কর্তৃক প্রদত্ত দায়-দেনা না থাকিবার প্রত্যয়নপত্র ও ব্যবসায়ী পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধের প্রমাণপত্র দাখিল করবেন;

(খ) বিভাগীয় কর্মকর্তা দফা (ক) এর অধীন প্রদত্ত ঘোষণা সম্পর্কিত তথ্য থেকে শিপ এর ওজনের (খউঞ) দশ শতাংশকে অপচয় বিবেচনা করিয়া বিধি ৪ এ উল্লিখিত মূল্যের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে মোট পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিবেন;

(গ) বিভাগীয় কর্মকর্তা শিপ এ বাহিত পণ্যের বিক্রয় মূল্যের উপর প্রদেয় ব্যবসায়ী পর্যায়ে ন্যায্য বাজারমূল্যের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর আদায় করিবেন;

(ঘ) বিভাগীয় কর্মকর্তা দফা (খ) ও (গ) অনুসারে নির্ধারিত পরিমাণ কর ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃপক্ষকে অবহিত করবেন; এবং

(ঙ) শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃপক্ষ মূল্য সংযোজন কর ট্রেজারিতে জমা প্রদানপূর্বক করমেয়াদ শেষে আইনের ধারা ৬৪ অনুযায়ী একটি দাখিলপত্র বিভাগীয় দপ্তরে পেশ করবেন, যার সংগে কর জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।

৬। বিচিং এর অনুমতি।- শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃক দাখিলকৃত দাখিলপত্রের ভিত্তিতে-

(অ) আমদানিকৃত শিপ ভাঙ্গিয়া স্ক্র্যাপ উৎপাদনের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা **পরিশিষ্ট ১৬১ এর "ফর্ম-খ" তে** একটি প্রত্যয়নপত্র প্রদান করে তার একটি অনুলিপি আমদানি সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমসকে প্রদান করবেন; আমদানি সম্পর্কিত শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন হলে কমিশনার অব কাস্টমস (আমদানি) উক্ত প্রত্যয়নপত্র প্রাপ্তির পর আমদানিকৃত শিপের বিচিং এর অনুমতি প্রদান করিবেন;

(আ) স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া স্ক্র্যাপ উৎপাদনের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা "ফরম-খ"তে একটি প্রত্যয়নপত্র প্রদান করে তার একটি অনুলিপি শিপ ব্রেকিং ইয়ার্ড সংশ্লিষ্ট মূসক কমিশনারের নিকট প্রেরণ করবেন; মূসক কমিশনার উক্ত ফর্মের ভিত্তিতে স্থানীয়ভাবে সংগৃহীত শিপের বিচিং এর অনুমতি প্রদান করবেন।

৭। কর চালানপত্র প্রদান।- নিবন্ধিত শিপ ব্রেকিং ইয়ার্ডকে প্রতিটি সরবরাহের (স্ক্র্যাপ ও বাহিত পণ্য) বিপরীতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুযায়ী ফর্ম "মূসক ৬.৩" তে ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করতে হবে।

৮। জরিমানা।– এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে আইনের ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপ করা যাবে। এ সংক্রান্ত ঘোষণাপত্রের **পরিশিষ্ট ১৬১ এর** ফর্ম ক ও খ ৩০ নং সংযুক্ত করা হয়েছে।

**১৪৭। মৌসুমী ইটভাটা সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস.আর.ও. নং-২৩৬আইন/২০১৯/৭২মূসক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করল, যথা:

১। সংক্ষিপ্ত শিরোনাম এই বিধিমালা মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক)"আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ)"ইটভাটা" অর্থ ইট পোড়ানোর জন্য তৈরিকৃত যে কোনো স্থান বা ক্লিন, যে নামেই অভিহিত হোক;

(গ)"এক সেকশন" অর্থ সর্বোচ্চ ১০৮,০০০ (এক লক্ষ আট হাজার) ঘনফুট আয়তনের এক চিমনি বিশিষ্ট কোনো ইটভাটা;

(ঘ)"দেড় সেকশন" অর্থ সর্বোচ্চ ১২৪,০০০ (এক লক্ষ চব্বিশ হাজার) ঘনফুট আয়তনের ঊর্ধ্বে এক চিমনি বিশিষ্ট কোনো ইটভাটা;

(ঙ)"দুই সেকশন" অর্থ সর্বোচ্চ ১,২৪,০০০ (এক লক্ষ চব্বিশ হাজার) ঘনফুট আয়তনের এক চিমনি বিশিষ্ট কোনো ইটভাটা;

(চ)"বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ছ)"মৌসুমী ইটভাটা" অর্থ এমন কোনো ইটভাটা যেখানে শুষ্ক মৌসুমে হাতের সাহায্যে ইট প্রস্তুতকরণসহ নির্দিষ্ট সেকশনে ইট পোড়ানো হয়;

(জ)"সেকশন" অর্থ কোনো ইটভাটার সেকশন।

কোনো সেকশনের আয়তন নির্ধারণের লক্ষ্যে দৈর্ঘ্য ও প্রস্থ পরিমাপের ক্ষেত্রে ইটভাটার বহিঃদেওয়ালের অভ্যন্তরভাগের, মোটর ব্যতীত অংশ, এক দেওয়াল হতে অন্য দেওয়াল পর্যন্ত পরিমাপ করতে হবে এবং উচ্চতা পরিমাপের ক্ষেত্রে তলদেশ হতে দেওয়ালের উপরিভাগ পর্যন্ত পরিমাপ করতে হইবে।

৩। কর আদায়: আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিমালায় যা কিছু থাকুক না কেন, এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে মৌসুমী ইটভাটায় প্রস্তুতকৃত ইটের ওপর প্রদেয় কর আদায় করা হবে।

৪। সুনির্দিষ্ট করের পরিমাণ: আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর শর্তাংশ অনুযায়ী তৃতীয় তফসিলে উল্লিখিত প্রতি হাজার ইটের জন্য সুনির্দিষ্ট কর নির্ধারিত রয়েছে। উপ-বিধি (৫) মোতাবেক সেকশনভিত্তিক নিরূপিত ইটের বিক্রয়যোগ্য পরিমাণের ভিত্তিতে উৎপাদনভিত্তিক সুনির্দিষ্ট করের পরিমাণ নির্ধারিত হবে।

৫। সেকশন ভিত্তিক ইটের পরিমাণ নিরূপণ: (১) প্রতি এক সেকশনে উৎপাদিত ও বিক্রয়যোগ্য ইটের পরিমাণ ১০ (দশ) লক্ষ, প্রতি ১.৫ (দেড়) সেকশনে উৎপাদিত ও বিক্রয়যোগ্য ইটের পরিমাণ ১৫(পনের) লক্ষ এবং প্রতি ২ (দুই) সেকশনে উৎপাদিত ও বিক্রয়যোগ্য ইটের পরিমাণ ২০ (বিশ) লক্ষ বলে গণ্য হবে।

(ক) কোনো ইটভাটার কোনো সেকশনে একাধিক চিমনি ব্যবহার করা হলে উক্ত ইটভাটাকে সংশ্লিষ্ট সেকশনের দ্বিগুণ পরিমাণ সেকশন হিসেবে গণ্য করতে হবে।

(খ) কোনো ইটভাটায় কোনো সেকশনের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার পরিমাপ সংশ্লিষ্ট সেকশনের জন্য নির্ধারিত পরিমাপের অধিক হলে কর নিরূপণের ক্ষেত্রে উক্ত ইটভাটার সংশ্লিষ্ট সেকশনকে পরবর্তী উচ্চতর সেকশন হিসেবে গণনা করতে হবে।

৬। কর পরিশোধের পদ্ধতি:

উপধারা (১) কোনো মৌসুমী ইটভাটা প্রতিষ্ঠান, অতঃপর উক্ত প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, প্রতি অর্থ বৎসরে তদকর্তৃক প্রস্তুতকৃত বা প্রস্তুতাধীন ইটের উপর প্রদেয় কর পরিশোধের লক্ষ্যে এই বিধিমালার সহিত সংযোজিত "ফরম" এ প্রতি ইংরেজি পঞ্জিকাবর্ষের ১০ই ডিসেম্বরের মধ্যে তিনটি কপিতে বিভাগীয় কর্মকর্তার বরাবরে একটি ঘোষণাপত্র দাখিল করবে।

উপধারা (২) উপ-বিধি (১) এর অধীন ঘোষণা প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তার নির্দেশে সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব এলাকার সহকারী রাজস্ব কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপস্থিতিতে সরেজমিনে উক্ত ঘোষণার যথার্থতা তদন্তপূর্বক "ফরম" এর সংশ্লিষ্ট অংশ পূরণ ও স্বাক্ষর করে বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করবেন।

উপধারা (৩) উপ-বিধি (২)-এর অধীন দাখিলকৃত "ফরম" প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪ ও ৫ এ বর্ণিত পদ্ধতিতে উক্ত অর্থ বৎসরের সেকশনের পরিমাণ নির্ধারণপূর্বক ঘোষণাপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ ও স্বাক্ষর করে এক প্রস্থ তার দপ্তরে সংরক্ষণ করবেন এবং অপর দুই প্রস্থ উক্ত প্রতিষ্ঠান ও স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

উপধারা (৪) উক্ত প্রতিষ্ঠান উপ-বিধি (৩) এর অধীন প্রদেয় কর ট্রেজারি চালানের মাধ্যমে নিম্নরূপ তিন কিস্তিতে সরকারি কোষাগারে জমা প্রদান করবেন, যথা:

(ক) ৩১ শে ডিসেম্বরের মধ্যে প্রদেয় মোট করের ৪০ শতাংশ;

(খ) ১৫ই ফেব্রুয়ারির মধ্যে প্রদেয় মোট করের অবশিষ্ট ৪০ শতাংশ; এবং

(গ) ৩১ শে মার্চের মধ্যে প্রদেয় মোট করের অবশিষ্ট ২০ শতাংশ।

উপধারা (৫) উক্ত প্রতিষ্ঠান উপ-বিধি (৪) এ বর্ণিত প্রতি কিস্তির কর অর্থনৈতিক কোড ১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১তে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন এবং জমা প্রদানের দিন অথবা পরবর্তী কার্যদিবসের মধ্যে উক্ত চালানের মূল কপি সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবেন।

৭। ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত মূল্য সংযোজন কর প্রত্যয়নপত্র দাখিল: উপধারা (১) কোনো মৌসুমী ইটভাটায় ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত পূর্ববর্তী ১২ (বারো) কর মেয়াদের দাখিলপত্রের অনুলিপিসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক প্রদত্ত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করিতে হবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করা না হইলে ইট পোড়ানোর অনুমতি প্রদান করা যাবে না।

(৩) পূর্ববর্তী করমেয়াদে বকেয়াসহ সমুদয় কর পরিশোধের প্রমাণ আবেদন পত্রের সহিত সংযুক্ত না থাকলে ইউনিয়ন পরিষদ বা, প্রযোজ্য ক্ষেত্রে, পৌরসভা, জেলা প্রশাসক, জেলা পরিষদ, পরিবেশ অধিদপ্তর ইট পোড়ানোর জন্য অনুমতি প্রদান করতে পারবেন না।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর ব্যত্যয় ঘটিলে অনুমোদনকারী ব্যক্তি অপরিশোধিত কর আদায়ে সহযোগিতা না করার দায়ে দায়বদ্ধ হবেন।

৮। কর চালানপত্র ইস্যু: মৌসুমী ইটভাটা হতে ইট সরবরাহের ক্ষেত্রে আইনের ধারা ৫১ ও বিধিমালার বিধি ৪০ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান মূসক ফরম ৬.৩ এ ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করবে। কর চালানপত্র ব্যতীত ইট পরিবহনকারী যানবাহন আটক করা যাবে। এক্ষেত্রে প্রদেয় কর পরিশোধ ব্যতীত ছাড় করা যাইবে না।

৯। দাখিলপত্র পেশ: আইনের ধারা ৬৪ ও বিধিমালার বিধি ৪৭ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান মূসক ফরম ৯.১ এ একটি দাখিলপত্র সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিবে।

১০। জরিমানা, ইত্যাদি: উপধারা (১) এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে আইনের ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপ করা যাবে। উপধারা (২) কোনো প্রতিষ্ঠান আরোপিত জরিমানা পরিশোধে ব্যর্থ হইলে, আইনের ধারা ৯৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ধারা সংশ্লিষ্ট ফর্ম **পরিশিষ্ট ১৫৮** এ সংযুক্ত করা হয়েছে।

**১৪৮। মূসক পরামর্শক সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস.আর.ও. নং-আইন/২০১৯/২০২-মূসক।– মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১৩০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে মূসক পরামর্শক লাইসেন্স প্রদানের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করল, যথা;

১। সংক্ষিপ্ত শিরোনাম।– এই বিধিমালা মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে, এই বিধিমালায়

(ক) "অপরাধ" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সহিত সঙ্গতিপূর্ণ নয়, এমন যে কোন কার্যক্রম বা আচরণ;

(খ) "আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(গ) "একাডেমি" অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম;

(ঘ) "বিধি" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঙ) "মহাপরিচালক" অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক।

৩। মূসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনকারীর যোগ্যতা ও অযোগ্যতা (১) মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:

(ক) বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) আবেদনের তারিখে বয়স অন্যূন ২৫ (পঁচিশ) বৎসর হতে হইবে;

(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হইবে;

(ঘ) মূসক নিবন্ধিত হইতে হইবে; এবং

(ঙ) মূল্য সংযোজন কর বিভাগে জাতীয় পবতন স্কেলের ৯ম গ্রেডের নিম্নে নয় এমন পদে নূন্যতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারীগণকে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদন যথাযথ প্রাপ্তি সাপেক্ষে মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করা যাবে পরিশিষ্ট।

(২) নিম্নবর্ণিত যে কোনো ব্যক্তি মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য অযোগ্য বলো বিবেচিত হবেন, যথা:

(ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরি হতে অপসারিত, বরখাস্তকৃত বা বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(খ) ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্ত কোনো ব্যক্তি যার সাজা ভোগ শেষ হইবার পর ৫ (পাঁচ) বছর সময় অতিবাহিত হয় নাই;

(গ) ইতঃপূর্বে যাহার মূসক পরামর্শক, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স, কুরিয়ার সার্ভিস এজেন্ট, শিপিং এজেন্ট বা আয়কর পরামর্শকের (Income Tax Practitioner) লাইসেন্স বাতিল করা হইয়াছে এমন কোনো ব্যক্তি।

৪। আবেদন ও প্রয়োজনীয় দলিলাদি।– (১) বিধি ৩ এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন যে কোনো ব্যক্তি বিধির "ফরম ১৮.১" এ বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন। উপবিধি (২) উক্ত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা:

(ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;

(খ) আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

(গ) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা বা প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;

(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি; এবং

(ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার টাকা) মূল্যমানের পে-অর্ডার।

৫। মূসক পরামর্শক লাইসেন্সের মেয়াদ এবং নবায়ন।– উপধারা (১) মূসক পরামর্শক লাইসেন্সের মেয়াদ হবে উহা প্রদানের তারিখ হতে ৫ (পাঁচ) বৎসর। উপধারা (২) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রতি বৎসর এক বা একাধিকবার ১০০০/- (এক হাজার টাকা) ফি এর বিনিময়ে মূসক পরামর্শক লাইসেন্সধারীদের জন্য মূল্যায়ন পরীক্ষার ব্যবস্থা করবেন।

৬। আবেদন প্রক্রিয়াকরণ।– (১) বিধির ফরম "মূসক-১৮.১" এ আবেদনকারী সদস্য বরাবর আবেদন করিবে।

(২) অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রাপ্ত সমুদয় আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের জন্য বোর্ড, মহাপরিচালক সমীপে প্রেরণ করবে এবং একাডেমি যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করবে।

(৩) মহাপরিচালক প্রতি বছর জানুয়ারি-জুন মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে আগস্ট বা সেপ্টেম্বর মাসে এবং জুলাই-ডিসেম্বও মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ফেব্রুয়ারি বা মার্চ মাসে পরীক্ষা গ্রহণ করবেন।

(৪) মহাপরিচালক ১৫ (পনের) দিনের মধ্যে ফলাফল প্রকাশ করবেন এবং যোগ্য প্রার্থীদের একটি তালিকা বোর্ডে প্রেরণ করবেন।

(৫) বোর্ড প্রাপ্ত তালিকা অনুযায়ী বিধির ফরম "মূসক-১৮.১ক" এ মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করিবেন।

৭। পরীক্ষা পরিচালনা কমিটি।–পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে মহাপরিচালক, একাডেমিতে নিম্নরূপ একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করিবেন, যথা:-

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | একাডেমির একজন যুগ্ম/অতিরিক্ত মহাপরিচালক | আহ্বায়ক |
| ০২. | কাস্টম হাউস, চট্টগ্রাম এর সহকারী/উপ কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৩. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর সহকারী/উপ কমিশনার কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৪. | একাডেমির একজন সহকারি বা উপ পরিচালক | সদস্য সচিব |

৮। ইনভিজিলেটর, উত্তরপত্র, পরীক্ষক ইত্যাদি।–মহাপরিচালক, কমিটি গঠন করিয়া উহার কার্যপরিধি নির্ধারণ করিবেন এবং পরীক্ষা গ্রহণের সার্বিক প্রস্তুতি গ্রহণ করিবেন।

৯। পরীক্ষার সিলেবাস।–পরীক্ষার সিলেবাস নিম্নরূপ হবে, যথা:-

| ক্রমিক | বিষয় | নম্বর |
|---|---|---|
| (ক)<br>(খ)<br>(গ) | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২<br>মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬<br>উক্ত আইন ও বিধিসমূহের অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ | ৪০ |
| (ঘ) | সাধারণ গণিত | ১০ |
| (ঙ) | বাংলা ও ইংরেজি | ১০ |
| (চ) | Customs Act, 1969 | ২৫ |
| (ছ)<br>(জ)<br>(ঝ)<br>(ঞ) | আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)<br>রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)<br>The Foreign Exchange Regulations Act, 1947<br>The Import and Export (Control) Act, 1950 | ১৫ |

(২) তিনঘন্টা সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোনো নির্দেশনা না থাকলে মহাপরিচালক, তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করতে পারবেন।

১০। মৌখিক পরীক্ষা।- মৌখিক পরীক্ষা ৫০ (পঞ্চাশ) নম্বরের হবে। একাডেমির মহাপরিচালক ৩ হতে ৫ জন সদস্যবিশিষ্ট একটি মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করবেন। মহাপরিচালক উক্ত বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন। এশাধিক মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবার প্রয়োজন হলে মহাপরিচালক উক্তরূপে বোর্ড গঠন করে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন। সে ক্ষেত্রে

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট চট্টগ্রাম; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা; কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম; কাস্টম হাউস, চট্টগ্রাম অথবা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম এর কমিশনারকে প্রতিটি কমিটির আহ্বায়ক হিসাবে দায়িত্ব প্রদান করা যাবে।

১১। ফলাফল।– লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পরীক্ষায় উত্তীর্ণের মান হিসাবে বিবেচিত হবে।

১২। লাইসেন্স ইস্যু।– মহাপরিচালক উত্তীর্ণ প্রার্থীগণকে বা এই বিধিমালার বিধি ৩ এর দফা (ঙ) অনুযায়ী আবেদনকারীকে ৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য যথাযথ নিরাপত্তা বৈশিষ্ট্য সংবলিত ডিজিটাল কার্ডে মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করবেন, যাতে নিম্নবর্ণিত তথ্যাদিও উল্লেখ থাকবে, যথা;

(ক) লাইসেন্সধারীর নাম, ছবি, জন্ম তারিখ, রক্তের গ্রুপ, জাতীয় পরিচয়পত্র নম্বর ও নমুনা স্বাক্ষর;

(খ) লাইসেন্স ইস্যুর ও মেয়াদ উত্তীর্ণের তারিখ; এবং

(গ) লাইসেন্স প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি।

১৩। লাইসেন্স নবায়ন।– (১) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিন পূর্বে নবায়ন ফি বাবদ ১ (এক) হাজার টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। স্বহস্তে লিখিত নবায়ন আবেদনের সহিত সম্পাদিত কার্যক্রমের সংক্ষেপ সংযুক্ত করিতে হবে। উপধারা (২) মহাপরিচালক আবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নবায়ন করিবেন।

১৪। মূসক পরামর্শকের দায়িত্ব।– মূসক পরামর্শকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:-

উপধারা (১) লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক মূসক পরামর্শককে মূসকের আওতায় নিবন্ধিত হতে হবে এবং তাহার প্রদত্ত সেবার বিপরীতে যথাযথভাবে মূসক প্রদানসহ আইনের অন্যান্য বিধানাবলী পরিপালন করতে হবে;

(২) প্রত্যেক মূসক পরামর্শক আইন ও বিধি অনুসারে মূল্য সংযোজন কর এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে যথাসম্ভব সততা ও নিষ্ঠার সহিত তাহার দায়িত্ব পালন করিবেন;

(৩) তাহার দায়িত্বের সূত্রে ইচ্ছাকৃতভাবে কোনো কর্তৃপক্ষের বা কোনো ব্যক্তির নিকট অসত্য বা বিকৃত তথ্য সরবরাহ করিবেন না বা ইচ্ছাকৃতভাবে কোনো প্রয়োজনীয় তথ্য গোপন করবেন না বা অনুরূপ পরামর্শ প্রদান করবেন না।

১৫। মূসক পরামর্শকের অপরাধ ও দণ্ড।– (১) এই বিধির বিধান লংঘন মূসক পরামর্শকের জন্য দণ্ডনীয় অপরাধ হবে। অপরাধ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কমিশনার আইনানুগ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে মহাপরিচালক সমীপে অভিযোগ পত্র প্রেরণ করিবেন। মহাপরিচালক অভিযোগ পত্র পর্যালোচনা করিয়া আইনানুগ শাস্তি প্রদান করিতে পারিবেন। তবে, জাল দলিল উপস্থাপন বা মিথ্যা তথ্য প্রদান বা মূসক ফাঁকির সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত থাকলে মূসক পরামর্শক লাইসেন্স প্রাথমিকভাবে স্থগিত করিয়া শুনানী গ্রহণপূর্বক বাতিল করা যাইবে। অধিকন্তু, মূসক পরামর্শককে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা থেকে ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ড প্রদান করা যাবে।

(২) মূসক পরামর্শক কর্তৃক দাখিলপত্র প্রদানে ব্যর্থতায় ধারা ৮৫ এর উপ-ধারা (১) এর সারণীর দফা (ছ) মোতাবেক জরিমানা আরোপ করা যাইবে।

১৫। **ন্যায় নির্ণয়।–** কোন নিবন্ধিত করদাতা আইনের কোন বিধান লঙ্ঘন করলে ন্যায় নির্ণয় যেভাবে সম্পাদিত হবে সেই একই প্রক্রিয়া মূসক পরামর্শকের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

১৬। রহিতকরণজাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং ১১৭-আইন/৯৮/১৭৮-মূসক, তারিখ: ১১ জুন, ১৯৯৮ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এবং সাধারণ আদেশ নং ০৭/মূসক/৯৯, তারিখ: ২২ এপ্রিল, ১৯৯৯ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এর অধীনে কর পরামর্শক নিয়োগ পদ্ধতি এতদ্দ্বারা রহিত করা হইল এবং উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালা বা আদেশ এর অধীন প্রদত্ত মূসক পরামর্শক লাইসেন্স এমনভাবে কার্যকর থাকিবে যেন উহা বিধিমালার অধীন প্রদত্ত হয়েছে।

**১৪৯। অগ্রিম কর সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস.আর.ও. নং-২৩৯-আইন/২০১৯/-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বিধৃত ক্ষেত্রসমূহে তাদের উপর আরোপীয় আগাম কর হতে অব্যাহতি প্রদান করল, যথা:-

ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা এবং আইন ও চুক্তিপত্রের মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয়/হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;

খ) Customs Act, 1969 (Act IV of 1969) এর section ১৩ এর অধীনে বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশন প্রাপ্ত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান, প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ও ডিপ্লমেটিক বন্ডেড ওয়্যার হাউস কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্য;

গ) Presidents (Remuneration and Previliges) Act, ১৯৭৫ অনুসারে রাষ্ট্রপতির নামে আমদানিকৃত পণ্য;

ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৬১-আইন/৯২/ ১৪৪৪/শুল্ক, তারিখ: ১৭/০৩/১৯৯২ খ্রিস্টাব্দ এর আওতায় ত্রাণ হিসেবে আমদানিকৃত পণ্য;

ঙ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৩৬-আইন/৯৩/ ১৫০২/শুল্ক, তারিখ: ১৫/০২/১৯৯৪ খ্রিস্টাব্দ এর আওতায় দৃষ্টি প্রতিবন্ধী ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য আমদানিকৃত পণ্য;

চ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং ৯(৪১)NBR/Cus-IV/72/246, Date: 10.04.1981এর আওতায় Defence Store হিসেবে আমদানিকৃত পণ্য;

ছ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদনের ভিত্তিতে সরকারি প্রকল্পের আওতায় আমদানিকৃত পণ্য;

জ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২০২-আইন/৯৫/ ১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ খ্রিস্টাব্দ এর আওতায় আমদানিকৃত পণ্য;

ঝ) তুলা (এইচ.এস. কোড ৫২০১.০০.০০), পলিস্টার ইয়ার্ন (এইচ এস কোড ৫৫০৩.২০.০০), ভিসকস ইয়ার্ন (এইচ.এস. কোড ৫৫০৪.১০.০০) আমদানির ক্ষেত্রে;

ঞ) সরকার অনুমোদিত বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও শুধুমাত্র বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট উপকরণ বা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০-আইন/২০১১/ ২৩২৭/শুল্ক, তারিখ: ২৫.০১.২০১১ খ্রিস্টাব্দ মোতাবেক আমদানিকৃত শুধুমাত্র বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট উপকরণ;

ট) কোন নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ;

ঠ) অগ্নি নির্বাপন ব্যবস্থার লে-আউট প্ল্যান দাখিল এবং তাতে অন্তর্ভুক্ত হওয়া সাপেক্ষে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৮-আইন/২০১৭/৪৪/কাস্টমস, তারিখ: ০১.০৬.২০১৭ খ্রিস্টাব্দ এবং এস.আর.ও. নং-১৬১-আইন/২০১৬/ ২৩/কাস্টমস, তারিখ: ০২.০৬.২০১৬ খ্রিস্টাব্দ এর শর্তপূরণ করে আমদানিকৃত ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট;

ড) কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত এইচ.এস. কোড ৩৮০৮.৯১.১০, ৩৮০৮.৯২.১০ এবং ৩৮০৮.৯৩.১০ এর বিপরীতে কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও আগাছানাশক;

ঢ) ম্যালেরিয়া নিরোধক, যক্ষ্মা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক ঔষধসমূহ, এন্টিবায়োটিক, ছেরা (sera) টক্সিন ও কার্ডিওভাসকুলার ঔষধসমূহ, এন্টি হেপাটিক, এন্টি হেপাটিক এনসেফালোপ্যাথি (encephalo-pathy); অন্যান্য; হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফ্লুফেনাজিন ডেকানোয়েট, ফ্লুফেনথিকসল ডেকানোয়েট, ক্লোফেনথিকসল ডেকানোয়েট); এনাসথেটিক, সাধারণ ও লোকাল, ইথার এনাসথেটিক বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড বিপি, সুকসামেথলিয়াস ব্রোমাইড/ ক্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন/ লিডোকেইন/ লিগুওকেইন, এডরেনালিনযুক্ত হোক বা না হোক, প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এডরেনালিন যুক্ত হোক বা না হোক, কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগের ডায়ালিসিস ফ্লুইড, কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপরিন ঔষধ এবং Erythropoietin (H.S. Code 3002.11.00, 3002.12.00, 3002.13.00, 3002.14.00, 3002.15.00, 3002.19.00, 3002.90.00, 3003.10.00, 3003.20.00, 3003.31.00, 3003.39.10, 3003.39.90, 3003.41.00, 3003.42.00, 3003.43.00, 3003.49.10, 3003.49.90, 3003.90.91, 3003.90.99, 3004.10.00, 3004.20.10, 3004.20.90, 3004.31.00, 3004.32.00, 3004.39.10, 3004.39.90, 3004.41.00, 3003.42.00, 3003.43.00, 3004.49.10, 3003.49.90, 3004.50.00, 3004.90.20);

ণ) ম্যালেরিয়া নিরোধক, যক্ষা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক, কার্ডিওভাসকুলার, এন্টিহেপাটিক এনসেফালোপ্যাথিক (encephalopathy) ঔষধ এবং কিডনী ডায়ালিসিস সলিউশন, Drugs for Thalassaemia (H.S. Code 3004.90.91); এবং

ধ) Artificial joints (H.S. Code 9021.31.00), Hearing aids, excluding parts and accessories (H.S. Code 9021.40.00), Pacemaker for stimulating heart muscles (H.S. Code 9021.50.00), Streptokinase (H.S. Code 3507.90.10), Carriages for disabled persons not mechanically propelled (Wheel chair) (H.S. Code 8713.10.00), হার্ট ভাল্ব (H.S. Code 9021.90.10), অপারেশন ল্যাম্প (H.S. Code 9405.40.10), ভ্যাকসিন (H.S. Code 3002.20.00, 3002.30.00), ইনসুলিন পেন (H.S. Code 9018.39.20)।

**১৪৯ক। স্যানিটারি ন্যাপকিন সংক্রান্ত প্রজ্ঞাপন:**

এস. আর. ও. নং- ২৪০ -আইন/২০১৯/ ৭৬-মূসক।– মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) Gi First Schedule এর কলাম (১) এর শিরোনাম সংখ্যা (Heading No.) 96.19 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 9619.00.00 এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত স্যানিটারি ন্যাপকিন ও ডায়াপার, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত নিম্নোক্ত টেবিলে বর্ণিত কাঁচামালসমূহ কেবলমাত্র

আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:- টেবিল

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) | পণ্যের বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৯.১৯ | ৩৯১৯.৯০.৯১ | রি-সীল/সেলফ এডহেসিভ টেপ |
| ৩৯.২০ | ৩৯২০.১০.২০ | লেমিনেটেড সীট, ফিল্ম ও ফয়েল |
| ৩৯.২১ | ৩৯২১.৯০.১১ | অন্যান্য সীট, ফিল্ম ও ফয়েল (প্রিন্টেড) |
| ৪৮.২৩ | ৪৮২৩.৯০.৯৪ | এয়ার লেইড পেপার |
| ৫৬.০৩ | ৫৬০৩.১২.১০ | টেক্সটাইল ব্যাকসীট (এডিএল) |
| | ৫৬০৩.১৩.১০ | ইলাস্টিক ব্যাক ইয়ার/ইলাস্টিক ওয়েইষ্ট ব্যান্ড |
| ৫৯.০৩ | ৫৯০৩.৯০.৯০ | নীট লুপ টেপ |

**শর্তাবলি:**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ডায়াপার ও স্যানিটারি ন্যাপকিন উৎপাদনের লক্ষ্যে তদ্‌সংশ্লিষ্ট মেশিনারীজ কারখানা অঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(খ) প্রতিষ্ঠানের ন্যূনতম বিনিয়োগের পরিমাণ অন্যূন ৭৫ (পঁচাত্তর) কোটি টাকা হতে হবে;

(গ) প্রতিষ্ঠানের নিজস্ব টেস্টিং ল্যাব থাকতে হবে;

(ঘ) প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকতে হবে;

(ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করতে হবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করতে হইবে;

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা অন্যূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন হতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করতে পারবে।

৬।এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতি প্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৮। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতি প্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করছে কিনা উহা অনুসন্ধানের জন্য বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন অনুসন্ধানের প্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং অনুচ্ছেদ ৫ এর অধীন প্রদত্ত অব্যাহতির সুবিধা বাতিল করিবার লক্ষ্যে বোর্ডে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক সুপারিশপত্র প্রেরণ করিলে বোর্ড উক্ত সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১০। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**১৪৯খ। ব্যাটারি সংক্রান্ত এস. আর. ও. নং- ২৪১ আইন/২০১৯/ ৭৭-মূসক:**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরোনামা সংখ্যা (Heading No.) ৮৫.০৭ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সংশ্লিষ্ট নামকরণ কোড (H.S. Code) এর আওতায় কেবলমাত্র আইডলিং স্টপ/স্টার্ট-স্টপ (Idling stop/start-stop) প্রযুক্তির মেইনটেনেন্স ফ্রি ও সিলড্ মেইনটেনেন্স ফ্রি ব্যাটারি, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করল, যথা:-

**শর্তাবলী:**

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ হতে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করতে হবে;

(খ) উৎপাদনকারী প্রতিষ্ঠানে আইডিলিং স্টপ/স্টার্ট-স্টপ (Idling stop/start-stop) প্রযুক্তির মেইনটেনেন্স ফ্রি ও সিলড্ মেইনটেনেন্স ফ্রি ব্যাটারি তৈরীর প্রয়োজনীয় মেশিনারিজ কারখানা অঙ্গনে স্থাপিত থাকতে হবে;

(গ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকতে হইবে;

(ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের আইএসও সার্টিফিকেশন (ISO Certification) থাকতে হবে;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে উক্ত পণ্য প্রস্তুতকরণে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(চ) উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা অন্যূন ২০০ (দুইশত) জন হতে হবে;

(ছ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের কারখানা সরকার অনুমোদিত ও নির্ধারিত ইন্ডাস্ট্রিয়াল প্লটে স্থাপিত হতে হবে;

(জ) প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের সহিত ন্যূনতম ৩টি স্বনামধন্য গাড়ী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যাটারি সরবরাহকারী (Original Equipment Manufacturer) প্রতিষ্ঠানের সহিত কারিগরী সহায়তা চুক্তি (Technical Assistance Agreement) থাকতে হবে;

(ঝ) বিক্রয়োত্তর সেবা নিশ্চিতকরণে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব সার্ভিসিং সেন্টার থাকতে হবে;

(ঞ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য আইডিলিং স্টপ/স্টার্ট-স্টপ (Idling stop/start-stop) প্রযুক্তির মর্মে গাড়ী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যাটারি সরবরাহকারী (Original Equipment Manufacturer) প্রতিষ্ঠানের প্রত্যয়ন থাকতে হবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অুঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হয়েছে মর্মে সন্তুষ্ট হলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করতে পারবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হবে না।

| ২৭ | অন্য কোনো সমন্বয় ঘটনার জন্য | ব্যবসায়ের লেনদেনের ক্ষেত্রে অনেক ধরণের সমন্বয়ের ঘটনা ঘটে। নোট ২৪, ২৫ ও ২৬ এ বর্ণিত সমন্বয় ঘটনাত্রয় ব্যতীত অন্য যে কোনো ধরণের সমন্বয় ঘটনার জন্য এ ঘরে সমন্বয়যোগ্য মোট মূসকের পরিমাণ লিখিতে হবে এবং সমন্বয় ঘটনার বিবরণ লিখতে হইবে।উল্লেখ্য, প্রতিটি সমন্বয় ঘটনার নিজস্বতা রয়েছে। তার জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করে সমন্বয় সাধন করতে হবে এবং সংশ্লিষ্ট দলিলাদি করদাতার অধিকারে সংরক্ষণ করিতে হইবে। |
| ২৮ | মোট বৃদ্ধিকারী সমন্বয় (২৪+২৫+২৬ +২৭) | এটি মোট বৃদ্ধিকারী সমন্বয়ের পরিমাণ। কাগুজে দাখিলপত্র পেশের সময় নোট ২৪, ২৫, ২৬ ও ২৭ এর যোগফল এখানে লিখিবেন।<br>অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে মোট বৃদ্ধিকারী সমন্বয়ের পরিমাণ নির্ধারণ করবে। |
| অংশ-৬:হ্রাসকারী সমন্বয় | | |
| ২৯ | প্রদত্ত সরবরাহ | • আপনি যদি উৎসে কর্তনকারী না হন তাহা হইলে সংশ্লিষ্ট করমেয়াদে আপনার প্রদত্ত সরবরাহ হতে কর্তিত |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | হতে উৎসে কর্তনের জন্য | সমুদয় মূসকের পরিমাণ এখানে লিখবেন। এ জন্য আপনার অধিকারে উৎসে কর্তনযোগ্য সরবরাহের বিপরীতে আপনার ইস্যুকৃত মূসক-৬.৩ এবং আপনার অনুকূলে উৎসে কর্তনকারী কর্তৃক ইস্যুকৃত মূসক-৬.৬ থাকতে হইবে। আপনি নিজে উৎসে কর্তনকারী হলে আপনাকে আর এই ঘর পূরণ করিতে হবে না কারণ অন্যকোনো উৎসে কর্তনকারী আপনার সরবরাহ হতে উৎসে কর্তন করবে না।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হইবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করতে হবে। সরবরাহকারীর নাম, ঠিকানা এবং বিন নম্বর টাইপ করুন। পরবর্তী কলাম দুটিতে সরবরাহ মূল্য ও উৎসে কর্তিত মূসকের পরিমাণ টাইপ করুন। পরবর্তী কলাম দুটিতে করচালানপত্রের নম্বর ও তারিখ লিখতে হবে। যে একাউন্ট কোডের বিপরীতে কর জমা প্রদান করা হয়েছে তার বিবরণ উল্লেখ করিতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক চালানপত্রের জন্য পৃথক লাইন ব্যবহার করুন। সাবফর্মের উৎসে কর্তিত ভ্যাটের পরিমাণ এর যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের উৎসে কর্তিত ভ্যাটের পরিমাণ এর যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করতে হবে। |
| ৩০ | আমদানি পর্যায়ে প্রদেয় আগাম কর | • আমদানি পর্যায়ে প্রদেয় আগাম কর এর পরিমাণ উক্ত নোটে লিখিতে হইবে।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হইবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করতে হইবে। বিল অব এন্ট্রির নম্বর, তারিখ, সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন /হাউসের নাম, প্রদেয় অগ্রিম মূল্য সংযোজন কর এর পরিমাণ পৃথক পৃথক কলামে উল্লেখ করিতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক বিল অব এন্ট্রির জন্য পৃথক লাইন ব্যবহার করুন। সাবফর্মের আমদানি পর্যায়ে প্রদেয় অগ্রিম মূল্য সংযোজন কর এর পরিমাণ এর যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করতে হবে। সাবফর্মের আমদানি পর্যায়ে প্রদেয় অগ্রিম মূল্য সংযোজন কর এর যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করতে হইবে। |
| ৩১ | রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদেয় মূল্য সংযোজন কর | • রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে যে উপকরণ ব্যবহার করা হয়েছে, সেই উপকরণ ক্রয়ের বিপরীতে প্রদেয় মূল্য সংযোজন কর এর পরিমাণ এখানে উল্লেখ করতে হইবে। |
| ৩২ | ক্রেডিট নোট ইস্যুর জন্য | বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসলে/সরবরাহের মূল্য পরিবর্তিত হলে/ ক্রেডিট নোটের জন্য প্রদেয় মূসকের পরিমাণ হ্রাস পেলে ঘটনার সাথে সংশ্লিষ্ট সরবরাহের যতটুকুর সংশ্লেষ রয়েছে ততটুকুর হিসাব (মূসকের পরিমাণ) এখানে আসিবে। |
| ৩৩ | অন্য কোনো সমন্বয় ঘটনার জন্য | ব্যবসায়ের লেনদেনের ক্ষেত্রে অনেক ধরণের সমন্বয়ের ঘটনা ঘটে। নোট ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ বর্ণিত সমন্বয় ঘটনাত্রয় ব্যতীত অন্য যে কোনো ধরণের সমন্বয় ঘটনার জন্য এ ঘরে সমন্বয়যোগ্য মোট মূসকের পরিমাণ লিখতে হবে এবং সমন্বয় ঘটনার বিবরণ লিখতে হইবে। উল্লেখ্য, প্রতিটি সমন্বয় ঘটনার নিজস্বতা রয়েছে। তার জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করে সমন্বয় সাধন করতে হবে এবং সংশ্লিষ্ট দলিলাদি করদাতার অধিকারে সংরক্ষণ করতে হবে। |
| ৩৪ | মোট হ্রাসকারী সমন্বয় (২৯+ ৩০+৩১+ ৩২+ ৩৩) | • এটি মোট হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ। কাগুজে দাখিলপত্র পেশের সময় নোট ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ এর যোগফল এখানে লিখবেন।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে মোট হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ নির্ধারণ করিবে। |
| অংশ-৭: নীট কর হিসাব | | |
| ৩৫ | বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক (সমাপনী জের এর সহিত | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন। যোগফলের নিয়ম:৩৫=৯গ-২৩খ+২৮-৩৪<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | সমন্বয় ব্যতীত) (৯গ-২৩খ+২৮-৩৪) | |
| ৩৬ | সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান করমেয়াদে প্রদেয় মোট | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখবেন।<br>• যাগফলের নিয়ম: ৩৬ = ৩৫-৫০<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। অনলাইনে পূরণের ক্ষেত্রে আগে নোট নম্বর ৫১ পূরণ করিতে হইবে। |
| ৩৭ | বর্তমান করমেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক (সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত) | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত বর্তমান করমেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখবেন।<br>• যোগফলের নিয়ম:৩৭ = ৯খ+৩৯-৪০-৪১<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। অনলাইনে পূরণের ক্ষেত্রে আগে নোট নম্বর ৪০,৪১ ও ৪২ আগে পূরণ করিতে হইবে। |
| ৩৮ | সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান কর মেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান কর মেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন।<br>• যোগফলের নিয়ম: ৩৮ = ৩৭-৫১<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। অনলাইনে পূরণের ক্ষেত্রে আগে নোট নম্বর ৫২ আগে পূরণ করিতে হইবে। |
| ৩৯ | ডেবিট নোট ইস্যুর জন্য সমন্বয়কৃত সম্পূরক শুল্ক | • কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে/ ডেবিট নোটের জন্য প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ বৃদ্ধি পেলে যতটুকুর পরিবর্তিত হয়েছে ততটুকুর হিসাব (সম্পূরক শুল্ক এর পরিমাণ) এখানে উল্লেখ করতে হবে। |
| ৪০ | ক্রেডিট নোট ইস্যুর জন্য সমন্বয়কৃত সম্পূরক শুল্ক | • বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে/ সরবরাহের মূল্য পরিবর্তিত হলে/ ক্রেডিট নোটের জন্য প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হ্রাস পেলে ঘটনার সাথে সংশ্লিষ্ট সরবরাহের যতটুকুর সংশ্লেষ রহিয়াছে ততটুকুর হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এখানে আসবে। |
| ৪১ | রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদেয় সম্পূরক শুল্ক | • রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে যে উপকরণ ব্যবহার করা হইয়াছে, সেই উপকরণ ক্রয়ের বিপরীতে প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ এখানে উল্লেখ করিতে হইবে। |
| ৪২ | অপরিশোধিত মূসকের জন্য সুদ | • অপরিশোধিত মূসকের জন্য হিসাবকৃত সুদ এর পরিমাণ উক্ত নোট এ লিখিতে হইবে। |
| ৪৩ | অপরিশোধিত সম্পূরক শুল্কের জন্য সুদ | • অপরিশোধিত সম্পূরক শুল্কের জন্য হিসাবকৃত সুদ এর পরিমাণ উক্ত নোট এ লিখিতে হইবে। |
| ৪৪ | অর্থদন্ড ও জরিমানার | • উক্ত করমেয়াদে আরোপকৃত অর্থদন্ড ও জরিমানার পরিমাণ এখানে উল্লেখ করিতে হইবে। |
| ৪৫ | আবগারি শুল্ক | • নিবন্ধিত করদাতাদের কেউ কেউ আবগারি শুল্ক আদায় করেন। এখানে করদাতা সংশ্লিষ্ট করমেয়াদের আদায়কৃত আবগারি শুল্কের মোট পরিমাণ লিখিবেন। |
| ৪৬ | উন্নয়ন সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি উন্নয়ন সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের উন্নয়ন সারচার্জ আদায়ের দায়িত্ব দেয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত উন্নয়ন |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | | সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৪৭ | তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের তথ্য প্রযুক্তি উন্নয়ন সারচার্জ আদায়ের দায়িত্ব দেওয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৪৮ | স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ আদায়ের দায়িত্ব দেয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত স্বাস্থ্য সুরক্ষা সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৪৯ | পরিবেশ সুরক্ষা সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায়ের দায়িত্ব দেয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত পরিবেশ সুরক্ষা সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৫০ | শেষ করমেয়াদের সমাপনী জের (মূল্য সংযোজন কর) | • কাগুজে দাখিলের ক্ষেত্রে করদাতার শেষ করমেয়াদের সমাপনী জের (মূল্য সংযোজন কর) উক্ত নোটে বসাতে হইবে।<br>• অনলাইনে দাখিলের ক্ষেত্রে, প্রথম মাসের ক্ষেত্রে শেষ করমেয়াদের সমাপনী জের (মূল্য সংযোজন কর) উক্ত নোটে বসাতে হইবে, পরবর্তীতে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে হিসাব করবে। |
| ৫১ | শেষ করমেয়াদের সমাপনী জের (সম্পূরক শুল্ক) | • কাগুজে ফর্ম দাখিলের ক্ষেত্রে করদাতার শেষ করমেয়াদের সমাপনী জের (সম্পূরক শুল্ক) উক্ত নোটে বসাতে হইবে।<br>• অনলাইনে দাখিলের ক্ষেত্রে, প্রথম মাসের ক্ষেত্রে শেষ করমেয়াদের সমাপনী জের (সম্পূরক শুল্ক) উক্ত নোটে বসাতে হবে, পরবর্তীতে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে হিসাব করবে। |
| **অংশ-৮: কর পরিশোধের তফসিল(ট্রেজারী জমা)** | | |
| ৫২ | বর্তমান করমেয়াদে পরিশোধিত মোট মূসক | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হইবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হইবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করতে হবে। প্রথমে মূসক পরিশোধের চালান নম্বর এবং তারিখ টাইপ করুন। পরবর্তী দুটি কলামে একাউন্ট কোডও জমাকৃত মূসকের পরিমাণ উল্লেখ করতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক চালানের জন্য পৃথক লাইন ব্যবহার করুন। সাবফর্মের পরিশোধিত মূসকের যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করতে হবে।<br>অপারেশনাল কোডের ক্ষেত্রে আপনি যে কমিশনারেটের আওতায় নিবন্ধিত সেই কমিশনারেটের অপারেশনাল কোড ব্যবহার করতে হইবে। বিভিন্ন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অপারেশনাল কোড নিম্নরূপ:<br>(১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা: ০০০১<br>(২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর: ০০০৫<br>(৩) বৃহৎ করদাতা ইউনিট-মূসক: ০০০৬<br>(৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ): ০০১০<br>(৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর): ০০১৫<br>(৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট: ০০১৮<br>(৭) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী: ০০২০<br>(৮) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম: ০০২৫<br>(৯) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব): ০০৩০<br>(১০) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম): ০০৩৫<br>(১১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা: ০০৪০<br>(১২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর: ০০৪৫ |
| ৫৩ | বর্তমান করমেয়াদে পরিশোধিত মোট সম্পূরক শুল্ক | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৫৪ | অপরিশোধিত | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | মূসকের জন্য সুদ | ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৫৫ | অপরিশোধিত সম্পূরক শুল্কের জন্য সুদ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৫৬ | অর্থদন্ড ও জরিমানা | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৫৭ | আবগারি শুল্ক | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৫৮ | উন্নয়ন সারচার্জ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৫৯ | তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৬০ | স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| ৬১ | পরিবেশ সুরক্ষা সারচার্জ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফর্মে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হবে। |
| **অংশ-৯: সমাপনী জের** | | |
| ৬২ | **সমাপনী জের** (মূল্য সংযোজন কর) | • এটি করদাতার পরবর্তী করমেয়াদের মূল্য সংযোজন করের প্রারম্ভিক জেরের হিসাব। কাগুজে পেশের সময় বিয়োগফল লিখিবেন।<br>• বিয়োগফলের নিয়ম: ৬২ = ৫২-৩৬<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে করদাতার পরবর্তী করমেয়াদের মূল্য সংযোজন করের প্রারম্ভিক জেরের পরিমাণ নির্ধারণ করিবে। |
| ৬৩ | **সমাপনী জের** (সম্পূরক শুল্ক) | • এটি করদাতার পরবর্তী করমেয়াদের সম্পূরক শুল্কের প্রারম্ভিক জেরের হিসাব।<br>• কাগুজে পেশের সময় বিয়োগফল লিখিবেন।<br>• বিয়োগফলের নিয়ম: ৬৩= ৫৩-৩৮।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে করদাতার পরবর্তী করমেয়াদের সম্পূরক শুল্ক এর প্রারম্ভিক জেরের পরিমাণ নির্ধারণ করিবে। |
| **অংশ-১০: ফেরত** | | |
| | ফেরত | করদাতা সমাপনী জেরে উল্লিখিত অর্থ ফেরত গ্রহণে ইচ্ছুক হলে হ্যাঁ নির্বাচন করবেন। |
| **অংশ-১১: ঘোষণা** | | |
| | ঘোষণা ও স্বাক্ষর | কাগুজে পেশের ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার নাম, পদবি, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখ করিয়া স্বাক্ষর করিবেন।<br>অনলাইনে পেশের ক্ষেত্রে করদাতার নাম, পদবি, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল এড্রেস রেজিস্ট্রেশনে প্রদত্ত ডাটাবেস থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শন করবে। যদি ফরম দাখিলকারী ব্যক্তি ভিন্ন হয়ে থাকেন, তবে, |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | | উক্ত তথ্য সংশোধন করে যথাযথ তথ্য উল্লেখ করিয়া দাখিলপত্র পেশ করবেন। |



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
মূল্য সংযোজন কর (মৌসুমী ইটভাটা) বিধিমালা, ২০১৯
[বিধি ৬দ্রষ্টব্য] [ঘোষণাপত্র]

১। (ক) ইট প্রস্তুতকারক প্রতিষ্ঠান/ব্যক্তি নাম :
(খ) পিতার নাম:
(গ) মাতার নাম:
২। মূসক নিবন্ধন নম্বর:
৩। ঠিকানা :
(ক) অফিস (যদি থাকে) :
(খ) ট্রেড লাইসেন্স নং :
(গ) ইটভাটার অবস্থান :
(১) দাগ নং : (২) খতিয়ান নং :
(৩) মৌজা : (৪) গ্রাম :
(৫) ইউনিয়ন : (৬) ডাকঘর :
(৭) উপজেলা/থানা : (৮) জেলা :

৪। যে মৌসুমের জন্য ঘোষণা দেয়া হচ্ছে (অর্থ বৎসর) :
৫। ইটভাটার পরিমাপ :
(ক) দৈর্ঘ্য : (খ) প্রস্থ :
(গ) চিমনির সংখ্যা: (ঘ) প্রতি চিমনির উচ্চতা :
(ঙ) চিমনি স্থায়ী না অস্থায়ী ----------।
৬। ইটের ব্র্যান্ড নাম : ----------।
৭। ইটভাটায় সেকশনের সংখ্যা :
৮। প্রতি সেকশনে যে পরিমাণ ইট পোড়ানো হইবে :
৯। প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ (আইনের তৃতীয় তফসিল অনুযায়ী):
১০। পূর্ববর্তী বৎসরে প্রদত্ত মূল্য সংযোজন করের পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে) :
১১। পূর্ববর্তী বৎসরের মোট বকেয়ার পরিমাণ :
১২। ঘোষণা : আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে ১-১১ নম্বর ক্রমিকে প্রদত্ত বিবৃতি আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং পূর্ববর্তী বকেয়া রাজস্ব (যদি থাকে) পরিশোধে সচেষ্ট ও বাধ্য থাকিব। অন্যথায়, আমার/আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর :
নাম :
পদবি :

**সরেজমিনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তদন্ত প্রতিবেদন**
(ক ও খ এর মধ্যে প্রযোজ্যটি বাদে অন্যটি কাটিয়া দিতে হইবে)
(ক) ঘোষণা প্রদানকারী কর্তৃপক্ষের উপস্থিতিতে উল্লিখিত ঘোষণার সত্যতা সরেজমিনে যাচাইপূর্বক সঠিক পাওয়া গেছে।
(খ) ঘোষণার ভিত্তিতে সরেজমিনে যে সমস্ত তথ্য সঠিক পাওয়া যায় নাই তাহা এবং প্রাপ্ত সঠিক তথ্য নিম্নরূপ :

| | যাহা সঠিক পাওয়া যায় নাই | | প্রাপ্ত সঠিক তথ্য |
|---|---|---|---|
| ১। | | ১। | |
| ২। | | ২। | |
| ৩। | | ৩। | |
| ৪। | | ৪। | |

| | | |
|---|---|---|
| ঘোষণা প্রদানকারী কর্তৃপক্ষের<br>স্বাক্ষর ও তারিখ:<br>নাম:<br>পদবি: | সহকারী রাজস্ব কর্মকর্তার<br>স্বাক্ষর ও তারিখ:<br>নামীয় সিলমোহর | রাজস্ব কর্মকর্তার<br>স্বাক্ষর ও তারিখ:<br>নামীয় সিল: |

**বিভাগীয় দপ্তর পূরণ করিবে**

প্রদত্ত ঘোষণা ও তদন্তের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ঘোষণা প্রদানকারী মেসার্স ..... এর ইটভাটায় ..... টি সেকশন হিসেবে নূন্যতম ইট উৎপাদনের পরিমাণ ..... এবং ..... অর্থ বৎসরের জন্য পরিশোধযোগ্য করের পরিমাণ ..... টাকা নির্ধারণ করা হইল।

**বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর (সিলসহ)**

**পরিশিষ্ট - ১৫৯**

## প্রজ্ঞাপন নং-১৮৫/মূসক/২০১৯

**বিষয় : এইচ.এস.কোড ২৪০২.২০.০০ এর আওতাধীন পণ্যের খুচরা মূল্য নির্ধারণ**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আরও নং ১৮৫ আইন/২০১৯/৬৯ অনুসারে জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, ১৯৬৯ (Act No. IV of 1969) এর First Schedule এর Heading No. এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করিল এবং উক্ত মূল্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে, যথা:-:

| শিরনামা সংখ্যা (Heading no.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সর্বোচ্চ খুচড়া মূল্য |
|---|---|---|---|
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobaccco Manufactured Mechanically) | প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে) : |
| | | | নিম্নস্তর ৩৭ টাকা ও তদূর্ধ্ব |
| | | | মধ্যমস্তর ৬৩ টাকা ও তদূর্ধ্ব |
| | | | উচ্চস্তর ৯৩ টাকা ও তদূর্ধ্ব |
| | | | অতি উচ্চস্তর ১২৩ টাকা ও তদূর্ধ্ব |
| | ২৪০২.৯০.০০ | যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) | ৪.৪৮ টাকা (আট শলাকার প্রতি প্যাকেট) |
| | | | ৬.৭২ টাকা (বার শলাকার প্রতি প্যাকেট) |
| | | | ১৪ টাকা (পঁচিশ শলাকার প্রতি প্যাকেট) |
| | | যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) | ৮.৫০ টাকা (দশ শলাকার প্রতি প্যাকেট) |
| | | | ১৭ টাকা (বিশ শলাকার প্রতি প্যাকেট) |
| ২৪.০৩ | ২৪০৩.৯৯.০০ | জর্দা | প্রতি দশ গ্রাম ৩০ টাকা |
| | | গুল | প্রতি দশ গ্রাম ১৫ টাকা |

২। উপরি-উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসামগ্রীর স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কলাম (৪) এ উল্লিখিত সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনস্থল হতে সরবরাহের সময় পরিশোধ করতে হইবে।

## সাধারণ আদেশ নং-১০/মূসক/২০১৯ তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন,২০১৯

বিষয় : **এইচ.এস.কোড ২৪০২.৯০.০০ এর আওতাধীন ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত খাতে খুচরা মূল্য পরিবর্তনের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মূল্য শুল্ক নির্ধারণের কারণে মাঠ পর্যায়ে গ্রহণীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা।**

মূল্য সংযোজন কর আইন ২০১২(২০১২সনের ৪৭ নং আইন) এর প্রজ্ঞাপন সাধারণ আদেশ নং-১০/মূসক/২০১৯ তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন,২০১৯ এর মাধ্যমে Heading no. 24.02 এর অন্তর্ভুক্ত H.S. code no. 24.02.90.00 অধীনে ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ির খুচরা মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হার নির্ধারণ করা হইয়াছে নতুন মূল্যস্তর ও সম্পূরক শুল্ক নিম্নরূপ :

| শিরনামা সংখ্যা (Heading no.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| ২৪.০২ | ২৪০২.৯০.০০ | (ক) যন্ত্রের সাহায্য ব্যতীত হতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) : | |
| | | (১) ৮ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ৪.৪৮ টাকা | ৩৫ |
| | | (২) ১২ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ৬.৭২ টাকা | ৩৫ |
| | | ৩) ২৫ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ১৪ টাকা | ৩৫ |
| | | (খ) যন্ত্রের সাহায্য ব্যতীত হতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) : | |
| | | (১) ১০ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ৮.৫০ টাকা | |
| | | (২) ২০ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ১৭ টাকা | ৪০ |
| | | | ৪০ |

০২। নতুন মূল্যস্তরের বিপরীতে বিভিন্ন স্ট্যাম্পের ও ব্যান্ডরোলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ তথা যথাযথ পরিমাণ মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশ প্রদান করিল :

(ক) নতুন খুচরা মূল্যস্তরের ভিত্তিতে বিড়ির সরবরাহের লক্ষ্যে সকল বিড়ির (ফিল্টার যুক্ত অথবা বিযুক্ত) উৎপাদনকারীগণকে সংশোধিত মূল্য অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে পণ্য খালাস গ্রহণ করিতে হইবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর আদায় নিশ্চিত করিবেন;

(খ) ১৩ জুন, ২০১৯ খ্রিঃ বা তার পরে সরবরাহ করা সকল বিড়ির ক্ষেত্রেই (পূর্বে উৎপাদিত ও মজুদসহ) নতুন মূল্যস্তর অনুযায়ী শুল্ক-কর আদায় নিশ্চিত করিতে হইবে। ১৩ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের পূর্বের প্রস্তুতকৃত প্যাকেটে সীল দ্বারা নতুন খুচরা মূল্য মুদ্রণ করিতে হইবে। ব্যবহারের জটিলতা পরিহার করিবার লক্ষ্যে বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান যত শীঘ্র সম্ভব নতুন খুচরা মূল্যের প্যাকেট মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) বিড়ির নতুন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার কার্যকর হওয়ায় যথাযথ পরিমাণ রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রত্যেক মূসক কমিশনারেটের কমিশনারগণ তাহাদের স্ব-স্ব অধিক্ষেত্রভুক্ত বিভিন্ন উৎপাদনকারী প্রতিষ্ঠানে মূল্য সংযোজন কর আইন, ২০১৯ এর বিধি ৯ অনুযায়ী (১) তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সয়ংখ্যক মূল্য সংয়যোজন কর কর্মকর্তা পদস্থ করিবেন;

(ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উৎপাদনকারীর প্রত্যেকটি বিড়ির প্যাকেটের প্রকৃতি, শলাকা সংখ্য, খুচরা মূল্য, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন করহার ইত্যাদির ভিত্তিতে শুল্ক-কর এর পরিমাণ নির্ধারণ করত রাজস্ব আদায় কার্যক্রম সম্পাদন বা পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করিবেন; এবং

(ঙ) কমিশনারগণ আদেশের (ক) হইতে (ঘ) অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ জারি ও তদারকি করিবেন। বাস্তবায়নে কোনো সমস্যা থাকিলে তাহা জরুরি ভিত্তিতে বোর্ডের গোচরীভূত করিবেন। এছাড়া, নতুন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার প্রবর্তনের কারণে ১২ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের বিড়ির সমাপনী মজুদ পূর্বের স্ট্যাম্প/ব্যান্ডরোল, খালি মোড়ক এবং নুতন স্ট্যাম্প ও ব্যান্ডরোল এবং খালি মোড়কের মজুদ তথা **ছক 'ক'** এ গ্রহণ করিবেন এবং দায়িত্বপ্রাপ্ত মূসক কর্মকর্তা এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদিত যৌথ স্বক্ষর সম্বলিত উক্ত ছকে মজুদ তথ্যের এক কপি সংশ্লিষ্ট মূসক কশিশনারেট সদর দপ্তরে ১৩ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে পেশ করিতে হইবে। রাজস্বের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত তুলনামূলক মাসিক বিবরণী **ছক-খ** এবং **ছক-গ** এ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন।

০৩। মূল্য সংযোজন কর বিধিমাল, ২০১৯ এর বিধি ১১৮ কএ প্রদত্ত ক্ষতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৯ ১৩ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ দ্বারা রহিত করিল।

প্রতিষ্ঠানের নাম.....
ঠিকানা .....
মূসক নিবন্ধন নং: .....
মজুদ গ্রহণের তারিখ ও সময়: .....

## (ক) উৎপাদিত সিগারেটের মজুদ সর্ম্পকিত তথ্য:

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্যাকেটের ধরন ( হার্ড/ সফ্ট/ শেল এন্ড স্লাইড/ হেঞ্জ | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন (রং) | প্রতি প্যাকেটে মূদ্রিত খুচরা মূল্য | মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. |

(খ)অব্যবহৃত মূদ্রিত বিড়ির প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্যাকেটের ধরন ( হার্ড/ সফ্ট/ শেল এন্ড স্লাইড/ হেঞ্জ | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেটে মূদ্রিত খুচরা মূল্য | মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. |

(গ) অব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্যাকেটের ধরন | স্ট্যাম্প বা ব্যান্ডরোল | স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন | অব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. |

(ঘ) নতুন স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্যাকেটের ধরন ( হার্ড/ সফ্ট/ শেল এন্ড স্লাইড/ হেঞ্জ) | স্ট্যাম্প বা ব্যান্ডরোল | স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন (রং) | মজুদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. |

(ঙ) নতুন খুচরা মূল্যের ভিত্তিতে মূদ্রিত বিড়ির প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্যাকেটের ধরন ( হার্ড/ সফ্ট/ শেল এন্ড স্লাইড/ হেঞ্জ) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেটে মূদ্রিত খুচরা মূল্য | মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. |

বিড়ির রাজস্ব আদায়ে তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারি)

বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.....

..... মাস পর্যন্ত

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | সম্পূরক শুল্কের হার | ---------- পূর্ববর্তী অর্থবছরে---------- ------মাস পর্যন্ত | | | | | | | ---------- বর্তমান অর্থবছরে---------- ------মাস পর্যন্ত | | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | প্রতি প্যাকেটের খুচরা মূল্য | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬. | ১৭. | ১৮. | ১৯. | ২০. |
| ১. | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

বিড়ির রাজস্ব আদায়ে তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারি)

বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.....

..... মাস পর্যন্ত

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/ বিযুক্ত) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | সম্পূরক শুল্কের হার | ---------- পূর্ববর্তী অর্থবছরে---------- ---------মাস পর্যন্ত | | | | | | | ---------- বর্তমান অর্থবছরে---------- ---------মাস পর্যন্ত | | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | প্রতি প্যাকেটের খুচরা মূল্য | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬. | ১৭. | ১৮. | ১৯. | ২০. |
| ১. | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

ফরম-ক"

ঘোষণাপত্র

[ বিধি ৫ (১) (ক) দ্রষ্টব্য ]

১। শিপ ব্রেকিং ইয়ার্ড এর নাম
২। মূসক নিবন্ধন নম্বর
৩। শিপ ব্রেকিং ইয়ার্ড এর ঠিকানা
৪। শিপ এর ওজন
৫। আমদানি শুল্ক ভবনের নাম
৬। বিল অব এন্ট্রি নম্বর (যদি থাকে)(সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)
৭। বিল অব লেডিং নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)
৮। ইনভয়েস নং (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)
৯। ঋণপত্রের কপি (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)
১০। স্থানীয়ভাবে সংগৃহীত শিপের ক্ষেত্রে ক্রয় সম্পর্কিত তথ্য (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)

আমি এইমর্মে অঙ্গীকার প্রদান করিতেছি যে, ওপরে বর্ণিত তথ্যাদি আমার জানা মতে সঠিক। উক্ত তথ্যে পরবর্তীকালে কোনো প্রকার অসঙ্গতি পাওয়া গেলে মূল্য সংযোজন কর আইনের ধারা ৮৫ অনুযায়ী প্রদত্ত দন্ড মানিয়া লইতে বাধ্য থাকিব।

শিপ ব্রেকিং ইয়ার্ড এর পূর্ণ নাম
ও
স্বাক্ষর (সিলসহ)

**"ফরম-খ"**

**প্রত্যয়নপত্র**

**[ বিধি ৬দ্রষ্টব্য ]**

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স (প্রতিষ্ঠানের নাম) ..... নিবন্ধন নম্বর ..... শুল্ক ভবন/ কমিশনারেটের নাম ..... এর বি/ই নম্বর ..... শিপ এর নাম ..... এর ওজনের (LDT) দশ শতাংশ অপচয় বাদে সর্বমোট ..... মেট্রিক টন এর ন্যায্য বাজারমূল্য ..... টাকার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ..... টাকা এবং শিপ-এ বাহিত পণ্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ..... টাকা অগ্রিম মূসক হিসেবে ট্রেজারি চালান নম্বর ..... তারিখ ..... এর মাধ্যমে পরিশোধ করিয়াছে।

তারিখ:

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সিল

তারিখ:
নথি নং-
অনুলিপি: প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে ট্রেজারি চালানের সত্যায়িত কপিসহ কমিশনার এর নিকট বিশেষ বাহক মারফত প্রেরণ করা হল:

০১। কমিশনার, শুল্ক ভবন, ..... (ঠিকানা)।
০২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ..... (ঠিকানা)।

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সিল
জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[মুল্য সংযোজন কর]**

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**সাধারণ আদেশ নং-১৬/মুসক/২০১৯।–** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যেই সকল মূসক নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য প্রতিষ্ঠানের সর্বশেষ পূর্ববর্তী আর্থিক বৎসরে মোট বিক্রয় বা টার্নওভার ৫ (পাঁচ) কোটি টাকা বা তাহার অধিক, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূসক সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের এবং প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর কার্যালয়ে বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত কম্পিউটার সিস্টেমে প্রেরণের লক্ষ্যে নিম্নরুপ আদেশ প্রদান করিল;

২। এই আদেশ অনুযায়ী যেই সকল নিবন্ধিত ব্যক্তির দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা আরোপিত হইয়াছে, সেই সকল প্রতিষ্ঠান উল্লেখিত উদ্দেশ্যপূরণের লক্ষ্যে কেবল জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষিত ও অনুমোদিত যে কোন সফটওয়্যার নির্মাণকারী ও সরবারহকারী প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট সফটওয়্যার সংগ্রহপূর্বক ব্যবহার করিবে। তবে, কোন করদাতা নিজে কোন সফটওয়্যার তৈরি করিলে তাহা এই আদেশের বৈশিষ্ট্য সম্পন্ন হইতে হইবে।সফটওয়্যার নির্মাণ করিয়া সংশ্লিষ্ট কমিশনারে নিকট অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে আবেদন করিবেন।কমিশনার আবেদন প্রাপ্তির পর তাহা সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর নিকট প্রেরণ করিবেন। তিনি অনুচ্ছেদ-৬ তে গঠিত কমিটিকে সফটওয়্যারটি পরীক্ষা করিয়া প্রতিবেদন দাখিল করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন।পরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড এর সন্তুষ্টি সাপেক্ষে তাহা অনুমোদন করিবে।

৩। এই আদেশ অনুযায়ী যেই সকল নিবন্ধিত ব্যক্তির দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা নেই কিন্তু মূসক সংশ্লিষ্ট হিসাবপত্র সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করিতে ইচ্ছুক, তাহারাও জাতীয় রাজস্ব বোর্ডেও ওয়বেসাইটে প্রকাশিত সফটওয়্যার প্রতিষ্ঠানের তালিকা হইতে যে কোন সফটওয়্যার সংগ্রহ করিয়া ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিতে পারিবে। নিম্নে সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করা হইল-

**(ক) <u>সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বৈশিষ্ট্যঃ</u>**

(১) প্রতিষ্ঠানকে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস এর দপ্তর হইতে প্রাইভেট/পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হইতে হইবে;

(২) সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান হিসাবে ন্যুনতম ৫ (পাঁচ) বছর নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা এবং বিক্রয়োত্তর সেবা প্রদান করিবার অভিজ্ঞতা থাকিবে হইবে;

(৩) প্রতিষ্ঠানের হিসাবরক্ষন সংক্রান্ত বা কমিটির বিবেচনায় সমমানের সফটওয়্যার নির্মাণ এবং কমপক্ষে তিনটি মধ্যম বা বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে স্থাপন করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে। মধ্যম বা বৃহৎ প্রতিষ্ঠান বলিতে সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এনজিও, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি এবং মাধ্যমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝাইবে; এবং

(৪) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সফটওয়্যারটি অনুমোদন প্রদানের পূর্বে বোর্ডের চাহিদা অনুযায়ী তাহা উপযুক্ত ও কার্যকর কি না সেই বিষয়ে সরেজমিনে পরীক্ষাপূর্বক নিশ্চিত হওয়ার ব্যবস্থাদি আবেদনকারী কোম্পানির পক্ষ থেকে সম্পন্ন করিতে হইব।

**(খ) <u>সফটওয়্যার এর প্রয়োজনীয় বৈশিষ্ট্য:</u>**

(১) নির্মিত সফটওয়্যারটি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং তদধীন প্রণীত বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশ পরিপালনে সক্ষমতা সম্পন্ন হইতে হইবে;

(২) সফটওয়্যারটিতে যাবতীয় বাণিজ্যিক কার্যক্রম সংশ্লিষ্ট তথ্যাদি রেকর্ড পূর্বক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং তদধীন প্রণীত অন্যান্য বিধানাবলীর আওতায় পূর্ণাঙ্গ অটোমেশনের সুবিধা সম্বলিত ব্যবস্থা সন্নিবেশিত থাকিতে হইবে;

(৩) সফটওয়্যারটিতে ক্রয় হিসাব রেজিষ্টার ও বিক্রয় চালানপত্রে কোন তথ্য এন্ট্রি দেয়ার সঙ্গে সঙ্গে তা স্বয়ংক্রিয়ভাবে বিক্রয় হিসাব, চলতি হিসাব রেজিষ্টার (প্রযোজ্য ক্ষেত্রে) এবং দাখিলপত্রে এন্ট্রি ও আপডেট হইতে হইবে;

(৪) সফটওয়্যারটিতে তৃতীয় তফসিল উল্লিখিত মূসক হার বা সুনির্দিষ্ট করে পণ্য বা সেবা সরবরাহ করিবার সুবিধা সৃষ্টিসহ উৎসে মূসক আদায়/কর্তন, অপচয় ও উপজাত পণ্য ব্যবস্থাপনা, ডেবিট নোট ও ক্রেডিট নোটের ব্যবস্থাপনা, চুক্তিভিত্তিক উৎপাদন, উপকরণ কর রেয়াত ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করিবার সুবিধা থাকিতে হইবে;

(৫) উপকরণ-উৎপাদ সহগ এর ভিত্তিতে উৎপাদিত পণ্য, ব্যবহৃত উপকরণ ও বিক্রয় বা সরবরাহের বিপরীতে প্রকৃত উপকরণ ও উৎপাদিত পণের স্থিতির একটি তুলনামূলক প্রতিবেদন (reconciliation report) প্রতি কর-মেয়াদ শেষে স্বংয়ক্রিয়ভাবে প্রণীত হইতে হইবে, যাহাতে উপকরণ-উৎপাদ সহগে কোন অসংগতি থাকিলে তাহা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়;

(৬) মাসিক দাখিলপত্রসহ অন্যান্য রেজিষ্টারাদি (ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, চলতি হিসাব) এবং রিপোর্ট অটোমেটেড সিস্টেম থেকে প্রস্তুত ও প্রিন্ট করার সুবিধা থাকিতে হইবে;

(৭) সফটওয়্যারে শুধুমাত্র একবার মূল মূসক চালানপত্র প্রিন্ট করা যাইবে। সফটওয়্যারটিতে যেন একই চালানপত্র দ্বিতীয়বার বা পররর্তী সময়ে ইস্যু করা না যায় তেমন ব্যবস্থা থাকিতে হইবে; তবে প্রয়োজনে অনুলিপি প্রিন্ট করা যাইবে যাহাতে "অনুলিপি" বা "Copy" জলছাপে বড় অক্ষরে প্রিন্ট কার থাকিবে। এ সংক্রান্ত যেকোন পরিবর্তনের প্রমাণ সফটওয়্যারে সংরক্ষিত থাকিতে হইবে;

(৮) মূসক চালানপত্রে সময় ও তারিখ স্বয়ংক্রিয়ভাবে প্রিন্ট করিতে হইবে, যা কেবলমাত্র যখনই প্রিন্ট করা হইবে সেই সময় ও তারিখ (System BIOS অনুযায়ী) প্রদর্শন করিবে;

(৯) প্রতিদিনের কার্যক্রম শেষে সেই দিনের কম্পিউটার জেনারেটেড রিপোর্ট ও বিধি মোতাবেক হিসাবরক্ষণ সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিলাদি, যেমনঃ চালানপত্র, ডেবিট বা ক্রেডিট নোট, ক্রয় রেজিস্টার, বিক্রয় রেজিস্টার, চলতি হিসাব, দাখিলপত্র ইত্যাদি, প্রিন্ট করিয়া (যাহাতে প্রিন্ট করার তারিখ ও সময় স্বয়ংক্রিয়ভাবে যথাযথভাবে মুদ্রিত হইতে হইবে) প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর করিয়া সংরক্ষণ করিতে হইবে;

(১০) প্রতি করমেয়াদ শেষে উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এই সকল হিসাবরক্ষণ সংক্রান্ত সকল বানিজ্যিক দলিলাদির হার্ডকপি স্থায়ীভাবে বাঁধাই করিয়া রাখিতে হইবে এবং অন্যুন ছয় বৎসর পর্যন্ত তাহা সংরক্ষণ করিতে হইবে। মূসক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যে কোন তথ্য (সফটকপি/হার্ডকপি) যুক্তিসংত সময়ের মধ্যে সরবরাহ করিতে হইবে;

(১১) সূল্য সংযোজন কর বিধিমালার নির্ধারিত ছকের তথ্য ক্ষুণ্ন না করিয়া নিবন্ধিত প্রতিষ্ঠান তাহার প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত তথ্যসহ মূসক চালানপত্র এবং অন্যান্য বাণিজ্যিক দলিলাদি/রেজিস্টার তৈরি ও সংরক্ষণ করিতে পারিবে;-

(১২) সফটওয়্যারটিতে জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট মূসক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য অ্যাকসেস (Access) সুবিধা থাকিতে হইবে;

(১৩) সিস্টেমে মূসক চালানপত্রের সাথে পণ্য ভান্ডার (স্টক) ইন্টিগ্রেটেড থাকিতে হইবে, যেন সিস্টেমে মূসক চালানপত্র ইস্যু করা হইলে বিক্রয় রেজিস্টারের সংশ্লিষ্ট কলামে অভিন্ন সমন্বয় স্বয়ংক্রিয়ভাবে সম্পদিত হয় এবং স্টকের পরিমাণে ম্যানুয়ালি কোন প্রকার পরিবর্তন করা সম্ভব না হয়;

(১৪) বিক্রিত পণ্য ফেরত বা ক্রয়াদেশ বাতিলের ক্ষেত্রে ডেবিট বা ক্রেডিট নোটের মাধ্যমে তাহা সমন্বয় করিতে হইবে যাহা স্বয়ংক্রিয়ভাবে বিক্রয় এবং চলতি হিসাব রেজিস্টারে প্রতিফলিত হইবে;

(১৫) জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ও চাহিদা মোতাবেক বোর্ডের অন্যান্য সফটওয়্যার বা উপাত্ত ভান্ডার বা অন্য কোন প্রতিষ্ঠানের সাথে তথ্য ও উপাত্ত বিবিময়ের সুবিধা থাকিতে হইবে;

(১৬) নিবন্ধিত প্রতিষ্ঠানের ব্যবসায়িক প্রাঙ্গনে সকল তথ্যসহ সিস্টেম পরিচালনা করিতে হইবে। Cloud Server ব্যবহার করা হইলে Database replica নিবন্ধিত প্রতিষ্ঠানের প্রাঙ্গনে সংরক্ষণ করিতে হইবে;

(১৭) ইস্যুকৃত মূসক চালান কোন কারণে বিনষ্ট হইলে বা তাহা বাতিল করিবার প্রয়োজন হইলে তাহা edit I re-print করিবার সুযোগ থাকিবে না। সেইক্ষেত্রে ডেবিট নোট/ক্রেডিট নেট ব্যবহার করিয়া চালনপত্র বাতিল করিতে হইবে এবং পুনরায় ধারাবহিক ক্রমিক নম্বর ব্যবহার করিয়া চালানপত্র ইস্যু করিতে হইবে, এবং অন্যান্য মূসক রেজিস্টারের সাথে তাহার link থাকিতে হইবে। উপরন্তু, চালানপত্র বাতিলের সুনির্দিষ্ট কারণ ডাটাবেইজের লগ রিপোর্টে সংরক্ষণ করিতে হইবে, যাহা প্রতি কর মেয়াদ শেষে detail report আকারে প্রণীত হইবে;

(১৮) আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত যেকোন মূসক কর্মকর্তা সিস্টেমে প্রবেশ করিয়া প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করিতে পারিবেন;

(১৯) Oracle, DB2, SQL ইত্যাদির যে কোনটিকে database backend হিসাবে ব্যবহার করা যাইবে। তবে যে Database ব্যবহার করা হউক না কেন এতে audit trail থাকিতে হইবে। Table এর কোন record edit/delete করা হইলে audit trail log file এ স্বয়ংক্রিয়ভাবে প্রকৃত সময় উল্লেখসহ তথ্য সংরক্ষণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(২০) দাখিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় ম্যানেজমেন্ট রিপোর্ট স্বয়ংক্রিয়ভাবে সিস্টেমে থেকে প্রস্তুত করিবার ব্যবস্থা থাকিতে হইবে এবং দাখিলপত্রসহ বিভিন্ন আবেদন/তথ্যাদি (যেমনঃ মূসক নিবন্ধনের তথ্য পরির্বতন ইত্যাদি) Integrate VAT Administration System (IVAS) এ জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত data schema অনুযায়ী আপলোড করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(২১) প্রতিদিনের কার্যক্রম শেষে সকল তথ্য ন্যুনতম দুইটি বাক-আপ নেয়ার ব্যবস্থা থাকিতে হইবে। যেকোন ডেটা হরানের দায়-দায়িত্ব নিবন্ধিত প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে। হঠাৎ, বিদ্যুৎ বিচ্ছিন্ন হইলে কোন ডেটা যেন নষ্ট না হয় সেই বিষয়ে ব্যবস্থাসহ তাৎক্ষণিক ব্যাক-আপ এবং স্থায়ী ব্যাক-আপ এর ব্যবস্থা থাকিতে হইবে;

(২২) সফটওয়্যারটিতে Hacking এবং Tampering সহ সকল ধরণের ঝুঁকি হইতে সুরক্ষার জন্য পরিপূর্ণ নিরাপত্তার ব্যবস্থা থাকিতে হইবে;

(২৩) সিস্টেমে এর ব্যবহার বিষয়ে এবং মূসক অপারেশন বিষয়ক Detailed and Summary রিপোর্ট প্রণয়নের ব্যবস্থা থাকিতে হইবে।

৪। মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট হিসাবপত্র সংরক্ষণ ও চালানপত্র ইস্যুর জন্য উপযুক্ত সফটওয়্যার নির্মাণ সম্পন্ন করিয়াছে কেবলমাত্র এইরূপ সফটওয়্যার কোম্পানি জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে তালিকাভুক্ত হইবার লক্ষ্যে নিম্নেবর্ণিত কমিটির আহবায়ক এর নিকট আবেদন করিবে। আবেদনকারী সফটওয়্যার কোম্পানির যোগ্যতা ও সক্ষমতা এবং তাহাদের নির্মিত মূসক সফটওয়্যারের বৈশিষ্ট্য অনুযায়ী হইতে হইবেঃ

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা। | আহ্বায়ক |
| ২। | প্রথম সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৩। | সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪। | বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর প্রতিনিধি | সদস্য |
| ৫। | বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর প্রতিনিধি | সদস্য সচিব |
| ৬। | দ্বিতীয় সচিব (মূসক-তথ্য প্রযুক্তি ও পরিকল্পনা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য সচিব |

৫। আবেদন প্রাপ্তির পর উক্ত কমিটি নিম্নরুপভাবে কার্যক্রম গ্রহণ করিবেঃ

(১) কমিটির আহবায়ক যথাশীঘ্র সম্ভব কমিটির সদস্যদের উপস্থিতিতে সভার আয়োজন করিবেন। কমিটি উল্লিখিত আদেশের অনুচ্ছেদ-৩ এর উপানুচ্ছেদ (ক) এর আলোকে আবেদনকারী প্রতষ্ঠান তালিকাভুক্তির জন্য যোগ্য কিনা তা যাচাই করিবে;

(২) কমিটি উল্লিখিত সফটওয়্যারটি অনুচ্ছদ-৩ এর উপানুচ্ছেদ (খ) এ বর্ণিত বৈশিষ্ট্যের সহিত সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই করিবে। উল্লেখ্য, কমিটি প্রয়োজনে যে কোন বিশেষজ্ঞের মতামত গ্রহণ করিতে পারিবে। তবে, আবেদনকারী প্রতিষ্ঠান কমিটির চাহিদা মোতাবেক সার্বিক সহযোগিতা প্রদান করিবেন এবং এই সংক্রান্ত সকল ব্যয়ভারও আবেদনকারী বহন করিবেন;

(৩) কমিটি কোন আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকাভুক্তির বিষয়ে সুপারিশ সম্বলিত প্রতিবেদন সদর্স (মূসকঃ বাস্তবায়ন ও আইটি) এর নিকট দাখিল করিবেন। তবে নির্ধরিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করা সম্ভব না হইলে নির্ধরিত সময়সীমা অতিক্রান্ত হইবার ৭ (সাত) দিন পূর্বেই সময় বৃদ্ধিও জর্ন সদর্স (মূসকঃ বাস্তবায়ন ও আইটি) এর নিকট আবেদন করিতে হইবে। সদস্য (সূসকঃ বাস্তবায়ন ও আইটি) তার স্বীয় বিবেচনায় সময় বৃদ্ধিও আবেদনটি মঞ্জুর করিবেন; এবং

(৪) দাখিলকৃত প্রতিবেদন এর সুপারিশ এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর সন্তুষ্টি সাপেক্ষে উল্লিখিত সফটওয়্যার তথা নির্মাণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য অনুমোদিত হইলে উহা তালিকাভুক্ত করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রয়োজনীয় লিংক প্রকাশ করা হইবে।

৬। জাতীয় রাজস্ব বোর্ডের তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠনসমূহ হইতে কোন নিবন্ধিত প্রতিষ্ঠন সফটওয়্যার গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠন কর্তৃপক্ষ সফটওয়্যার স্থাপনের তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট সফটওয়্যারটি পরীক্ষা করার জন্য আবেদন করিবে। কমিশনার আবেদনটি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) নিম্নবর্ণিত কমিটির নিকট ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক স্থাপিত সফটওয়্যার বিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করেবেন:

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট কমিশনারেটের অতিরিক্ত/যুগ্ম কমিশনার | সদস্য |
| ৩। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ৫। | প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য সচিব |

৭। সফটওয়্যারে কোন ত্রুটি-বিচ্যুতির আইনগত পরিবর্তনের কারণে যদি সাময়িকভাবে সফটওয়্যারটি ব্যবহার করা না যায়, তাহা হইলে ঐ সময়ের জন্য ম্যানুয়াল পদ্ধতিতে হিসাবপত্র সংরক্ষণ করিতে হইবে, সফটওয়্যারটি ত্রুটিমুক্ত হইবার পর ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষিত তথ্যাদি সফটওয়্যারে ধারণ করিতে হইবে এবং এ সংশ্লিষ্ট সকল দলিলপত্রের হার্ডকপি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধানমতে নির্ধারিত অন্যূন ৫(পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে।

৮। যেইসকল মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান ইতোপূর্বে কমিশনার কর্তৃক অনুমোদিত সফটওয়্যার স্থাপন করিয়াছে, সেইসকল প্রতিষ্ঠানের সফটওয়্যার সরবরাহকারীগণ প্রযোজ্য বৈশিষ্ট্য প্রতিপালনপূর্বক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সর্বশেষ বিধি-বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ ও হালনাগাদ করিয়া আগামী ৩১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে তাহাদের নির্মিত সফটওয়ারসমূহ পরীক্ষা করিবার জন্য অনুচ্ছেদ-৪ এ বর্ণিত কমিটি বরাবরে আবেদন করিবেন। কমিটি স্বীয় বিবেচনায় উপযুক্ত মনে করিলে সংশ্লিষ্ট সফটওয়্যারটিকে অনুচ্ছেদ-৫ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক তালিকাভুক্ত করিবার ব্যবস্থা গ্রহণ করিবে। যেই ক্ষেত্রে কোন অসম্পূর্ণতা বা সীমাবদ্ধতা পাওয়া যাইবে সেই সকল ক্ষেত্রে আরো সংস্কারের জন্য সুনির্দিষ্টভাবে সফটওয়্যার সরবরাহকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

৯। সফটওয়্যার তালিকাভুক্তি, সফটওয়্যার তালিকাভুক্তির শর্ত, সফটওয়্যার ব্যবহারকারীর করণীয় এবং এই সংক্রান্ত উদ্ভুত যে কোন বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় নির্দেশনা ও ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

১০। নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারটি স্থাপনের পর কোন সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে উহা সংগ্রহ করা হইয়াছে এবং ক্ষেত্রমত, ইহাতে কোন সমস্যার সম্মুখীন হইলে অথবা সফটওয়্যারে কোনরূপ পরিবর্তনের প্রয়োজন হইলে তাহা এই আদেশে বর্ণিত কমিটির আহবায়ককে সফটওয়্যার স্থাপনের ২১ (একুশ) দিনের মধ্যে অবহিত করিতে হইবে। কমিটি সফটওয়্যার সরবরাহকারীর সহিত যোগাযোগ করিয়া এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১১। (ক) কমিশনার তালিকাভুক্ত সফটওয়্যার নির্মণকারী যে কোন প্রতিষ্ঠনকে সফটওয়্যার পরিচালনাকারী প্রতিষ্ঠান নিরীক্ষা, কর নির্ধারণ বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে কারিগরী সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেতে পারিবেন। তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান সহায়তা প্রদানের বাধ্য থাকিবে।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডেও তালিকাভুক্ত নিবন্ধিত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদধীনে প্রণীত বিধি-বিধান লঙ্ঘন করলে এবং তজ্জন্য কোন প্রকার অনিয়ম বা কর ফাঁকি বা অপরাধ সংগঠিত হইলে তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান উল্লিখিত আইনের ধারা ৮৫, ক্ষেত্রমতো, ধারা ১১১, ১১২, ১১৬ অনুযায়ী দন্ডিত হইবেন এবং জাতীয় রাজস্ব বোর্ড সফটওয়্যার নির্মণকারী প্রতিষ্ঠানের তালিকা হইতে দন্ডপ্রাপ্ত প্রতিষ্ঠানকে তালিকা হইতে বাদ দিতে পারিবেন। ভবিষ্যতে দন্ডিত প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ডের সহিত বা রাজস্ব সংক্রান্ত কোন সফটওয়্যার নির্মাণ, বিপণন এতদসংক্রান্ত কার্যক্রম অংশগ্রহণ করিতে পারিবেন না।

১২। সফটওয়্যার পরিচালনাকারী প্রতিষ্ঠান ক্ষমতাপ্রাপ্ত যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে সফটওয়্যার সামগ্রিকভাবে প্রদর্শন করিতে বাধ্য থাকিবেন। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার চাহিদা অনুযায়ী সকল তথ্য প্রদান করিবেন। অন্যথায়, মূল্য সংযোজন কর ও সম্পূরক আইন, ২০১২ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৩। এই আদেশ অনুযায়ী সকল মূসক নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি যাহাদেও বার্ষিক মোট বিক্রয় ৫ (পাঁচ) কোটি টাকা বা উহার অধিক তাহাদের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক তালিকাভুক্ত মূসক সফটওয়্যার আগামী ০১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ব্যবহার করা বাধ্যতামূলক করিল।

১৪। যেইসকল প্রতিষ্ঠান এই আদেশ প্রতিপালনে ব্যর্থ হইবে সেইসকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশিলষ্ট কমিশনার কর্তৃক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৮৫ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হইবে। এতদব্যতীত ইতোপুর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-০৮/মূসক/২০১৯, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এতদদ্বারা রহিত করিল।

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[ ভ্যাট বিভাগ ]**

সাধারণ আদেশ নং- ১৭/মূসক/২০১৯

তারিখঃ ০২ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ।
১৭ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ টার্নওভার নির্বিশেষে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় নিবন্ধিত হইবার লক্ষ্যে দিক-নির্দেশনা প্রদান।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নবর্ণিত-

(ক) টেবিল-১ এর কলাম (১) এ উলিলখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর শিরোনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যের উৎপাদনকারীকে,

(খ) টেবিল-২ এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীকে, এবং

(গ) অবস্থান নির্বিশেষে সুপারশপ, শপিংমল ও টেবিল-৩ এর কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (AcT IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) বিপরীতে কলাম (ত) এ বর্ণিত পণ্যের ব্যবসায়ী পর্যায়োর সরবরাহসহ যে সকল করযোগ্য পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবসাস্থল জেলা শহর ও সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকায় অবস্থিত তাহাদেরকে, বার্ষিক টার্নওভারের পরিমাণ নির্বিশেষে উক্ত আইনের ধারা ৬ এর আওতায় নিবন্ধিত হইবার এবং কর প্রদানের আদেশ প্রদান করিল, যথা:-

**টেবিল-১**

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূণ্য নামকরণ কোড (H.S. Code) | পণ্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৪.০১-০৪.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মিল্ক পণ্য |
| ১১.০৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | স্টার্চ |
| ১৩.০১, ১৩.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | গাম |
| ১৭.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | গ্লুকোজ/ডেক্সট্রোজ |
| ১৭.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মোলাসেস |
| ১৭.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | লজেন্স, চুইংগাম |
